| দুইটি নিচের পকেটসহ লম্বা প্যান্ট : | ১৩.৫৭ " | ১৪.০৪ " | ১৮.৭৫ " | ১৯.২১ " | ২২.৯২ " | ২৩.৩৯ " |
| সাধারণ খাটো প্যান্ট : | ৫.৬১ " | ৫.৮৫ " | ৭.৯৯ " | ৮.৪০ " | ১০.২৯ " | ১০.৭৬ " |
| দুইটি প্যাচ প্যান্টসহ খাটো প্যান্ট : | ৬.০৮ " | ৬.৩২ " | ৮.৪৫ " | ৮.৯২ " | ১০.৯৯ " | ১১.৪৬ " |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| দুটি ক্রস এবং দুইটি ফ্ল্যাপওয়ালা ব্যাক পকেটসহ খাটো প্যান্ট | : | ৬.৫৫ ” | ৬.৭৮ ” | ৮.৯২ ” | ৯.৩৯ ” | ১১.২৩ ” | ১১.৭০ ” |
| দুইটি নিচের পকেটসহ খাটো প্যান্ট | : | ৬.০৮ ” | ৬.৩২ ” | ৮.৪৫ ” | ৮.৯২ ” | ১০.৯৯ ” | ১১.৪৬ ” |
| পিছনে ইয়োকসহ সাধারণ লম্বা প্যান্ট | : | ১৩.৫৭গজ | ১৪.০৮গজ | ১৮.৭৫গজ | ১৯.২১গজ | ২২.৯২গজ | ২৩.৩৯গজ |
| পিছনে ইয়োকসহ সাধারণ খাটো প্যান্ট | : | ৫.৮৫ ” | ৬.০৮ ” | ৮.২২ ” | ৮.৬৯ ” | ১০.৫৩ “ | ১১.২৩ “ |
| পিছনে অর্ধেক ইলাস্টিকসহ সাধারণ লম্বা প্যান্ট | : | ১৪.৫০ ” | ১৪.৯০ ” | ১৯.৬৮ ” | ২০.৬২ ” | ২৩.৮৬ “ | ২৪.৩৩ “ |
| পিছনে অর্ধেক ইলাস্টিকসহ সাধারণ খাটো প্যান্ট | : | ৬.৬৫ ” | ৬.৭৮ ” | ৮.৯২ ” | ৯.৩২ ” | ১১.২৩ “ | ১১.৭০ “ |
| মেরোনা লম্বা প্যান্ট | : | ১১.২৩ ” | ১১.৭০ ” | ১৬.৪১ ” | ১৬.৮৭ ” | ২০.৫৯ “ | ২১.৫২ “ |
| মেরোনা খাটো প্যান্ট | : | ৫.৬১ ” | ৫.৯৯ ” | ৭.৯৯ ” | ৮.৪৫ ” | ১০.২৯ “ | ১০.৭৬ “ |
| সার্ক লম্বা প্যান্ট | : | ১৪.০৪ ” | ১৪.৫০ ” | ১৯.২১ ” | ১৯.৯২ ” | ২৩.৩৯ “ | ২৪.৩৩ “ |
| সার্ক খাটো প্যান্ট | : | ৯.৩৬ ” | ৯.৮২ ” | ১১.৭৩ ” | ১২.২০ ” | ১৪.৯৭ “ | ১৫.৪৪ “ |
| স্কার্ট | : | ২২.৪৬ ” | ২৩.৩৯ ” | ২৭.১৭ ” | ২৮.৫৭ ” | ২৯.৯৪ “ | ৩১.৮১ “ |

১। উপরিউক্ত উৎপাদন সহগ কাপড়ের দৈর্ঘ্যের জন্য নির্ধারিত করা হইয়াছে। প্রকৃত কনজামশন নির্ণয়ের জন্য প্রসেস লস হিসাবে মার্কিং দৈর্ঘ্যের সঙ্গে ৪.৫% যোগ করিতে হইবে।

২। উপরিউক্ত উৎপাদন সহগ ৪৪/৪৫′′ বহরের কাপড়ের ওপর ভিত্তি করিয়া নির্ধারণ করা হইয়াছে। যদি বহরের কোন তারতম্য ঘটে তাহা হইলে নিম্নে বর্ণিত উৎপাদন সহগ অনুসরণ করিতে হইবে:

| **অতিরিক্ত আবশ্যকতা (ডজন হিসাবে)** | **প্রয়োজনীয় কাপড়ের পরিমাণ × ৪৫′′ / প্রকৃত বহর** | | |
|---|---|---|---|
| | **শিশু** | **মাঝারী** | **প্রাপ্ত বয়স্ক** |
| ১। প্রতিটি অতিরিক্ত প্যাচ পকেটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা। | ০.৫০ | ০.৭০ | ০.৯০ |
| ২। প্রতিটি ভিতরের পকেটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা (কাপড় লাইনিং ধরনের অথবা একই ধরনের হতে পারে)। | ০.৮০ | ১.০০ | ১.১৫ |
| ৩। বন্ড পকেটের (পিছনের পকেট) জন্য কাপড়ের অথবা একই ধরনের হতে পারে (১,২ ও ৩) এর জন্য ঋণপত্রে উল্লিখিত | ০.৭০ | ০.৯০ | ১.০০ |

| | | | |
|---|---|---|---|
| কাপড় আমদানি করা যেতে পারে। | | | |
| ৪। ৪টি সামনের প্লিটের জন্য কাপড়ের প্রয়োজনীয়তা (ঋণপত্রে উল্লিখিত হলে আমদানি করার অনুমতি দেয়া যেতে পারে)। | ০.৭৫ | ০.৭৫ | ০.৭৫ |
| ৫। কর্ডরয় কাপড়ের জন্য বিশেষ অনুমোদন হিসাবে ৪% অনুমোদন করা হবে। | | | |

## [1][ইউটিলাইজেশন ডিক্লারেশন ছক]

পোশাক শিল্প প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

**বিষয়: ইউটিলাইজেশন ডিক্লারেশন**

১। ইউ, ডি, নং :
২। বন্ডারের নাম :
৩। (ক) বন্ড লাইসেন্স নং :
(খ) ভ্যাট নিবন্ধন নং :
৪। বিজিএমইএ-তে প্রতিষ্ঠানের ক্রমিক নং ও বছর :
৫। ক্রেতার নাম ও ঠিকানা :
৬। রপ্তানি ঋণপত্র নং ও মূল্য :
৭। আমদানি ঋণপত্র নং, তাং ও মূল্য :
৮। লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা :
৯। কাঁচামাল ও আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহকারীর নাম ও দেশ :
১০। উৎপাদিতব্য পণ্যের/পোষাকের
(ক) বিবরণ :
(খ) পরিমাণ :
(গ) স্টাইল/অর্ডার নং :
(ঘ) কোটা/ননকোটা/ক্যাটাগরী নং :
১১। বর্ণিত পণ্যের/পোষাকের মোট পরিমাণ (স্টাইল/অর্ডার অনুযায়ী) :
১২। বি,জি,এম,ই-এর ইউটিলাইজেশন কমিটির সুপারিশ পত্র নম্বর ………… তারিখ…………এসআরও নং ……… তারিখ……………… অনুযায়ী প্রয়োজনীয় কাপড় ও আনুষঙ্গিক দ্রব্যাদির বিবরণ: :
১৩। সর্বমোট কাপড় :

[1] এসআরও নং-২৭১-আইন/৯৪/১৫৬৪/শুল্ক, তারিখ: ১৯.০৯.১৯৯৪; ০১.১০.১৯৯৪ হতে কার্যকর।

১৪। মালামাল জাহাজীকরণের মেয়াদ :

বন্ডারের সিল ও স্বাক্ষর

১৫। (ক) উপরোক্ত ঘোষণা/তথ্যাদি সঠিক পাওয়া গেল;
(খ) তৈরি পোশাক রপ্তানির সময় শুল্ক বন্দর/স্টেশনে বিজিএমইএ-এর মনোনীত প্রতিনিধির স্বাক্ষরযুক্ত পোষাকের নমুনা দাখিল করা হবে;
(গ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন নং ......................... তারিখ ......................এর শর্তসমূহ মোতাবেক বিজিএমইএ আমদানি/রপ্তানির হিসাব সংরক্ষণ করবে এবং যথাসময়ে বন্ডারের ত্রৈমাসিক বিবরণী লিয়েন ব্যাংকের প্রত্যয়নসহ অধিক্ষেত্রের কালেক্টর এর নিকট পেশ করা হবে; ও (ঘ) এই ইউ,ডি'র বিপরীতে বন্ডার কর্তৃক সম্পাদিত বন্ড (রিসিভিং নং .....................তাং..........), এলসি ও অন্যান্য প্রাসঙ্গিক ডকুমেন্টসের কপি আমদানি পর্যায়ের কমিশনারসহ অধিক্ষেত্রভুক্ত কমিশনারের নিকট প্রেরণ করা হল;

সূত্র নং.........................................,  তাং.........................

বিজিএমইএ-এর মনোনীত
কর্মকর্তার নাম স্বাক্ষর, পদবি ও তাং

**ইউ, ডি (ইউটিলাইজেশন ডিক্লারেশন) প্রত্যয়ন রেজিস্টার**
**(প্রতিষ্ঠানওয়ারী বিজিএমইএ-এর অফিস সংরক্ষণ করবে)**

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:
বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:
লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা:

| ইউডি এর ক্রমিক নম্বর ও তারিখ | প্রাসঙ্গিক বন্ড এ-এর নম্বর ও তারিখ | এক্সপোর্ট এলসি/বিবি এলসি/বা অন্য এলসি-এর নম্বর ও তারিখ উহাদের মূল্য (মা: ড:) | বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা | আমদানিতব্য কাঁচামালের সরবরাহ-কারীর নাম ও ঠিকানা | আমদানিতব্য কাঁচামালের বর্ণনা ও মূল্য (মা: ড:) | সংশ্লিষ্ট কমিশ-নারের প্রেরণের সূত্র ও তারিখ। |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

**বন্ড রেজিস্টার (প্রতিষ্ঠানওয়ারী বিজিএমইএ-এর অফিস সংরক্ষণ করবে)**

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা:
বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর:
লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা:

| বন্ডের ক্রমিক নম্বর | প্রাসঙ্গিক ইউ,ডি, এর নম্বর ও তারিখ। | এক্সপোর্ট এলসি/বিবি এলসি/বা অন্য এলসি-এর নম্বর, তারিখ ও উহাদের মূল্য (মা: ডঃ)। | বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা। | আমদানি-তব্য কাঁচা-মালের সরবরাহ-কারীর নাম ও ঠিকানা। | আমদানি-তব্য কাঁচা-মালের বর্ণনা ও মূল্য (মা:ডঃ)। | সংশ্লিষ্ট কমিশনারের প্রেরণের সূত্র ও তারিখ। |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

**(যথাযথ মূল্যের ননজুডিশিয়াল স্ট্যাম্পের ওপর)**

আমি/আমরাঃ ........................................................ মেসার্স ........................... এর স্বত্বাধিকারী (অতঃপর বন্ডার বলিয়া উল্লিখিত, যাহাতে আমার/আমাদের উত্তরাধিকারী, প্রশাসক, ব্যবস্থাপক, নির্বাহক, অধিকার প্রাপ্ত ব্যক্তি অন্তর্ভুক্ত হইবেন) প্রথম পক্ষ এবং বাংলাদেশ এর রাষ্ট্রপতি, কমিশনার অব কাস্টমস-এর মাধ্যমে (অতঃপর কমিশনার বলিয়া উল্লিখিত) দ্বিতীয় পক্ষ এর মধ্যে অদ্য ........................ ১৯........... তারিখে অত্র বন্ড সম্পাদিত হইল।

বিজিএমইএ কর্তৃক প্রত্যয়নকৃত আমার/আমাদের ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ, ডি) নম্বর..............., তারিখ ....... এ নির্ধারিত কো-এফিসিয়েন্ট সহগ জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজন বোধ করিলে তিন মাসের মধ্যে পর্যালোচনা করার অধিকার সংরক্ষণ করিবে এবং এ ব্যাপারে বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করিতে পারিবে। এই পর্যালোচনায় যদি বিজিএমইএ কর্তৃক নির্ধারিত সহগ বিবেচিত না হয় তবে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পুনঃনির্ধারিত সহগ বলবৎ হইবে এবং এরূপ ক্ষেত্রে অতিরিক্ত আমদানিকৃত কাঁচামাল বাবদ প্রাপ্য সরকারি রাজস্ব আমি/আমরা (বন্ডার) সরকারি কোষাগারে জমা দিতে আইনত বাধ্য থাকিব এবং উপরে উল্লিখিত ইউটিলাইজেশন ডিক্লারেশন-এ উল্লিখিত পণ্যের (আমদানিকৃত কাঁচামাল) সঙ্গে জড়িত যে কোন অংকে সরকারি প্রাপ্য রাজস্ব বকেয়া শুল্ক-কর হিসাবে কালেক্টর কর্তৃক আদায়যোগ্য হইবে।

আমি/আমরা (বন্ডার) প্রতিশ্রুতি প্রদান করিতেছি যে, উপরিউক্ত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ, ডি)-এ উল্লিখিত পরিমাণ পণ্য (কাঁচামাল) আমদানি করিয়া এর দ্বারা পণ্য উৎপাদন/প্রস্তুত করিয়া স্থানীয় মূল্য সংযোজনসহ উৎপাদিত/প্রস্তুতকৃত পণ্য বিদেশে রপ্তানি করিব। এজন্য কমিশনার, প্রয়োজনীয় আইনগত আনুষ্ঠানিকতা পালনপূর্বক শুল্ক, মূসক ইত্যাদি আদায় ব্যতিরেকে উপরিউক্ত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ, ডি)-এ উল্লিখিত পরিমাণ পণ্য (কাঁচামাল) আমদানির ও বন্ডজাত করার অনুমতি প্রদান করিবেন। এই বন্ডের সহিত আমদানি পয়েন্টে যে সকল রিস্ক বন্ড ও ডিউটি বন্ড সম্পাদন করা হইবে উহাদের প্রয়োগ ও প্রাসঙ্গিকতা অক্ষুণ্ন ও অভিন্ন থাকিবে এবং প্রয়োজনবোধে পৃথকভাবে বা একত্রে প্রয়োগ ও বলবৎ হইবে।

আমি/আমরা (বন্ডার) আরও প্রতিশ্রুতি প্রদান করিতেছি যে, যদি উপরিউক্ত ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউ, ডি)-এ কোন মিথ্যা ঘোষণা, অসত্য তথ্য, অযৌক্তিক সহগ, বিবরণী ইত্যাদি পাওয়া যায় অথবা ঋণপত্রে নির্ধারিত সময়সীমা বা ঋণপত্রে বর্ধিত সময়সীমা বা শুল্ক আইন, ১৯৬৯ এর ৯৮ ধারার নির্ধারিত সময়সীমার মধ্যে (যাহা পূর্ববর্তী হয়) উপরিউক্ত ইউটিলাইজেশন (ইউ,ডি)-এ উল্লিখিত পরিমাণ আমদানিকৃত কাঁচামাল দ্বারা তৈরি পোশাক রপ্তানি করিয়া রপ্তানির সপক্ষে সংশ্লিষ্ট শিপিং ডকুমেন্টস্ এবং সংশ্লিষ্ট লিয়েন ব্যাংকের প্রসিডস রিয়েলাইজেশন সার্টিফিকেট (PRC) দাখিল করিতে না পারি তবে আমদানিকৃত কাঁচামালের ওপর প্রদেয় শুল্ক,

মূসক ইত্যাদিসহ কালেক্টর কর্তৃক আরোপিত জরিমানা ও নিরূপিত সুদ প্রদান করিতে উক্ত শুল্ক আইন ও বিদ্যমান অন্যান্য আইনের আওতায় কোন আইনগত পদক্ষেপ গ্রহণ করা হইলে তাহা মানিয়া লইতে বাধ্য থাকিব।

এই বন্ডের শর্তসমূহ পালিত হওয়ার সঙ্গে সঙ্গে ইহা বাতিল বলিয়া গণ্য হইবে। অন্যথায় ইহা বলবৎ থাকিবে।

সাক্ষী

| | |
|---|---|
| ১। | বন্ডারের স্বাক্ষর |
| ২। | (নাম, ঠিকানা ও সিলমোহর) |
| প্রত্যায়িত। | গৃহীত। |
| বিজিএমইএ কর্মকর্তার স্বাক্ষর | কালেক্টর অব কাস্টমস |
| (নাম, ঠিকানা ও সিলমোহর) | (রাষ্ট্রপতির পক্ষে) |
| বিজিএমইএ- এর বন্ড রেজিস্টার | কালেক্টর/কাস্টম হাউসের বন্ড মনিটরিং রেজিস্টার |
| এন্ট্রি নং- | এন্ট্রি নং- |
| তারিখ- | তারিখ- |

**চার মাসের প্রয়োজনীয় কাঁচামালের আমদানির ঘোষণা পত্র।**

| | | | |
|---|---|---|---|
| ১। | বন্ডারের নাম ও ঠিকানা | : | |
| ২। | (ক) বন্ড লাইসেন্স নম্বর<br>(খ) ভ্যাট রেজিষ্ট্রেশন নম্বর | : | |
| ৩। | লিয়েন ব্যাংক এর নাম ও ঠিকানা | : | |
| ৪। | এল সি নম্বর ও তারিখ<br>(যদি এলসি খোলা হয়ে থাকে) | : | |
| ৫। | প্রয়োজনীয় কাঁচামাল<br>কাঁচামালের বর্ণনা | : | পরিমাণ/সংখ্যা/টাকা মূল্য<br>(মা: ড:) |
| ৬। | ইতিপূর্বে এই পদ্ধতিতে কোন কাঁচামাল আমদানি করে থাকলে, কবে করা হয় এবং উহার বর্ণনা পরিমাণ/সংখ্যা | | মূল্য (মা: ড:) |
| ৭। | (ক) কি পরিমাণ রপ্তানি করা হয় পরিমাণ | : | |
| | (খ) শিপিং বিল ও পি আর পি নম্বর ও তারিখসহ কপি | : | মূল্য (মা: ড:) |
| ৮। | (ক) উপরোক্ত ঘোষণা/তথ্যাদি সঠিক | : | |

(খ) আমদানিতব্য কাঁচামাল আমদানির পর পোশাক/পণ্য উৎপাদন করে চার মাস সময়কালে রপ্তানি নিশ্চিত করিব এবং রপ্তানির কাজ সম্পূর্ণ না করা অবধি এই পদ্ধতিতে কাঁচামাল আমদানি করিব না এবং করিলে শুল্ক কর্তৃপক্ষ আইনগত যে পদক্ষেপ গ্রহণ করিবে উহা মানিয়া নিতে বাধ্য থাকিব।

বন্ডারের স্বাক্ষর
(নাম, ঠিকানা ও সিলমোহর)]

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**
এ কে রিয়াজুল করিম

প্রথম সচিব (শুল্ক)

***উৎস:*** *(ক) মূল প্রজ্ঞাপন: বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, তারিখ: ১৮.১০.১৯৯৩; পৃ.৩৫৯৭-৩৬০৮।*
*(খ) সংশোধনী প্রজ্ঞাপন: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-২; পৃ.১৫৯-১৭৩।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬-০৫-১৯৯৫ইং/২৩-০১-১৪০২ বাং।

**এসআরও-৬৮-আইন/৯৫/১৫৯৯/শুল্ক।** Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 11 -তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, কুমিল্লা জেলার অন্তর্গত কুমিল্লা আদর্শ সদর থানাধীন সমগ্র এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসেবে এতদ্বারা ঘোষণা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(হেলাল উদ্দিন আহমেদ)
প্রথম সচিব (শুল্ক)।

***উৎস:*** *মূল কপি।*

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
(শুল্ক)

প্রজ্ঞাপন

০৩-৬-১৯৯৫ ইং।
তারিখ ঃ -------------------
২০-০২-১৪০২ বাং।

**প্রজ্ঞাপন নং- ১৬০৫/কাস/৯৫**-The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বরিশাল জেলার অর্ন্তগত বরিশাল শহরের পৌর এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসাবে ঘোষণা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/- তাং-০৩-৬-৯৫ ইং
হেলাল উদ্দিন আহমেদ
প্রথম সচিব (শুল্ক)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৩-০৬-১৯৯৫ইং/২০-০২-১৪০২ বাং।

**প্রজ্ঞাপন-১৬০৬/কাস/৯৫।-** Customs Act, 1969 (IV of 1969) এর section 11 -তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, কুমিল্লা জেলার অন্তর্গত চৌদ্দগ্রাম থানার পাঁচমাইল সীমান্ত বেষ্টনী বহির্ভূত এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসাবে এতদ্বারা ঘোষণা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
হেলাল উদ্দিন আহমেদ
প্রথম সচিব (শুল্ক)।

***উৎস:*** *মূল কপি।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

**(শুল্ক ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬-০৬-১৯৯৬ ইং। ০২-০৩-১৪০৩ বাং।

**এসআরও-৯৯-আইন/৯৬/১৬৬২/শুল্ক।–** Customs Act, 1969 (IV of 1969) এর section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত আইনের section 95 এর sub-section (2) এর clause (b) এর মর্মানুযায়ী National Board of Revenue নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:–

১। **সংক্ষিপ্ত শিরোনামা।–** এই বিধিমালা **সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান (স্থানীয় বাজারে বিক্রয়) বিধিমালা, ১৯৯৬** নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালা,–

(ক) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969);

(খ) "কাঁচামাল" অর্থ কোন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানির লক্ষ্যে পণ্য উৎপাদনের জন্য আমদানিকৃত কাঁচামাল;

(গ) "ফরম" অর্থ সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানি) বিধিমালা, ১৯৯৩ এর সহিত সংযোজিত ফরম;

(ঘ) "বন্ডদাতা" অর্থ আইনের section 86 এর অধীন bond প্রদানকারী ব্যক্তি;

(ঙ) "শিল্প প্রতিষ্ঠান" অর্থ সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান যাহা উহার পণ্য উৎপাদনের জন্য কাঁচামাল আমদানি করে এবং উক্ত কাঁচামাল দ্বারা রপ্তানির উদ্দেশ্যে পণ্য উৎপাদন করিয়া থাকে।

(চ) "সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান" এমন কোন শিল্প প্রতিষ্ঠান যাহা তৎকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সকল পণ্য বিদেশে রপ্তানি করে এবং উক্ত পণ্যের কোন অংশ দেশের অভ্যন্তরে ব্যবহার বা ভোগের জন্য সরবরাহ করে না।

৩। **রপ্তানির জন্য উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয়।**— (১) কোন শিল্প প্রতিষ্ঠান তৎকর্তৃক উৎপাদিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয় করিতে চাহিলে বন্ডদাতা সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কমিশনারেটের নিকট এই মর্মে আবেদন করিবেন। (২) কমিশনার উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করিয়া, নিম্নলিখিত শর্তসাপেক্ষে, আবেদনপত্রে উল্লিখিত পণ্য স্থানীয় বাজারে বিক্রয়ের অনুমতি প্রদান করিতে পারিবেন, যথাঃ-

(খ) এইরূপ পণ্যের পরিমাণ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক পূর্ববর্তী আর্থিক বছরে রপ্তানিকৃত একই পণ্যের ২০% এর বেশি হইবে না;

(গ) এইরূপ পণ্যের প্রতিটি চালান ex-bond bill of entry এর মাধ্যমে খালাস করিতে হইবে।

(ঘ) আইনের section 95 এর sub-section (2) এর clause (b) এর বিধান অনুসারে উক্ত পণ্যের ওপর প্রদেয় সমুদয় শুল্ক, কর, ফি ইত্যাদি উক্ত পণ্য ওয়্যারহাউস হইতে খালাসের পূর্বে সম্পূর্ণরূপে পরিশোধ করিতে হইবে।

(ঙ) সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিকৃত একই পণ্যের সর্বশেষ এফওবি (FOB) মূল্য শুল্কায়নের জন্য মূল্য হিসাবে গৃহীত হইবেঃ

তবে শর্ত থাকে যে, সম্পূর্ণ রপ্তানিমুখী জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিকৃত একই পণ্যের সর্বশেষ এফ ও বি মূল্য ৩০% হারে অবনমিত করিয়া নির্ণিত মূল্য শুল্কায়নযোগ্য মূল্য হিসাবে গৃহীত হইবে।

৪। **বিক্রয়কৃত পণ্য ও কাঁচামালের বিবরণ সংরক্ষণ।**— (১) বিধি ৩ এর অধীন স্থানীয় বাজারে বিক্রয়কৃত পণ্যের এবং উক্ত উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের বিবরণ ফরমে যথাযথভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

(২) আইন অনুযায়ী বন্ডেড ওয়্যারহাউসে যে সকল রেজিস্টার ও অন্যান্য দলিলাদি সংরক্ষণ করা হয়, উহাতেও অনুরূপ বিক্রয়ের বিবরণ লিপিবদ্ধ করিতে হইবে।

৫। **অন্যান্য শর্তাদির প্রয়োগ।**— সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানি) বিধিমালা, ১৯৯৩ এ বর্ণিত সকল শর্ত ও পদ্ধতি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন পণ্য বিক্রয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৬। **কমিশনার কর্তৃক আদেশ প্রদানের ক্ষমতা।**— এই বিধিমালা কার্যকরী করার লক্ষ্যে সংশ্লিষ্ট কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর, প্রয়োজন অনুযায়ী, আদেশ জারি করিতে পারিবেন।

**বোর্ডের আদেশক্রমে,**

(কাজী শহীদুল হক)

প্রথম সচিব (শুল্ক-রপ্তানি ও বন্ড)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

** ২৮/৭/৯৬ তারিখের ১৪০-আইন/৯৬/১৬৭/শুল্ক, ১৩/১/৯৭ তারিখের ২৩-আইন/৯৭/১৬৯৫/শুল্ক এবং ২০/১০/৯৭ তারিখের ২৪৪-আইন/৯৭/১৭২৬/শুল্ক নম্বর প্রজ্ঞাপন দ্বারা সংশোধিত।*
*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-২; পৃ.১৪-১৬।*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬-৩-১৪০৩ বাংলা/১০-৭-১৯৯৬ ইংরেজি।

**এসআরও-১০৯-আইন/৯৬/১৬৭০/শুল্ক।**– Customs Act, 1969 (IV of 1969) এর section 117A তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উক্ত Act এর section 117 এর sub-section (2) মোতাবেক "appropriate officer" কর্তৃক পালনীয় আবশ্যকতা শতকরা একশত ভাগ রপ্তানিমুখী পোশাক শিল্পের স্পেশাল বন্ডেড ওয়্যারহাউজের ক্ষেত্রে শিথিল করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(কাজী শহীদুল হক)
প্রথম সচিব (শুল্ক-রপ্তানি ও বন্ড)।

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-২; পৃ.১৬।*
মন্তব্য: Customs Act, 1969 এর section 117 ও 117A বর্তমানে কার্যকর নেই।

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ-মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ শে শ্রাবণ ১৪০৩ বাং/৮ইং আগস্ট ১৯৯৬ইং।

**প্রজ্ঞাপন-১৬৮১/কাস/৯৬।**- Customs Act, 1969 (IV of 1969) এর section 11 -তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মাগুরা জেলার অন্তর্গত শালিখা থানার আওতাধীন ৪নং শতখালী ইউনিয়ন পরিষদ এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসাবে এতদ্বারা ঘোষণা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(কাজী শহীদুল হক)

***উৎস:*** *মূল কপি।*

প্রথম সচিব (শুল্ক-রপ্তানি ও বন্ড)।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**
তারিখঃ ২৬/৫/১৪০৩ বাং, ১০/০৯/১৯৯৬ ইং।

**প্রজ্ঞাপন-১/কাস/৯৬।-** Customs Act, 1969 (IV of 1969) এর Section 11 তে প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, খুলনা মেট্রোপলিটন এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে এতদ্বারা ঘোষণা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(আ, মু, মসরুর আহমেদ)
প্রথম সচিব (শুল্ক-রপ্তানি ও বন্ড)।

***উৎস:*** *মূল কপি।*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
**(শুল্ক ও মূল্য সংযোজন কর)**
**প্রজ্ঞাপন**
তারিখ, ২৯শে কার্তিক ১৪০৩/১৩ই নভেম্বর ১৯৯৬

**০৩/৯৬/শুল্ক।–** Customs Act, 1969 (IV of 1969) এর section 219 এবং তৎসঙ্গে পঠিতব্য section 36 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্ন-বর্ণিত বিধিমালা প্রণয়ন করিল, যথা:–

(ক) এই বিধিমালা **প্রত্যর্পণ (সহজে শনাক্তকরণযোগ্য পণ্য) বিধিমালা, ১৯৯৬** নামে অভিহিত হইবে।

(খ) ইহা ৩১.১০.৯৬ ইং তারিখ হইতে কার্যকর হইবে।

২। যে সকল পণ্য আমদানি ও পরবর্তীকালে রপ্তানির মধ্যবর্তী সময়কালে ব্যবহৃত হইয়াছে সে সকল পণ্যের ওপর আমদানিকালে প্রদত্ত শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক (যে ক্ষেত্রে প্রযোজ্য) পণ্য রপ্তানির পর, নিম্নলিখিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে ফেরত দেওয়া হইবে, যথা:–

(ক) সহজে শনাক্ত করা যায় এমন পণ্য, যাহা বাংলাদেশে আমদানি করা হইয়াছে এবং যাহার ওপর প্রযোজ্য শুল্ক করাদি আমদানিকালে পরিশোধ করা হইয়াছে, তাহা বাংলাদেশের বাহিরে যে কোন স্থানে রপ্তানি করা হইলে, উক্তরূপ প্রদত্ত শুল্ক ও করের আট ভাগের সাত ভাগ পরিমাণ ফেরত দেওয়া হইবে;

(খ) আমদানি দালিলাদিতে "পণ্য পুনঃরপ্তানির ভিত্তিতে আমদানি করা হইয়াছে" মর্মে ঘোষণা থাকিতে হইবে;

(গ) উক্তরূপ পণ্য, রপ্তানিকারী শুল্ক ভবন/শুল্ক স্টেশনে কর্মরত সহকারী কমিশনারের নিম্নপদের নহে এমন শুল্ক কর্মকর্তা কর্তৃক এই মর্মে শনাক্তকৃত হইতে হইবে যে উহাই ইতিপূর্বে আমদানিকৃত পণ্য; এবং

(ঘ) উক্তরূপ পণ্য শুল্ক ভবনের/স্টেশনের রেকর্ড দৃষ্টে আমদানির তিন বছরের মধ্যে অথবা উক্ত সময় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বর্ধিত করা হইয়া থাকিলে, উক্ত বর্ধিত সময়ের মধ্যে, রপ্তানির জন্য দাখিল করিতে হইবে;

৩। নিম্নলিখিত পণ্য আমদানি পরবর্তী রপ্তানির মধ্যবর্তী সময়কালে ব্যবহৃত হইয়া থাকিলেও, উক্ত পণ্য রপ্তানির পর কোন প্রত্যর্পণ দেওয়া হইবে না, যথা:

(ক) উন্মোচিত সিনেম্যাটোগ্রাফিক ফিল্ম।

(খ) পরিধেয় বস্ত্রাদি।

(গ) খুচরা যন্ত্রাংশ (Spare parts), ক্ষয়যোগ্য (expendable), ভোগযোগ্য (consumable) ও ধ্বংসযোগ্য (disposable) পণ্য।

(ডঃ রশিদ-উল-আহসান চৌধুরী )
প্রথম সচিব (শুল্ক)।

***উৎস:*** *শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-২: পৃ.১৭-১৮।*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাংলা, ১২ই জুন, ১৯৯৭ ইংরেজি।

**এসআরও-১৫৫-আইন/৯৭/১৭১৩/শুল্ক**।– Customs Act, 1969 (IV of 1969) এর section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, আটককৃত যানবাহন (অন্তবর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৬ রহিত করিয়া, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:–

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।– এই বিধিমালা **আটককৃত যানবাহন (অন্তবর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৭** নামে অভিহিত হইবে।

২। **আটককৃত যানবাহন ছাড় প্রদানকারী কর্মকর্তা**।– Customs Act, 1969 (IV of 1969) এর অধীন বাজেয়াপ্তযোগ্য কোন পণ্য, অতঃপর পণ্য বলিয়া উল্লিখিত, পরিবহন অথবা বোঝাই করার দায়ে উক্ত Act এর section 219 এর sub-section (2) অধীন আটককৃত কোন যানবাহন, অতঃপর যানবাহন বলিয়া উল্লিখিত, সংশ্লিষ্ট মালামাল চূড়ান্ত নিস্পত্তি না হওয়া পর্যন্ত সহকারী কমিশনার এর পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন শুল্ক কর্মকর্তা, অতঃপর সংশ্লিষ্ট কর্মকর্তা বলিয়া উল্লিখিত, বিধি ৩ এ বর্ণিত শর্তাদি পূরণ ও বিধি ৪ এ বর্ণিত পদ্ধতি অনুসরণসাপেক্ষে, অন্তবর্তীকালীন ছাড়, অতঃপর ছাড় বলিয়া উল্লিখিত, প্রদান করিতে পারিবেন।

৩। **যানবাহন ছাড় প্রদানের শর্তাবলি**।– বিধি ২এর অধীন যানবাহন ছাড় প্রদান করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নিম্নবর্ণিত বিষয়সমূহ সন্তোষজনক বলিয়া প্রতীয়মান হইতে হইবে, যথা:-

(ক) যানবাহনের মালিক বা চালক ইতোপূর্বে অনুরূপ পণ্য পরিবহনে অংশগ্রহণ করে নাই;

(খ) যানবাহন ছাড় প্রদান করার ফলে উক্ত যানবাহন ও পণ্য সংক্রান্ত বিচারাধীন মামলা নিস্পত্তির ক্ষেত্রে ন্যায়বিচারের স্বার্থ ক্ষুণ্ন অথবা আলামত বিনষ্ট হইবে না।

৪। **যানবাহন ছাড় প্রদানের পদ্ধতি**।– (১) সরকার কর্তৃক অনুমোদিত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত বাংলাদেশের কোন যানবাহন মালিক সমিতিভুক্ত সদস্যদের মালিকানাধীন বাস, ট্রাক, মিনিবাস ও অন্যান্য মোটরচালিত যানবাহন ছাড় প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথাঃ–

(ক) যানবাহনের প্রকৃত মালিককে যানবাহন মালিক সমিতির সদস্যভুক্তির হালনাগাদ সনদপত্র অথবা উক্ত সমিতি কর্তৃক প্রদত্ত এতদসম্পর্কিত প্রত্যয়নপত্র এবং উক্ত যানবাহনের মালিকানা সম্পর্কিত সকল প্রকার প্রমাণাদিসহ উক্ত যানবাহন ছাড় প্রদানের জন্য আবেদনপত্র সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে;

(খ) যানবাহনের প্রকৃত মালিককে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নন জুডিশিয়াল স্ট্যাম্পে যানবাহন মালিক সমিতি কর্তৃক প্রত্যয়িত এবং যথাযথভাবে সিল-স্বাক্ষরযুক্ত একটি ব্যক্তিগত মুচলেকা এই মর্মে প্রদান করিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত যানবাহনের মালিক যে কোন সময় যে কোন স্থানে উক্ত যানবাহন উপস্থাপন করিতে এবং মালামাল রায় প্রদানকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত কোন শাস্তি মানিয়া লইতে ও আরোপিত জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত যানবাহন ব্যতীত অন্যান্য যানবাহন ছাড় প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে; যথাঃ–

(ক) যানবাহনের প্রকৃত মালিককে উক্ত যানবাহনের মালিকানা সম্পর্কিত সকল প্রকার প্রমাণাদিসহ উক্ত যানবাহন ছাড় প্রদানের আবেদনপত্র সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে;

(খ) যানবাহনের প্রকৃত মালিককে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট এই বিধিমালার সহিত সংযোজিত পরিশিষ্টে প্রদত্ত ছক মোতাবেক যে কোন তফসিলী ব্যাংক হইতে সংশ্লিষ্ট কর্মকর্তা যেরূপ গ্রহণযোগ্য মনে করেন সেইরূপ অর্থের জন্য একটি নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে হইবে।

(৩) যানবাহন সম্পর্কে কোন আদালতে কোন মামলা বিচারাধীন থাকিলে, সংশ্লিষ্ট আদালতের পূর্বানুমতি সাপেক্ষে, উক্ত যানবাহন ছাড় প্রদান করা যাইবে।

**পরিশিষ্ট**
**[বিধি ৪(২) (খ) দ্রষ্টব্য]**
**ব্যাংক গ্যারান্টির ছক**

আমরা ---------------------------------------------------------------------------------
(ব্যাংকের নাম ও ঠিকানা)

Customs Act, 1969 (IV of 1969) Gi section 157 Gi sub-section (2) মোতাবেক জনাব/মেসার্স ----------------------------------------------------------------------------
(যানবাহনের প্রকৃত মালিকের নাম ও ঠিকানা)
এর মালিকানাধীন -------------------------------------------অন্তর্বর্তীকালীন ছাড়
(সংস্থা ও যানবাহনের প্রকার)
প্রদানের জন্য সহকারী/ডেপুটি/যুগ্ম/অতিরিক্ত কমিশনার/কমিশনার অব কাস্টমস --------------
-------------------------------------------------------------------------------------------
(শুল্ক স্টেশনের নাম ও ঠিকানা)
এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট টাকা-----------------------------------
-------------------------------------------------------------------------------------------
(টাকার পরিমাণ অংক ও কথায়)
এর জন্য অত্র গ্যারান্টি প্রদান করিতেছি। আমরা এই মর্মে আরও অঙ্গিকার করিতেছি যে, আলোচ্য যানবাহনের মালিক উল্লিখিত কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত যানবাহন যে কোন সময় যে কোন স্থানে উপস্থাপন করিতে বাধ্য থাকিবে এবং উক্তরূপ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে উক্ত কর্মকর্তা কর্তৃক চাহিবামাত্র টাকা -------------------------
(টাকার পরিমাণ অংক ও কথায়)
কোন প্রকার ওজর আপত্তি ছাড়া এবং যানবাহনের মালিকের সহিত কোন যোগাযোগ ব্যতিরেকে নিঃশর্তভাবে প্রদান করিতে বাধ্য থাকিব। যানবাহন সম্পর্কিত তথ্যাবলি নিম্নরূপঃ-

(ক) যানবাহনের ধরণ ---------------------------------------------------------
(খ) মডেল ও তৈরির সন ---------------------------------------------------
(গ) চেসিস নম্বর -------------------------------------------------------------
(ঘ) ইঞ্জিন নম্বর -------------------------------------------------------------
(ঙ) রেজিষ্ট্রেশন স্থান ---------------------------------- তারিখ ---------------
রেজিষ্ট্রেশন নম্বর --------------- রেজিষ্ট্রেশনের বৈধ মেয়াদ -----------------
(চ) চালকের নাম ------------------------- ড্রাইভিং লাইসেন্স নম্বর -------------

২। অত্র ব্যাংক গ্যারান্টিটি আলোচ্য যানবাহন সংক্রান্ত মালামাল চূড়ান্ত মামলার নিস্পত্তি আদেশ জারি না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

স্থান -------------------------------  স্বাক্ষর -----------------------------

তারিখ -----------------------------

নাম --------------------------------
পদবি ------------------------------
সিলমোহর --------------------------

[সংশ্লিষ্ট শুল্ক দপ্তর কর্তৃক পূরণীয়]

(১) আটক মামলার নম্বর: --------------------------- তারিখ: -----------------
(২) ব্যাংক গ্যারান্টি রেজিস্টার নম্বর: -------------------------------------------
(৩) রেজিস্টারে এই ব্যাংক গ্যারান্টির ক্রমিক নম্বর:--------------------------------

.........................................................................
সহকারী/ডেপুটি/যুগ্ম/অতিরিক্ত কমিশনার/কমিশনারের স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
(মোঃ মাসুদ সাদিক)
দ্বিতীয় সচিব (শুল্ক)।

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-১; পৃ.৭৮-৮১।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখঃ ৬ই শ্রাবন ১৪০৪ বাং/২১শে জুলাই ১৯৯৭ ইং

**প্রজ্ঞাপন নং- ২৪/৯৭/ শুল্ক**। The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 11-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নারায়নগঞ্জ জেলার অন্তর্গত সোনারগাঁও থানাধীন মেঘনা ঘাট এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসাবে ঘোষনা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
স্বাক্ষরিত/-

আ.মু. মসরুর আহমেদ
প্রথম সচিব (শুল্ক-রপ্তানী ও বন্ড)।

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থমন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ০৫.০৭.১৪০৪ বাংলা/২০.১০.১৯৯৭ ইংরেজি।

**প্রজ্ঞাপন-২৮/৯৭/শুল্ক।-** The Customs Act, 1969 (IV of 1969) এর Section 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড প্রজ্ঞাপন নং-২৪/৯৭/শুল্ক, তারিখ ৬ই শ্রাবণ, ১৪০৪ বাংলা/২১ শে জুলাই, ১৯৯৭ বাতিলক্রমে ঢাকা জেলার অন্তর্গত কেরানীগঞ্জ থানা, নারায়ণগঞ্জ জেলার অন্তর্গত সোনারগাঁ থানা এবং মুন্সীগঞ্জ জেলার অন্তর্গত টুঙ্গীবাড়ী থানা-এলাকাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

(আ, মু, মসরুর আহমেদ)
প্রথম সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

***উৎস:*** *মূল কপি।*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
**(শুল্ক ও মূল্য সংযোজন কর)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮-০৫-১৯৯৮ ইং। ১৪-০২-১৪০৫ বাং।

**এসআরও-৮৮-আইন/৯৮/১৭৩৯/শুল্ক।–** Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের 10th December, 1984 তারিখের Notification No. S.R.O 544-L/84/888/Cus রহিতক্রমে Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (XXXVI of 1980) এর Section 10 এর অধীন ঘোষিত কোন Export Processing Zone এ উক্ত আইনের section 7(e) ও (f) এর ব্যবস্থা মোতাবেক আমদানিকৃত পণ্যকে উহাদের ওপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**
(মোঃ মাহবুবুর রহমান)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

***উৎস:*** *অনির্ভরশীল সূত্র।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
**(কাস্টমস্ ও মূল্য সংযোজন কর)**
**(প্রজ্ঞাপন)**

তারিখঃ ২৭-০২-১৪০৬ বাংলা/১০-০৬-১৯৯৯ ইংরেজি।

**এসআরও-১৫১-আইন/৯৯/১৭৮৭/কাস্টমস্ ও মূসক।**– The Customs Act, 1969 (IV of 1969) এর section 21(b) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৬৬-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার দেশের যে কোন Export Processing Zone এলাকায় স্থাপিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত গাড়ি (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস এর ওপর আরোপনীয় সমুদয় পরিমাণ কাস্টমস্ ডিউটি, মূল্য সংযোজন কর, অবকাঠামো উন্নয়ন সারচার্জ এবং ক্ষেত্রমত সম্পূরক শুল্ক নিম্নোক্ত শর্ত পালনসাপেক্ষে, মওকুফ করিল, যথাঃ–

১। (ক) আমদানিকারক প্রতিষ্ঠানটিতে শতকরা একশতভাগ বিদেশি পুঁজি বিনিয়োগ হইতে হইবে, অথবা

(খ) আমদানিকারক প্রতিষ্ঠানটি যৌথ উদ্যোগে স্থাপিত হওয়ার ক্ষেত্রে-

(অ) বিদেশি পুঁজি বিনিয়োগের পরিমাণ শতকরা পঞ্চাশ ভাগের অধিক হইতে হইবে অথবা

(আ) বিদেশি পুঁজি বিনিয়োগের পরিমাণ শতকরা পঞ্চাশ ভাগের অধিক না হইলে শিল্প প্রতিষ্ঠানটিতে অন্যূন পাঁচশত জন বাংলাদেশী নাগরিকের কর্মসংস্থান করা হইয়াছে বা হইবে এই মর্মে Bangladesh Export Processig Zones Authority এর নিকট হইতে একটি প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। উক্তরূপ কোন একটি শিল্প প্রতিষ্ঠান পিকআপ, জীপ, মাইক্রোবাস এবং ২০০০ সি সি পর্যন্ত গাড়ি (কার) এই চার ধরনের যানবাহনের মধ্যে দুইটি যানবাহন আমদানি করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, উক্ত শিল্প প্রতিষ্ঠান উক্তরূপ দুইটি যানবাহন ছাড়াও উপরে বর্ণিত চার ধরনের যানবাহনের মধ্যে অতিরিক্ত আরও একটি যানবাহন এই প্রজ্ঞাপনে বর্ণিত কাস্টমস্ ডিউটি, অন্যান্য শুল্ক কর অব্যাহতির আওতায় আমদানি করিতে পারিবে, যদি- Bangladesh Export processing Zones Authority এই মর্মে প্রত্যয়ন করে যে, সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানটিতে–

(ক) কমপক্ষে দশ লক্ষ মার্কিন ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করা হইয়াছে, এবং

(খ) কমপক্ষে পাঁচশত বাংলাদেশী নাগরিক নিয়োজিত রহিয়াছে।

৩। উক্ত গাড়ি (কার), পিকআপ, জীপ ও মাইক্রোবাসের শুল্ক নিরূপণ ও শুল্ক খালাসের সময় Bangladesh Export Processing Zones Authority এর অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল কারিতে হইবে।

৪। এই আদেশের আওতাধীনে আমদানিকৃত ও খালাসকৃত সকল গাড়ি (কার), পিকআপ, জীপ ও মাইক্রোবাসের পূর্ণ বিবরণ ও হিসাব Bangladesh Export Processing Zones Authority কর্তৃক সংরক্ষিত হইবে।

৫। এই আদেশের আওতাধীনে আমদানিকৃত গাড়ি (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস খালাসের তারিখ হইতে পাঁচ বছরের মধ্যে বিক্রয়ের মাধ্যমে বা প্রকারান্তরে হস্তান্তর করা যাইবে না। খালাসের তারিখ হইতে পাঁচ বছর পর উহা হস্তান্তর করিতে চাহিলে আয়কর বিভাগের প্রচলিত বিধি অনুযায়ী অবচয়িত মূল্যের ওপর প্রযোজ্য হারে কাস্টমস্ ডিউটি, মূল্য সংযোজন কর সহ অন্যান্য সকল প্রকার শুল্ক-করাদি, সংশ্লিষ্ট ইপিজেড যে শুল্ক কর্তৃপক্ষের অধিক্ষেত্রভুক্ত সে শুল্ক কর্তৃপক্ষের নিকট পরিশোধপূর্বক উল্লিখিত গাড়ি (কার), পিকআপ, জীপ বা মাইক্রোবাস হস্তান্তরের পূর্বে অনুমতি গ্রহণ করিতে হইবে।

৬। এই আদেশের আওতাধীনে আমদানিকৃত গাড়ি (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাসের নম্বর প্লেটের ক্রমিক নম্বরের পূর্বে "বেপজা" শব্দটি লিখিত হইবে।

৭। এই আদেশের আওতাধীনে আমদানিকৃত গাড়ি (কার), পিকআপ, জীপ এবং মাইক্রোবাস আমদানিকারক শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

(০২) উপরি-উল্লিখিত যে কোন শর্ত ভংগ করা হইলে উহা Customs Act, 1969 (IV of 1969) এর অধীন শাস্তিযোগ্য অপরাধ বলিয়া গণ্য হইবে।

(০৩) এই প্রজ্ঞাপন ইতোপূর্বে একই বিষয়ে Customs Act, 1969 (IV of 1969) এবং মূল্য সংযোজন কর আইন ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর অধীনে জারিকৃত নিম্নবর্ণিত প্রজ্ঞাপনসমূহের স্থলাভিষিক্ত হইবে এবং উক্ত প্রজ্ঞাপনগুলি বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে। যথা:

(১) ১২ই আশ্বিন, ১৩৯৬ বাংলা মোতাবেক ২৭শে সেপ্টেম্বর; ১৯৮৯ ইংরেজি তারিখের এসআরও নং-৩৩২-আইন/৮৯/১২৩৬/শুল্ক;

(২) ৪ঠা আশ্বিন, ১৩৯৭ বাংলা মোতাবেক ২০শে সেপ্টেম্বর; ১৯৯০ ইংরেজি তারিখের এসআরও নং-৩৩১-আইন/৯০/১৩৩৫/শুল্ক;

(৩) ৭ই অগ্রহায়ন, ১৪০০ বাংলা মোতাবেক ২১শে নভেম্বর; ১৯৯৩ ইংরেজি তারিখের এসআরও নং-২২৯-আইন/৯৩/১৫৩৩/শুল্ক;

(৪) ১৩ই মাঘ, ১৩৯৮ বাংলা মোতাবেক ২৭শে জানুয়ারি, ১৯৯২ ইংরেজি তারিখের এসআরও নং-১৮-আইন/৯২/৮/মূসক; এবং

(৫) ১২ই আশ্বিন, ১৪০১ বাংলা মোতাবেক ২৭শে সেপ্টেম্বর; ১৯৯৪ ইংরেজি তারিখের এসআরও নং-২৮০-আইন/৯৪/৮৮/মূসক।

[আবদুল মূয়ীদ চৌধুরী]
সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-২; পৃ.৩০-৩২।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক)
প্রজ্ঞাপন

ঢাকা, ২৬ শে মাঘ ১৪০৬, ৮ই ফেব্রুয়ারী ২০০০

**এসআরও নং-৪২ আইন/২০০০/১৮১৯/শুল্ক।** Customs Act, 1969 (Iv of 1969) এর section 25C এর সহিত পঠিতব্য section 25 (৩) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকারঃ

(ক) প্রি-শিপমেন্ট ইন্সপেকশন এজেন্সী কর্তৃক পরিদর্শনের প্রয়োজন হয় এরূপ আমদানিকৃত পণ্যের উপরে দফা (খ) এ বর্ণিত মূল্যের শতকরা একভাগ হারে প্রিশিপমেন্ট ইন্সপেকশন সার্ভিস চার্জ আরোপ করল; এবং
(খ) নির্ধারণ করল যে, উক্ত সার্ভিস চার্জ আরোপনের উদ্দ্যেশ্যে উক্ত পণ্যের মূল্য হবে সংশ্লিষ্ট পণ্যের চালান (consignmentঃ) ভিত্তিক সিআইএফ মূল্য।
২। এই প্রজ্ঞাপন আগামী ৩রা ফাল্গুন, ১৪০৬ বাংলা মোতাবেক ১৫ই ফেব্রুয়ারী ২০০০ ইংরেজী তারিখে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/
আব্দুল মূয়ীদ চৌধুরী,সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থমন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**
ঢাকা, ১১-১১-১৪০৬ বঙ্গাব্দ, ২৩-০২-২০০০ খ্রিস্টাব্দ।

**এসআরও-৫৭-আইন/২০০০/১৮২১/শুল্ক।–** Customs Act, 1969 (IV of 1969) section 219, section 25(2) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।–** (১) এই বিধিমালা **শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০** নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ২৪ শে ফেব্রুয়ারি, ২০০০ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।–** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়–

(ক) "অবরোহী মূল্য (deductive value)" অর্থ বিধি ৭ এর বিধান অনুসারে নির্ধারিত মূল্য;

(খ) "অভিন্ন পণ্য (identical goods)" অর্থ এইরূপ আমদানিকৃত পণ্য, যাহা–

(অ) মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্যের দৈহিক বৈশিষ্ট্য, মান ও খ্যাতিসহ সর্বক্ষেত্রে, পণ্যের মূল্য প্রভাবিত করে না এইরূপ বাহ্যিক সামান্য পার্থক্য ব্যতীত, একইরূপ; এবং

(আ) মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্য যে দেশে উৎপাদিত, সেই দেশে উৎপাদিত;

(গ) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969);

[1][(গগ) "একই সময় বা প্রায় একই সময়" অর্থ মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্য আমদানির সময়ের (time of importation) নব্বই দিন পূর্ব পর্যন্ত সময়];

(ঘ) "পরস্পর সম্পর্কযুক্ত (related)" অর্থ, শুধুমাত্র সেই সকল ব্যক্তি যাহারা–

(অ) একজন অন্যজনের ব্যবসায়ের কর্মকর্তা বা পরিচালক;

(আ) আইনগতভাবে স্বীকৃত একই ব্যবসায়ের অংশীদার;

(ই) একজন নিয়োগকারী এবং অন্যজন কর্মকর্তা বা কর্মচারী;

(ঈ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একজন অন্যজনের ব্যবসা প্রতিষ্ঠানের ৫% বা ততোধিক অংশের মালিক;

(উ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একজন অন্যজনকে নিয়ন্ত্রণ করেন;

(ঊ) উভয়েই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন তৃতীয় ব্যক্তি দ্বারা নিয়ন্ত্রিত হন;

(ঋ) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন তৃতীয় ব্যক্তিকে যৌথভাবে নিয়ন্ত্রণ করেন;

(এ) একজন অন্যজনের ব্যবসায়ের একমাত্র এজেন্ট (sole agent) বা একমাত্র পরিবেশক (sole distributor) বা একমাত্র কনসেশনভোগী (sole concessionarie); অথবা

(ঐ) একই পরিবারের সদস্য;

ব্যাখ্যা ২। - এই দফার উদ্দেশ্যে "পরিবার" অর্থ স্বামী বা স্ত্রী, সন্তান (সৎ সন্তান ও দত্তক/পালক সন্তান সহ) এবং সন্তানের স্বামী বা স্ত্রী;

[1] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।

(ঙ) "বিনিময় মূল্য (transaction value)" অর্থ বিধি ৪ এর বিধান অনুসারে নির্ধারিত মূল্য;

(চ) "বোর্ড" অর্থ The National Board of Revenue Order, 1972 (P.o. No. 76 of 1972) এর অধীনে গঠিত National Board of Revenue;

(ছ) "সমজাতীয় বা সমশ্রেণীর পণ্য" অর্থ আমদানিকৃত একই শ্রেণীভুক্ত এইরূপ পণ্য যাহা বিশেষ শিল্প বা শিল্পখাতে উৎপাদিত এবং অভিন্ন পণ্য ও সমতুল্য পণ্যও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(জ) "সমতুল্য পণ্য (similar goods)" অর্থ এইরূপ আমদানিকৃত পণ্য, যাহা–

(অ) সর্বক্ষেত্রে মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্যের একইরূপ নহে, কিন্তু যাহার বৈশিষ্ট্য এবং উপাদান একইরূপ এবং যাহা একইরূপ কার্য সম্পাদন করিতে সক্ষম এবং বাণিজ্যিকভাবে মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্যের সহিত ট্রেডমার্ক, গুণাগুণ এবং পণ্যের খ্যাতির ভিত্তিতে বিনিময়যোগ্য; এবং

(আ) মূল্য নির্ধারণের জন্য প্রক্রিয়াধীন পণ্য যে দেশে উৎপাদিত, সেই দেশে উৎপাদিত;

(ঝ) "হিসাবকৃত মূল্য (computed value)" অর্থ বিধি ৮ এর বিধান অনুসারে নির্ধারিত পণ্যের মূল্য;

৩। **মূল্যায়নের পদ্ধতি।**– এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে,-

(ক) আমদানিকৃত পণ্যের মূল্য উহার বিনিময় মূল্য (transaction value) হইবে;

(খ) যদি দফা (ক) এর বিধান অনুসারে কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে ক্রমানুসারে বিধি ৫, ৬, ৭, ৮ বা ৯ এর বিধান অনুযায়ী উহার মূল্য নির্ধারণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট আমদানিকারকের আবেদনক্রমে এবং শুল্ক কমিশনার (Commissioner of Customs) এর অনুমোদনক্রমে বিধি ৭ ও ৮ এর বিধান, বিপরীত ক্রম (reverse sequence) অনুসারে প্রয়োগ করা যাইবে।

৪। **বিনিময় মূল্য (transaction value)।**– (১) বাংলাদেশে রপ্তানির উদ্দেশ্যে বিক্রীত কোন পণ্যের প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্য, বিধি ১০ এর বিধান অনুসারে সমন্বয় এবং নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত পণ্যের বিনিময় মূল্য (transaction value) হইবে, যথা –

(ক) ক্রেতা কর্তৃক উক্ত পণ্য হস্তান্তর বা ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত বাধা ব্যতীত অন্য কোন বাধা থাকিবে না, যথা:

(অ) আপাততঃ বলবৎ কোন আইন বা কোন সরকারি কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত কোন বাধা;

(আ) উক্ত পণ্যের পুনঃবিক্রয়ের উদ্দেশ্যে ভৌগোলিক এলাকা সীমিতকরণ সংক্রান্ত কোন বাধা; অথবা

(ই) উক্ত পণ্যের প্রকৃত মূল্য প্রভাবিত করে না এমন কোন বাধা;

(খ) উক্ত পণ্যের বিক্রয় বা মূল্য নির্ধারণ এমন কোন শর্ত বা পণ সাপেক্ষ নহে যাহার কারণে উক্ত পণ্যের মূল্য নির্ধারণ সম্ভব নহে;

(গ) বিধি ১০ এর বিধান অনুসারে যথাযথ সমন্বয় সাধন ব্যতীত, ক্রেতা কর্তৃক উক্ত পণ্যের পরবর্তী পুনঃবিক্রয়, হস্তান্তর বা ব্যবহারের ফলে অর্জিত আয়ের কোন অংশ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রেতার প্রাপ্য হইবে না;

(ঘ) ক্রেতা এবং বিক্রেতা পরস্পর সম্পর্কযুক্ত (related) নহেন।

(২) যেক্ষেত্রে ক্রেতা এবং বিক্রেতা পরস্পর সম্পর্কযুক্ত সেইক্ষেত্রে আমদানিকৃত পণ্যের বিনিময় মূল্য গ্রহণ করা হইবে যদি-

(ক) পারিপার্শ্বিক বিষয়াদি পরীক্ষায় ইহা সন্তোষজনকভাবে প্রমাণিত হয় যে, উক্ত সম্পর্কের কারণে উক্ত পণ্যের মূল্য প্রভাবিত হয় নাই, তবে প্রাপ্ত তথ্যের আলোকে যদি সহকারী কমিশনার পদমর্যদার নিম্নে নহেন এইরূপ শুল্ক কর্মকর্তার কাছে প্রতীয়মান হয় যে, উক্ত সম্পর্কের কারণে মূল্য প্রভাবিত হইয়াছে তাহা হইলে উহার কারণ আমদানিকারককে লিখিতভাবে জানাইয়া তাহাকে জবাব দানের যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করিয়া বিষয়টি নিষ্পত্তি করিতে হইবে।

(খ) আমদানিকারক প্রদর্শন করিতে সক্ষম হন যে, উক্ত পণ্যের ঘোষিত মূল্য সমসাময়িক অথবা প্রায় সমসাময়িক সময়ে নির্ধারিত নিম্নবর্ণিত যে কোন মূল্যের প্রায় কাছাকাছি বা সমান, যথা:–

(অ) ক্রেতা ও বিক্রেতা পারস্পরিক সম্পর্কযুক্ত নহেন এইরূপ বাংলাদেশের কোন ক্রেতার নিকট বিক্রীত অভিন্ন বা সমতুল্য পণ্যের বিনিময় মূল্য (transaction value);

(আ) অভিন্ন বা সমতুল্য পণ্যের অবরোহী মূল্য (deductive value); অথবা

(ই) অভিন্ন বা সমতুল্য পণ্যের হিসাবকৃত মূল্য (computed value):

তবে শর্ত থাকে যে তুলনার উদ্দেশ্যে গৃহীত মূল্যের ক্ষেত্রে, বাণিজ্যিক স্তর, পরিমাণ স্তর, বিধি ১০ এর বিধান অনুসারে সমন্বয় এবং ক্রেতা ও বিক্রেতা সম্পর্কযুক্ত নহেন এইরূপ বিক্রেতার বিক্রয়ের খরচ এর লক্ষ্যণীয় পার্থক্য যথাযথ বিবেচনায় আনা হইবে;

[১][(গ) দফা (খ) এর অধীন কোন প্রতিস্থাপিত মূল্য নির্ধারণ (establish) করা যাইবে না।];

৫। **অভিন্ন পণ্যের (identical goods) বিনিময় মূল্য**।– (১) বিধি-৪ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে একই সময়ে অথবা প্রায় একই সময়ে বাংলাদেশে আমদানিকৃত অভিন্ন পণ্যের বিনিময় মূল্য উক্ত আমদানিকৃত পণ্যের মূল্য হইবে;

[১] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।

(২) উপ-বিধি (১) এর অধীন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণের উদ্দেশ্যে অভিন্ন পণ্যের একই বাণিজ্যিক পর্যায়ে এবং প্রায় সমপরিমাণ পণ্য বিক্রয়ের বিনিময় মূল্যকে ব্যবহার করা হইবে

[১][(২ক) উপ-বিধি (২) এ উল্লিখিত অভিন্ন পণ্য যেইরূপে বিক্রয়ের **উ**ল্লেখ রহিয়াছে সেইরূপ বিক্রয়ের অবর্তমানে, ভিন্ন বাণিজ্যিক পর্যায়ে এবং ভিন্ন পরিমাণে উক্ত অভিন্ন পণ্যের বিক্রয়জনিত পার্থক্য সমূহকে সমন্বয়পূর্বক নির্ধারিত বিনিময় মূল্যই আমদানিকৃত পণ্যের শুল্ক মূল্য হিসাবে নির্ধারণ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপে সমন্বয়ের ফলে মূল্যের হ্রাস বা বৃদ্ধি যাহাই ঘটুক না কেন, প্রমাণিত তথ্যের ভিত্তিতে এইরূপ সমন্বয় করিতে হইবে, যাহাতে সুস্পষ্টভাবে উহার নির্ভুলতা ও যৌক্তিকতা প্রতিষ্ঠা পায়।]

(৩) দূরত্ব এবং পরিবহন মাধ্যমের ভিন্নতার কারণে যদি অভিন্ন পণ্য এবং আমদানিকৃত পণ্যের খরচ ও ব্যয়ের মধ্যে উল্লেখযোগ্য পার্থক্যপরিলক্ষিত হয় তাহা হইলে অভিন্ন পণ্যের বিনিময় মূল্যের মধ্যে অন্তর্ভুক্ত সকল ব্যয় বিধি ১০ এর উপ-বিধি (২) এ বর্ণিত অন্যান্য ব্যয়ের সহিত যথাযথ সমন্বয় সাধন করিতে হইবে।

(৪) এই বিধির অধীন অভিন্ন পণ্যের একাধিক বিনিময় মূল্য পাওয়া গেলে উহাদের মধ্যে সর্বাপেক্ষা কম বিনিময় মূল্যের ভিত্তিতে আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে।

৬। **সমতুল্য পণ্যের (similar goods) বিনিময় মূল্য**।–(১) বিধি ৪ ও ৫ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে একই সময়ে অথবা প্রায় একই সময়ে বাংলাদেশে আমদানিকৃত সমতুল্য পণ্যের বিনিময় মূল্য উক্ত আমদানিকৃত পণ্যের মূল্য হইবে।

(২) বিধি ৫ এর উপ-বিধি (২), (৩) ও (৪) এর বিধানসমূহ সমতুল্য পণ্যের (similar goods) ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৭। **অবরোহী মূল্য (deductive value)**।– (১) বিধি ৪, ৫ ও ৬ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে একই সময় অথবা প্রায় একই সময়ে আমদানিকৃত [২][পণ্য অথবা অভিন্ন পণ্য অথবা সমতুল্য পণ্য যে অবস্থায় আমদানি করা হইয়াছে সেই অবস্থায় ক্রেতা ও বিক্রেতা পারস্পরিক সম্পর্কযুক্ত নহেন এইরূপ ক্রেতার নিকট সর্বোচ্চ পরিমাণ যে একক] মূল্যে বিক্রয় করা হইয়াছে সেই মূল্য হইতে নিম্নবর্ণিত ব্যয় বাদ দিয়া উক্ত আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে, যথাঃ

(ক) আমদানিকৃত অন্য পণ্য বা অভিন্ন পণ্য বা সমতুল্য পণ্য বাংলাদেশে বিক্রয়ের সহিত সংশ্লিষ্ট কমিশন, মূনাফা এবং অন্যান্য সাধারণ ব্যয়;

---

[১] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।

[২] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।

(খ) বাংলাদেশের অভ্যন্তরে উক্ত পণ্য পরিবহণের জন্য পরিবহন, বীমা এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়; এবং

[১] [(খখ) প্রযোজ্য ক্ষেত্রে, বিধি ১০(খ) এ উল্লিখিত ব্যয় ও সেবা;]

(গ) উক্ত পণ্য আমদানির ক্ষেত্রে বাংলাদেশে আমদানি ও বিক্রয়ের জন্য প্রযোজ্য শুল্ক, কর ও অন্যান্য চার্জ।

(২) যে আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে সেই পণ্য আমদানির সময় অথবা উহার কাছাকাছি সময়ে যদি উপ-বিধি (১) এ বর্ণিত আমদানিকৃত [২][*] পণ্য বা অভিন্ন পণ্য বা সমতুল্য পণ্য বিক্রয় না হইয়া থাকে তাহা হইলে মূল্য নির্ধারণের প্রক্রিয়াধীন পণ্য আমদানির [৩][*] পর সর্বাগ্রে কিন্তু নব্বই দিন অতিবাহিত হওয়ার পূর্বে বাংলাদেশে আমদানিকৃত পণ্য বা অভিন্ন পণ্য বা সমতুল্য পণ্য যে মূল্যে বিক্রয় হইবে সেই মূল্যের ভিত্তিতে উপ-বিধি (১) এ বর্ণিত শর্তানুযায়ী মূল্য নির্ধারণ করা হইবে।

(৩) যদি আমদানিকৃত [৪][বিলুপ্ত] পণ্য বা অভিন্ন পণ্য বা সমতুল্য পণ্য যে অবস্থায় আমদানি করা হইয়াছে সেই অবস্থায় বিক্রয় না হইয়া থাকে তাহা হইলে উক্ত পণ্য আমদানির পরবর্তীতে প্রক্রিয়াকরণের পরে বাংলাদেশে যে ইউনিট মূল্যে সর্বোচ্চ পরিমাণ বিক্রয় করা হইবে সেই মূল্য হইতে প্রক্রিয়াকরণের জন্য যে পরিমাণ মূল্য সংযোজন ঘটিয়াছে সেই পরিমাণ মূল্য বাদ দিয়া উপ-বিধি (১) এ বর্ণিত শর্তানুযায়ী উহার মূল্য নির্ধারণ করা হইবে।

৮। **হিসাবকৃত মূল্য (computed value)**।– বিধি ৪, ৫, ৬ ও ৭ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে নিম্নবর্ণিত ব্যয়ের সমষ্টি উক্ত পণ্যের মূল্য হইবে যাহা হিসাবকৃত মূল্য বলিয়া অভিহিত হইবে, যথা:

(ক) আমদানিকৃত পণ্যের উৎপাদন ব্যয় অথবা উৎপাদনের উপকরণের মূল্য এবং উক্ত পণ্য প্রস্তুতে প্রয়োজনীয় প্রক্রিয়াকরণ এবং অন্যান্য ব্যয়;

(খ) মূল্য নির্ধারণের প্রক্রিয়াধীন পণ্যের রপ্তানিকারক দেশে বাংলাদেশে রপ্তানির জন্য প্রস্তুতকৃত পণ্যের সমজাতীয় বা সমশ্রেণীর পণ্য বিক্রয়ে সাধারণভাবে প্রতিফলিত মুনাফার পরিমাণ ও সাধারণ ব্যয়ের সমপরিমাণ অর্থ; এবং

(গ) বিধি ১০ এর উপ-বিধি (২) এ বর্ণিত ব্যয়।

৯। **অন্যান্য পদ্ধতি**।– (১) বিধি ৪, ৫, ৬, ৭ ও ৮ এর বিধান অনুসারে যদি কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা সম্ভব না হয় [৫][তাহা হইলে এই বিধিমালার অন্যান্য] বিধানের সহিত সঙ্গতিপূর্ণ অন্য কোন যুক্তিসঙ্গত পদ্ধতি এবং সংশ্লিষ্ট পণ্যের

[১] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।
[২] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।
[৩] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।
[৪] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।
[৫] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।

মূল্য সংক্রান্ত যে তথ্য বাংলাদেশে পাওয়া যাইবে উহার ভিত্তিতে উক্ত আমদানি পণ্যের মূল্য নির্ধারণ করিতে হইবে।

ব্যাখ্যা।– এই উপ-ধারায় "মূল্য সংক্রান্ত তথ্য" বলিতে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মূল্য সংক্রান্ত নিরপেক্ষ প্রকাশনা, খ্যাতিসম্পন্ন প্রস্তুতকারকের মুদ্রিত মূল্য তালিকা এবং ইন্টারনেটে প্রচারিত নির্ভরযোগ্য মূল্য সংক্রান্ত তথ্য অন্তর্ভুক্ত হইবে।

(২) এই আইনে যাহা কিছুই থাকুক না কেন, নিম্নবর্ণিত যে কোন বিষয়ের ভিত্তিতে কোন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা যাইবে না, যথা:–

(ক) বাংলাদেশে উৎপাদিত পণ্যের বাংলাদেশে বিক্রয় মূল্য;

(খ) মূল্য নির্ধারণের উদ্দেশ্যে দুইটি বিকল্প মূল্যের মধ্যে সর্বোচ্চ মূল্য;

(গ) রপ্তানিকারক দেশের স্থানীয় বাজারে বিরাজমান মূল্য;

(ঘ) বিধি ৮ এর বিধান অনুসারে নির্ধারিত অভিন্ন বা সমতুল্য পণ্যের হিসাবকৃত মূল্য ব্যতীত অন্য কোন উৎপাদন ব্যয়;

(ঙ) বাংলাদেশ ব্যতীত অন্য কোন দেশে যে মূল্যে কোন পণ্য রপ্তানি করা হয় সেই মূল্য;

(চ) ন্যূনতম শুল্ক মূল্য;

[১][(ছ) ইচ্ছামাফিক (arbitrary) বা কাল্পনিক (fictitious) মূল্য।]

(৩) কোন আমদানিকারক লিখিতভাবে অনুরোধ করিলে এই বিধির অধীন যে পদ্ধতিতে আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা হইয়াছে সেই পদ্ধতি সম্পর্কে তাহাকে লিখিতভাবে জানাইতে হইবে।

১০। **ব্যয় এবং সেবা (costs and services)**।– (১) বিনিময় মূল্য নির্ধারণের উদ্দেশ্যে, আমদানিকৃত পণ্যের প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের সহিত নিম্নবর্ণিত ব্যয় ও সেবা যোগ হইবে, যথা:–

(ক) নিম্নবর্ণিত ব্যয় ও সেবার যে পরিমাণ ক্রেতা বহন করিয়াছে কিন্তু আমদানিকৃত পণ্যের প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই, যথা:–

(অ) ক্রয় কমিশন (buying commission) ব্যতীত অন্যান্য কমিশন ও দালালি (brokerage);

(আ) আমদানিকৃত পণ্য যে পাত্র বা আধারে শুল্কায়নের জন্য উপস্থাপিত হয় সেই পাত্র বা আধার সম্পর্কিত ব্যয়; এবং

(ই) মোড়ক করার ব্যয় (cost of packing), শ্রম বা উপকরণ যে জন্যই হোক না কেন;

(খ) আমদানিকৃত পণ্য রপ্তানির উদ্দেশ্যে উৎপাদন ও বিক্রয়ের ক্ষেত্রে ব্যবহারের জন্য ক্রেতা কর্তৃক বিনামূল্যে বা হ্রাসকৃতমূল্যে প্রত্যক্ষ বা

[১] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।

পরোক্ষভাবে সরবরাহকৃত নিম্নবর্ণিত পণ্য ও সেবার মূল্যের যে পরিমাণ প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই, যথা:

(অ) আমদানিকৃত পণ্যে সন্নিবেশিত উপকরণ, উপাদান, অংশ ও অনুরূপ কোন দ্রব্য;

(আ) আমদানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত যন্ত্রপাতি, ডাইস, মোল্ড ও অনুরূপ কোন দ্রব্য;

(ই) আমদানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত উপকরণ; এবং

(ঈ) আমদানিকৃত পণ্য উৎপাদনের জন্য প্রয়োজনীয় এবং বাংলাদেশের বাহিরে সম্পাদিত প্রকৌশলকার্য, উন্নয়নকার্য, শিল্পকর্ম, নকশা, পরিকল্পনা ও স্কেচ।

(গ) আমদানিকৃত পণ্য বিক্রয়ের শর্ত হিসাবে যে রয়্যালটি এবং লাইসেন্স ফি প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত পণ্যের ক্রেতাকে পরিশোধ করিতে হয় উহার যে পরিমাণ প্রকৃত পরিশোধিত অথবা পরিশোধযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই;

(ঘ) আমদানিকৃত পণ্যের পরবর্তী পুনঃবিক্রয়, হস্তান্তর বা ব্যবহার হইতে লব্ধ আয়ের কোন অংশ যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিক্রেতা কর্তৃক অর্জিত হয়;

(ঙ) আমদানিকৃত পণ্য বিক্রয়ের শর্ত হিসাবে ক্রেতা কর্তৃক বিক্রেতাকে অথবা, বিক্রেতার দায়-দায়িত্ব পূরণের উদ্দেশ্যে ক্রেতা কর্তৃক কোন তৃতীয় পক্ষকে প্রকৃত প্রদত্ত বা প্রদেয় অন্য কোন অর্থের যে পরিমাণ প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই।

(২) [১][আমদানিকৃত কোন পণ্যের মূল্য হইবে আইনের section 25 এর sub-section (1) এ বর্ণিত] আমদানির সময় এবং স্থানে সরবরাহের জন্য উক্ত পণ্যের মূল্য এবং নিম্নবর্ণিত ব্যয়ও উহার অন্তর্ভুক্ত হইবে, যথাঃ-

(ক) আমদানির স্থানে আমদানিকৃত পণ্য পরিবহনের ব্যয়;

(খ) আমদানির স্থানে আমদানিকৃত পণ্য সরবরাহের সহিত সংশ্লিষ্ট পণ্য বোঝাইকরণ, অবতরণ এবং হ্যান্ডলিং ব্যয়; এবং

(গ) বীমা ব্যয়ঃ

তবে শর্ত থাকে যে,–

(অ) দফা (ক) তে বর্ণিত পরিবহন ব্যয় আমদানিকৃত পণ্যের এফওবি মূল্যের ২০ শতাংশের অধিক হইবে না এবং যদি উক্ত দফায় বর্ণিত পরিবহন ব্যয় নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে আমদানিকৃত পণ্যের এফওবি মূল্যের ২০ শতাংশ উক্ত পরিবহন ব্যয় বলিয়া নির্ধারিত হইবে;

[১] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ: ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত।

(আ) দফা (খ) তে বর্ণিত ব্যয়সমূহ নির্ধারণের উদ্দেশ্যে আমদানিকৃত পণ্যের এফ ও বি মূল্যের ১(এক) শতাংশের সহিত দফা (ক) এবং দফা (গ) তে বর্ণিত পরিবহন ব্যয় ও বীমা ব্যয় যোগ করিতে হইবে; এবং

(ই) যদি দফা (গ) তে বর্ণিত বীমা ব্যয় নির্ধারণ করা সম্ভব না হয় তাহা হইলে আমদানিকৃত পণ্যের এফওবি মূল্যের ১(এক) শতাংশ উক্ত বীমা ব্যয় বলিয়া নির্ধারিত হইবে :

আরও শর্ত থাকে যে, বিমানযোগে আমদানিকৃত পণ্যের ক্ষেত্রে বোর্ড কর্তৃক পণ্য আমদানি বাবদ নির্ধারিত হারে বিমানভাড়া প্রযোজ্য হইবে।

(৩) এই বিধির অধীন প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের সহিত কোন কিছু যোগ করিতে হইলে তাহা [১][বস্তুনিষ্ঠ] এবং পরিমাপযোগ্য উপাত্তের ভিত্তিতে করিতে হইবে।

(৪) এই বিধিতে যেরূপ বর্ণিত রহিয়াছে সেইরূপ ব্যতিত প্রকৃত পরিশোধিত বা পরিশোধযোগ্য মূল্যের সহিত অন্য কোন কিছু যোগ করিয়া আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করা যাইবে না।

১১। **আমদানিকারকের ঘোষণা।**–(১) আমদানিকারক অথবা তাহার মনোনীত প্রতিনিধিকে নিম্নবর্ণিত ঘোষণা ও তথ্য শুল্ক কর্তৃপক্ষের নিকট প্রদান করিতে হইবে, যথা:

(ক) এই বিধিমালার সহিত সংযোজিত পরিশিষ্টে বর্ণিত ফরম অনুযায়ী আমদানিকৃত পণ্যের মূল্য সংক্রান্ত পূর্ণ বিবরণ সংবলিত ঘোষণা; এবং

(খ) প্রস্তুতকারক বা উৎপাদনকারী ব্যতীত কোন তৃতীয় ব্যক্তির নিকট হইতে পণ্য আমদানি করা হইলে উক্ত পণ্যের প্রস্তুতকারী বা উৎপাদনকারীর নিকট হইতে সংগৃহীত ইনভয়েসসহ অন্য যে কোন বিবৃতি, তথ্য অথবা দলিল যাহা এই বিধিমালার অধীন আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণের জন্য আবশ্যক বলিয়া সংশ্লিষ্ট শুল্ক কর্মকর্তা বিবেচনা করিবেন।

[২] [*]

[৩] [*]

[৪][**১১ক। আমদানিকারকের অধিকার।**- আমদানিকারক কর্তৃক লিখিত অনুরোধের পরিপ্রেক্ষিতে সহকারী কমিশনার এর নিম্নে নহেন এমন শুল্ক কর্মকর্তার নিকট হইতে আমদানিকৃত পণ্যের শুল্ক মূল্য কিভাবে নির্ধারণ করা হইয়াছে উহার লিখিত ব্যাখ্যা পাইবার অধিকার আমদানিকারকের থাকিবে।]

[৫][**১২। শুল্ক কর্তৃপক্ষের অধিকার।**- এই বিধিমালার অধীন কোন পণ্যের শুল্ক মূল্যায়নের উদ্দেশ্যে শুল্ক মূল্যায়নকারী যথাযথ শুল্ক কর্মকর্তার নিকট সংশ্লিষ্ট আমদানিকারক বা তাহার

[১] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত

[২] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত

[৩] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত

[৪] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত

[৫] এসআরও ১৩৯-আইন/২০০২/১৯৫৮ তারিখ ৬.৬.২০০২ দ্বারা সংশোধিত

ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক উপস্থাপিত কোন বিবৃতি, দলিলপত্র বা ঘোষণার নির্ভুলতা বা যথার্থতা সম্পর্কে উক্ত কর্মকর্তার সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে সন্দেহ করার বা প্রশ্ন করার অধিকারকে ক্ষুণ্ন করিবে না।]

১৩। **আপিল।**– আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে আমদানিকারকের ঘোষিত মূল্য ব্যতীত এই বিধিমালায় বর্ণিত কোন পদ্ধতিতে ভিন্নতর মূল্য নির্ধারণ করা হইলে আমদানিকারককে সেই সম্পর্কে উক্ত মূল্য নির্ধারণের তারিখেই লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং কোন সংক্ষুব্ধ আমদানিকারক আইনের section 193 অথবা, ক্ষেত্রমত, section 196A এর অধীন উক্ত মূল্য নির্ধারণের বিরুদ্ধে আপিল দায়ের করিতে পারিবেন।

১৪। **সাময়িক শুল্কায়ন ও জামানত।**– আমদানিকৃত পণ্যের মূল্য নির্ধারণ করিতে বিলম্ব হইলে এবং আমদানিকারক আইনের section 81 অনুসারে পণ্যের সাময়িক শুল্কায়ন (provisional assessment) পদ্ধতিতে পণ্য খালাসের আবেদন করিলে যথাযথ শুল্ক কর্মকর্তা উক্তরূপ সাময়িক শুল্কায়নের ভিত্তিতে আমদানিকারকের নিকট হইতে উপযুক্ত জামানত গ্রহণপূর্বক পণ্য খালাসের আদেশ প্রদান করিতে পারিবেন।

১৫। **ব্যাখ্যামূলক টীকা।**– Agreement on Implementation of Article VII of the General Agreement on Tariffs and Trade 1994 এর Annex I এ প্রদত্ত Interpretative notes, প্রয়োজনীয় সংশোধনসাপেক্ষে, এই বিধিমালার বিধানাবলি ব্যাখ্যার ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

## পরিশিষ্ট

### মূল্য ঘোষণা ফরম

### (বিধি ১১(১)(ক) দ্রষ্টব্য)

(বি:দ্র: এই মূল্য ঘোষণা ফরম যাত্রী ব্যাগেজ রুল -এ উল্লিখিত মূল্যমানের ব্যক্তিগত ব্যবহার্য পণ্য আমদানির ক্ষেত্রে, বাণিজ্যিক মূল্যহীন নমুনা অথবা যে সকল ক্ষেত্রে কোন পণ্যের জন্য সুনির্দিষ্ট হারে শুল্ক ধার্য আছে সেক্ষেত্রে প্রযোজ্য হইবে না)

১। ক্রেতার (আমদানিকারক) এর নাম ও ঠিকানা:

২। বিক্রেতার (রপ্তানিকারক) এর নাম ও ঠিকানা:

৩। পণ্যের বিস্তারিত বর্ণনা এবং এইচ এস কোড (মডেল, আর্ট নম্বর, পার্ট নম্বর ইত্যাদি সহ):

৪। ইনভয়েস নং ও তারিখ:

৫। ইনভয়েস মূল্য:

৬। মূল্য পরিশোধের শর্তাবলি:

৭। পরিশোধিত মুদ্রা:

৮। মুদ্রা বিনিময় হার:

৯। উৎপাদনকারী দেশের নাম:

১০। আংশিক জাহাজীকরণের ক্ষেত্রে সম্পূর্ণ চালানের জাহাজীকরণের বিস্তারিত বিবরণ:

১১। জাহাজীকরণের বন্দর:

১২। এয়ার ওয়ে বিল/বি,এল/টি,আর/আর,আর/পোস্টাল রিসিট নং ও তারিখ:

১৩। আই,জি,এম/মেনিফেস্ট নং ও তারিখ:

১৪। চুক্তি নং ও তারিখ (যদি থাকে):

১৫। লেনদেনের ধরণ (বিক্রয়, বন্ডের চালান, ভাড়া, উপহার, নমুনা ইত্যাদি):

১৬। পণ্য সরবরাহের শর্তাবলি (যদি থাকে):

১৭। ক্রেতা এবং বিক্রেতার মধ্যে সম্পর্ক {বিধি ২(ঘ) দ্রষ্টব্য}:

১৮। যদি ক্রেতা ও বিক্রেতা পরস্পর সম্পর্কযুক্ত হন তাহা হইলে ঘোষিত মূল্যের ভিত্তি {বিধি ৪(১) দ্রষ্টব্য}:

১৯। বিক্রয়ের ক্ষেত্রে আরোপিত শর্ত বা বাধাসমূহ {বিধি ৪-৮ দ্রষ্টব্য}:

২০। প্রযোজ্য মূল্যায়ন পদ্ধতি:

২১। যেসকল ব্যয় ও সেবার মূল্য ইনভয়েস মূল্যের অন্তর্ভুক্ত হয় নাই [১][বিধি ৯ দ্রষ্টব্য]:

(ক) দালালী এবং কমিশন:

(খ) কন্টেইনারের খরচ:

(গ) প্যাকিং খরচ:

(ঘ) ক্রেতা কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সেবার খরচ:

(ঙ) রয়্যালটি ও লাইসেন্স ফি:

(চ) বিক্রেতার নিকট প্রেরিতব্য বিক্রয়মূল্য (Proceeds):

(ছ) পরিবহন ব্যয়:

(জ) বীমা ব্যয়:

(ঝ) বোঝাইকরণ, খালাস, উঠানামা, হ্যান্ডলিং খরচ:

(ঞ) অবতরণ ব্যয়:

(ট) অন্যান্য ব্যয় (যদি থাকে):

২২। শুল্কায়ন মূল্য (টাকায়):

২৩। [২][সমজাতীয় বা সমশ্রেণীর] পণ্যের পূর্ববর্তী আমদানি (যদি থাকে):

(ক) বিল অব এন্ট্রি নং এবং তারিখ:

(খ) আই,জি,এম/মেনিফেষ্ট নং ও তারিখ:

২৪। অন্যান্য বিষয় সম্পর্কিত তথ্য:

**(প্রয়োজনবোধে অতিরিক্ত পৃষ্ঠা সংযোগ করা যাইবে)**

**ঘোষণা**

১. আমি/আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে, উপরে বর্ণিত তথ্য সর্বতোভাবে সত্য, সম্পূর্ণ ও সঠিক।

[১] এসআরও-১৩৯-আইন/২০০২/১৯৫৮/শুল্ক, তারিখ: ০৬/০৬/২০০২

[২] এসআরও-১৩৯-আইন/২০০২/১৯৫৮/শুল্ক, তারিখ: ০৬/০৬/২০০২

২. আমি/আমরা আরও অঙ্গীকার করিতেছি যে, মূল্যায়নের সাথে সম্পর্কিত এমন কোন তথ্য যদি পরবর্তীতে আমার/আমাদের গোচরে আসে তাহা হইলে উহা যথাযথ কর্মকর্তার গোচরে আনা হইবে।

স্থানঃ
তারিখঃ

ক্রেতা (আমদানিকারক) অথবা
তাহার মনোনীত প্রতিনিধির
স্বাক্ষর

**শুল্ক ভবন (Customs House)/স্টেশনের ব্যবহারের জন্য**

১। বিল অব এন্ট্রি নং ও তারিখঃ
২। প্রযুক্ত মূল্যায়ন পদ্ধতি [১][(বিধি ৪-৯ দ্রষ্টব্য)]ঃ
৩। ঘোষিত মূল্য গ্রহণ করা না হইয়া থাকিলে উহার সংক্ষিপ্ত কারণঃ
৪। [২][সমজাতীয় বা সমশ্রেণীর] পণ্যের (যাহা প্রযোজ্য) ক্ষেত্রে পূর্বেকার সিদ্ধান্ত/রুলিং এর সূত্র, নম্বর ও তারিখঃ
৫। শুল্কায়িত মূল্যঃ

শুল্কায়ন কর্মকর্তা    অনুমোদনকারী কর্মকর্তা

(আব্দুল মূয়ীদ চৌধুরী )
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।

*উৎস: (ক) মূল প্রজ্ঞাপন: বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, তারিখ: ২৪.০২.২০০০; পৃ.৮১৫-৮২৬।*
*(খ) সংশোধনী প্রজ্ঞাপন: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-১; পৃ.১৩০-১৪০।*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখঃ১৭-০৭-২০০০ ইংরেজি।

**প্রজ্ঞাপন-১০৪/২০০০/শুল্ক।-** Customs Act, 1969 (IV of 1969) এর section 19 মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা ১, Income Tax Rules, 1984 এর Rule 17A এবং অর্থ আইন ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জাতীয় রাজস্ব বোর্ডের সাথে পরামর্শক্রমে বিশেষ বিবেচনায় রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলের অভ্যন্তরে অবস্থিত বেপজা কমিশারিয়েট কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স এর আওতায় আমদানিকৃত খাদ্যদ্রব্য,

[১] এসআরও-১৩৯-আইন/২০০২/১৯৫৮/শুল্ক, তারিখঃ ০৬.০৬.২০০২
[২] এসআরও-১৩৯-আইন/২০০২/১৯৫৮/শুল্ক, তারিখঃ ০৬.০৬.২০০২

সিগারেট, লিকার এবং পানীয় দ্রব্য ইপিজেড-এর ভিতরে স্থাপিত শিল্প প্রতিষ্ঠানগুলির বিদেশি বিনিয়োগকারী ও তাদের বিদেশি কর্মকর্তা/কারিগর কর্তৃক বেপজা কমিশারিয়েট থেকে ক্রয়কালে এর ওপর প্রযোজ্য ১৫% কাস্টমস্ ডিউটির অতিরিক্ত সকল কাস্টমস্ ডিউটি, মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক (যদি থাকে), অগ্রিম আয়কর এবং অবকাঠামো উন্নয়ন সারচার্জ মওকুফ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(আব্দুল মূয়ীদ চৌধুরী)
সচিব।

***উৎস:*** *শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-২; পৃ.৩৪।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রনালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক)
প্রজ্ঞাপন

তারিখঃ ২ ভাদ্র ১৪০৭/১৭ই আগষ্ট ২০০০

এসআর নং২৬৩-আইন/২০০০/১৮৬০/শুল্ক।- Customs Act, 1969 (Iv of 1969) এর Section 25B এর Proviso-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার মংডু এবং টেকনাফ শুল্ক ষ্টেশনের মাধ্যমে মায়ানমার হতে অনধিক পাঁচ হাজার মার্কিন ডলার (US$ 5,000) মূল্যের পণ্য চালানকে বাধ্যতামূলক প্রি শিপমেন্ট ইন্সপেকশনের আওতা হতে অব্যাহতি প্রদান করল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/
আবুল কাসেম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ই মার্চ/২০০১খ্রিস্টাব্দ। ২৯শে ফালগুন/১৪০৭ বঙ্গাব্দ।

**এসআরও-৬১-আইন/২০০১/১৮৮৬/কাস**।- Customs Act. 1969 (IV of 1969) এর section 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ৪ঠা ডিসেম্বর, ২০০০ খ্রিস্টাব্দে জারিকৃত প্রজ্ঞাপন নং এসআরও ৩৫৩-আইন/২০০০ দ্বারা বাগেরহাট জেলার মংলা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত আনুমানিক ১৩৯.৫৫ একর জায়গা (Place) লইয়া ঘোষিত রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলকে (জোন) এতদ্দ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে ঘোষণা করিল:-

**তফসিল**

| **ক্র. নং** | **মৌজার নাম** | **থানার নাম** | **জে.এল নং** | **পূর্ণ দাগ নং** | **আংশিক দাগ নং** |
|---|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** | **৬** |
| (১) | কামারডাঙ্গা | মংলা | ২০ | ৮৭৭, ৮৭৮, ৮৯১, ১০০৭, ১০০৮, ১০০৯, ১০১৬, ১০১৭, ১০১৮, ১০১৯, ১০২০, ১০২১, ১০২২, ১০২৩, ১০২৪, ১০২৫, ১০২৬, ১০২৭, ১০২৮, ১০২৯, ১০৩০, ১০৩১, ১০৩৩, ১০৩৪, ১০৩৫, ১০৩৬, ১০৩৭, ১০৩৮, ১০৩৯, ১০৪০, ১০৪১, ১০৪২, ১০৪৩, ১০৫৭, ১০৫৮, ১০৫৯, ১০৬০, ১০৬১, ১০৬২, ১০৬৩, ১০৬৪, ১০৬৫, ১০৬৬, ১০৬৭, ১০৬৮, ১০৯০ = মোট ৪৬টি পূর্ণ দাগ। | ১৫৮, ৮৭৫, ৮৭৬, ৮৭৯, ১০০১, ১০০৪, ১০০৫, ১০০৬, ১০১০, ১০১১, ১০১৪, ১০১৫, ১০৩২, ১০৪৪, ১০৪৬, ১০৪৯, ১০৫৩, ১০৫৫, ১০৫৬, ১০৬৯, ১০৭২, ১০৮৭ = মোট ২২টি। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
(মোঃ আব্দুল মান্নান পাটোয়ারী)
প্রথম সচিব(শুল্ক-রপ্তানি ও বন্ড)।

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-১; পৃ.৩৬।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ই মার্চ, ২০০১খ্রিস্টাব্দ। ২৯শে ফালগুন, ১৪০৭ বঙ্গাব্দ।

**এসআরও-৬২-আইন/২০০১/১৮৮৭/কাস।-** Customs Act. 1969 (IV of 1969) এর section 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ৪ঠা ডিসেম্বর, ২০০০ খ্রিস্টাব্দে জারিকৃত প্রজ্ঞাপন নং এসআরও ৩৫২-আইন/২০০০ দ্বারা কুমিল্লা জেলার সদর উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত আনুমানিক ২৫৮[১] একর জায়গা (Place) লইয়া ঘোষিত রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলকে (জোন) এতদ্দ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে ঘোষণা করিলঃ-

**তফসিল**

| ক্র. নং | মৌজার নাম | থানার নাম | জে, এল নং | পূর্ণ দাগ নং | আংশিক দাগ নং |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| (১) | দক্ষিণ রসুলপুর | সদর থানা কুমিল্লা | ২৯৫/১ | ৬, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ৩০, ৩১, ৩২, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৭, | ৪, ৫, ৭, ২৯, ৩৩, ৬৫, ৬৬, ৭৩, ৭৬, ৭৭, ৮১, ১৩১ = মোট ১২টি |

[১] এসআরও নং-১৩৩/২০০২/শুল্ক এর সমদাগে বর্ণিত জমির পরিমাণ ২.৫৮ একর দেখানো হয়েছে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৪, ৭৫, ৭৮, ৭৯, ৮০ = মোট ৬৭টি। | |
| (২) | উত্তর রসুলপুর | সদর থানা কুমিল্লা | ২৯৫ | ২, ৩, ৪, ১০, ১১, ১২, ১৬, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৮, ২২৫, ২২৬, ২২৭, ২২৮, ২২৯, ২৩০, ২৩১, ২৩২, ২৩৪, ২৩৫, ২৩৬, ২৩৭, ২৩৮, ২৩৯, ২৪০, ২৪১, ২৪২, ২৪৩, ২৪৪, ২৪৫, ২৪৬, ২৪৭, ২৪৮, ২৪৯, ২৫০, ২৫১, ২৫২, ২৫৩, ২৫৪, ২৫৫, ২৫৬, ২৫৭, ২৫৮, ২৫৯, ২৬০ = মোট ১২৩ টি | ১, ৫, ৬, ৮, ১৩, ১৪, ১৫, ১৭, ৭২, ৮৭, ৮৮, ৯৩, ৯৪, ১০৬, ১০৭, ১০৯, ১১১, ১১২, ১১৩, ২২৪, ২৩৩, ২৬১, ২৬২ = মোট ২৩ টি |
| ৩। | নেওরা সৈয়দপুর | সদর থানা কুমিল্লা | ২৯৬ | ৩, ৪, ৫, ৬, ৭, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ২১, ২৩, ৬৬, ৬৮, ৬৯, ৭০, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ১১০, ১১১, ১১২ = মোট ২৯ টি | ১, ২, ৮, ৯, ১৭, ১৮, ২০, ২২, ২৪, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৭, ৭১, ৭২, ৭৩, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮৬, ৮৮, ৯০, ৯৮, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৭, ১০৯, ১১৩ = মোট ৩৩টি |
| ৪। | আশ্রাফ-পুর | সদর থানা কুমিল্লা | ২৯৩ | ৪৯, ৭১, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৮, ৭৯, ২৫৫, ২৭৯, ২৮০, ২৮১, ২৮২, ২৮৩, ২৮৬, ২৮৭, ২৮৮, ৩২৩, ৩২৪, ৩২৭, ৩৩৫, ৩৩৬, ৩৩৭, ৩৮৫, ৩৯৬, ৪০২, ৪০৩, ৪০৪, ৪০৫, ৪০৬, ৪২৯, ৪৩২ = | ১০, ১১, ৪৬, ৪৮, ৫০, ৫১, ৭০, ৭২, ৭৭, ৮০, ৮১, ৮২, ২২৬, ২২৭, ২২৯, ২৩০, ২৫১, ২৫২, ২৫৩, ২৫৪, ২৫৬, |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | মোট ৩২ টি | ২৫৭, ২৫৮, ২৫৯, ২৬০, ২৬১, ২৬৪, ২৬৬, ২৭০, ২৭৭, ২৭৮, ২৮৪, ২৮৫, ২৮৯, ২৯০, ২৯১, ৩০৬, ৩২২, ৩২৫, ৩২৬, ৩৩৪, ৩৩৮, ৩৩৯, ৩৪০, ৩৫৩, ৩৫৭, ৩৫৮, ৩৮১, ৩৮৩, ৩৮৪, ৩৮৬, ৩৮৭, ৩৮৮, ৩৮৯, ৩৯০, ৩৯১, ৩৯২, ৩৯৩, ৪০০, ৪০৭, ৪০৮, ৪১৯, ৪২৫, ৪২৬ = মোট ৬৪ টি |
| ৫। | উনাইসার | সদর থানা কুমিল্লা | ২৯২ | ২০, ২১, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৬, ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৮, ১৫০, ১৫১, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৭, ১৫৮, ১৫৯, ১৬০, ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪, ১৬৫, ১৬৬, ১৬৭, ১৬৮, | ৩, ১৭, ১৯, ২২, ২৩, ৭৩, ৮৪, ১৪৭, ১৪৯, ১৫৩, ১৬৯, ১৭২, ১৭৩, ১৭৪, ১৭৫, ১৭৬, ১৭৭, ১৮১, ১৮৫, ১৮৬, ১৮৭, ২০৭, ২১২, ২২০, ৪০৪, ৪১৩, ৪১৪, ৪১৯, ৪৪২, ৪৪৩, ৪৪৬, ৪৪৭, ৬৪০ = মোট ৩৩টি |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | ১৮২, ১৮৩, ১৮৪, ২১৩, ২১৭, ২১৮, ৪২০, ৪২১, ৪২২, ৪২৩, ৪২৪, ৪২৫, ৪২৬, ৪২৭, ৪২৮, ৪২৯, ৪৩০, ৪৩১, ৪৩২, | |
| | | | | ৪৩৩, ৪৩৪, ৪৩৫, ৪৩৬, ৪৩৭, ৪৩৮, ৪৩৯, ৪৪০, ৪৪১, ৬২৮, ৬৪১, ৬৪৩, ৬৪৭, ৬৫৪ = মোট ১৭৫টি | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
(মো: আব্দুল মান্নান পাটোয়ারী)
প্রথম সচিব (শুল্ক-রপ্তানি ও বন্ড)।

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-১; পৃ.৩৬-৩৮।*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(শুল্ক)

**প্রজ্ঞাপন**

তারিখ: ৫ই ভাদ্র ১৪০৮/২০ শে আগস্ট ২০০১

**প্রজ্ঞাপন-১২১/২০০১/শুল্ক-** Customs Act. 1969 (IV of 1969) এর section 10 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নে তফসিলভুক্ত এলাকাকে ল্যান্ডিং প্লেইস হিসাবে ঘোষণা করিল:

**তফসিল**

| ক্রমিক নং | শুল্ক স্টেশনের নাম | অবস্থান | দাগ নং | শ্রেণী | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | বেনাপোল রেল স্টেশন | জেলা যশোর | ১৭৩ | গর্ত | ১.৯৮ একর |
| | | থানা- শার্শা | ১৭৪ | রাস্তা | ৪.৭৫ একর |
| | | মৌজা- ভবারবেড, জে | ১৭৫ | গর্ত | ১.৩৬ একর |

| | | | |
|---|---|---|---|
| এল নং ০-৮৮ | ৩৪৬ | রেল স্টেশন | ২১.৯৭ একর |
| | ৩৪৭ | গর্ত | ০.৬১ একর |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
মো: আবদুল মান্নান পাটোয়ারী
প্রথম সচিব (শুল্ক: নীতি ও বাজেট)।

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-১; পৃ.৩৮-৩৯।*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

তারিখ: ৩০/১২/১৪০৮ বাংলা।
১৩/০৪/২০০২ ইংরেজি

**প্রজ্ঞাপন-১৩৩/২০০২/শুল্ক।** Customs Act, 1969 (IV of 1969) এর section 10 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কুমিল্লা ইপিজেড এর নিম্ন তফসিলভুক্ত সীমানা ও এলাকাকে ল্যান্ডিং প্লেইস (Landing Place) হিসাবে ঘোষণা করিল:

**তফসিল**

(ক) স্থানের নাম : কুমিল্লা রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা (নিরাপত্তা প্রাচীর দ্বারা বেষ্টিত এলাকা)

(খ) জমির পরিমাণ : মোট ২.৫৮[১] একর।

(গ) মৌজার নাম, থানার নাম, জেএল নং এবং দাগ নং (পূর্ণ ও আংশিক) নিম্নে প্রদত্ত হইল:

| ক্র. নং | মৌজার নাম | থানার নাম | জে, এল, নং | পূর্ণ দাগ নং | আংশিক দাগ নং |
|---|---|---|---|---|---|
| ১. | দক্ষিণ রসুলপুর | কমিল্লা সদর | ২৯৫/১ | ৬, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, | ৪, ৫, ৭, ২৯, ৩৩, ৬৫, ৬৬, ৭৩, ৭৬, ৭৭, ৮১, ১৩১ = মোট ১২টি। |

[১] এসআরও নং-২৬-আইন/২০০১/১৮৮৭/কাস এ সমদাগে বর্ণিত জমির পরিমাণ ২৫৮ একর দেখানো হয়েছে।

| ক্র. নং | মৌজার নাম | থানার নাম | জে, এল, নং | পূর্ণ দাগ নং | আংশিক দাগ নং |
|---|---|---|---|---|---|
| | | | | ৬৪, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৪, ৭৫, ৭৮, ৭৯, ৮০ = মোট ৬৭টি। | |
| ২. | উত্তর রসুলপুর | কুমিল্লা সদর | ২৯৫ | ২, ৩, ৪, ১০, ১১, ১২, ১৬, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৮, ২২৫, ২২৬, ২২৭, ২২৮, ২২৯, ২৩০, ২৩১, ২৩২, ২৩৪, ২৩৫, ২৩৬, ২৩৭, ২৩৮, ২৩৯, ২৪০, ২৪১, ২৪২, ২৪৩, ২৪৪, ২৪৫, ২৪৬, ২৪৭, ২৪৮, ২৪৯, ২৫০, ২৫১, ২৫২, ২৫৩, ২৫৪, ২৫৫, ২৫৬, ২৫৭, ২৫৮, ২৫৯, ২৬০ = মোট ১২৩ টি। | ১, ৫, ৬, ৮, ১৩, ১৪, ১৫, ১৭, ৭২, ৮৭, ৮৮, ৯৩, ৯৪, ১০৬, ১০৭, ১০৯, ১১১, ১১২, ১১৩, ২২৪, ২৩৩, ২৬১, ২৬২ = মোট ২৩টি। |
| ৩. | নেউরা সৈয়দপুর | কুমিল্লা সদর | ২৯৬ | ৩, ৪, ৫, ৬, ৭, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ২১, ২৩, ৬৬, ৬৮, ৬৯, ৭০, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৪, ৮৫, ৮৬, ৮৭, ১১০, ১১১, ১১২ = মোট ২৯টি। | ১, ২, ৮, ৯, ১৭, ১৮, ২০, ২২, ২৪, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৭, ৭১, ৭২, ৭৩, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮৬, ৮৮, ৯০, ৯৮, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৭, ১০৯, ১১৩ = মোট ৩৩টি। |

| ক্র. নং | মৌজার নাম | থানার নাম | জে, এল, নং | পূর্ণ দাগ নং | আংশিক দাগ নং |
|---|---|---|---|---|---|
| ৪. | আশ্রাফ পুর | কুমিল্লা সদর | ২৯৩ | ৪৯, ৭১, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৮, ৭৯, ২৫৫, ২৭৯, ২৮০, ২৮১, ২৮২, ২৮৩, ২৮৬, ২৮৭, ২৮৮, ৩২৩, ৩২৪, ৩২৭, ৩৩৫, ৩৩৬, ৩৩৭, ৩৮৫, ৩৯৬, ৪০২, ৪০৩, ৪০৪, ৪০৫, ৪০৬, ৪২৯, ৪৩২ = মোট ৩২টি। | ১০, ১১, ৪৬, ৪৮, ৫০, ৫১, ৭০, ৭২, ৭৭, ৮০, ৮১, ৮২, ২২৬, ২২৭, ২২৯, ২৩০, ২৫১, ২৫২, ২৫৩, ২৫৪, ২৫৬, ২৫৭, ২৫৮, ২৫৯, ২৬০, ২৬১, ২৬৪, ২৬৬, ২৭০, ২৭৭, ২৭৮, ২৮৪, ২৮৫, ২৮৯, ২৯০, ২৯১, ৩০৬, ৩২২, ৩২৫, ৩২৬, ৩৩৪, ৩৩৮, ৩৩৯, ৩৪০, ৩৫৩, ৩৫৭, ৩৫৮, ৩৮১, ৩৮৩, ৩৮৪, ৩৮৬, ৩৮৭, ৩৮৮, ৩৮৯, ৩৯০, ৩৯১, ৩৯২, ৩৯৩, ৪০০, ৪০৭, ৪০৮, ৪১৯, ৪২৫, ৪২৬=মোট ৬৪ টি। |
| ৫. | উনাইসার | কুমিল্লা সদর | ২৯২ | ২০, ২১, ২৪, ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫, ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫১, ৫২, ৫৩, ৫৪, ৫৫, ৫৬, ৫৭, ৫৮, ৫৯, ৬০, ৬১, ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬, ৬৭, ৬৮, ৬৯, ৭০, ৭১, ৭২, ৭৩, ৭৪, ৭৫, ৭৬, ৭৭, ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২, ৮৩, ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০, ৯১, ৯২, ৯৩, ৯৪, ৯৫, ৯৬, ৯৭, ৯৮, ৯৯, ১০০, ১০১, ১০২, ১০৩, ১০৪, ১০৫, ১০৮, ১০৯, ১১০, ১১১, | ৩, ১৭, ১৯, ২২, ২৩, ৭০, ৮৪, ১৪৭, ১৪৯, ১৫৩, ১৬৯, ১৭২, ১৭৩, ১৭৪, ১৭৫, ১৭৬, ১৭৭, ১৮১, ১৮৫, ১৮৬, ১৮৭, ২০৭, ২১২, ২২০, ৪০৪, ৪১৩, ৪১৪, ৪১৯, ৪৪২, ৪৪৩, ৪৪৬, ৪৪৭, ৬৪০ = মোট ৩৩টি |

| ক্র. নং | মৌজার নাম | থানার নাম | জে, এল, নং | পূর্ণ দাগ নং | আংশিক দাগ নং |
|---|---|---|---|---|---|
| | | | | ১১২, ১১৩, ১১৪, ১১৫, ১১৬, ১১৭, ১১৮, ১১৯, ১২০, ১২১, ১২২, ১২৩, ১২৪, ১২৫, ১২৬, ১২৭, ১২৮, ১২৯, ১৩০, ১৩১, ১৩২, ১৩৩, ১৩৪, ১৩৫, ১৩৬, ১৩৭, ১৩৮, ১৩৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৮, ১৫০, ১৫১, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৭, ১৫৮, ১৫৯, ১৬০, ১৬১, ১৬২, ১৬৩, ১৬৪, ১৬৫, ১৬৬, ১৬৭, ১৬৮, ১৮২, ১৮৩, ১৮৪, ২১৩, ২১৭, ২১৮, ৪২০, ৪২১, ৪২২, ৪২৩, ৪২৪, ৪২৫, ৪২৬, ৪২৭, ৪২৮, ৪২৯, ৪৩০, ৪৩১, ৪৩২, ৪৩৩, ৪৩৪, ৪৩৫, ৪৩৬, ৪৩৭, ৪৩৮, ৪৩৯, ৪৪০, ৪৪১, ৬২৮, ৬৪১, ৬৪৩, ৬৪৭, ৬৫৪ = মোট ১৭৫টি | |

**সীমানাঃ**

(৩) পূর্বে : **১১৮৭.৮৮** মিটার প্রাচীর বেষ্টিত এলাকা। প্রাচীরের বাহিরে উত্তর রসূলপুর, দক্ষিণ রসূলপুর গ্রাম।

পশ্চিমে : **১৬৬৬.৩৬** মিটার প্রাচীর বেষ্টিত এলাকা। প্রাচীরের বাহিরে উনাইসার আশ্রাফপুর গ্রাম।

উত্তরে : **১৬১৫.৩২** মিটার প্রাচীর বেষ্টিত এলাকা। প্রাচীরের বাহিরে টমছম ব্রীজ হইতে চাঁপাপুর গামী সড়ক।

দক্ষিণে : **১৩৪৭.৪১** মিটার প্রাচীর বেষ্টিত এলাকা। প্রাচীরের বাহিরে উনাইসার ও নেউরা সৈয়দপুর গ্রাম এবং কুমিল্লা বিমানবন্দর।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
(মোঃ সহিদুল ইসলাম)
দ্বিতীয় সচিব

(শুল্ক:আ:বা:চু: ও স:)।

***উৎস:*** *শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-১; পৃ.৪৪-৪৬।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা

তারিখ: ৩০/১২/১৪০৮ বাংলা।
১৩/০৪/২০০২ ইংরেজি

**প্রজ্ঞাপন-১৩৪/২০০২/শুল্ক।-** Customs Act, 1969 (IV of 1969) এর section 9(a) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কুমিল্লাস্থ কুমিল্লার ইপিজেড এলাকাকে মালামাল আমদানি-রপ্তানির উদ্দেশ্যে কাস্টমস্ স্টেশন হিসাবে ঘোষণা করিল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
(মোঃ সহিদুল ইসলাম)
দ্বিতীয় সচিব
(শুল্ক আ: বা: চু: ও স:)।

*উৎস: শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-১; পৃ.৪৬।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০০২ ইংরেজি

**এসআরও-২৫৫-আইন/২০০২/১৯৭৩/শুল্ক।-** Customs Act, 1969 (IV of 1969) এর section 25A [১][*] -এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন এজেন্সি নিয়োগ এবং উক্ত এজেন্সি কর্তৃক প্রত্যয়নপত্র প্রদানের পরিধি (scope), পদ্ধতি (manner) ও প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলি নির্ধারণের জন্য নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:

১। **সংক্ষিপ্ত শিরোনাম।-** এই বিধিমালা **প্রি-শিপমেন্ট ইন্সপেকশন বিধিমালা, ২০০২** নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) ‘‘অসদাচরণ’’ অর্থ পরিদর্শন সংস্থা কর্তৃক -

[১] এসআরও নং ১৫৪-আইন/২০০৬/২১২৩/শুল্ক, তাং ২১/০৬/২০০৬ ইং দ্বারা সংশোধিত।

(অ) এই বিধিমালায় বর্ণিত পদ্ধতিতে পণ্য পরিদর্শন, [1][*] প্রত্যয়নপত্র প্রদান ও প্রেরণ না করা;

(আ) ভুল বা মিথ্যা প্রত্যয়নপত্র প্রদান করা;

(ই) উহার কার্যমেয়াদে বাংলাদেশে বলবৎ আমদানি নীতি আদেশ অনুযায়ী আমদানি নিষিদ্ধ পণ্যের প্রত্যয়নপত্র প্রদান করা;

(ঈ) প্রাপ্য নয় এমন বিল দাবি বা গ্রহণ করা;

(উ) দরপত্রের সাথে দাখিলকৃত কোন অঙ্গিকার ভঙ্গ করা;

(ঊ) এমন কোন কাজ যাহা এই বিধিমালার সঙ্গে সঙ্গতিপূর্ণ নহে; এবং

(ঋ) আইন বা এই বিধিমালায় বর্ণিত কোন কার্য সম্পাদন বা দায়িত্ব পালন না করা অথবা আইন ও [2][এই বিধিমালার আওতায় বা সময় সময় বোর্ড কর্তৃক জারিকৃত] কোন আদেশ যথাযথভাবে পালন না করা ;

(খ) "আইন" অর্থ Customs Act, 1969 (IV of 1969) ;

(গ) "এনএনআরএফ" অর্থ এই বিধিমালার বিধি ১৭ এ বর্ণিত কোন Non-Negotiable Report of Findings (NNRF);

(ঘ) "কমিশনার" অর্থ আইনের section 3 এর অধীন নিযুক্ত কোন কর্মকর্তা;

(ঙ) "ট্রাইবুন্যাল" অর্থ আইনের section 196 এর অধীন গঠিত Appellate Tribunal (Customs, Excise and মূল্য সংযোজন কর Appellate Tribunal);

(চ) "নিয়োগ কমিটি" অর্থ এই বিধিমালার বিধি ৬ অনুযায়ী গঠিত নিয়োগ কমিটি;

(ছ) "প্রত্যয়নপত্র" বা "সিআরএফ (CRF)" অর্থ এই বিধিমালার বিধি ১২ এ বর্ণিত প্রত্যয়নপত্র;

(জ) "পরিদর্শন সংস্থা" অর্থ আইনে যে অর্থে pre-shipment inspection agency অভিব্যক্তিটি ব্যবহৃত হইয়াছে সেই অর্থ;

(ঝ) "পরিশিষ্ট" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন পরিশিষ্ট;

(ঞ) ''বিল অব এন্ট্রি'' অর্থ আইনের section 2 (c) তে সংজ্ঞায়িত bill of entry ;

(ট) "বোর্ড" অর্থ National Board of Revenue Order, 1972 (President's Order No. 76 of 1972) এর অধীন গঠিত National Board of Revenue ;

(ঠ) "ব্লক" অর্থ বিধি ৫ অনুসারে পরিশিষ্ট-১ এ বর্ণিত দেশ সমূহের সমন্বয়ে গঠিত কোন ব্লক;

---

[1] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

[2] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

[১][(ড) "রিভিউ কমিটি" অর্থ এই বিধিমালার বিধি ২৩ এর অধীন গঠিত রিভিউ কমিটি;]

(ঢ) "ভ্যালুয়েশন এগ্রিমেন্ট" অর্থ Agreement on Implementation of Article VII of General Agreement on Tariffs and Trade (GATT), 1994;

(ণ) "মূল্যায়ন বিধিমালা" অর্থ শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০;

**৩। পরিদর্শন সংস্থা নিয়োগ ও পদ্ধতি, ইত্যাদি।-** (১) আন্তজার্তিক দরপত্র আহবানের মাধ্যমে পরিদর্শন সংস্থা নিয়োগ করিতে হইবে।

[২](২) পরিদর্শন সংস্থা নিয়োগের লক্ষ্যে দরপত্র আহ্বানের ক্ষেত্রে ''পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬'' ও ''পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮''-এর সকল বিধান প্রযোজ্য হইবে।'';

(৩) দরপত্রদাতার প্রধান কার্যালয় দরপত্র দাখিল করিবে।

[২](৪) বিলুপ্ত.......

(৫) দরপত্রদাতা কারিগরি প্রস্তাবের সহিত নিম্ন-বর্ণিত দলিলপত্র দাখিল করিবে, যথা:-

(ক) প্রতিটি ব্লকের জন্য পনের লক্ষ টাকার আর্নেষ্ট মানি (earnest money) বাবদ তফসিলভুক্ত বাংলাদেশের যে কোন ব্যাংকের গ্যারান্টি, যাহার কার্যকারিতা দরপত্র দাখিলের তারিখ হইতে একশত বিশ দিন পর্যন্ত কার্যকর থাকিবে ;

[৩][(খ) International Federation of Inspection Agencies (IFIA) এর সদস্য পদের হালনাগাদ সনদপত্র;

(গ) পরিদর্শন সংস্থা হিসাবেঃ

(অ) অন্যূন দুইটি দেশের সরকারের সাথে দুই বছর মেয়াদে কাজ করার অভিজ্ঞতা সম্পর্কিত সম্পাদিত চুক্তি অথবা নিয়োগপত্রের কপি যাতে পণ্যের মূল্য, এইচ.এস.কোড, পণ্যের পরিমাণ, পণ্যের গুণগতমান ও পণ্যের বাণিজ্যিক বর্ণনা বিষয়ে প্রত্যয়ন প্রদানে আবশ্যকতা ছিল; এবং

(আ) সম্পাদিত চুক্তি বা নিয়োগপত্র অনুযায়ী পূর্ণ কার্য-মেয়াদ সন্তোষজনক ভাবে সম্পন্ন করা সম্পর্কে নিয়োগকারী দেশের সংশ্লিষ্ট সরকারি দপ্তরের প্রত্যয়নপত্র;]

(ঘ) দরপত্রদাতার -

(অ) আর্টিকেল অব এসোসিয়েশন ও মেমোরেন্ডাম অব এসোসিয়েশন ;

(আ) বিগত দুই বছরের আর্থিক বিবরণী সংবলিত অডিট রিপোর্ট ;

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।
[২] এসআরও নং ১৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং-৫.০৬.২০০৮ দ্বারা সংশোধিত।
[৩]এসআরও নং ৩১৯-আইন/২০০৪/২০৫৮/শুল্ক, তাং-২২.১১.২০০৪ দ্বারা সংশোধিত।

(ই) অফিস সংক্রান্ত তথ্যাদি (পরিশিষ্ট-২ অনুযায়ী);

(ঈ) নিজস্ব পণ্য পরীক্ষাগার (laboratory) সম্পর্কিত তথ্যাদি (যদি থাকে);

(উ) প্রধান কার্যালয়ের অবস্থান, জনবল, প্রযুক্তিগত সুবিধা ও কার্যাবলি সংবলিত বিবরণী;

(ঊ) বাংলাদেশে কোন শাখা (branch) বা সহযোগী (subsidiary) অফিস থাকিলে উহার অবস্থান, জনবল, প্রযুক্তিগত সুবিধা ও কার্যাবলি সংবলিত বিবরণী;

(ঋ) কর্মমানের ISO সনদপত্র;

(ঙ) পণ্য পরিদর্শন কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশে দরপত্রদাতার কোন এজেন্ট থাকিলে–

(অ) এজেন্টের সহিত দরপত্র দাতার সম্পাদিত সংশ্লিষ্ট চুক্তিপত্রের কপি (পরিশিষ্ট-৩ অনুযায়ী);

(আ) এজেন্টের মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধনপত্র ও Tax Identification Number (TIN) সার্টিফিকেটের হালনাগাদ কপি;

(ই) এজেন্টের অফিস ভবনের মালিকানাস্বত্ব সংক্রান্ত কাগজপত্র কিংবা ভাড়ার চুক্তিপত্রের কপি;

(ঈ) দরপত্রদাতার প্রধান অফিস বা বিদেশে অবস্থিত অন্য কোন অফিস কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের দায়-দায়িত্ব এজেন্ট কর্তৃক গ্রহণ সম্পর্কে এজেন্টের অঙ্গিকারনামা (পরিশিষ্ট-৪ অনুযায়ী) ;

(উ) এজেন্ট কর্তৃক সম্পাদিতব্য পরিদর্শন সংক্রান্ত কাজ কর্মের দায়-দায়িত্ব গ্রহণ সম্পর্কে দরপত্রদাতার অঙ্গিকারনামা (পরিশিষ্ট-৫ অনুযায়ী) ; এবং

(ঊ) এজেন্টের অফিসের অবস্থান,জনবল, প্রযুক্তিগত সুবিধা, ও কার্যাবলি ও জনবলের অভিজ্ঞতার বিবরণী সম্পর্কিত তথ্য;

(চ) দরপত্রদাতা কর্তৃক বাংলাদেশে পূর্ববর্তী কোন কার্যমেয়াদে দায়িত্ব পালনকালে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত অর্থদন্ড, যদি থাকে, পরিশোধ সম্পর্কে অঙ্গিকারনামা (পরিশিষ্ট-৬ অনুযায়ী) ;

(ছ) ইতোপূর্বে কোন দেশের সরকার বা নিয়োগকারী কর্তৃক দরপত্রদাতা কালো তালিকাভুক্ত হইয়া থাকিলে উহার কারণসহ এই বিষয়ে সর্বশেষ অবস্থা সংবলিত তথ্যাদিসহ হলফনামা ;

(জ) বিধি ২০ এর দফা (ক) ও (খ) মোতাবেক কার্যভার অর্পণ করা হইলে দরপত্রদাতা উহা পালনে বাধ্য থাকিবে মর্মে অঙ্গিকারনামা;

(ঝ) [১][দফা (খ)] হইতে (জ) এ বর্ণিত কাগজপত্র এবং দলিলপত্র নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত (notarised) হইতে হইবে।

---

[১] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।

(৬) কোন দরপত্রদাতা এক বা একাধিক ব্লকের জন্য দরপত্র দাখিল করিতে পারিবে এবং একাধিক ব্লকের জন্য দরপত্র দাখিল করিবার ক্ষেত্রে প্রতিটি ব্লকের জন্য পৃথক দরপত্র দাখিল করিতে হইবে ;

(৭) প্রতিটি প্রত্যয়নপত্র প্রদানের জন্য আমদানি পণ্যের কস্ট, ইন্স্যুরেন্স ও ফ্রেইট (সি.আই.এফ) মূল্যের শতাংশের ভিত্তিতে [১][*] দর উল্লেখ করিতে হইবে এবং এই দরের মধ্যে এই বিধিমালার আওতায় কার্যনির্বাহের জন্য, বাংলাদেশে প্রদেয় মূল্য সংযোজন করসহ সকল প্রকার কর, চার্জ, ফিস ইত্যাদিসহ দরদাতার যাবতীয় খরচ অন্তর্ভুক্ত থাকিবে।

[২]**৪। পরিদর্শন সংস্থার নিয়োগের মেয়াদ**।- পরিদর্শন সংস্থার নিয়োগের মেয়াদ হইবে উহার নিয়োগের তারিখ হইতে অন্যূন ১২ (বার) মাস এবং অনধিক ৩৬ (ছত্রিশ) মাস। ঃ
তবে শর্ত থাকে যে, সরকার প্রয়োজন মনে করিলে নিয়োগের মেয়াদ অনধিক ১২ (বার) মাস বর্ধিত করিতে পারিবে।"

**৫। ব্লক গঠন**।-এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশে পরিদর্শন সংস্থা কর্তৃক পরিদর্শন প্রযোজ্য পণ্য আমদানির ভিত্তিতে পরিশিষ্ট-১ মোতাবেক সমগ্র বিশ্ব পাঁচটি ব্লকে বিভক্ত হইবে এবং বিধি ৬ এর উপ-বিধি (১০) এবং (১১) এর বিধান সাপেক্ষে, প্রত্যেক ব্লকের জন্য একটি পরিদর্শন সংস্থা নিয়োগ করা হইবে।

[২]**৬। নিয়োগ কমিটি গঠন ও উহার দায়িত্ব, ইত্যাদি**।- (১) সরকার প্রচলিত ''পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬'' ও ''পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮'' অনুযায়ী পরিদর্শন সংস্থা নিয়োগের জন্য নিয়োগ কমিটি গঠন করিবে এবং কমিটি উক্ত আইন ও বিধিমালা মোতাবেক নিয়োগ কার্য সমাধা করিবে;

(২) নিয়োগ কমিটির সুপারিশের ভিত্তিতে সরকার উক্ত কমিটি কর্তৃক প্রতিটি ব্লকের জন্য সুপারিশকৃত প্যানেল হইতে সর্বনিম্ন দরপত্রদাতাকে সংশ্লিষ্ট ব্লকে পরিদর্শন সংস্থা হিসেবে নিয়োগ করিবে;

(৩) কোন দরপত্রদাতা একাধিক ব্লকে সর্বনিম্ন দরপত্রদাতা হিসাবে বিবেচিত হইলে উক্ত দরপত্রদাতা তাহার পছন্দমত যে কোন একটি ব্লক বাছিয়া নিতে পারিবে এবং অবশিষ্ট ব্লকের জন্য সংশ্লিষ্ট ব্লকের দ্বিতীয় সর্বনিম্ন দরপত্রদাতাকে তাহার প্রদত্ত দরের পরিবর্তে সর্বনিম্ন দরপত্রদাতার দরে উক্ত ব্লকে পরিদর্শন সংস্থা হিসেবে নিয়োগপ্রাপ্ত হইতে সম্মত হওয়া সাপেক্ষে নিয়োগ প্রদান করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, দ্বিতীয় সর্বনিম্ন দরপত্রদাতা প্রথম সর্বনিম্ন দরপত্রদাতার দরের প্রস্তাবের সহিত সম্মত না হইলে একইভাবে পর্যায়ক্রমে একই ব্লকের অন্যান্য দরপত্রদাতাদেরকে পরিদর্শন সংস্থা হিসেবে নিয়োগের প্রস্তাব করা হইবে এবং কোন দরপত্রদাতা উক্তরূপ নিয়োগের প্রস্তাবে সম্মতি প্রদান না করিলে প্রথম সর্বনিম্ন দরপত্রদাতাকে তাহার সর্বনিম্ন দরে একাধিক ব্লকে নিয়োগ প্রদান করে হইবে।

[১] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।
[২]এসআরও নং ১৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং ৫/৬/২০০৮ ইং দ্বারা সংশোধিত।

(৪) উপ-বিধি (২) অথবা উ-বিধি (৩) অনুযায়ী সরকারের সিদ্ধান্ত অবহিত হইবার অনধিক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রদাতাকে পরিশিষ্ট-৭ অনুযায়ী ৩ (তিন) কোটি টাকার একটি Performance Bond দাখিল করিতে হইবে, যাহার কার্যকারিতা চুক্তির মেয়াদ শেষ হইবার তারিখ হইতে পরবর্তী ১২ (বার) মাস পর্যন্ত কার্যকর থাকিবে।";

**৭। দরপত্র বাতিলের ক্ষমতা।-** সরকার, কোন কারণ দর্শানো ব্যতিরেকে, যে কোন সময়ে পরিদর্শন সংস্থা নিয়োগের জন্য আহ্বানকৃত দরপত্র বা দাখিলকৃত দরপত্র বাতিল করিতে পারিবে।

**৮। পরিদর্শন সংস্থার কার্যাবলি।-** পরিদর্শন সংস্থার কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(১) বিধি ১০ এর বিধান সাপেক্ষে জাহাজীকরণ বা যানজাতকরণের পূর্বে বাংলাদেশে রপ্তানির জন্য প্রস্তুতকৃত পণ্য পরিদর্শন;

[১][(২) পণ্য পরিদর্শনকালে ইনভয়েস ও প্যাকিং লিস্টের সাথে পণ্যের বর্ণনা, পরিমাণ ও গুণগতমান যাচাই;]

(৩) বিধি ১২ এর উপ-বিধি (৪) এর দফা (খ) এর বিধান সাপেক্ষে পণ্যের শুল্ক শ্রেণীবিন্যাসকরণ;

(৪) বিধি ১৩ এর বিধান সাপেক্ষে পণ্যের মূল্য নির্ধারণ।

(৫) পরিদর্শিত পণ্যের যানজাতকরণ বা জাহাজীকরণ নিশ্চিতকরণার্থে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করিতে হইবে, যথা:-

(ক) জাহাজীকরণ বা যানজাতকরণের পূর্বে পরিদর্শনকৃত পণ্য **Full Cargo Load (FCL)** কন্টেইনারে বোঝাইকরণ তত্ত্বাবধান করিয়া নিজ সংস্থার নম্বর ও লোগোযুক্ত সিল দ্বারা কন্টেইনার সিলবদ্ধকরণ;

[২][(খ) জাহাজীকরণ বা যানজাতকরণের পূর্বে পরিদর্শনকৃত এবং **Least Cargo Load (LCL)** কন্টেইনারে বোঝাইকৃত পণ্য বাক্স **(Box)** অথবা প্যাকেটে আবদ্ধ থাকিলে উহাতে নিরাপত্তা বন্ধনী ব্যবহার করিতে হইবে, যদি পণ্য অন্যভাবে প্যাকেটে আবদ্ধ করা হয় সেইক্ষেত্রে এইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে যাহাতে পরিদর্শনের পরে উক্ত পণ্যে কোনরূপ পরিবর্তন করা সম্ভব না হয়;] এবং

(গ) কন্টেইনারজাতকরণ ব্যতীত অন্য কোন ভাবে পরিবাহিত পণ্যের জাহাজীকরণ বা যানজাতকরণের ক্ষেত্রে বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণপূর্বক পরিদর্শিত এবং প্রত্যায়িত পণ্যের সামঞ্জস্যতা নিশ্চিতকরণ ;

---

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

[২] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।

(৬) পণ্য পরিদর্শন, যাচাই ও মূল্য নির্ধারণের পর, বিধি ১২ এর বিধান সাপেক্ষে, পণ্যের বর্ণনা, পরিমাণ, গুণগতমান, মূল্য ও শুল্ক শ্রেণীবিন্যাস সম্পর্কিত তথ্যাদিসহ প্রত্যয়নপত্র প্রদান;

(৭) প্রত্যয়নপত্র প্রদানের সাথে সাথে পরিদর্শিত পণ্য সংশ্লিষ্ট ইনভয়েস ও প্যাকিংলিষ্ট সত্যায়িত করিয়া রপ্তানিকারককে প্রদান; এবং

(৮) বিধি ১৪ এর বিধান মোতাবেক প্রত্যয়নপত্র প্রেরণ।

৯। **পরিদর্শন সংস্থার দায়িত্ব।-** পরিদর্শন সংস্থার দায়িত্ব নিম্নরূপ হইবে, যথাঃ-

(১) পরিদর্শন সংস্থার ওপর আরোপিত মূল্য সংযোজন কর, আয়কর, অগ্রিম আয়কর, শুল্ক, চার্জ, ফিস, ইত্যাদি প্রদান;

(২) পরিদর্শন সংস্থার নিজ ব্যয় ও ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট কমকর্তাদের পরিশিষ্ট-৮ অনুসারে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ দ্বারা প্রশিক্ষণ প্রদান ও তদন্তের (investigation) ব্যবস্থা করা;

(৩) **GATT Valuation Agreement** এর নীতিমালা প্রয়োগের সুবিধার্থে ব্যবহার উপযোগী একটি কার্যকর **Valuation Data Base** তৈরির ক্ষেত্রে কমিশনার (শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ অডিট) কে তথ্য ও প্রযুক্তিগত সহায়তা প্রদান;

(৪) বোর্ডের সাথে পরামর্শক্রমে বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতি ব্যবহারকারীদের (users) কে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতি সম্পর্কিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান এবং উক্ত পদ্ধতি প্রচারের জন্য ব্যবস্থাগ্রহণ;

(৫) পরিদর্শনকার্যে কমিশনারের সাথে যোগাযোগ রক্ষার সুবিধার্থে যে শহরে কমিশনারের অফিস অবস্থিত থাকিবে সেই শহরে পরিদর্শন সংস্থা কর্তৃক একটি শাখা বা অফিস স্থাপন;

(৬) পরিদর্শন কার্যক্রম স্বচ্ছতার সহিত পরিচালনা এবং এতদুদ্দেশ্যে রপ্তানিকারকের অনুরোধের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের সংশ্লিষ্ট আইন ও পদ্ধতি এবং পরিদর্শনের ক্ষেত্রে যে মানদন্ড ব্যবহৃত হইবে সেই সম্পর্কিত তথ্য রপ্তানিকারককে সরবরাহ;

(৭) [১][*];

(৮) পণ্য পরিদর্শন কার্যক্রম পরিচালনা করার সময় রপ্তানিকারকের পণ্যের ব্যাপারে প্রাপ্ত তথ্য বাণিজ্যিক গোপনীয় তথ্য হিসাবে গণ্য করিবে এবং কোন তৃতীয় পক্ষের কাছে অথবা গণমাধ্যমে উক্ত তথ্য যাহাতে প্রকাশ না পায় সেই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা; [২][*]

[৩][(৯) বোর্ড কর্তৃক নির্ধারিত রাসায়নিক পণ্যের ক্ষেত্রে, উক্ত পণ্য পরিদর্শনের অতিরিক্ত হিসাবে পণ্যের উৎপাদক/রপ্তানিকারক/সরবরাহকারীর নিকট হইতে chemical analysis report ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্য সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক, পরিদর্শন

[১] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোাধিত।

[২] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত

[৩] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

সংস্থা প্রত্যয়নপত্রের সাথে নিজস্ব লেটার হেড প্যাডে লিপিবদ্ধ মন্তব্য সংযুক্ত করিবে এবং যেইক্ষেত্রে পণ্যের উৎপাদক/রপ্তানিকারক/সরবরাহকারী, উক্ত তথ্য, পরিদর্শন সংস্থাকে প্রদানে সম্মত হইবে না সেইক্ষেত্রে পরিদর্শন সংস্থা NNRF ইস্যু করিবে;] [১][এবং

(১০) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত CRF কে বিতর্কিত করে আদালতে কোন রিট মামলা রুজু করা হইলে, উক্ত মামলা যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করিবার জন্য শুল্ক কর্তৃপক্ষকে তর্কিত বিষয়ে চাহিদা মোতাবেক তথ্য সরবরাহসহ অন্যান্য সহযোগিতা প্রদান।]

১০। **পণ্য পরিদর্শন পদ্ধতি।-** পণ্য পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শন সংস্থাকে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:–

(১) আমদানিতব্য পণ্য যেই দেশে জাহাজীকরণ হইবে সেই দেশে পণ্য পরিদর্শন;

(২) ব্যাংক হইতে আমদানি ঋণপত্র বা ঋণপত্র অথরাইজেশন ফরম এবং ক্ষেত্রবিশেষে, বোর্ড হইতে পণ্য পরিদর্শনের অনুরোধপত্র পাইবার একটি কার্যদিবসের মধ্যে পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ প্রধান অফিস কর্তৃক উহার সংশ্লিষ্ট বিদেশি অফিস বরাবরে আমদানিতব্য পণ্য পরিদর্শনের জন্য অনুরোধপত্র প্রেরণ;

(৩) পণ্য পরিদর্শনের অনুরোধপত্র প্রাপ্তির একটি কার্যদিবসের মধ্যে পরিদর্শন সংস্থা পণ্য পরিদর্শনার্থে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণের জন্য রপ্তানিকারকের নিকট লিখিত অনুরোধপত্র প্রেরণ এবং উক্ত অনুরোধপত্র প্রেরণের পর রপ্তানিকারকের নিকট হইতে পণ্য পরিদর্শনের আহ্বান প্রাপ্তির তিনটি কার্যদিবসের মধ্যে আবশ্যিকভাবে পণ্য পরিদর্শন শুরু করা:

তবে শর্ত থাকে যে, কোন দৈব-দুর্ঘটনা পরিদর্শন সংস্থাকে নির্ধারিত পরিদর্শন কার্য হইতে বিরত রাখিলে রপ্তানিকারকের সহিত আলোচনাক্রমে পরিদর্শন সংস্থা অন্য কোন নির্ধারিত তারিখে পরিদর্শন কার্য সম্পাদন করিবে এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে:

আরও শর্ত থাকে যে, ভুল বা রপ্তানিকারকের অন্য কোন গাফিলতির কারণে যদি পণ্য পুনঃপরিদর্শনের প্রয়োজন হয় তাহা হইলে রপ্তানিকারক কর্তৃক প্রচলিত হারে ফি পরিশোধের সম্মতি পাওয়াসাপেক্ষে পরিদর্শন সংস্থা উক্ত পণ্য পুনঃপরিদর্শন করিবে এবং বিষয়টি বোর্ডকে অবহিত করিবে ; এবং

(৪) প্রত্যয়নপত্র প্রদানের পূর্বে পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ প্রধান অফিস কর্তৃক ঋণপত্র বা ঋণপত্র অথরাইজেশন ফরম, করদাতা শনাক্তকরণ নম্বর **(TIN)** ও মূল্য সংযোজন কর **(VAT)** নিবন্ধন নম্বরের সত্যতা যাচাই এবং এইরূপ যাচাইয়ে কোন অসঙ্গতি পাওয়া গেলে প্রত্যয়নপত্র প্রদান স্থগিত করণের জন্য

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭ জুন, ২০০৭ দ্বারা সংশোধিত।

উক্ত সংস্থার বিদেশি অফিসে ফ্যাক্স বা ই-মেইলের মাধ্যমে বার্তা প্রেরণ করতঃ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিতকরণ।

১১। **বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের আওতা।-** আইনের section 25B এর proviso এর অধীন কোন পণ্য প্রি-শিপমেন্ট পরিদর্শনের বাধ্যবাধকতা হইতে অব্যাহতি প্রাপ্ত হইলে উক্ত পণ্য ব্যতীত, বাংলাদেশে আমদানি করা হইবে এইরূপ সকল পণ্য প্রি-শিপমেন্ট পরিদর্শনের আওতাভুক্ত হইবে।

১২। **প্রত্যয়নপত্র প্রদান পদ্ধতি।-** নিম্নবর্ণিত পদ্ধতিতে পরিদর্শিত পণ্যের প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে, যথাঃ

(১) সংশ্লিষ্ট পরিদর্শন সংস্থা উহার নিজস্ব লেটারহেড প্যাডে পরিশিষ্ট-৯, প্রত্যয়নপত্র প্রদান করিবে;

(২) ৮.৫ ও ১১ ইঞ্চি পরিমাপের কাগজে প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে যাহাতে জালিয়াতি প্রতিরোধক নিম্নবর্ণিত ব্যবস্থাদি থাকিবে, যথাঃ–

(ক) **Coloured pattern background,**

(খ) **Micro-printed side border,**

[১][*]

(ঘ) **Artifical water marks,**

[২][*]

(চ) **Stock control number,**

(ছ) প্রত্যয়নপত্রে Hologram সংযুক্তকরণ এবং ধারাবাহিক নম্বর প্রদানের জন্য সুনির্দিষ্ট ঘর চিহ্নিত থাকিবে;

(৩) প্রত্যয়নপত্রে –

(ক) পরিদর্শন সংস্থার অনুমোদিত কর্মকর্তার স্বাক্ষর এবং **Dry Embossed Seal** থাকিবে;

(খ) Hot stamping পদ্ধতিতে উহাতে কমপক্ষে ১ সে.মি. X ২ সে.মি. আকারের Hologram প্রযুক্ত করিতে হইবে;

(গ) একাধিক পৃষ্ঠা থাকিলে উহার প্রতিটি পৃষ্ঠায় একই পদ্ধতিতে Hologram প্রযুক্ত করিতে হইবে;

(ঘ) [৩][*] স্বয়ংক্রিয় পারফোরেটিং নাম্বারিং মেশিনে ১০ ডিজিটসম্পন্ন ধারাবাহিক "জারি নম্বর" প্রদান করিতে হইবে, যাহার প্রথম দুইটি হইবে সংস্থার পরিচয় জ্ঞাপক, দ্বিতীয় দুইটি হইবে বর্ষজ্ঞাপক এবং সর্বশেষটি হইবে চেক ডিজিট এবং উক্ত নম্বর মুদ্রণ করিতে হইবে;

(ঙ) কন্টেইনার নম্বর ও সিল নম্বর উল্লেখ করিতে হইবে;

[১] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।

[২] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।

[৩] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।

(চ) পরিদর্শিত পণ্যের ক্ষেত্রে বাংলাদেশে আপাততঃ বলবৎ আমদানি নীতি আদেশে বর্ণিত কোন আদেশ বা শর্ত প্রতিপালিত না হইয়া থাকিলে উহা সুনির্দিষ্টভাবে প্রত্যয়নপত্রের ক্রমিক **১৮** এর বিপরীতে উল্লেখ করিতে হইবে; এবং

(ছ) ভ্যালুয়েশন এগ্রিমেন্টের কোন্ পদ্ধতি বা আর্টিকেল অনুসারে পরিদর্শিত পণ্যের মূল্য নির্ধারণ করা হইয়াছে উহা প্রত্যয়নপত্রের ক্রমিক ২০ এর বিপরীতে উল্লেখ করিতে হইবে;

(৪) প্রত্যয়নপত্রে পরিদর্শিত পণ্যের–

(ক) বিধি **১৫** এর বিধান অনুযায়ী কস্ট, ইন্স্যুরেন্স ও ফ্রেইট **(CIF)** মূল্য উল্লেখ করিতে হইবে ;

(খ) আইনের **First Schedule** অনুযায়ী শ্রেণীবিন্যাস **(classification)** করিতে [হইবে][১];

(গ) আইনের **First Schedule** এর সংশ্লিষ্ট **Heading No.** এবং **H.S. Code** এর বিপরীতে উল্লিখিত **Description** অনুযায়ী বর্ণনা প্রদান করিতে হইবে**;**

(ঘ) পণ্যের বাণিজ্যিক নাম ও বর্ণনা (পণ্যের ব্রান্ড, আর্ট নং, মডেল, বৈশিষ্ট্য, গুণাগুণ) এবং প্রযোজ্য ক্ষেত্রে, গুণগতমান **(Physical property and chemical property)** অনুযায়ী হইবে;

(ঙ) বর্ণনা ও প্রত্যায়িত শ্রেণীবিন্যাস সাদৃশ্যপূর্ণ হইতে হইবে।

(৫) বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতি ও শর্তসাপেক্ষে সাময়িক প্রত্যয়নপত্র প্রদান করা যাইবে।

১৩। **পরিদর্শিত পণ্যের মূল্য নির্ধারণ পদ্ধতি।-** পরিদর্শিত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথাঃ–

(১) ভ্যালুয়েশন এগ্রিমেন্ট অনুযায়ী পরিদর্শিত পণ্যের মূল্য নির্ধারণ ও প্রত্যয়ন করিতে হইবে;

(২) ইনভয়েসে ঘোষিত মূল্য বৃদ্ধি করিয়া প্রত্যয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট রপ্তানিকারককে তাহার বক্তব্য উপস্থাপনের যথাযথ সুযোগ প্রদান করিতে হইবে;

[২][(৩) মূল্য নির্ধারণের পূর্বে রপ্তানিকারকের নিকট হইতে ভ্যালুয়েশন এগ্রিমেন্টের আলোকে তথ্য সংগ্রহ করিতে হইবে এবং উহা প্রত্যয়নপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।]

১৪। **প্রত্যয়নপত্র প্রেরণ পদ্ধতি।-** [৩](১) পরিদর্শন সংস্থা ইনভয়েস ও প্যাকিং

[১] মূল গেজেটে "হইবে" শব্দটি নেই।
[২] এসআরও নং ১৫৪-আইন/২০০৬/২১২৩/শুল্ক, তাং ২১/০৭/২০০৬ ইং দ্বারা সংশোধিত।
[৩]এসআরও নং ১৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং ৫/০৬/২০০৮ ইং দ্বারা সংশোধিত।

লিস্টের ভিত্তিতে পণ্য পরিদর্শনপূর্বক পরিদর্শনের ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে বিধি ১২ এর অধীন প্রত্যয়নপত্র উহার বাংলাদেশ অফিসে প্রেরণ করিবে।'';

(২) পরিদর্শন সংস্থার বাংলাদেশ অফিস উপ-বিধি (১) এর অধীন উহার বিদেশস্থ অফিস হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্র দুই কার্যদিবসের মধ্যে শুল্ক ভবন বা শুল্ক স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট পৌঁছাইবে এবং উক্ত প্রত্যয়নপত্রের একটি সত্যায়িত ফটোকপি সংশ্লিষ্ট ঋণপত্র ইস্যুকারী ব্যাংকে প্রেরণ করিবে।

[১][(৩) পরিদর্শন সংস্থা, ক্ষেত্রমত, ফ্যাক্স বা ই-মেইলের মাধ্যমে প্রত্যয়নপত্র ও NNRF প্রেরণ করিতে পারিবে।]

[৫]১৫। প্রত্যয়নপত্র সংশোধন।- পরিদর্শন সংস্থা ইস্যুকৃত কোন প্রত্যয়নপত্র সংশোধনের প্রয়োজন মনে করিলে উহা ইস্যু করিবার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে এবং বিল অফ এন্ট্রি দাখিলের পূর্বে যথাযথ কারণ উল্লেখপূর্বক সংশোধনক্রমে সংশোধিত প্রত্যয়নপত্র ইস্যু করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, সংশোধিত প্রত্যয়নপত্রে 'সংশোধিত প্রত্যয়নপত্র' শব্দগুলি এবং মূল প্রত্যয়নপত্রের নম্বর ও তারিখ উল্লেখ করিতে হইবে।'';

১৬। **প্রত্যয়নপত্র বাতিলের ক্ষমতা**।- বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে [১][যে কোন পরিদর্শন সংস্থা কর্তৃক প্রদত্ত] প্রত্যয়নপত্র বাতিল করিতে পারিবে [২][।]

১৭। **এনএনআরএফ প্রদান ও প্রেরণ পদ্ধতি**।- [৩][(১) বিধি ৯(৯) এ বর্ণিত কারণে কিংবা পরিদর্শন সংস্থার নিকট যদি এই মর্মে প্রতীয়মান হয় যে পণ্যের মূল্য এবং এইচএস কোড ব্যতীত অন্য যে কোন বিষয়ে রপ্তানিকারক কর্তৃক প্রদত্ত ঘোষণা সঙ্গতিপূর্ণ নহে এবং এইরূপ অসঙ্গতি দূর করিতে রপ্তানিকারক সম্মত নহে, তাহা হইলে পরিদর্শন সংস্থা উক্ত অসম্মতি প্রকাশের পাঁচ কার্যদিবসের মধ্যে পরিশিষ্ট-১০ অনুযায়ী এনএনআরএফ প্রেরণ করিবে;]

(২) উপ-বিধি (১) অনুযায়ী প্রেরিত এনএনআরএফ প্রাপ্তির দুই কার্যদিবসের মধ্যে উহার বাংলাদেশ অফিস সংশ্লিষ্ট শুল্ক ভবন বা শুল্ক স্টেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বরাবরে দাখিল করিবে ; এবং

[৪][(৩) NNRF ভুক্ত পণ্যচালান শতভাগ সরেজমিন পরীক্ষাপূর্বক শুল্কায়ন করিতে হইবে।]

১৮। **আমদানিকারকের দায়িত্ব**।- বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতির আওতাভুক্ত পণ্য আমদানির ক্ষেত্রে আমদানিকারকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথাঃ—

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[২] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।
[৩] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৪] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৫] এসআরও নং ১৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং ৫/০৬/২০০৮ ইং দ্বারা সংশোধিত।

(ক) আমদানিতব্য পণ্যটি বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের আওতাভুক্ত কিনা তাহা নিশ্চিতকরণ;

(খ) ঋণপত্র **(L/C)** খুলিবার সময় উহাতে যে দেশ হইতে পণ্য জাহাজীকরণ করা হইবে সেই দেশ যে ব্লকভুক্ত সেই ব্লকের জন্য নিযুক্ত পরিদর্শন সংস্থার নাম উল্লেখকরণ; [১][*]

(গ) বোর্ড বা পরিদর্শন সংস্থার স্থানীয় অফিস বা এফবিসিসিআই এর সাথে যোগাযোগক্রমে প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের পদ্ধতি সম্পর্কে প্রয়োজনীয় তথ্যাদি অবহিত হওয়া; [২][এবং

(ঘ) পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যয়নপত্র বিষয়ে কোন বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে এই বিধিমালাকে প্রাধান্য প্রদান এবং প্রচলিত আইন/বিধানের ধারাবাহিক অনুসরণ করা ।]

১৯। **ব্যাংকের দায়িত্ব।-** বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতিতে ঋণপত্র ইস্যুকারী ব্যাংকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথাঃ–

(ক) বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের আওতাধীন পণ্য আমদানির জন্য ইস্যুতব্য ঋণপত্রে বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তকে বাধ্যতামূলক শর্ত হিসাবে সংযোজন এবং ইন্সুরেন্স কাভার নোট, আমাদানীকারক এর করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) ও মূল্য সংযোজন কর (VAT) নিবন্ধন নম্বরের একটি সত্যায়িত কপিসহ ঋণপত্রের একটি কপি পরিদর্শন সংস্থার ঢাকাস্থ অফিসে প্রেরণ ;

তবে শর্ত থাকে যে, ঋণপত্র ব্যতিরেকে কেবলমাত্র লেটার অব ক্রেডিট অথরাইজেশন ফরম (LCAF) এর ভিত্তিতে পণ্য আমদানি করা হইলে লেটার অব ক্রেডিট অথরাইজেশন ফরম (LCAF) ইস্যুকারী ব্যাংক ঋণপত্রের (L/C) স্থলে [৩][*] লেটার অব ক্রেডিট অথরাইজেশন ফরম (LCAF) পরিদর্শন সংস্থার বাংলাদেশস্থ অফিসে প্রেরণ করিবে;

(খ) ঋণপত্র (L/C) বাতিল হইলে সংশ্লিষ্ট পরিদর্শন সংস্থাকে অবহিতকরণ;

(গ) পণ্য পরিদর্শনের পর ঋণপত্র বাতিল হইলে আমদানিকারকের ঋণপত্রের মার্জিন হইতে প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্ভিসচার্জ কর্তনপূর্বক সরকারি কোষাগারে [৪][*] জমা প্রদান [৫][এবং এ ধরনের কর্তন ও জমাদানের তথ্য সংবলিত ত্রৈমাসিক রিপোর্ট জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ;]

(ঘ) পরিদর্শন সংস্থার নিকট হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি পৃষ্ঠাংকন করতঃ আমদানিকারককে সরবরাহকরণ ;

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[২] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৩] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৪] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।
[৫] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।

(ঙ) বোর্ডের চাহিদা মোতাবেক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের ঋণপত্র সংক্রান্ত তথ্যাদি সরবরাহ ; এবং

(চ) প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতিতে ঋণপত্র খোলা সম্পর্কে আমদানিকারক কোন তথ্য জানিতে চাহিলে উক্ত তথ্য আমদানিকারককে অবহিতকরণ।

[১]২০। **পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল।- (১)** সরকার জনস্বার্থে বিধি ২৬ এর বিধান মোতাবেক নিয়োগ বাতিলকৃত পরিদর্শন সংস্থার ব্লক বা ব্লকসমূহের কার্যভার অবশিষ্ট মেয়াদের জন্য অর্পণের উদ্দেশ্যে অন্য ব্লকের জন্য নিযুক্ত কোন পরিদর্শন সংস্থার নিকট থেকে দর আহ্বান, প্রাপ্ত দর যাচাই-বাছাই করার জন্য কমিটি গঠন এবং কমিটি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন দরদাতাকে নিয়োগ প্রদান করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা সম্ভব না হইলে বাস্তব অবস্থা বিবেচনাক্রমে অন্য যেইরূপ ব্যবস্থা গ্রহণ করা সমীচীন ও প্রয়োজনীয় সেইরূপ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।"

২১। **প্রত্যায়িত পণ্য সরেজমিন পরীক্ষা** (physical examination) **পদ্ধতি।-** শুল্ক কর্মকর্তা বিধি **১২** অনুযায়ী প্রাপ্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে নিম্নরূপ পদ্ধতিতে পণ্যের সরেজমিন পরীক্ষা করিবেন, যথা:−

(ক) প্রত্যয়নপত্রে বর্ণিত পণ্যের বর্ণনা, পরিমাণ, গুণগতমান ও শুল্ক শ্রেণীবিন্যাসের সত্যতা সম্পর্কে নিশ্চিত হইবার জন্য কম্পিউটারে ঝুঁকি ব্যবস্থাপনা ভিত্তিক দৈবচয়নের মাধ্যমে শুল্ক কর্তৃপক্ষ দৈনিক গৃহীত প্রত্যয়নপত্রের শতকরা ৬ ভাগ এবং দৈবচয়ন ব্যতিরেকে সংশ্লিষ্ট কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা শতকরা ৪ ভাগ বা অন্যূন **১**টি, যাহাই অধিক হয়, সরেজমিন পরীক্ষার জন্য বাছাই করিবেন:

তবে শর্ত থাকে যে, যে সকল শুল্ক ভবন বা শুল্ক স্টেশনে কম্পিউটারের মাধ্যমে ঝুঁকি ব্যবস্থাপনা ভিত্তিক দৈবচয়ন ব্যবস্থা প্রবর্তিত হয় নাই সেই সকল শুল্ক ভবন বা শুল্ক স্টেশন এর ক্ষেত্রে বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত নির্ণায়কের ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দৈনিক প্রাপ্ত প্রত্যয়নপত্রের শতকরা **১**০ ভাগ কিংবা অন্যূন **১**টি, যাহাই অধিক হয়, সরেজমিন পরীক্ষার জন্য বাছাই করিবেন;

[২](খ) প্রত্যয়নভুক্ত পণ্যের চালান সরেজমিন পরীক্ষার জন্য আমদানিকারক কর্তৃক যথাযথ ডকুমেন্টসসহ বিল অব এন্ট্রি দাখিল করিবার তারিখ হইতে, দফা (গ) এর বিধানসাপেক্ষে, অনধিক তিন কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ক্ষমতাপ্রাপ্ত শুল্ক কর্মকর্তা কর্তৃক পণ্যের চালান সরেজমিন পরীক্ষা শুরু করিতে হইবে এবং যুক্তিসঙ্গত সময়ের মধ্যে উহা সম্পন্ন করিতে হইবে এবং কোনরূপ রাসায়নিক পরীক্ষা সরেজমিন পরীক্ষা বলিয়া গণ্য হইবে;

---

[১] এসআরও নং **১**৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং ৫/০৬/২০০৮ ইং দ্বারা সংশোধিত।

২ এসআরও নং ১৫৪-আইন/২০০৬/২১২৩/শুল্ক, তাং ২১/০৭/২০০৬ ইং দ্বারা বিধি-২১এর উপ-বিধি (খ) প্রতিস্থাপন।

(গ) সরেজমিন পরীক্ষার সময় আমদানিকারক বা তাহার প্রতিনিধি ও পরিদর্শন সংস্থার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে উপস্থিত থাকিবার জন্য সংশ্লিষ্ট এসেসমেন্ট বা এপ্রেইজমেন্ট শাখার দায়িত্বপ্রাপ্ত প্রিন্সিপাল এপ্রেইজার বা সুপারিনটেনডেন্ট সরেজমিন পরীক্ষার পূর্বে সর্বোচ্চ ০২ (দুই) কার্যদিবস সময় প্রদান করিয়া বিল অব এন্ট্রি অথবা ডাটাশিট অথবা নথিতে তাঁহাদের স্বাক্ষর (নাম, পদবি ও তারিখসহ) গ্রহণপূর্বক অবহিত করিবেন এবং উক্তরূপ পরীক্ষার প্রতিবেদনে উপস্থিত আমদানিকারক বা তাহার প্রতিনিধি ও পরিদর্শন সংস্থার প্রতিনিধি স্বাক্ষর করিবেন;]

(ঘ) বাধ্যতামূলক প্রি-শিপমেন্ট ইন্সপেকশনের আওতাভুক্ত কোন পণ্যচালান সরকার কর্তৃক নিযুক্ত কোন পরিদর্শন সংস্থা কর্তৃক প্রি-শিপমেন্ট ইন্সপেকশন ব্যতিরেকে আমদানিপূর্বক শুল্কায়নের জন্য বিল অব এন্ট্রি দাখিল করিলে উক্তরূপ পণ্যের চালান সরেজমিন পরীক্ষার জন্য বাছাই করিবার ক্ষেত্রে দফা (ক) এর বিধান প্রযোজ্য হইবে না এবং সংশ্লিষ্ট কমিশনার, বোর্ড কর্তৃক নির্দেশিত পন্থায়, উক্ত পণ্যের চালান সরেজমিন পরীক্ষা সম্পন্ন করিবেন;

(ঙ) সরেজমিন পরীক্ষার জন্য বাছাইকৃত পণ্য চালানের [১][পণ্য] শতকরা কতভাগ সরেজমিন পরীক্ষা করা হইবে তাহা কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ করিবেন;

(চ) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড যেকোন পণ্যের চালান সরেজমিন পরীক্ষার জন্য আদেশ প্রদান করিতে পারিবে এবং যেকোন শুল্ক স্টেশনের ক্ষেত্রে কারিগরি সরেজমিন পরীক্ষার জন্য প্রত্যয়নপত্র বাছাইয়ের হার আদেশ জারির মাধ্যমে নির্ধারণ করিতে পারিবে; এবং

[২][(ছ) এই বিধির অধীন কোন পণ্য চালান সরেজমিন পরীক্ষা করা হইলে উহার শুল্কায়ন শুল্কায়ন সরেজমিন পরীক্ষার ফলাফলের ভিত্তিতে, পরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির দিন হইতে অনধিক দুই কার্যদিবসের মধ্যে, সম্পন্ন করিতে হইবে।]

[৩][২২। **প্রত্যয়নপত্রের ব্যবহার**।- (১) কোন প্রত্যয়নপত্র বিধি ১২ মোতাবেক যথাযথ পাওয়া গেলে উহাকে শুল্কায়নের ভিত্তি হিসাবে গ্রহণ করিতে হইবে এবং পণ্যচালানের বিল অব এন্ট্রি রেজিস্ট্রেশনের তারিখ হইতে অনধিক দুই কার্যদিবসের মধ্যে উক্ত পণ্যচালানের শুল্কায়ন সম্পন্ন করিতে হইবে।

(২) শুল্কায়নকালে যদি সুস্পষ্টরূপে প্রতীয়মান হয় যে, পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যায়িত H.S.Code ভুল তাহা হইলে সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে আইন অনুযায়ী সঠিক কোড নির্ধারণপূর্বক শুল্কায়ন করিতে হইবে।

(৩) প্রাপ্ত সুস্পষ্ট তথ্য প্রমানের ভিত্তিতে শুল্কায়নকালে যদি এ মর্মে নিশ্চিত হওয়া যায় যে, পরিদর্শন সংস্থা কর্তৃক প্রত্যায়িত মূল্য পণ্যের বিনিময় মূল্য নয়, তাহা হইলে মূল্যায়ন

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[২] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৩] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।

বিধিমালা অনুযায়ী সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তার অনুমোদনসাপেক্ষে যথাযথ বিনিময় মূল্য নির্ধারণপূর্বক শুল্কায়ন করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর বিধান অনুযায়ী শুল্কায়নজনিত কারণে প্রদেয় শুল্ক-কর আমদানিকারক নগদে পরিশোধে সম্মত হইলে পণ্যচালান চূড়ান্তভাবে শুল্কায়ন করিতে হইবে এবং নগদ পরিশোধের পরিবর্তে শুল্ক-করের সমপরিমাণ ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে চাইলে উক্ত ব্যাংক গ্যারান্টি গ্রহণপূর্বক পণ্যচালান সাময়িকভাবে শুল্কায়ন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, শিল্প প্রতিষ্ঠানের জন্য আমদানিকৃত যন্ত্রপাতি ও কাঁচামালের ক্ষেত্রে ব্যাংক গ্যারান্টির পরিবর্তে অঙ্গিকারনামা প্রদান করা যাইবে:

আরও শর্ত থাকে যে, দাখিলকৃত ব্যাংক গ্যারান্টি কিংবা অঙ্গীকারনামা নিস্পত্তির জন্য আমদানিকারক যদি বিধি ২৩(২) এর বিধান অনুযাযী ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে রিভিউ কমিটির নিকট অভিযোগ দায়ের না করেন তাহা হইলে ২২তম কার্যদিবসে শুল্ক কর্তৃপক্ষ ব্যাংক গ্যারান্টি নগদায়ন এবং অঙ্গীকারনামার বিপরীতে দাবিনামা জারির কার্যক্রম গ্রহণ করিবেন।]

[১][২৩। **রিভিউ কমিটি গঠন ও উহার কার্যপদ্ধতি।–** (১) এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে বোর্ড নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি রিভিউ কমিটি গঠন করিবে, যথা:-

(ক) কমিশনার **অব** কাস্টমস (আপিল), যিনি উহার সভাপতি হইবেন,

[২][(খ) সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক মনোনীত একজন শুল্ক কর্মকর্তা যিনি উহার সদস্য সচিব হইবেন,]

(গ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ কর্তৃক মনোনীত কোন [৩][শিল্প ও বণিক সমিতির] একজন প্রতিনিধি, এবং

(ঘ) [৪][সংশ্লিষ্ট] পরিদর্শন সংস্থা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি।

[৫][(২) প্রত্যয়নপত্র দ্বারা পণ্য খালাসের পর যদি আমদানিকারকের নিকট প্রতীয়মান হয় যে, প্রত্যয়নপত্রের কারণে অথবা বিধি ২২(৪) মোতাবেক সাময়িক শুল্কায়নের ফলে তিনি ক্ষতিগ্রস্ত হইয়াছেন তাহা হইলে পণ্য খালাসের ২১(একুশ) কার্যদিবসের মধ্যে তিনি রিভিউ কমিটির নিকট অভিযোগ দায়ের করিতে পারিবেন।]

(৩) অভিযোগকারীর নিকট হইতে উপ-বিধি (২) এর অধীন অভিযোগ প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবসের মধ্যে রিভিউ কমিটি শুনানি সম্পন্ন করিবে এবং শুনানি সম্পন্ন হইবার তারিখ হইতে ৭(সাত) কার্যদিবসের মধ্যে উহার সিদ্ধান্ত লিখিতভাবে পক্ষগণকে অবহিত করিবে:

---

[১] এসআরও নং ১৫৪-আইন/২০০৬/২১২৩/শুল্ক, তাং ২১/০৭/২০০৬ ইং দ্বারা সংশোধিত।
[২] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৩] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৪] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৫] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।

তবে শর্ত থাকে যে, [১][৩০ (ত্রিশ)] কার্যদিবসের মধ্যে শুনানি সম্পন্ন করিতে ব্যর্থ হইলে যুক্তিসঙ্গত কারণ লিপিবদ্ধ করিয়া রিভিউ কমিটি বোর্ডের নিকট শুনানির সময় বৃদ্ধির জন্য আবেদন করিলে বোর্ড শুনানির জন্য আরও [২][১৫ (পনের)] কার্যদিবস সময় বৃদ্ধি করিতে পারিবে। পারিবে।

(৪) রিভিউ কমিটি ঢাকা, চট্টগ্রাম এবং বোর্ড কর্তৃক নির্ধারিত অন্য কোন স্থানে শুনানি গ্রহণ করিতে পারিবে এবং শুনানিকালে উভয়পক্ষকে হাজির থাকিবার জন্য লিখিত নোটিশ প্রদান করিবে।

(৫) অন্যূন ৩ (তিন) জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে এবং সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটের ভিত্তিতে রিভিউ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে রিভিউ কমিটির [৩][সভাপতি নির্ণায়ক ভোট প্রদান করিবেন]।

(৬) অভিযোগকারী বা তাহার মনোনীত প্রতিনিধি রিভিউ কমিটির সভাপতিকে যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে অবহিত না করিয়া শুনানিকালে অনুপস্থিত থাকিলে রিভিউ কমিটি অভিযোগ খারিজ করিতে পারিবে।

(৭) পরিদর্শন সংস্থা বা, ক্ষেত্রমত, শুল্ক কর্তৃপক্ষের মনোনীত প্রতিনিধি রিভিউ কমিটির সভাপতিকে যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক লিখিতভাবে অবহিত না করিয়া শুনানিকালে অনুপস্থিত থাকিলে রিভিউ কমিটি সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করিয়া যথাযথ সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।

(৮) শুনানিকালে কোন পক্ষই উপস্থিত না হইলে রিভিউ কমিটি স্বীয় বিবেচনা মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিতে পারিবে।]

২৪। [৪][*]

২৫। **পরিদর্শন সংস্থা কর্তৃক সংঘটিত অপরাধের বিরুদ্ধে তদন্ত ও উহার শাস্তি।- (১)** বোর্ড অথবা বোর্ডের নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি এই বিধিমালার অধীন পরিদর্শন সংস্থার বিরুদ্ধে আনীত যে কোন অভিযোগ তদন্ত করিতে পারিবে।

(২) যদি কোন পরিদর্শন সংস্থার বিরুদ্ধে নিম্ন বর্ণিত টেবিলের কলাম ২এ বর্ণিত অপরাধ প্রমাণিত হয় তাহা হইলে, উহার জন্য আপাততঃ বলবৎ অন্য কোন আইনের আওতায় প্রাপ্য কোন শাস্তি প্রদানের ক্ষমতা ক্ষুণ্ণ না করিয়া এবং উহার অতিরিক্ত হিসাবে, টেবিলের কলাম ৪ এ বর্ণিত কর্মকর্তা বা কর্তৃপক্ষ উক্ত পরিদর্শন সংস্থাকে শুনানির সুযোগ প্রদান করিয়া উহার বিরুদ্ধে টেবিলের কলাম ৩ এ বর্ণিত [৫][দন্ড] প্রদান করিতে পারিবেন, যথাঃ-

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[২] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৩] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৪] এসআরও নং ১৫৪-আইন/২০০৬/২১২৩/শুল্ক, তাং ২১/০৭/২০০৬ ইং দ্বারা বিধি ২৪ বিলুপ্ত।
[৫] এসআরও নং ১৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং ৫/০৬/২০০৮ ইং দ্বারা সংশোধিত।

**টেবিল**

| ক্রমিক নং | অপরাধের বর্ণনা | আরোপনীয় দন্ড | দন্ড আরোপকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | অসদাচরণ করে এবং তাহা রাজস্ব হানিকর না হয়, | [১]অনধিক ১ লক্ষ টাকা; | [১]আইনের **section 179** |
| ২। | অসদাচরণ করে ও তাহা রাজস্ব হানিকর হয় এবং যদি উক্ত রাজস্ব ব্যাংক গ্যারান্টি বা অন্য কোন উপায়ে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক সুরক্ষিত হইয়া থাকে, | [১]জড়িত রাজস্বের দ্বিগুণ এবং সংশ্লিষ্ট প্রত্যয়নপত্রের বিল মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত; | [১]**এর TABLE এ বর্ণিত সহকারী কমিশনারের নিম্নে নহেন এমন কর্মকর্তা এমন কর্মকর্তা এবং** |
| ৩। | অসদাচরণ করে ও তাহা রাজস্ব হানিকর হয় এবং যদি উক্ত রাজস্ব ব্যাংক গ্যারান্টি বা অন্য কোন উপায়ে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক সুরক্ষিত না হইয়া থাকে। | [১][হানিকৃত রাজস্বের তিনগুন অর্থদন্ড ও প্রত্যয়নপত্রের প্রাপ্য ফি বাতিল।] | [১]সদস্য (শুল্ক) জাতীয় রাজস্ব বোর্ড। |

[৩][(৩) উপ-বিধি (১) এ বর্ণিত তদন্ত কার্যক্রম ৪৫ কার্য-দিবসের মধ্যে সম্পন্ন করিতে হইবে।";

**২৬। পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিলকরণ।-** (১) অসদাচরণের কারণে সরকার, বোর্ডের সুপারিশক্রমে, কোন পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করিবার পূর্বে উক্ত পরিদর্শন সংস্থাকে শুনানির সুযোগ প্রদান করিতে হইবে।

(৩) যদি কোন নিয়োগকৃত পরিদর্শন সংস্থা দেউলিয়া ঘোষিত হয়, তাহা হইলে উক্ত পরিদর্শন সংস্থা যেই তারিখ হইতে দেউলিয়া ঘোষিত হইবে সেই তারিখ হইতে সরকার কর্তৃক উক্ত পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২৭। **Performance Bond নগদায়ন বা অবমুক্তকরণ।-** (১) কোন নিষ্পত্তিকৃত (settled) বা অবিতর্কিত (undisputed) সরকারি পাওনা আদায়ের জন্য বোর্ড এই বিধিমালার অধীন প্রদত্ত **Performance Bond** আংশিক বা সম্পূর্ণ নগদায়ন ও বাজেয়াপ্তির আদেশ প্রদান করিতে পারিবে।

[১] এসআরও নং ১৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং ৫/০৬/২০০৮ ইং দ্বারা সংশোধিত।
[২] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৩] এসআরও নং ১৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং ৫/০৬/২০০৮ ইং দ্বারা সংশোধিত।

(২) **Performance Bond** আংশিক বাজেয়াপ্ত করা হইলে এবং উক্ত পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল না করা হইয়া থাকিলে উক্ত সংস্থাকে আংশিক বাজেয়াপ্তকৃত অর্থের সমপরিমান অর্থ উপ-বিধি (১) তে উল্লিখিত আদেশ পনের কার্যদিবসের মধ্যে ব্যাংক গ্যারান্টি হিসাবে সরকারের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৩) কোন পরিদর্শন সংস্থার নিয়োগ বাতিল করা হইলে বা **Performance Bond** এর মেয়াদ উত্তীর্ণ হইলে, যদি সরকারের নিকট উক্ত পরিদর্শন সংস্থার কোন দায় বা অন্য কোন অনিষ্পত্তিকৃত দায় বা দায়িত্ব না থাকে তাহা হইলে বোর্ড **Performance Bond** অবমুক্ত করিবে।

**২৮। কেন্দ্রীয় পরিবীক্ষণ (monitoring) কমিটি গঠন।-** (১) পরিদর্শন সংস্থার কার্যাবলি কেন্দ্রীয়ভাবে পরিবীক্ষণের জন্য সরকার অনধিক সাত সদস্যবিশিষ্ট একটি কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটি গঠন করিবে, যাহাতে অন্যূন তিনজন বেসরকারি সদস্য থাকিবেন।

(২) উক্ত কমিটি প্রতি তিন মাস অন্তর অন্তর বৈঠকে মিলিত হইয়া পরিদর্শন সংস্থার কার্যক্রম ও উদ্ভূত সমস্যাদি পর্যালোচনা করিবে এবং বোর্ডের নিকট সুপারিশ পেশ করিবে।

(৩) কেন্দ্রীয় পরিবীক্ষণ কমিটির সুপারিশের ভিত্তিতে বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করিতে পারিবে।

**২৯। স্থানীয় পরিবীক্ষণ (monitoring) কমিটি গঠন।-** প্রি-শিপমেন্ট ইন্সপেকশন পদ্ধতি স্থানীয় পর্যায়ে পরিবীক্ষণের লক্ষ্যে বোর্ড শুল্ক ভবন বা ক্ষেত্রমত শুল্ক স্টেশনসমূহে অনধিক পাঁচ সদস্য বিশিষ্ট একটি করিয়া স্থানীয় পরিবীক্ষণ কমিটি গঠন করিবে এবং উক্ত কমিটি পরিদর্শন সংস্থার কার্যক্রম [১][মনিটরিং করিবার নিমিত্তে প্রতিমাসে সভা অনুষ্ঠান করিবে] সংশ্লিষ্ট সমস্যা, যদি থাকে, পর্যালোচনাক্রমে সুপারিশ আকারে উহা বোর্ডকে অবহিত করিবে।

**৩০। অডিট।-** (১) বোর্ড আইনের section 83D এর অধীনে নিযুক্ত পেশাদার অডিটর বা অডিট ফার্ম (professional auditor or audit firm) দ্বারা যেকোন পরিদর্শন সংস্থার কার্যক্রম অডিট করিতে পারিবে।

(২) অডিট রিপোর্ট পর্যালোচনা করিয়া যদি প্রতীয়মান হয় যে, পরিদর্শন সংস্থা অসদাচরণজনিত অপরাধ করিয়াছে তাহা হইলে বোর্ড বিধি ২৫ এ বর্ণিত যেকোন দন্ড আরোপ করিতে পারিবে।

৩১। **মাসিক বিবরণী দাখিল।-** (১) প্রত্যেক পরিদর্শন সংস্থা প্রতি মাসের কার্যক্রম সংক্রান্ত বিবরণী পরবর্তী মাসের পনের তারিখের মধ্যে বোর্ড কর্তৃক নির্ধারিত ছকে মূদ্রিত এবং কম্পিউটার ডিস্কেটে, বোর্ড এবং কমিশনার (শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ অডিট) এর দপ্তরে দাখিল করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে প্রাপ্ত বিবরণী কমিশনার(শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ অডিট) পরীক্ষা-নিরীক্ষা করিয়া প্রতি মাসে সুপারিশসহ একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করিবেন।

৩২। পরিদর্শন সংস্থার পরিদর্শন ফিসের হার।- (১) পরিদর্শন সংস্থা প্রতিটি প্রত্যয়নপত্রের জন্য বিধি **৩১** এর বিধানসাপেক্ষে নিয়োগকৃত দর অনুসারে ফিস পাইবে।

(২) উপ- বিধি (১) অথবা এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, প্রত্যেক পরিদর্শন সংস্থা নিম্নরূপ সর্বনিম্ন ফিস প্রাপ্য হইবে, যথা:-

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।

(ক) US$ 5000 এর সমান কিংবা কম মূল্যের (CIF) মানের পণ্য চালান পরীক্ষাপূর্বক [১][প্রত্যয়নপত্র অথবা ক্ষেত্রমত এনএনআরএফ] ইস্যুর জন্য US$ 175; এবং

(খ) US$ 5000 এর অধিক মূল্যের (CIF) পণ্যচালান পরীক্ষাপূর্বক [২][প্রত্যয়নপত্র অথবা ক্ষেত্রমত এনএনআরএফ] ইস্যুর জন্য US$ 250:
তবে শর্ত থাকে যে, ঋণপত্রে আংশিক যানজাতকরণের শর্ত না থাকিলে প্রতিটি L/C এর পণ্যের বিপরীতে একাধিক [৩][প্রত্যয়নপত্র অথবা ক্ষেত্রমত এনএনআরএফ] ইস্যু করিয়া সর্বনিম্ন ফিস দাবি করা যাইবে না; [৪][এবং

(গ) ক্ষেত্রমত কন্টেইনার সিলকরণের জন্য চালান প্রতি অতিরিক্ত US$ 25 প্রাপ্য হইবে।]

৩৩। **পরিদর্শন ফিসের জন্য বিল দাখিল পদ্ধতি।-** পরিদর্শন ফিস প্রাপ্তির জন্য পরিদর্শন সংস্থা নিম্নবর্ণিত পদ্ধতিতে বিল দাখিল করিবে, যথা:–

[৫][(ক) মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনারের নিকট বিল দাখিল করিতে হইবে;

(খ) বাংলাদেশী টাকায় বিল দাখিল করিতে হইবে;

(গ) বৈদেশিক মুদ্রা রূপান্তরের ভিত্তি হইবে বিল পরিশোধের পূর্ববর্তী মাসে চট্টগ্রাম শুল্ক ভবন কর্তৃক জারিকৃত মাসিক বিনিময় হারের গড়;

(ঘ) শুল্ক ভবন বা শুল্ক স্টেশনে পৌছানো হয়েছে কেবলমাত্র এইরূপ প্রত্যয়নপত্র ও এনএনআরএফ এর বিপরীতে বিল দাখিল করিতে হইবে; এবং

(ঙ) যে সকল প্রত্যয়নপত্র ও এনএনএফ বিপরীতে বিল দাবি করা হইবে বিলের সহিত উহার বিবরণীও দাখিল করিতে হইবে।]

৩৪। **পরিদর্শন ফিস পরিশোধের পদ্ধতি।-** পরিদর্শন সংস্থাসমূহের পরিদর্শন ফি পরিশোধের জন্য সরকার প্রত্যেক কমিশনারের অধীনে একটি নির্দিষ্ট অংকের টাকা পূণর্ভরণযোগ্য তহবিল অগ্রীম হিসাবে প্রদান করিবে।

[৬][(২) কমিশনার পরিদর্শন সংস্থার নিকট হইতে ফিসের জন্য লিখিতভাবে বিল প্রাপ্তির তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে, বিলে অন্তর্ভুক্ত ফিসের কোন অংশ সম্পর্কে তাঁহার আপত্তি থাকিলে উহা ব্যতীত, অবশিষ্ট ফি পরিশোধ করবেন।]

[৭](২ক) প্রত্যয়নপত্রের ক্রটির জন্য কোন পরিদর্শন সংস্থাকে দন্ড আরোপ করা হইলে এবং উক্ত দন্ডাদেশের বিরুদ্ধে আপীল বা পুনঃবিবেচনার জন্য আবেদন করা হইলে উহা নিস্পত্তি না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট পরিদর্শন সংস্থার পরিদর্শন ফি পরিশোধ স্থগিত রাখা হইবে।"।

(৩) পরিদর্শন ফিস বাংলাদেশী মুদ্রায় পরিশোধ করা হইবে।

---

[১] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।
[২] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।
[৩] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।
[৪] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত।
[৫] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৬] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তাং ২৭/০৬/২০০৭ ইং দ্বারা সংশোধিত।
[৭] এসআরও নং ১৩৮-আইন/২০০৮/২১৮৮/শুল্ক, তাং ৫/০৬/২০০৮ ইং দ্বারা সংশোধিত।

৩৫। **বৈদেশিক মুদ্রায় ফিস রূপান্তর।-** পরিদর্শন ফিস হিসাবে প্রাপ্ত অর্থের অনধিক ৭৫% বৈদেশিক মুদ্রায় রূপান্তর করা যাইবে এবং এইরূপ ক্ষেত্রে রূপান্তরের ভিত্তি হইবে রূপান্তরের দিন স্থানীয় বাজারে প্রচলিত বিনিময় হার (exchange rate)।

৩৬। **রহিতকরণ ও হেফাজত।-** (১) এসআরও নং ৩১৬/আইন/৯৯/১৮০৭/শুল্ক, তারিখ ১৯শে অক্টোবর, ১৯৯৯ ইং এর দ্বারা জারিকৃত প্রি-শিপমেন্ট ইন্সপেকশন আদেশ, ১৯৯৯ অতঃপর উক্ত আদেশ বলিয়া অভিহিত হইবে, এতদ্বারা রহিত করা হইল।

[১][(২) উক্তরূপ রহিত করা সত্ত্বেও এই বিধিমালা প্রবর্তনের পূর্বে রহিতকৃত আদেশের বিধানাবলির অধীন কোন কার্যক্রম নিস্পন্নাধীন থাকিলে উহা এইরূপে নিস্পন্ন করিতে হইবে যেন উক্ত আদেশ রহিত করা হয় নাই।]

**[২][পরিশিষ্ট- ১]**

**[বিধি ২(ঠ) দ্রষ্টব্য]**

**ব্লক (Formation of Block)**

**ব্লক -এ *(Block - A):***

| Sl. No. | Country |
|---|---|
| 1. | India |

**ব্লক -বি *(Block - B):***

| Sl. No. | Country |
|---|---|
| 1. | China |
| 2. | Thailand |
| 3. | Korea (N & S) |
| 4. | Philippines |
| 5. | Cambodia |

**ব্লক -সি *(Block - C):***

| Sl. No. | Country | Sl. No. | Country |
|---|---|---|---|
| 1. | Pakistan | 21. | Egypt |
| 2. | Nepal | 22. | Ethiopia |
| 3. | Bhutan | 23. | Nigeria |
| 4. | Sri Lanka | 24. | Kenya |
| 5. | Maldives | 25. | Ghana |
| 6. | Myanmar | 26. | Bahrain |

[১]এসআরও নং ৩৩৬-আইন/২০০২/১৭৩/শুল্ক, ২৫ নভেম্বর, দ্বারা সংশোধিত

[২] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তাং ১৮/১২/২০০২ ইং দ্বারা সংশোধিত

| | | | |
|---|---|---|---|
| 7. | Afghanistan | 27. | Uzbekistan |
| 8. | Indonesia | 28. | Azerbijan |
| 9. | Malayasia | 29. | Tajikistan |
| 10. | Singapore | 30. | Tunisia |
| 11. | Iraq | 31. | Morocco |
| 12. | Iran | 32. | Sudan |
| 13. | Jordan | 33. | Algeria |
| 14. | Kuwait | 34. | Libya |
| 15. | Lebanon | 35. | Yemen |
| 16. | Oman | 36. | Turkmenistan |
| 17. | Qatar | 37. | Brunei |
| 18. | Saudi Arabia | 38. | Tanzania |
| 19. | Syria | 39. | Albania |
| 20. | U.A.E | | |

**ব্লক -ডি (*Block - D ):***

| Sl. No. | Country | Sl. No. | Country |
|---|---|---|---|
| 1. | Japan | 7. | Solomon Islands |
| 2. | Hong Kong | 8. | Fiji |
| 3. | Vietnam | 9. | Kiribati |
| 4. | Taiwan | 10. | Vanuatu |
| 5. | Australia | 11. | Papua N.G. |
| 6. | New Zealand | | |

**ব্লক -ই (*Block-E):***

| Sl. No. | Country | Sl. No. | Country |
|---|---|---|---|
| 1. | Canada | 20. | Czech Republic |
| 2. | U.S.A | 21. | Estonia |
| 3. | South Africa | 22. | Lithuania |
| 4. | Seychelles | 23. | Latvia |
| 5. | Zimbabwe | 24. | Poland |
| 6. | Norway | 25. | Romania |
| 7. | Turkey | 26. | Russia |

| Sl. No. | Country | Sl. No. | Country |
|---|---|---|---|
| 8. | UK | 27. | Slovenia |
| 9. | Italy | 28. | Ukraine |
| 10. | Netherlands | 29. | Argentina |
| 11. | Belgium | 30. | Brazil |
| 12. | Switzerland | 31. | Chile |
| 13. | Germany | 32. | Mexico |
| 14. | Denmark | 33. | Peru |
| 15. | Spain | 34. | Uruguay |
| 16. | France | 35. | Venezuela, and |
| 17. | Ireland | 36. | Countries, rest of the World which is/are not included in the other Blocks.] |
| 18. | Sweden | | |
| 19. | Other European Countries | | |

## পরিশিষ্ট-২

[বিধি ৩(৫)(ঘ)(ই) দ্রষ্টব্য]

অফিসারের বিবরণী (Statement of Offices) of the Inspeection Ageney in the countries mentioned in Annex-1

| Sl. No. | Name of the Country | Location (Road & City) of the office | Status (Branch /Agency) of the office | Functions (in brief) of the office | Manpower of the office | Logistics of the office |
|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | | 3 | 4 | 5 | 6 |
| 1. | | | | | | |
| 2. | | | | | | |
| 3. | | | | | | |
| 4. | | | | | | |
| 5. | | | | | | |

For M/S......................................

## পরিশিষ্ট - ৩

[বিধি ৩(৫)(ঙ)(অ) দ্রষ্টব্য]

AGREEMENT BETWEEN THE PRINCIPAL AND THE LOCAL AGENT

In consideration of conducting Pre-shipment Inspection services in Bangladesh and abroad by the parties to this Agreement, this Agreement is made on the [Date and Year] between [Name and Address of the Principal] herein referred to as (The "First Party", and (Name and Address of the Agent), Bangladesh, herein referred to as "the Second Party."

It is hereby agreed by both parties to abide by the following terms and conditions for Pre-Shipment and Post Landing Inspection within the framework of law, rules and regulations of the Government of the People's Republic of Bangladesh and the National Board of Revenue (NBR) for services provided within Bangladesh as well as abroad:

1. That the Second Party, will conduct its inspection as a local representative of the First Party, in Bangladesh.

[১][2. That both parties, while conducting Pre-shipment Inspection (PSI) and Post Landing Inspection (PLI) in Bangladesh, shall abide by the terms and conditions, law, rules and regulations as laid down by the Government of the People's Republic of Bangladesh.]

[১] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তারিখ: ১৮/১২/২০০২

3. That the First Party shall undertake full responsibilities as well as liabilities for manners, conduct, duties, and responsibilities of all of its world wide wholly-owned Offices, Subsidiaries, Joint Ventures, Affiliates and Agents for conducting Pre-Shipment Inspection in respect of Value, Quality, Quantity, Description and H.S. Code Classification of imported goods and on any and all work to be undertaken by it for shipments to or from Bangladesh.

4. That the First Party shall ensure that all of its worldwide wholly-owned Offices, Subsidiaries, Joint Ventures, Affiliates and Agents will abide by the terms and conditions provided in law, rules and regulations for conducting Pre-shipment Inspection Services relating to Value, Quality, Quantity, Description and H.S. Code Classification of imported goods to be undertaken for customs purposes in accordance with the provisions of Pre-shipment Inspection Rules, 2002 of the Government of the People's Republic of Bangladesh and all or any work done or undertaken for any other purposes.

5. That both parties agree that any violation or negligence on the above clauses shall be regarded as gross misconduct and shall be treated as breach of conduct.

6. That on such violation of terms and conditions as laid down above, and any genuine claim on such matters is received by either party for violation or negligence, shall be duly compensated by the party responsible for such misconduct or violation, or negligence of duty.

For……………………….Ltd. For ………………Ltd.

Principal

Agent

Witnesses :

1.

2.

## পরিশিষ্ট - ৪

[বিধি- ৩(৫)(ঙ)(ঈ) দ্রষ্টব্য]

**Undertaking**

No. ............................ Date : .................

The Secretary,
Internal Resources Division,
and
Chairman, National Board of Revenue,
Segunbagicha, Dhaka, Bangladesh.

**Subject: Undertaking by the local Inspection Agency for obligations and responsibilities of the Certificates.**

We, .........(name and address of agent)... agent of...., the (name and address of the bidder) in Bangladesh, do hereby undertake all obligations and full responsibilities of the Clean Report of Findings (CRF) issued by the Head Office or any other branch or subsidiary office of the (bidder name and address) as the case may be.

For M/S..........................

## পরিশিষ্ট - ৫

[বিধি ৩(৫)(ঙ)(উ) দ্রষ্টব্য]

**UNDERTAKING**

No. ............................ Date : .................

The Secretary,
Internal Resources Division,
and
Chairman, National Board of Revenue,
Segunbagicha, Dhaka, Bangladesh.

**Subject: Undertaking by the Head Office of the Inspection Agency for obligations and responsibilities of the Agent/ Branch/ Subsidiary Office.**

We, the Head Office of the (***bidder's name and address***), do hereby undertake all obligations and full responsibilities of our issuing offices or branch or subsidiary offices as the case may be.

For M/S.......................

## পরিশিষ্ট - ৬

[বিধি ৩(৫)(চ) দ্রষ্টব্য]

No. ............................ Date : .................

The Secretary,
Internal Resources Division,
and
Chairman, National Board of Revenue,
Segunbagicha, Dhaka, Bangladesh.

We, ....(***name and address of the bidders***)....... , do here by undertake that we shall pay fines and penalties imposed by the Customs authority during our previous contract period if the fine or penalties become payable after the settlement of the pending cases in the [১][Court of Law in Bangladesh].

For M/S......................................

## পরিশিষ্ট - ৭

[বিধি ৬(১২) দ্রষ্টব্য]

The Chairman
National Board of Revenue
Government of the People's Republic of Bangladesh
Segunbagicha, Dhaka-1000.

**PERFORMANCE BOND**

Reference: Bank Guarantee No. ............................... dated .......................
for Tk. .......................................... (Taka .............................................. only).

01. We, (Name of the Bank and Address) hereby bind ourselves to stand as Guarantor on behalf of (Name and Address of the Pre-shipment Inspection Agency) and their local agent (Name and Address of the bidder/agent), to the Government of Bangladesh through the National Board of Revenue for the amount of Taka ................................................ (Taka ........ .... ...... ...... .............................. only) as bond to cover any liability arising out of Conducting Pre-shipment Inspection (PSI) activities by M/S. (Name of the bidder). This Guarantee shall be binding on us for period of 4 (four) years from the date of appointment of M/S. (Name of the bidder/agent) as Pre-shipment Inspection (PSI) Agent.

02. We agree and undertake to make unconditional payment up to Taka

[১] এসআরও নং ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তারিখঃ ১৮/১২/২০০২

................................ (Taka .................................................. only) being the amount of security to the Government of Bangladesh on demand without any question and without reference to M/S. (Name of the Pre-shipment Inspection (PSI) Agency) or their local agent.

03. We .....(***name and address of Bank***).......... , do hereby confirm that we have furnished the performance bond as per the format provided by National Board of Revenue.

for Name of the Bank
Dhaka Branch

Dated ................. Authorised Signature

## পরিশিষ্ট - ৮

[বিধি ৯(২) দ্রষ্টব্য]

**(Annual Training and Investigation Requirement)**

| Sl. No. | Name of the course (Sl.No. 1-4) | Place | No. of Officer | Duration (Days) |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1. | Customs Valuation | Foreign | [1][5 | 7 |
| 2. | Post Clearance Audit Techniques | Foreign | 5 | 7 |
| 3. | Customs Valuation | Local | 7 | 7 |
| 4. | Post Clearance Audit Techniques | Local | 7 | 7 |
| 5. | Investigation Requirement (*Not training*) | Foreign | 2 | 5] |

For M/S.......................................

## পরিশিষ্ট-৯

[বিধি ১২(১) দ্রষ্টব্য]

**Clean Report of Findings (CRF)**

CRF No:

01. L/C Issuing Bank :
02. L/C No. and date :
03. Buyer :
04. Seller:
05. Proforma Invoice/Indent No.
06. Date :
07. Final Invoice No.
08. Date :
09. (a) Container No.
    (b) Seal No.
10. Date :
11. Packing :

[১] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তারিখ: ২৭/০৬/২০০৭

| 12. Detailed Reports of goods Inspected : | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| Item | Description of Goods As per First Schedule of the Customs Act, 1969 (IV of 1969) | Commercial Description (Brand no. model no. art. No, chemical or physical Property | [1][Total Quantity (kg, pices etc)] | [2][Unit of Measure-ment] | H.S Code | CIF Value |
| | If more products, See additional page(s) | | | | | |
| | | | | **Total** | | |

13. Place of Inspection : 14. Date :
15. Issued By : 16. Date :
17. Reference No.
18. Specify Which statutory requirements of Import Policy Order, inforce,
19. Comments about the quality have not been fulfilled.
of the inspected goods :
a)
b)
c)
20. Remarks (if any):

....................................
Authorised signature

## [3][পরিশিষ্ট-১০

[বিধি ১৭(১)দ্রষ্টব্য]

Non Negotiable Clean Report of Findings (NNRF)

| CRF No: |
|---|

01. L/C Issuing Bank:
02. L/C No. and Date:
03. Buyer:
04. Seller:
05. Proforma Invoice/Indent No. 06. Date:
07. Place of Inspection: 08. Date:
09. Issued By: 10. Date:

[1] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তারিখঃ ২৭/০৬/২০০৭
[2] এসআরও নং ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তারিখঃ ২৭/০৬/২০০৭
[3] এসআরও নং- ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তারিখঃ ২৭/০৬/২০০৭

11. Reasons for issuing NNRF
12. Advise for the concern Customs Authority (if any).

---------------------------
Authorised singnature

রাষ্ট্রপতির আদেশক্রমে
ড. শোয়েব আহমেদ
সচিব।

*উৎস: (ক) মূল প্রজ্ঞাপন: বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, তারিখ: ২১.০৯.২০১২; পৃ.৪২৯১-৪৩১৪।*
*(খ) সংশোধনী প্রজ্ঞাপনসমূহ:*
*(অ) এসআরও ৩৩৬-আইন/২০০২/১৯৭৬/শুল্ক, তারিখ: ২৫.১১.০২; শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭।*
*(আ) এসআরও ৩৫৩-আইন/২০০২/১৯৮৩/শুল্ক, তারিখ: ১৮.১২.০২; বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, তারিখ: ১৮.১২.০২; পৃ.৫১২৩-৫১২৬।*
*(ই) এসআরও ১৫৪-আইন/২০০৬/২১২৩/শুল্ক, তারিখ: ২২.০৬.০৬; বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, তারিখ: ২২.০৬.০৬; পৃ.৫৯৬৫-৫৯৬৭।*
*(ঈ) এসআরও ১৪২-আইন/২০০৭/২১৪১/শুল্ক, তারিখ: ২৭.০৭.০৭; বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, তারিখ: ২৭.০৭.০৭; পৃ.৬৩৮৯-৬৩৯৫।*

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখঃ ০৯/০৪/১৪১০ বাংলা/ ২৪/০৭/২০০৩ ইং।

**প্রজ্ঞাপন নং- ১৪২/২০০৩/ শুল্ক।-** The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 11-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, এতদ্বারা নরসিংদী জেলার অন্তর্গত শিবপুর থানার আওতাধীন এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসাবে ঘোষনা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
স্বাক্ষরিত /-
(মোঃ মোয়াজ্জেম হোসেন)

দ্বিতীয় সচিব (শুল্ক)

**Government of the People's Republic of Bangladesh**
National Board of Revenue
**(Customs)**

Dated: 02-08-2003

**SRO-237-Law/2003/2015/Cus.-** In exercise of the powers conferred by the section 219 of The Customs Act, 1969 (IV of 1969), the National Board of Revenue is pleased to make the following Rules, namely :-

**1. Short title.-** These Rules may be called the **Privileged Persons (Customs Procedures) Rules 2003**.

**2. Definition.-** In these Rules unless there is anything repugnant in the subject or context-

a) "Appropriate officer" means an appropriate officer as defined in section 2(b) of the Customs Act, 1969 (IV of 1969).

b) "International Organization" means World Bank, International Monetary Fund, Asian Development Bank, Islamic Development Bank and any such organization as the government or the National Board of Revenue may, from time to time by notification in the official gazette, declare as "International Organization".

c) "Development Partner of Bangladesh" means United States Agency for International Development (USAID), Danish International Development Agency (DANIDA), Japan International Co-operation Agency (JICA), Department for International Development (DFID), Canadian International Development Agency (CIDA), Swedish International Development Agency (SIDA), German Technical Co-operation (GTZ) and any such organization as the government or the National Board of Revenue may, from time to time, by notification in the official gazette, declare as "Development Partner of Bangladesh".

d) "Privileged person" means a non-Bangladeshi official working in Bangladesh under.

(i) the United Nations or an organization thereunder or a non-Bangladeshi expert performing functions in Bangladesh on behalf of the United nations or an organization thereunder and holding United Nations laissez/passer;

(ii) an International Organization; and

(iii) a Development Partner of Bangladesh;

e) "member of the family of a privileged person" means spouse and children of a privileged person; and

f) "Schedule" means schedule annexed to these rules.

**3. Import of articles free of customs duties.–** (1) A privileged person shall be entitled to import free of customs duties.-

a) articles of foodstuff, medicines and other consumable stores of the specified in the schedule;

b) alcoholic beverage, liquor and tobacco of the value specified in the schedule;

Provided that, the articles under clause (a) and clause (b) may be imported by a privileged person at a time for a maximum of three months quota as specified in the schedule.

(2) A privileged person shall be entitled to import free of customs duties,-

(a) articles for personal use and household effects, if his or her continuous stay in Bangladesh is expected to be not less than six months and such import shall be limited to a maximum Cost, Insurance and Freight (CIF) value of taka fifty thousand for the first year and shall be imported within the period of six months from the date of his or her first arrival in Bangladesh and this period may, on satisfactory grounds, be extended by another period of three months by the commissioner of customs concerned and by the National Board of Revenue for such further period as it may deem fit;

(b) after expiry of the period of one year of continuous stay in Bangladesh, articles of personal use and household effects upto the Cost Insurance and Freight (CIF) value of taka fifteen thousand per year for the next two years; and

(3) A privileged person shall be entitled to import free of customs duties a motor car for his or her personal and family use, if his or her continuous stay in Bangladesh is expected to be not less than one year and in such case the motor car, if any, small be imported within six months from the date of his or her first arrival in Bangladesh.

**4. Purchase of consumable articles from diplomatic bonded warehouses.–** A privileged person may purchase.-

(a) the following goods from the diplomatic bonded warehouse of the Bangladesh Parjatan Corporation;

(i) alcoholic beverage and liquor,
(ii) tobacco,
(iii) articles of foodstuff,
(iv) medicine and
(v) other consumable stores; and

(b) the following goods from all other diplomatic bonded warehouse;
   (i) alcoholic beverage and liquor,
   (ii) tobacco,

**5. Conditions of Import & Purchase. –**

(1) The total value of alcoholic beverage, liquor, tobacco, articles of foodstuff, medicine and other consumable stores, either imported or purchased from the diplomatic bonded warehouses, shall not exceed the value mentioned in the Schedule.

(2) Children below the age of 18 (eighteen) years shall not be entitled to enjoy the quota for alcoholic beverage, liquor and tobacco mentioned in the Schedule.

**6. Issuance of Customs Passbook. –**

(1) If a privileged person is interested to enjoy his or her entitlement under these Rules shall submit application to such officer of Customs as the National Board of Revenue may designate through the Head of the organization in Bangladesh to which the privileged person belongs for issuance of a customs passbook.

(2) The designated officer may after examining the application direct the concerned Additional or Joint Commissioner of Customs (Bond) to issue a customs passbook in favour of the privileged person in such manner and form as may be specified by the National Board of Revenue.

(3) The fact of issuance of customs passbook under sub-rule (2) shall be entered in the passport of the privileged person.

(4) The name, age and other necessary particulars of each member of the family of a privileged person shall be required to be included in his or her customs passbook.

(5) Details of all duty-free import and purchases from the diplomatic bonded warehouses by a privileged person shall be entered in his or her customs passbook, from time to time by an appropriate officer.

(6) The customs passbook issued to a privileged person shall remain valid for a period of one year from the date of issue or till the month of January next, whichever appears earlier.

(7) Notwithstanding anything contained in these Rules, no customs passbook shall be issued if the expected duration of stay of a privileged person in Bangladesh is less than ninety days.

**7. Renewal of Customs Passbook –**

(1) Application for renewal of customs passbook shall be submitted to the issuing authority with necessary documents at least fifteen days prior to expiry of the period as mentioned in sub-rule (6) of rule 6 and privileged persons except those enjoying immunity granted under the Vienna

Convention shall be present physically before the designated officer for renewal of the customs passbook alongwith their passports and the passports of the members of their families at the time of submission of the applications for renewal.

(2) A customs passbook may be renewed on receipt of a certificate from the Head of the organization in Bangladesh to which the privileged person belongs, to the effect that the holder of the customs passbook continues to be in his or her assignment in Bangladesh specifying the period for he or she is likely to continue with the assignment.

**8. Disposal of car and other durable articles. –**

(1) Car and other durable articles imported or purchased from diplomatic bonded warehouses or from other privileged persons or diplomats free of customs duties under these Rules, if not re-exported, be disposed of in such manner as may be laid down by the National Board of Revenue from time to time.

(2) In case of disposal, other than by re-exportation or transfer to other privileged persons or diplomats, customs duties and other taxes chargeable thereon shall be payable at the rate as applicable under section 30 (c) of the Customs Act, 1969.

(3) The re-exportation or otherwise disposal of car and other durable articles shall be completed before surrendering and depositing the customs passbook with the issuing authority.

(4) The fact of disposal of car and other durable articles or their re-exportation as the case may be shall be entered in the passbook of the privileged person by the appropriate officer.

**9. Surrender and Deposit of Customs passbook. –**

(1) Customs passbook shall be surrendered and deposited with the issuing authority at least one week before.

(a) a privileged person leaves Bangladesh finally after completion of his or her assignment in Bangladesh or

(b) a privileged person resigns or gets terminated from the assignment for which he or she was considered to be a privileged person.

(2) Where a privileged person leaves Bangladesh without disposal of car or other durable articles included in his or her customs passbook or without surrendering the customs passbook the Head of the organization concerned to which the privileged person belonged shall be hold responsible for disposal of car or other durable articles and for surrendering the customs passbook within sixty days from the date of occurrance of the event as mentioned in clause (a) or clause (b) of sub-rule (1) as the case may be, and

the National Board of Revenue may, on satisfactory grounds, extend this time-limit for a further reasonable period.

(3) The appropriate officer shall, upon receipt of the customs passbook surrendered and on being positively confirmed after verification as to whether the car and other durable articles have been re-exported or disposed of in the manner laid down by the National Board of Revenue issue a clearance certificate in favour of the privileged person or the Head of the organization as the case may be.

**10. Repeal.–** The Privileged Persons (Baggage) Rules, 1985 is hereby repealed.

**Schedule**

| **Particular of goods** | **Monthly entitlement of a privileged person or of each member of his or her family** | **Conditions of Import and Purchase** |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| Articles of foodstuff medicine and other consumable stores. | Upto a CIF value of [US $ 60.00] | The total value of goods either imported on duty-free basis or purchased from the diplomatic bonded warehouse of Bangladesh Parjatan Corporation by a privileged person shall not exceed the value mentioned in column 2. |
| Alcoholic Beverage, Liquor and Tobacco. | Upto a CIF value of [US $ 100.00] | The total value of goods either imported on duty-free basis or purchased from any type of diplomatic bonded warehouse by a privileged person shall not exceed the value mentioned in column 2. |

(Md. Saiful Islam)
First Secretary (Customs).

***Source:*** *Collection of Customs Notification, 2007, Vol.-2; p96-103.*

**Government of the People's Republic of Bangladesh**
Ministry of Finance
National Board of Revenue
Dhaka.

**Notification**

Dated : 18-10-2004

**SRO-300-Law/2004/2057 Cus.-** In exercise of the powers conferred by clause (c) of rule 2 of the Privileged Persons (Customs Procedures) Rules, 2003, the National Board of Revenue is pleased to declare the following Organization as Development Partners of Bangladesh, namely:-

"Korea International Cooperation Agency (KOICA), Japan Bank for International Cooperation (JBIC), Japan Overseas Corporation Volunteers (JOCV), Australian Agency for International Development (Aus-AID), European commission (EC)".

By the order of the
National Board of Revenue,

[Md. Lutfor Rahman]
First Secretary (Customs)

***Source:*** *Collection of Customs Notification, 2007, Vol.-2; p136-137.*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ ২৫ মাঘ, ১৪১২/৭ ফেব্রুয়ারি ২০০৬

**এসআরও-১৮-আইন/২০০৬।-** Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950 এর Section8 -এ প্রদত্ত ক্ষমতাবলে সরকারি নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:

**বিধি-১। বিধিমালার নাম।-** এই বিধিমালা **অমসৃণ হীরা (Rough Diamond) আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬** নামে অভিহিত হবে।

**বিধি-২। সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই বিধিমালায়-

(ক) "অমসৃণ হীরা" অর্থ শুধুমাত্র চেরাই করা কাটা, বা ফালি করা হয়েছে এমন হীরা এবং যা সংশ্লিষ্ট ৭১০২.১০, ৭১০২.২১ এবং ৭১০২.৩১ হারমোনাইজড কমোডিটি ডেসক্রিপশন এন্ড কোডিং সিস্টেমের আওতাভুক্ত;

(খ) "আইন" অর্থ Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950);

(গ) "আমদানি" অর্থ বৈধভাবে বাংলাদেশের ভৌগলিক পরিসীমার মধ্যে কোন পণ্য বা বস্তু আনয়ন করা বা করানো;

(ঘ) "উৎপাদক দেশ (Country of origin)" অর্থ চালানকৃত অমসৃণ হীরা যেই দেশের খনি হতে উৎপাদিত বা আহরিত হয়েছে;

(ঙ) "রপ্তানিকারক দেশ (Country of export)" অর্থ চালানকৃত অমসৃণ হীরা সর্বশেষ যে দেশ হতে রপ্তানি করা হয়েছে মর্মে আমদানি সংক্রান্ত দলিলে বা কাগজপত্রে উল্লেখ আছে;

(চ) "কর্তৃপক্ষ" অর্থ বাণিজ্য মন্ত্রণালয়, কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু করার নিমিত্তে রপ্তানি উন্নয়ন ব্যুরো এবং এই বিধিমালা উদ্দেশ্য পূরণকল্পে বিধি ৫ এর অধীনে গঠিত কমিটিও এর অন্তর্ভুক্ত হবে এবং বিধি ১১ এর উদ্দেশ্যে পূরণকল্পে জাতীয় রাজস্ব বোর্ড ও কর্তৃপক্ষ হিসাবে গণ্য হবে;

(ছ) "কিম্বারলি প্রসেস সার্টিফিকেট" অর্থ জাল প্রতিরোধক এমন সুনির্দিষ্ট দলিল, যা কিম্বারলি প্রসেস সার্টিফিকেশন স্কিম অনুযায়ী অমসৃণ হীরা আদান-প্রদান সুষ্ঠুভাবে শনাক্ত করে;

(জ) "কমিটি" অর্থ অমসৃণ হীরা আমদানি বা রপ্তানির নিমিত্ত কিম্বারলি প্রসেস সনদ ইস্যু যাচাই এবং পরীক্ষা-নিরীক্ষার জন্য বিধি-৫ এর অধীন গঠিত কমিটি;

(ঝ) "কিম্বারলি প্রসেস সার্টিফিকেট স্কিম" অর্থ অমসৃণ হীরা সংক্রান্ত সকল বিরোধ নিষ্পত্তিকল্পে আন্তর্জাতিকভাবে স্বীকৃত সার্টিফিকেশন স্কিম;

(ঞ) "চালান" অর্থ এক বা ততোধিক পার্সেলের বাস্তব আমদানি বা রপ্তানি;

(ট) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঠ) "পার্সেল" অর্থ একত্রে প্যাকেট মোড়ানো এক বা ততোধিক হীরা;

(ড) "পার্টিসিপেন্ট বা অংশগ্রহণকারী" অর্থ তফসিল ২ এ বর্ণিত যে দেশে বা আঞ্চলিক অর্থনৈতিক সঙ্ঘের কার্যক্রমে সাপিফিকেশন স্কিম হয়েছে;

(ঢ) "ফরম" অর্থ তফসিলে বর্ণিত আবেদনপত্রের ফরম;

(ণ) "বিরোধপূর্ণ হীরা" অর্থ জাতিসংঘ সাধারণ পরিষদের রেজুলেশন নং-৫৫/৫৬, ২৬৩/৫৬ এবং নিরাপত্তা পরিষদের রেজুলেশন নং-১৪৫৯ বা সংশ্লিষ্ট অন্যান্য রেজুলেশনে বর্ণিত বৈধ সরকারকে উৎখাত বা অমর্যাদাকর পরিস্থিতিতে ফেলার উদ্দেশ্যে বিদ্রোহী সংগঠনকে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যবহৃত হীরা;

(ত) "রপ্তানি" অর্থ বৈধভাবে বাংলাদেশের ভৌগোলিক পরিসীমার হতে কোন পণ্য বা বস্তু প্রেরণ করা বা বের করে নিয়ে যাওয়া;

(থ) "রপ্তানি কর্তৃপক্ষ" অর্থ যে অংশগ্রহণকারী ভূখন্ড হতে অমসৃণ হীরা রপ্তানির ক্ষেত্রে উক্ত অংশগ্রহণকারী কর্তৃক নিযুক্ত কর্তৃপক্ষ বা সংস্থা যার কিম্বারলি প্রসেস সার্টিফিকেট-এর বৈধতা প্রদানের ক্ষমতা রয়েছে;

(দ) ট্রানজিট অর্থ কোন অংশগ্রহণকারী দেশ বা অংশগ্রহণকারী নয় এমন দেশের ভূ-সীমার মধ্যে সাময়িকভাবে অবস্থান করে বা না করে বা কোন পরিবহন পরিবর্তন করে বা না করে বা গুদামজাত করে বা না করে সেই অংশগ্রহণকারী

দেশ বা অংশগ্রহণ করে না এমন দেশে কোন পণ্য বা বস্তু চালানের জন্য প্রেরণ করা;

(ধ) "সংমিশ্রিত উৎসের পার্সেল" অর্থ দুই বা ততোধিক উৎপাদক দেশের সংমিশ্রিত অমসৃণ হীরা সংবলিত পার্সেল;

(ন) "সার্টিফিকেট" অর্থ কিম্বারলি প্রসেস সার্টিফিকেট; এবং

(প) "হীরা" অর্থ সমমাপ পদ্ধতির বিশুদ্ধ ও স্বচ্ছ কার্বনসমৃদ্ধ প্রাকৃতিক খনিজ পদার্থ, মোহস (Mohs) স্কেল অনুযায়ী যার দৃঢ়তা ১০, সুনির্দিষ্ট অভিকর্ষ ৩.৫২ এবং প্রতিসরণ সূচী ২.৪২।

**বিধি-৩। বিধিমালার প্রাধান্য।-** আপাততঃ বলবৎ কোন আইনের অধীন অন্যান্য আদেশ বা বিধিমালায় যা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা কিম্বারলি প্রসেস সার্টিফিকেশন স্কিম বাস্তবায়নের ক্ষেত্রে প্রাধান্য পাবে।

**বিধি-৪। কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ব্যতীত অমসৃণ হীরা আমদানি বা রপ্তানি নিষিদ্ধ।-** রপ্তানি কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বৈধ কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ব্যতীত কোন অমসৃণ হীরা বাংলাদেশে আমদানি বা বাংলাদেশ হতে রপ্তানি করা যাবে না।

**বিধি-৫। কমিটি, ইত্যাদি।-** (১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি কমিটি থাকবে, যথাঃ

| | | |
|---|---|---|
| (ক) | যুগ্ম-সচিব (অবা) বাণিজ্য মন্ত্রণালয় | আহ্বায়ক |
| (খ) | রপ্তানি উন্নয়ন ব্যুরোর একজন প্রতিনিধি (পরিচালকের নিম্নে নহে) | সদস্য |
| (গ) | জাতীয় রাজস্ব বোর্ডের একজন প্রতিনিধি (প্রথম সচিবের নিম্নে নহে) | সদস্য |
| (ঘ) | বাংলাদেশ জুয়েলারী ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনের একজন প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | ফেডারেশন অব বাঙলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর একজন প্রতিনিধি | সদস্য |

(২) উপ-বিধি (১) এর অধীন গঠিত কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ, যথাঃ

(ক) অংশগ্রহণকারীদের সহযোগিতায় কিম্বারলি প্রসেস সার্টিফিকেট স্কিম বাস্তবায়নের লক্ষ্যে কার্যকর ব্যবস্থাগ্রহণ;

(খ) অন্যান্য অংশগ্রহণকারীদের সাথে অমসৃণ হীরা এবং বিরোধপূর্ণ হীরা ব্যবসা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য আদান-প্রদান এবং সংশ্লিষ্ট বিষয়সমূহ সুষ্ঠু পরিবীক্ষণের নিমিত্ত সকলকে সহযোগিতা প্রদান;

(গ) অমসৃণ হীরা আমদানি-রপ্তানিসহ এতদসংক্রান্ত সকল তথ্যাদি সংরক্ষণের লক্ষ্যে ডাটাবেজ গঠন; এবং

(ঘ) কিম্বারলি প্রসেস সার্টিফিকেশন স্কিম এর ধারা ৫ অনুযায়ী আহ্বায়কের মাধ্যমে অন্যান্য অংশগ্রহণকারীদের সাথে উক্ত তথ্যাদি আদান-প্রদান।

(৩) উপ-বিধি (১) এর অধীন গঠিত কমিটির ক্ষমতা ও কার্যাবলি হবে নিম্নরূপ, যথাঃ

(ক) অমসৃণ হীরা আমদানি বা রপ্তানির নিমিত্ত কিম্বারলি প্রসেস সার্টিফিকেট অর্জনের আবেদনপত্র বৈধতা নিরূপণ এবং উহার বিষয়বস্তু, মেয়াদ ও সত্যতা নির্ধারণ এবং সার্টিফিকেট ইস্যুকরণ;

(খ) অমসৃণ হীরা আমদানিকারক এবং রপ্তানিকারক কর্তৃক সংরক্ষিত রেজিস্টার নির্ধারণ;

(গ) জাল প্রতিরোধক মোড়কে অমসৃণ হীরা আমদানি-রপ্তানি নিশ্চিত করা;

(ঘ) বাংলাদেশে কিম্বারলি প্রসেস সংক্রান্ত পরিসংখ্যান তথ্য-উপাত্ত ও প্রতিবেদন প্রকাশের ব্যবস্থা করা;

(ঙ) কোন তৃতীয় পক্ষের বৈধ স্বার্থকে ক্ষুণ্ন না করে কিম্বারলি প্রসেস সার্টিফিকেট অর্জনের জন্য প্রদত্ত আবেদনপত্র হতে বা কোন পরিদর্শনের সময় প্রাপ্ত কোন তথ্য প্রকাশের ব্যবস্থা করা; এবং

(চ) বাংলাদেশে আমানিকৃত অমসৃণ হীরার সাথে আগত সকল কিম্বারলি প্রসেস সার্টিফিকেটের মূলকপি ন্যূনতম পাঁচ বছর পর্যন্ত আমদানিকারক কর্তৃক সংরক্ষণের বিষয়টি নিশ্চিতকরণ।

**বিধি-৬। কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু।-** কর্তৃপক্ষ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অমসৃণ হীরা আমদানি বা রপ্তানি উদ্দেশ্যে তফসিলে বর্ণিত ফরম "ক" অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে বৈধ কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু করতে পারবে, যথা:

(ক) যে অমসৃণ হীরার জন্য সার্টিফিকেটের অনুরোধ করা হয়েছে উহা যে বৈধভাবে আমদানি করা হয়েছে, সেমর্মে রপ্তানিকারকের সুনির্দিষ্ট প্রমাণ দখিল করতে হবে (আমদানিকৃত বা রপ্তানিকৃত অসমসৃণ হীরার সহিত অবশ্যই উৎপাদক দেশ কর্তৃক ইস্যুকৃত বৈধ কিম্বারলি প্রসেস সার্টিফিকেট থাকতে হবে।

(খ) অমসৃণ হীরা জাল প্রতিরোধক মোড়কে রপ্তানি করতে হবে।

(গ) অংশগ্রহণকারী (Participant) ব্যতীত অন্য কোন দেশ বা প্রতিষ্ঠান হতে অমসৃণ হীরা আমদানি বা রপ্তানি করা যাবে না;

(ঘ) রপ্তানিকারককে এমর্মে ঘোষণা দিতে হবে যে, কিম্বারলি প্রসেস সার্টিফিকেটে প্রদত্ত সকল তথ্য তার জানামতে সত্য; এবং

(ঙ) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি, যদি থাকে, প্রদান করতে হবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত শর্তসমূহ সঠিকভাবে প্রতিপালিত না হলে কর্তৃপক্ষ সার্টিফিকেট প্রাপ্তির আবেদন নামঞ্জুর করতে পারবে।

(৩) আবেদন নামঞ্জুরের ৬০(ষাট) দিনের মধ্যে আবেদনকারী উল্লিখিত শর্তসমূহ পূরণ করলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত পুন: বিবেচনা করতে পারবে।

**বিধি-৭। কিম্বারলি প্রসেস সার্টিফিকেট মেয়াদ।-** কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত কিম্বারলি প্রসেস সার্টিফিকেট মেয়াদ হবে ৬০ (ষাট) দিন।

**বিধি-৮। সার্টিফিকেট ফি।-** কর্তৃপক্ষ সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা সার্টিফিকেশন ফি নির্ধারণ করতে পারবে।

**বিধি-৯। আমদানিকারক বা রপ্তানিকারকের যোগ্যতা।-** কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অমসৃণ হীরা আমদানি বা রপ্তানি করতে পারবে না, যদি নাঃ

(ক) রেজিস্ট্রার, জয়েন্ট স্টক কোম্পানির অধীন নিবন্ধিত হয়;

(খ) বিনিয়োগ বোর্ড এর অধীন নিবন্ধিত হয়;

(গ) রপ্তানি উন্নয়ন ব্যুরোর তালিকাভুক্ত হয়;

(ঘ) মূল্য সংযোজন কর আইনের আওতায় মূসক নিবন্ধন ও আয়কর অধ্যাদেশের আওতায় ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বর (টিআইএন) সনদপত্র গ্রহণ করে।

**বিধি-১০। অমসৃণ হীরা আমদানি সংক্রান্ত বিধিন।-** (১) নিম্নবর্ণিত শর্তসমূহ পতিপালিত না হলে বাংলাদেশে অমসৃণ হীরা আমদানি করা যাবে না, যথাঃ

(ক) অমসৃণ হীরার সহিত কোন অংশগ্রহণকারীর রপ্তানি কর্তৃপক্ষের বৈধ সনদ থাকতে হবে;

(খ) অমসৃণ হীরা অবশ্যই জাল প্রতিরোধক মোড়কে থাকতে হবে এবং রপ্তানির ক্ষেত্রে ব্যবহৃত সিলগালা অংশগ্রহণকারী কর্তৃক কোন অবস্থাতেই ভাঙ্গা যাবে না;

(গ) সার্টিফিকেট দ্বারা চালানের পরিচিতি যেন সুস্পষ্ট বোঝা যায় উহা নিশ্চিত করতে হবে।

(২) মোড়ক এবং অন্যান্য সনদসমূহ যতশীঘ্র সম্ভব কর্তৃপক্ষের পরীক্ষা-নিরীক্ষার জন্য উপস্থাপন করতে হবে।

(৩) অমসৃণ হীরার সুষ্ঠ চলাচল এবং মূল্যের জন্য আমদানিকারক দায়ী থাকবেন।

(৪) মোড়কের ভিতরে রক্ষিত বস্তুর সহিত সংশ্লিষ্ট সার্টিফিকেটের মিল আছে কিনা উহা পরীক্ষা-নিরীক্ষা করার জন্য কর্তৃপক্ষ প্রয়োজনে মোড়ক উন্মোচন করতে পারবে।

(৫) কর্তৃপক্ষ বিলম্ব না করে পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করবে।

(৬) কর্তৃপক্ষ যদি মনে করে যে উপ-বিধি (১) এর শর্তসমূহঃ

(ক) প্রতিপালিত হয়েছে, তাহলে মূল সার্টিফিকেটে উহা সুনিশ্চিত করবে এবং আমদানিকারককে উহার একটি জাল প্রতিরোধ কপি প্রদান করবে এবং সার্টিফিকেট দাখিলের ১০(দশ) কার্যদিবসের মধ্যে সুনিশ্চিতকরণ পদ্ধতি সম্পন্ন হতে হবে।

(খ) প্রতিপালিত হয়নি, তাহলে চালান স্থগিত থাকবে।

(৭) কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে শর্তসমূহ প্রতিপালন না হওয়া অনিচ্ছাকৃত বা ইচ্ছাকৃত বা অন্য কোন কর্তৃপক্ষের সুষ্ঠু দায়িত্ব পালনের জন্য প্রতিপালন করা সম্ভব হয়নি, সেক্ষেত্রে কর্তৃপক্ষ শর্তসমূহ প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক চালান ছাড় করে উহা সুনিশ্চিত করবে।

**বিধি-১১। অমসৃণ হীরা আমদানি রপ্তানি পদ্ধতি।-** (১) অমসৃণ হীরা আমদানি বা রপ্তানির ক্ষেত্রে কর্তৃপক্ষ সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, সুনির্দিষ্ট আগমন পথ (Points of entry) এবং বহির্গমন (Points of exit) নির্ধারণ করতে পারবে।

(২) উপ-বিধি (১) এ নির্ধারিত পথ ব্যতীত অন্য কোনভাবে অমসৃণ হীরা আমদানি বা রপ্তানি করা হলে বৈধ দরিলাদি থাকা সত্ত্বেও উক্ত আমদানিকৃত বা রপ্তানিকৃত অমসৃণ হীরা সংশ্লিষ্ট আইন ও বিধির অধীন বাজেয়াপ্ত হবে।

(৩) জাল প্রতিরোধক মোড়কে অমসৃণ হীরা আমদানি রপ্তানি করতে হবে। খোলা অবস্থায় কোন অমসৃণ হীরা গৃহীত হবে না, বরং উহা অপরাধ বলে গণ্য হবে এবং উক্ত অমসৃণ হীরা সংশ্লিষ্ট আইন ও বিধির অধীন বাজেয়াপ্ত হবে।

(৪) আমদানি বা রপ্তানির ক্ষেত্রে অমসৃণ হীরার প্রত্যেক চালানের সজিত কিম্বারলি প্রসেস সার্টিফিকেট থাকতে হবে, অন্যথায় কর্তৃপক্ষ উক্ত চালান সংশ্লিষ্ট আইন ও বিধির অধীন বাজেয়াপ্ত করতে পারবে।

(৫) জাতীয় রাজস্ব বোর্ড সময়ে সময়ে আদেশ দ্বারা প্রয়োজনবোধে অমসৃণ হীরা আমদানি রপ্তানির বিষয়ে শুল্ক সংশ্লিষ্ট পদ্ধতি নির্ধারণ করতে পারবে।

**বিধি-১২। কম্পিউটার ডাটাবেজ গঠন ও রেকর্ড সংরক্ষণ।-** (১) অমসৃণ হীরা আমদানি-রপ্তানি সংক্রান্ত সকল তথ্য সংবলিত একটি কম্পিউটার ডাটাবেজ থাকবে। উক্ত ডাটাবেজ প্রধানত: কিম্বারলি প্রসেস সার্টিফিকেট সংক্রান্ত নিম্নবর্ণিত সকল তথ্যাদি সংরক্ষিত থাকবে, যথা:

(ক) আমদানিকারক এবং রপ্তানিকারক সম্পর্কিত সকল তথ্য;

(খ) আমদানিকারক এবং রপ্তানিকারকদের শাস্তি, জরিমানা ইত্যাদি সংক্রান্ত তথ্য:

(গ) কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যুর তারিখ, নবায়নের তারিখ, সার্টিফিকেটে উল্লিখিত সকল তথ্যাদি;

(ঘ) অমসৃণ হীরার শ্রেণীবিভাগ সম্পর্কিত তথ্য:

(ঙ) বিশ্বব্যাপী অমসৃণ হীরা ব্যবসার সাথে সংশ্লিষ্ট ব্যবসা প্রতিষ্ঠান ও ব্যক্তিগণের তালিকাসহ সকল তথ্য;

(চ) অমসৃণ হীরা আমদানি রপ্তানি সংক্রান্ত আনুষ্ঠানিক পরিসংখ্যান;

(ছ) অমসৃণ হীরা লেনদেন সংক্রান্ত সকল আর্থিক হিসাবের তথ্য; এবং

(জ) কিম্বারলি প্রসেস সার্টিফিকেটের নমুনা ফরম।

(২) অমসৃণ হীরা ব্যবসার সাথে জড়িত সকল আমদানিকারক ও রপ্তানিকারকগণ তাদের নিজেদের নাম-ঠিকানাসহ গ্রাহকদের নাম, লাইসেন্স নম্বর, আমদানিকৃত বা রপ্তানিকৃত অথবা ক্রীত বা বিক্রিত হীরার ওজন, মূল্য ইত্যাদি সংক্রান্ত যাতীয় দলিলাদি ও কাগজাদি বছরওয়ারী সংরক্ষণ করবে এবং বার্ষিক হিসাবসহ সকল লেনদেনের একটি প্রতিবেদন প্রতি বছর ৩০ শে জুনের মধ্যে কর্তৃপক্ষের নিকট দাখিল করবে।

**বিধি-১৩। ইংরেজি অনুদিত পাঠ প্রকাশ।-** এই বিধিমালা কার্যকর হওয়ার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করবে, যার এই বিধিমালার অনুমোদিত ইংরেজি পাঠ (Authentic English) নামে অভিহিত হবে:

তবে শর্ত থাকে যে বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে।

**তফসিল-১**

ফরম-ক

(প্রথম অংশ)

অমসৃণ হীরা আমদানির উদ্দেশ্যে

কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু করার জন্য আবেদনপত্র

(বিধি ৬ দ্রষ্টব্য)

**আবেদনপত্র**

প্রেরক: : ........................................

আবেদনকারীর নাম ও ঠিকানা : ........................................

প্রাপক: : ........................................

বরাবর,
কিম্বারলি প্রসেস সার্টিফিকেট (আমদানি/রপ্তানি) ইস্যু কর্তৃপক্ষ
বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো
.................. ঢাকা।

মহোদয়,

বাংলাদেশ অমসৃণ হীরা আমদানির উদ্দেশ্যে কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করা হলো, যথা:

| | |
|---|---|
| শহর ও দেশের নাম/যে শহর দেশ হতে অমসৃণ হীরা আমদানি করা হয়েছে উহার নাম | : |
| আমদানিকারকের নাম ও ঠিকানা | : |
| বিল অব এন্ট্রির নম্বরও তারিখ (কপি সংযুক্ত) | : |
| এইচএস কোড নম্বর | : |
| পার্সেলের নম্বর | : |
| ক্যারেটের ওজন ও পরিমাণ/ম্যাস (Mass)/মোহস (Mohs): | |
| মার্কিন ডলার অনুসারে আমদানিতব্য পণ্যের (অমসৃণ হীরা) মূল্যমান | : |
| উৎপাদক দেশের (Country of origin) নাম | : |

**ঘোষণা**

আমি নিম্নস্বাক্ষরকারী এমর্মে ঘোষণা করছি যে, উপরে যে সকল হীরা ইনভয়েসের মাধ্যমে আমদানি করা হবে সেগুলো বৈধভাবে ও বৈধ উৎস হতে ক্রয় করা হয়েছে এবং হীরাগুলো জাতিসঙ্ঘের সাধারণ পরিষদের রেজ্যুলিউশন অনুসারে বৈধ সরকারকে উৎখাত বা অমর্যাদাকর পরিস্থিতিতে ফেলার উদ্দেশে বিদ্রোহী সংগঠনকে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যবহৃত বিরোধপূর্ণ হীরা নয়। আমি (ক্রেতা) এমর্মে ঘোষণাপূর্বক আরো নিশ্চয়তা প্রদান করছি যে,

আমার বিশ্বাস ও ব্যক্তিগত জানামতে এবং সরবরাহকারী কর্তৃক প্রদত্ত কাগজপত্র অনুসারে এই হীরাগুলো বিরোধপূর্ণ হীরা নয়।

আবেদনকারীর স্বাক্ষরঃ ......................
নাম :......................
সিল : .....................

**<u>সংযুক্তি:</u>**

(ক) রেজিস্টার, জয়েন্ট স্টক কোম্পানির অধীন নিবন্ধনের সত্যায়িত অনুলিপি;
(খ) বিনিয়োগ বোর্ড -এর অধীন নিবন্ধনের সত্যায়িত অনুলিপি;
(গ) রপ্তানি উন্নয়ন ব্যুরোর তালিকাভুক্তির সত্যায়িত অনুলিপি;
(ঘ) বাংলাদেশ জুয়েলারি ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন কর্তৃক প্রত্যয়নকৃত সনদের সত্যায়িত অনুলিপি;
(ঙ) মূল্য সংযোজন কর আইনের আওতায় মূসক নিবন্ধনের সত্যায়িত অনুলিপি ও আয়কর অধ্যাদেশের আওতায় ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বরের (টিআইএন) সনদপত্রের সত্যায়িত অনুলিপি গ্রহণ করে;
(চ) কিম্বারলি প্রসেস সার্টিফিকেটের পরিচ্ছন্ন কপি;
(ছ) উপর্যুক্ত কর্তৃপক্ষ যথাযথভাবে স্বাক্ষরিত ইনভয়েসের কপি; এবং
(জ) বিমানে অমসৃণ হীরা আমদানি বিলের কপি।

---

## ফরম-খ

(দ্বিতীয় অংশ)
বাংলাদেশ হতে অমসৃণ হীরা রপ্তানির উদ্দেশ্যে
কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু করার জন্য আবেদনপত্র
(বিধি ৬ দ্রষ্টব্য)

### আবেদনপত্র

প্রেরক: : .........................................
আবেদনকারীর নাম ও ঠিকানা : .........................................
প্রাপক: : .........................................
বরাবর,
কিম্বারলি প্রসেস সার্টিফিকেট (আমদানি/রপ্তানি) ইস্যু কর্তৃপক্ষ
বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো
.................. ঢাকা।

মহোদয়,

বাংলাদেশ হতে অমসৃণ হীরা রপ্তানির উদ্দেশ্যে কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদান করা হলো, যথাঃ

| | |
|---|---|
| শহর ও দেশের নাম/যে শহর দেশ হতে অমসৃণ হীরা রপ্তানি করা হবে সে দেশের নাম | : |
| রপ্তানিকারকের নাম ও ঠিকানা | : |
| ইনভয়েস নম্বর ও তারিখ (কপি সংযুক্ত) | : |
| এইচএস কোড নম্বর | : |
| পার্সেলের নম্বর | : |
| ক্যারেটের ওজন ও পরিমাণ/ম্যাস (Mass)/মোহস (Mohs) | : |
| মার্কিন ডলার অনুসারে রপ্তানিতব্য পণ্যের (অমসৃণ হীরা) মূল্যমান | : |
| উৎপাদক দেশের (Country of origin) নাম | : |

## ঘোষণা

আমি নিম্নস্বাক্ষরকারী এমর্মে ঘোষণা করছি যে, উপরে যে সকল হীরা ইনভয়েসের মাধ্যমে রপ্তানি করা হবে সেগুলো বৈধভাবে ও বৈধ উৎস হতে ক্রয় করা হয়েছে এবং হীরাগুলো জাতিসঙ্ঘের সাধারণ পরিষদের রেজ্যুলিউশন অনুসারে বৈধ সরকারকে উৎখাত বা অমর্যাদাকর পরিস্থিতিতে ফেলার উদ্দেশে বিদ্রোহী সংগঠনকে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যবহৃত বিরোধপূর্ণ হীরা নয়। আমি (বিক্রেতা) এমর্মে ঘোষণাপূর্বক আরো নিশ্চয়তা প্রদান করছি যে, আমার বিশ্বাস ও ব্যক্তিগত জানামতে এবং সরবরাহকারী কর্তৃক প্রদত্ত কাগজপত্র অনুসারে এই হীরাগুলো বিরোধপূর্ণ হীরা নয়।

আবেদনকারীর স্বাক্ষরঃ ......................
নাম :......................
সিল : ......................

**<u>সংযুক্তিঃ</u>**

(ক) রেজিস্টার, জয়েন্ট স্টক কোম্পানির অধীন নিবন্ধনের সত্যায়িত অনুলিপি;
(খ) বিনিয়োগ বোর্ড -এর অধীন নিবন্ধনের সত্যায়িত অনুলিপি;
(গ) রপ্তানি উন্নয়ন ব্যুরোর তালিকাভুক্তির সত্যায়িত অনুলিপি;
(ঘ) বাংলাদেশ জুয়েলারি ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টারস এসোসিয়েশন কর্তৃক প্রত্যয়নকৃত সনদের সত্যায়িত অনুলিপি;
(ঙ) মূল্য সংযোজন কর আইনের আওতায় মূসক নিবন্ধনের সত্যায়িত অনুলিপি ও আয়কর অধ্যাদেশের আওতায় ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বরের (টিআইএন) সনদপত্রের সত্যায়িত অনুলিপি গ্রহণ করে;
(চ) কিম্বারলি প্রসেস সার্টিফিকেটের পরিচ্ছন্ন কপি;
(ছ) উপর্যুক্ত কর্তৃপক্ষ যথাযথভাবে স্বাক্ষরিত ইনভয়েসের কপি; এবং

**তফসিল-২**

ফরম-খ

(প্রথম অংশ)

অমসৃণ হীরা আমদানির উদ্দেশ্যে কিম্বারলি প্রসেস সার্টিফিকেট

(বিধি ৬ দ্রষ্টব্য)

কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু কর্তৃপক্ষ (বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত/রেজিস্ট্রিকৃত কিম্বারলি প্রসেস সার্টিফিকেট**

সার্টিফিকেট নং-.......................... । তারিখঃ .........................

কিম্বারলি প্রসেস সার্টিফিকেশন স্কিম এর অমসৃণ হীরা সংক্রান্ত বিধান অনুসারে নিম্নবর্ণিত অমসৃণ হীরা পরিবহন (আমদানি) (Shipment) করা হয়েছে, যথাঃ

| | |
|---|---|
| রপ্তানিকারকের নাম ও ঠিকানা | : |
| আমদানিকারকের নাম ও ঠিকানা | : |
| এইচএস কোড নম্বর | : |
| ক্যারেটের ওজন ও পরিমাণ | : |
| মার্কিন ডলার অনুসারে রপ্তানিকৃত পণ্যের/হীরার মূল্যমান | : |
| পার্সেলের নম্বর | : |
| ইনভয়েস নম্বর ও তারিখ | : |
| উৎপাদক দেশের (Country of origin) নাম | : |
| ইস্যুর তারিখ | : |
| মেয়াদ উত্তীর্ণের তারিখ | : |
| আইএন নং | : |

২। এই সার্টিফিকেটের বৈধতা ..................... তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু কর্তৃপক্ষ
(বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো) এর পক্ষে

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
নাম :.........................................
ঠিকানা :.........................................
সিল :.........................................

**ফরম-খ**

(দ্বিতীয় অংশ)

অমসৃণ হীরা আমদানির উদ্দেশ্যে কিম্বারলি প্রসেস সার্টিফিকেট

(বিধি ৬ দ্রষ্টব্য)

কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু কর্তৃপক্ষ

(বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো)

(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত/রেজিস্ট্রিকৃত)

**কিম্বারলি প্রসেস সার্টিফিকেট**

সার্টিফিকেট নং-......................... । তারিখঃ ........................

এতদ্বারা সত্যতা যাচাইপূর্বক প্রত্যয়ন প্রদান করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত অমসৃণ হীরা রপ্তানির উদ্দেশ্যে ............... দেশ হতে আমদানি করা হয়েছে এবং উক্ত আমদানিকৃত অমসৃণ হীরা কিম্বারলি প্রসেস সার্টিফিকেশন স্কিম এবং বিধান অনুসারে পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে, যথা:

| | |
|---|---|
| রপ্তানিতব্য অমসৃণ হীরার ক্যারেটের ওজন ও পরিমাণ | : |
| মার্কিন ডলার অনুসারে আমদানিতব্য পণ্যের (রপ্তানিতব্য অমসৃণ হীরার) মূল্যমান | : |
| ইনভয়েস নম্বর | : |
| ইনভয়েস তারিখ | : |

২। এই সার্টিফিকেটের বৈধতা .................... তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যু কর্তৃপক্ষ
(বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো)
এর পক্ষে

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর
নাম :.........................................
ঠিকানা :.........................................
সিল :.........................................

## তফসিল-২

(বিধি ২(ড) দ্রষ্টব্য)

কিম্বারলি প্রসেস সার্টিফিকেশন স্কিমের আওতাভুক্ত অংশগ্রহণকারী দেশের তালিকা

| ক্রমিক নং | দেশের নাম | ক্রমিক নং | দেশের নাম |
|---|---|---|---|
| ১ | আলজেরিয়া | ২৭ | লেসোথো |
| ২ | এ্যাংগোলা | ২৮ | মালয়েশিয়া |
| ৩ | আরমেনিয়া | ২৯ | মাল্টা |
| ৪ | অস্ট্রেলিয়া | ৩০ | মৌরিটাস |
| ৫ | বেলেরুশ | ৩১ | মেক্সিকো |
| ৬ | বটসোয়ানা | ৩২ | নামিবিয়া |
| ৭ | ব্রাজিল | ৩৩ | উত্তর কোরিয়া |
| ৮ | বারকিনা ফাসো | ৩৪ | নরওয়ে |
| ৯ | কানাডা | ৩৫ | ফিলিপাইন |
| ১০ | কেন্দ্রিয় আফ্রিকান প্রজাতন্ত্র | ৩৬ | কঙ্গো প্রজাতন্ত্র |
| ১১ | চীন | ৩৭ | রাশিয়া |
| ১২ | সাইপ্রাস | ৩৮ | সিয়েরা লিওন |
| ১৩ | চেক প্রজাতন্ত্র | ৩৯ | দক্ষিণ আফ্রিকা |
| ১৪ | ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গো | ৪০ | দক্ষিণ কোরিয়া |
| ১৫ | ইউরোপিয়ান ইউনিয়ন | ৪১ | সুইজারল্যান্ড |
| ১৬ | গ্যাবন | ৪২ | তানজানিয়া |
| ১৭ | ঘানা | ৪৩ | থাইল্যান্ড |
| ১৮ | গিনি | ৪৪ | তাইওয়ান, পেনগু, কিনসম্যান ও মাট সুর পৃথক শল্ক এলাকা |
| ১৯ | গায়েনা | ৪৫ | টোগো |
| ২০ | হাঙ্গেরী | ৪৬ | ইউক্রেন |
| ২১ | ইন্ডিয়া | ৪৭ | সংযুক্ত আরব আমিরাত |
| ২২ | ইসরাইল | ৪৮ | মার্কিন যুক্তরাষ্ট্র |
| ২৩ | আইভরি কোস্ট | ৪৯ | ভেনিজুয়েলা |
| ২৪ | জাপান | ৫০ | ভিয়েতনাম |
| ২৫ | লাওস | ৫১ | জিম্বাবুয়ে |
| ২৬ | লেবানন | | |

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

**(শুল্ক)**

## প্রজ্ঞাপন

তারিখ: ১৬ নভেম্বর, ২০০৬

**১৭৬/কাস/২০০৬।** The Customs Act, 1969 (Act IV of 1969) এর section 10 ও 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড চাপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলাধীন নিম্ন চৌহদ্দি ও তফশিলে বর্ণিত জায়গাকে (১৮.০৩ একর) নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে যথাক্রমে অবতরণ স্থল (landing Place) এবং ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসাবে ঘোষণা করিল, যথা:

## চৌহদ্দি

উত্তরে : নাল জমি

দক্ষিণ : বালিয়া দিঘী

পূর্বে : বি/ডি আর ক্যাম্প রোড

পশ্চিমে : কাস্টমস্ হাউস ও সোনামসজিদ চাঁপাইনবাবগঞ্জ সড়ক।

## তফসিল

| ক্রমিক নং | মৌজার নাম | এস, এ দাগ নং | আংশিক দাগ নং | পূর্ণ দাগ নং |
|---|---|---|---|---|
| [১] | [২] | [৩] | [৪] | [৫] |
| ০১। | উত্তর হরিরামপুর | ৮, ১৪, ২৫, ৪১, ২৮ = মোট ৫টি | যথাক্রমে ০.৫০ একর ০.১০ একর ২.০৪ একর ১.৩৫ একর ও ০.২৬ একর | |
| | | ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৬ ও ২৭ = মোট ১২টি | | যথাক্রমে ০.৪৮, ০.১৯, ০.০৫, ০.১০, ০.১২, ০.০৬, ০.০৪, ০.০৫, ০.০২, ০.০৬, ০.৫৩ ও ০.৪১ একর |
| ০২। | চাপুড় | ৬,১৫, ১৮ | যথাক্রমে ১.৫৫ একর ০.৫৪ একর ০.৫৫ একর | |
| | | ১৭, ৭, ৮, ১২, ১৩, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪ ও ২৫ | | যথাক্রমে ০.১৮, ১.৫৫, ০.১৭, ১.০৫, ০.৬২, ০.৫৪, ০.৯৯, ০.৯৯, ০.৭৪, ০.৬৯, ০.৪৫ ও ১.০৬ একর |

**শর্তাবলি:**

০১। বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ এবং মেসার্স পানামা সোনামসজিদ পোর্ট লিংক লিমিটেড (প্রাইভেট পোর্ট অপারেটর) এর মধ্যে সম্পাদিত Concession Agreement (CA) এর সিডিউল ১-এ বর্ণিত ফ্যাসিলিটিসহ (২৬টি) চুক্তিতে বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে প্রাইভেট পোর্ট অপারেটরকে সুসম্পন্ন করে বন্দরে পূর্ণাঙ্গ অবকাঠামো গড়ে তুলতে হবে;

০২। বন্দরের অভ্যন্তরে (সোনামসজিদ বন্দরে) একটি বিদ্যুৎ সাব-স্টেশন ও ন্যূনতম ৫০ মে. টন ক্ষমতাসম্পন্ন আরো একটি Weigh Bridge আগামী ১ বছরের মধ্যে স্থাপন করতে হবে;

০৩। Concession Agreement (CA) এর আর্টিক্যাল ৬.১(ডি) অনুযায়ী পোর্ট অপারেটর (পানামা-সোনামসজিদ পোর্ট লিংক লিমিটেড) কে Commercial Operations এর তারিখ হতে ১০ (দশ) বছর সময়ের মধ্যে বিদ্যমান Structure এর স্থলে নতুন Structure সৃষ্টি করতে হবে;

০৪। পোর্ট অপারেটরের Custody তে থাকা মালামালের আইনানুগ নিষ্পত্তি বা খালাস না হওয়া পর্যন্ত মালামালের নিরাপত্তা বিধানের পূর্ণ দায়িত্ব প্রাইভেট পোর্ট অপারেটরকে পালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(মোহাম্মদ আবু ইউসুফ)
দ্বিতীয় সচিব
(শুল্ক-আন্তঃবাণিজ্য চুক্তি)।

***উৎস:*** *শুল্ক প্রজ্ঞাপনসমূহের সংকলন, ২০০৭, ভলিউম-১; পৃ.৫২-৫৩।*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(শুল্ক)

**প্রজ্ঞাপন**

তারিখ: ৬ই সেপ্টেম্বর, ২০০৭ খ্রি:/২২শে ভাদ্র, ১৪১৪ বঙ্গাব্দ।

**এসআরও-১৯৯/২০০৭/শুল্ক।-** The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড BEPZA Act, 1980 এর Section- ৭(এফ) মোতাবেক এক্সপোর্ট প্রসেসিং জোন-এ বিনিয়োগকারীগণ কর্তৃক শুল্কমুক্তভাবে আমদানিযোগ্য other goods এর তালিকা প্রণয়ন করতঃ নিম্নে বর্ণিত শর্তাধীনে নিম্নে উল্লিখিত TABLE-এ সন্নিবেশিত করিল:

শর্ত

(ক) বেপজা কর্তৃক সম্পাদিত Need Assessment এর ভিত্তিতে বছরের শুরুতে প্রতিটি প্রতিষ্ঠানের জন্য other goods এর বার্ষিক প্রাপ্যতা নির্ধারিত হইতে হইবে;

(খ) উক্ত other goods এর তালিকা বছরে অন্যূন একবার রিভিউ করিতে হইবে।

**TABLE**

| Sl.No. | Description of other goods |
|---|---|
| **(1)** | **(2)** |
| 1. | Machinery Oil (all types) |
| 2. | Spare Parts |
| 3. | Fan excluding domestic types |
| 4. | Safety Hand Gloves/Rubber Gloves |
| 5. | Freezer/Refrigerator (Industrial Type-Compressor requiring more than 100.000BTU) |
| 6. | Electric Cable (Heavy Duty 440 Volt or above)- Building Material |
| 7. | Tyre & Tube for Vehicles/Forklift to be used within the EPZ premises |
| 8. | Safety Working Shoes/Rubber Boot |
| 9. | Hand tools and their parts & components |
| 10. | Air conditioners (industrial Type-Compressor requiring more than 1,00,000 BTU/HR and above) and related spare parts. |
| 11. | Lamps (UV, fluorescent, Sodium, Mercury, Halogen etc.) |
| 12. | Exhaust Fan |
| 13. | Washing Machine (Industrial Type) |
| 14. | Dryer (Industrial type) |
| 15. | Heater (Industrial type) |
| 16. | Measuring or testing device and their parts & components |
| 17. | Office Equipment (Fax Machine, Photocopiers, Computers and peripherals, Typewriter etc) |
| 18. | Telephone, PABX Systems, Switch etc. |
| 19. | Refrigerator for canteen |
| 20. | Microwave Oven for canteen |
| 21. | Foodstuff for foreign employees not available in Bangladesh |
| 22. | Wireless Sets (Walkie Talkie) |
| 23. | Basic medical equipment (Stethoscope, BP checking machine, Oxygen cans etc. |
| 24. | Hospital furniture |
| 25. | Ambulance |
| 26. | Security Appliances (CCTV, smoke detectors, fire alarm & extinguishers etc.) |
| 27. | All kinds of office furniture |
| 28. | Underlay paper, marker paper & pattern paper. |
| 29. | LT. switch gear Busbar trunking system, PFI plant, IPS, UPS |

| | |
|---|---|
| 30. | Projection screen, multi media projector, video conference camera, safety vault & floor |
| 31. | Industrial type floor cleaning machine (excepting vacuum cleaner) |
| 32. | Service lift |
| 33. | Fork lift, stackers |
| 34. | Gas generator |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(ডঃ রশিদ-উল-আহসান চৌধুরী)
সদস্য (শুল্ক)

***উৎস:*** *মূল কপি।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
(শুল্ক)
**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬/০৬/২০০৮ইং

**এসআরও-১৮১-আইন/২০০৮/২২০৯/শুল্ক।—** Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 13 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং Section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান, তদারকি এবং অন্যান্য আনুষঙ্গিক কার্যাবলি নির্ধারণের লক্ষ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—** এই বিধিমালা **বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮** নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই, ২০০৮ইং তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ Customs Act, 1969 (Act No. IV of 1969);

(খ) "লাইসেন্স" অর্থ আইনের Section 13 এর আওতায় কোনো শিল্প প্রতিষ্ঠানকে প্রদত্ত বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স;

(গ) "শিল্প প্রতিষ্ঠান" অর্থ দেশীয় অথবা আমদানিকৃত কাঁচামাল ব্যবহার করিয়া উৎপাদন প্রক্রিয়ার মাধ্যমে দেশীয় ভোগের জন্য অথবা রপ্তানির জন্য পণ্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান;

(ঘ) "সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান" অর্থ এমন কোনো শিল্প প্রতিষ্ঠান যাহা তদকর্তৃক প্রস্তুতকৃত বা উৎপাদিত সকল পণ্য বিদেশে রপ্তানি করে;

(ঙ) "প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান" অর্থ বৈদেশিক মুদ্রায় স্থাপিত বি.বি.এল.সি. এর বিপরীতে পশ্চাদসংযোগ শিল্প হিসাবে শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানে সরবরাহতব্য আনুষঙ্গিক দ্রব্যাদি উৎপাদন ও সরবরাহকারী শিল্প প্রতিষ্ঠান;

(চ) "ফরম" অর্থ এই বিধিমালার ফরম;

(ছ) "বোর্ড" অর্থ National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর অধীনে গঠিত National Board of Revenue;

(জ) "লাইসেন্সিং কর্তৃপক্ষ" অর্থ বিধি-৩ এ উল্লিখিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(ঝ) "লাইসেন্সি" অর্থ এই বিধিমালার অধীন বন্ড লাইসেন্সপ্রাপ্ত কোনো ব্যক্তি, কোম্পানি বা প্রতিষ্ঠান;

(ঞ) "ব্যক্তি" অর্থ প্রতিষ্ঠানের মালিক, ব্যবস্থাপনা অংশীদার, পরিচালক বা ব্যবস্থাপনা পরিচালক বা চেয়ারম্যান;

(ট) "জেনারেল বন্ড" অর্থ আইনের Section 86(3) এর বিধান মোতাবেক লাইসেন্সী কর্তৃক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহিত সম্পাদিত ডিউটি বন্ড ও রিস্ক বন্ডের সমন্বয়ে একটি সাধারণ বন্ড যাহা লাইসেন্সি কর্তৃক বন্ডের আওতায় আমদানিকৃত পণ্য খালাস, অনুমোদিত বন্ড গুদামে সংরক্ষণ ও ব্যবহারের জন্য নির্দেশিত অংকের অর্থ পরিশোধের নিশ্চয়তা প্রদান করিয়া থাকে;

(ঠ) "ডিপ্লোমেটিক বন্ড" অর্থ কূটনীতিক অথবা বিশেষ সুবিধাভোগী (Privileged Person) বিদেশি নাগরিকদের নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

(ড) "ডিউটি ফ্রি বন্ড" অর্থ বিদেশগামী বা বিদেশ হইতে আগত কোনো যাত্রীর নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

(ঢ) "ডিউটি পেইড বন্ড" অর্থ বাংলাদেশে আগত বা অবস্থানরত বিদেশি নাগরিকদের নিকট বন্ড সুবিধার আওতায় আমদানিকৃত পণ্য বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়কারী প্রতিষ্ঠান;

(ণ) "লিয়েন ব্যাংক" অর্থ লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ব্যাংক যাহার মাধ্যমে লাইসেন্সি যাবতীয় আমদানি, রপ্তানি ও ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করিয়া থাকে।

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।—** লাইসেন্সিং কর্তৃপক্ষ হইবে আইনের Section 13 এর অধীন ক্ষমতাপ্রাপ্ত কোনো শুল্ক কমিশনার (বন্ড) বা যে কোনো শুল্ক কমিশনার।

৪। **প্রয়োগ।—** এই বিধিমালার অধীন নিম্নবর্ণিত প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান অথবা, প্রযোজ্য ক্ষেত্রে, বন্ড রেজিস্ট্রেশন করা যাইবে, যথাঃ-

(ক) সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(খ) প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

(গ) ডিপ্লোমেটিক, ডিউটি ফ্রি, ডিউটি পেইড প্রতিষ্ঠান;

(ঘ) সরকারি ও বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে (ইপিজেড) অবস্থিত শতভাগ প্রচ্ছন্ন ও সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান;

*(ঙ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর–

(অ) দফা (ক) তে উল্লিখিত রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা এবং দফা (খ) তে উল্লিখিত অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিট, এবং

(অ) দফা (ক) তে উল্লিখিত বাণিজ্যিক এলাকায় স্থাপিত ওয়্যারহাউস বা সেবা সরবরাহকারী শিল্প ইউনিট, যাহারা বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য বা সেবা অর্থনৈতিক অঞ্চলের রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা বা অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিটে প্রক্রিয়াকরণার্থে বৈদেশিক মুদ্রায় সরবরাহ করে বা দেশের বাহিরে বৈদেশিক মুদ্রায় রপ্তানি করে; এবং

(চ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে স্থাপিত শিল্প ইউনিট।";

** এস, আর, ও নং-২০৩-আইন/২০১৭/৪৮/কাস্টমস তারিখ: ২০/৬/২০১৭*

**৫। লাইসেন্সের জন্য আবেদন।—** লাইসেন্স প্রাপ্তির জন্য কোনো ব্যক্তি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট "পরিশিষ্ট-১" ফরম পূরণপূর্বক এবং "পরিশিষ্ট-২" এ উল্লিখিত দলিলাদি লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক সংযুক্ত করিয়া যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন করিতে পারিবে।

**৬। লাইসেন্স প্রদান।—**

(১) বিধি ৫ অনুযায়ী লাইসেন্সের জন্য আবেদন করা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, আবেদনকারী লাইসেন্সের জন্য নির্ধারিত শর্তাবলি পূরণ করিয়াছেন, তাহা হইলে লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদনকারীর নিকট হইতে উপ-বিধি (২) এ উল্লিখিত ফি আদায় করিয়া ৩০(ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে "পরিশিষ্ট-৩" ফরমে লাইসেন্স প্রদান করিবে।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গ্রহণের পর আবেদনকারী লাইসেন্স ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ট্রেজারি চালানের মাধ্যমে একাউন্ট কোড নং-১১৩১/০০০০/০৪২১* তে জমা প্রদান করিয়া ট্রেজারি চালানের মূল কপি ও স্বাক্ষরিত জেনারেল বন্ডসহ সংশ্লিষ্ট কমিশনারের দপ্তরে দাখিল করিবে।

**৭। লাইসেন্সের মেয়াদ।—**

[১][(ক) লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ২(দুই) বছর; এবং

(খ) লাইসেন্সিকে প্রতি বছর তদসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট সম্পন্ন করিতে হইবে।

**৮। লাইসেন্স নবায়ন।-** লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণ হইবার ৩০(ত্রিশ) দিন পূর্বে লাইসেন্স নবায়ন ফি বাবদ বার্ষিক ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হারে ২(দুই) বছরের নবায়ন ফি ট্রেজারি চালানের মাধ্যমে সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করিয়া প্রয়োজনীয় দলিলাদি সংশ্লিষ্ট এসোসিয়েশনে জমা প্রদান করিলে লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে পরবর্তী মেয়াদের জন্য নবায়িত হইবে এবং সংশ্লিষ্ট এসোসিয়েশন উক্ত নবায়ন সংক্রান্ত তথ্য নবায়নের তারিখ হইতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে কমিশনার (বন্ড) বা সংশ্লিষ্ট কমিশনার বরাবরে প্রেরণ করিবে।]

**৯। লাইসেন্স স্থগিতকরণ বা বাতিলকরণ।—** [২][লাইসেন্স নবায়ন সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট এ্যাসোসিয়েসন হইতে লাইসেন্স এর মেয়াদ উত্তীর্ণের ৩০(ত্রিশ) দিনের মধ্যে কমিশনার (বন্ড) বা সংশ্লিষ্ট কমিশনারের দপ্তরে প্রেরণ না করিলে] অথবা নিরীক্ষার উদ্দেশ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিল না করিলে অথবা আইন বা এই বিধিমালা বা লাইসেন্সের কোনো শর্ত ভঙ্গ করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স স্থগিত (Suspend) করিতে পরিবেন এবং লাইসেন্সিকে যুক্তিসঙ্গত কারণ দর্শানোর সুযোগ প্রদান করিয়া আইনের Section 13(2) এর বিধান মোতাবেক লাইসেন্স বাতিল করিতে পরিবেন।

**১০। লাইসেন্স অধিক্ষেত্র।—** আইনের Section 11 অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রজ্ঞাপিত এলাকাসমূহ লাইসেন্স প্রদানের অধিক্ষেত্র হিসাবে বিবেচিত হইবে।

**১১। আর্থিক স্বচ্ছলতা।—**

(১) লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আবেদনকারী ব্যক্তির জেনারেল বন্ড সম্পাদনের মতো প্রয়োজনীয় আর্থিক স্বচ্ছলতা থাকিতে হইবে। আবেদনকারী লাইসেন্সের জন্য আবেদনপত্রের

---

* বর্তমানে সংশোধিত কোড: ১/১১৩৬/০০০৫/১৮৫৪ (ঢাকা বন্ড), ১/১১৩৬/০০১০/১৮৬৪ (চট্টগ্রাম বন্ড)

[১] এসআরও ১৬২-আইন/২০১১/২৩৪৯/কাস্টমস, তারিখ: ৯/৬/২০১১

[২] এসআরও ১৬২-আইন/২০১১/২৩৪৯/কাস্টমস, তারিখ: ৯/৬/২০১১

সহিত আর্থিক স্বচ্ছলতার প্রমাণ হিসাবে লিয়েন ব্যাংক কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র দাখিল করিবে, যাহাতে ব্যাংক এই মর্মে প্রত্যয়ন করিবে যে, আবেদনকারীর জেনারেল বন্ড সম্পাদনের মত আর্থিক স্বচ্ছলতা রহিয়াছে।

(২) মালিকানা পরিবর্তন বা শেয়ার হস্তান্তরের ক্ষেত্রে উপ-বিধি (১) এর বিধান প্রযোজ্য হইবে।

১২। **জেনারেল বন্ড।—** জেনারেল বন্ড সম্পাদন এবং লাইসেন্স প্রাপ্তির পর লাইসেন্সি শুল্ক-কর পরিশোধ ব্যতিরেকে কাঁচামাল আমদানি, গুদামজাতকরণ, ব্যবহার ও রপ্তানি করিতে পারিবেন এবং এই ক্ষেত্রে জেনারেল বন্ডের পরিমাণ নিম্নরূপ নিরূপিত হইবে, যথা:-

(ক) প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য এক কোটি টাকার জেনারেল বন্ড;

(খ) যুগপৎ প্রচ্ছন্ন এবং সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য দুই কোটি টাকার জেনারেল বন্ড;

(গ) সরাসরি রপ্তানিকারক প্রতিষ্ঠানের জন্য তিন কোটি টাকার জেনারেল বন্ড; এবং

(ঘ) ডিপ্লোমেটিক, ডিউটি ফ্রি এবং ডিউটি পেইড প্রতিষ্ঠানের জন্য ৩(তিন) কোটি টাকার জেনারেল বন্ড:

তবে শর্ত থাকে যে, লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রয়োজনবোধে আমদানি রপ্তানির ব্যাপকতা বিবেচনা করিয়া জেনারেল বন্ডের পরিমাণ বৃদ্ধি করিতে পারিবেন।

১৩। **বন্ডিং মেয়াদ।—** আইনের Section 98 এর বিধান মোতাবেক বন্ডিং মেয়াদ নির্ধারিত হইবে।

১৪। **আমদানি প্রাপ্যতা ও এককালীন বন্ডিং ক্যাপাসিটি।—** এতদসংক্রান্ত বিদ্যমান বিধানাবলি আমদানি প্রাপ্যতা ও এককালীন বন্ডিং ক্যাপাসিটির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

১৫। **পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন অথবা বিয়োজন।—** লাইসেন্সি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিয়া লাইসেন্সে উল্লিখিত যে কোনো তথ্যের পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন বা বিয়োজন করিতে পারিবে।

১৬। **আপিল।—** লাইসেন্সিং কর্তৃপক্ষের যে কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি সিদ্ধান্ত প্রদানের ৯০(নব্বই) কার্যদিবসের মধ্যে আপিলাত ট্রাইব্যুনালে আপিল দায়ের করিতে পারিবেন।

১৭। **বাধ্যবাধকতা।—** লাইসেন্সি-

(ক) আইনের বিধানাবলি ও লাইসেন্সে বর্ণিত শর্তাবলি অনুসরণ করিতে বাধ্য থাকিবেন;

(খ) লাইসেন্সি জাতীয় রাজস্ব বোর্ড অথবা লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সময় সময়, জারিকৃত আদেশ নির্দেশ প্রতিপালনে বাধ্য থাকিবেন;

(গ) ইস্যুকৃত লাইসেন্স হস্তান্তর করিতে পারিবেন না।

**১৮। আদেশ জারি।—** এই বিধিমালা কার্যকর করার লক্ষ্যে কর্মপদ্ধতি নির্ধারণকল্পে লাইসেন্সিং কর্তৃপক্ষ অফিস আদেশ জারি করিতে পারিবেন।

**১৯। অন্যান্য প্রজ্ঞাপন ও বিধির প্রয়োগ।—** বন্ড সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত অন্যান্য প্রজ্ঞাপন ও বিধিমালা এই বিধিমালার পরিপূরক হিসাবে গণ্য হইবে।

**২০। সীমাবদ্ধতা।-** জাতীয় রাজস্ব বোর্ড আইনের Section 13(2) এর বিধান মোতাবেক বন্ড লাইসেন্স সংক্রান্ত বিষয়ে শর্ত, সীমাবদ্ধতা বা বিধিনিষেধ আরোপ করিতে পারিবেন।

**পরিশিষ্ট-০১**

# বন্ড লাইসেন্স আবেদনপত্র

## অধ্যায়-এঃ ম্যানুফ্যাকচারিং ইউনিট এবং কর্পোরেট অফিস সংক্রান্ত তথ্য

১. তারিখঃ   /   /      আবেদন নম্বর (শুধুমাত্র অফিসের ব্যবহারের জন্য)

২. আবেদনকারীগণের ছবিঃ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ছবি | ছবি | ছবি | ছবি | ছবি | ছবি |

৩. ম্যানুফ্যাকচারিং ইউনিটের নামঃ

৪. শিল্প প্রতিষ্ঠানের ঠিকানাঃ

ফোন নম্বরঃ

ফ্যাক্স নম্বরঃ

ই-মেইলঃ

৫. কর্পোরেড হেড অফিসের ঠিকানাঃ

ফোন নম্বরঃ

ফ্যাক্স নম্বরঃ

ই-মেইলঃ

৬. ব্যবসায়িক অঙ্গন

৬এ. ☐ ভাড়া ☐ নিজস্ব চুক্তি নম্বর তারিখ / /

৬বি. একই অঙ্গনে পূর্বে কোনো বন্ডেড প্রতিষ্ঠান ছিল কিনা ☐ হ্যাঁ ☐ না

যদি হ্যাঁ হয়

প্রতিষ্ঠানের নামঃ

৬সি. প্রধান উৎপাদিত পণ্য

* ৬ ডি. বন্ডের ধরনঃ

| | | |
|---|---|---|
| সরাসরি রপ্তানিমুখী বন্ড | প্রচ্ছন্ন রপ্তানিমুখী বন্ড | যুগপৎ প্রচ্ছন্ন এবং সরাসরি রপ্তানিমুখী বন্ড। |
| সুপারভাইজড বন্ড | হোম-কনজাম্পশন বন্ড | প্রিভিলেজড বন্ড (ডিপ্লোমেটিক/ ডিউটি ফ্রি/ ডিউটি পেইড)। |
| এক্সপোর্ট প্রোসেসিং জোন | হাই-টেক পার্ক শিল্প ইউনিট | অর্থনৈতিক অঞ্চলের রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা এবং অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিট। |

*এস, আর, ও নং- ২০৩-আইন/২০১৭/৪৮/ কাস্টমস তাং ২০/০৬/১৭

| | | | |
|---|---|---|---|
| ৭. টিআইএন | | তারিখ | / / |
| ৮. বোর্ড অব ইনভেস্টমেন্ট/ বিএসসি আইসি রেজি: নম্বর | | তারিখ | / / |
| ৯. ইআরসি নম্বর | | তারিখ | / / |
| ১০. আইআরসি নম্বর | | তারিখ | / / |
| ১১. ভ্যাট রেজি: নম্বর (বিআইএন) | | তারিখ | / / |
| ১২. ট্রেড লাইসেন্স নম্বর | | তারিখ | / / |
| ১৩. ফায়ার লাইসেন্স নম্বর | | তারিখ | / / |
| ১৪. সমিতির সদস্য পদের সনদপত্র নম্বর বিজিএমইএ/ বিসিসিএএমইএ/ বিকেএমইএ/ বিপিজিএমএ/ বিএলএমইএ/ অন্যান্য ........ | | তারিখ | / / |

১৫. লিয়েন ব্যাংক:

| কোড | নাম | ঠিকানা | ফোন | ফ্যাক্স |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

## অধ্যায়-বি: মালিকের তথ্য

১৬. মালিকানার প্রকৃতি

☐ ব্যক্তি মালিকানাধীন ☐ লিমিটেড ☐ অংশীদারী ☐ অন্যান্য ............................

প্রোপ্রাইটর/ চেয়ারম্যান অথবা ম্যানেজিং ডাইক্টের/ম্যানেজিং পার্টনারের তথ্য

টিআইএন তারিখ / /

পিতা/স্বামীর নাম

বর্তমান ঠিকানা

স্থায়ী ঠিকানা

আবাসিক ফোন নম্বর:

(অনুগ্রহ করে প্রত্যেক পরিচালক/অংশীদারের জন্য পৃথকভাবে একই তথ্য সরবরাহ করুন)

১৭. লিমিটেড/অংশীদার কোম্পানির জন্য:
প্রত্যেক শেয়ার হোল্ডারের নাম ও ঠিকানা

এ) নাম

বি) পিতা/স্বামীর নাম:

সি) টিআইএন তারিখ / /

ডি) বর্তমান ঠিকানা

ই) স্থায়ী ঠিকানা

এফ) আবাসিক ফোন নম্বর:

(অনুগ্রহ করে প্রত্যেক পরিচালক/অংশীদারের জন্য পৃথকভাবে একই তথ্য সরবরাহ করুন)

## অধ্যায়-সি: উৎপাদিত পণ্য সংক্রান্ত তথ্য

১৮. উৎপাদিত পণ্যের বিবরণ:

| ক্রমিক নম্বর | প্রডাক্ট কোড (প্রযোজ্য হলে) | বর্ণনা | এইচ এস কোড | বার্ষিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য ক্ষেত্রে) | ইউনিট কোড |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৯. কাঁচামাল সংক্রান্ত তথ্য:

স্থাপিত মেশিন অনুযায়ী কাঁচামালের বিবরণ :

| ক্রমিক নম্বর | এইচ এস কোড | বর্ণনা | বার্ষিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য ক্ষেত্রে) | ইউনিট কোড |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

২০. কারখানার মোট আয়তন:

| ক্রমিক | দৈর্ঘ্য (ফুট) | প্রস্থ (ফুট) | আয়তন (বর্গফুট) |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২১. কাঁচামালের গুদামের আয়তন (প্রযোজ্য হলে):

| ক্রমিক | দৈর্ঘ্য (ফুট) | প্রস্থ (ফুট) | উচ্চতা (ফুট) | ভলিয়্যুম (ঘনফুট) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

২২. উৎপাদিত পণ্যের গুদাম (প্রযোজ্য হলে):

| ক্রমিক | দৈর্ঘ্য (ফুট) | প্রস্থ (ফুট) | উচ্চতা (ফুট) | ভলিয়্যুম (ঘনফুট) |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

## অধ্যায়-ডি: স্থাপিত মেশিন সংক্রান্ত তথ্য:

২৩. স্থাপিত মেশিনের মোট উৎপাদন ক্ষমতা:

| ক্রমিক নম্বর | বর্ণনা | ব্র্যান্ড নাম | মডেল নম্বর | মেশিনের সংখ্যা | বার্ষিক উৎপাদন ক্ষমতা (প্রযোজ্য হলে) | ইউনিট কোড |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

২৪. বার্ষিক মোট উৎপাদন ক্ষমতা (বর্তমান ও চালু শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য):

| ক্রমিক নম্বর | বর্ণনা | এইচ এস কোড | বার্ষিক উৎপাদন ক্ষমতা | ইউনিট কোড |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

## অধ্যায়-ই: মালিক/শেয়ার হোল্ডারগণের অন্যান্য ব্যবসা সংক্রান্ত তথ্য

২৫.কোম্পানি/প্রতিষ্ঠানের নাম:

ঠিকানা:

বিআইএন

তারিখ / /

(অনুগ্রহ করে প্রতিটি কোম্পানি/প্রতিষ্ঠানের জন্য একইরূপ তথ্য পৃথকভাবে উপস্থাপন করুন)

তারিখ : ........./........../...........

.................
স্বাক্ষর

...................
(লাইসেন্সির নাম/(নতুন আবেদনকারী)

...................
পদবী

**পরিশিষ্ট-০২**

[বিধি২ দ্রষ্টব্য]

## লাইসেন্সের জন্য আবশ্যক দলিলাদি

| ক্রমিক নং | বিবরণ |
|---|---|
| ১ | যথাযথ মূল্যমানের কোর্ট ফিসহ আবেদন। |
| ২ | BoI/BSCIC এর রেজিস্ট্রেশন সনদপত্র। |
| ৩ | কোম্পানির টিআইএন সনদসহ সকল পরিচালক/মালিকের আয়কর বিভাগ কর্তৃক ইস্যুকৃত সম্পদ বিবরণী (আইটি১০বি) এর সার্টিফাইড কপি। |
| ৪ | হালানাগাদ ট্রেড লাইসেন্স। |
| ৫ | হালনাগাদ ফায়ার লাইসেন্স। |
| ৬ | মূল্য সংযোজন কর সনদপত্র। |
| ৭ | সংশ্লিষ্ট এসোসিয়েশনের সুপারিশপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)। সংশ্লিষ্ট এসোসিয়েশনের সদস্য নন এমন ব্যবসায়ীগণ এসোসিয়েশনের সুপারিশপত্র ছাড়াই সরাসরি বন্ড লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন। |
| ৮ | প্রতিষ্ঠানের মালিক/ পরিচালকদের নাম, পদবী, বর্তমান ও স্থায়ী ঠিকানা, স্বাক্ষর এবং ছবি নোটারী পাবলিক ও লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়নপূর্বক ১৫০ (একশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল। |
| ৯ | বয়লার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ১০ | জয়েন্ট স্টক কোম্পানির মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং সার্টিফিকেট অব ইনকরপোরেশনের একটি করে মূল বই (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| ১১ | মেশিনারী আমদানির ক্ষেত্রে Invoice ও B/E এবং স্থানীয় ক্রয়ের ক্ষেত্রে ক্রয় সংক্রান্ত দলিলাদির সত্যায়িত ফটোকপি। |
| ১২ | প্রস্তাবিত বন্ডেড ওয়্যার হাউজের ২(দুই) কপি নীল নকশা যা এমোনিয়া প্রিন্ট পেপারে প্রস্তুতকৃত ও সার্টিফাইড ইঞ্জিনিয়ার কর্তৃক প্রতিস্বাক্ষরিত। |
| ১৩ | কারখানার মালিকানা দলিল কিংবা ভাড়ার ক্ষেত্রে নোটারীকৃত চুক্তিপত্র। |
| ১৪ | ব্যবসা পরিচালনাকালে দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান মেনে চলার অঙ্গীকারসহ ১৫০*(একশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে হলফনামা। |

**"পরিশিষ্ট-০৩"**

**[বিধি ৬ দ্রষ্টব্য]**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**............................... কমিশনারেট**

**হস্তান্তরযোগ্য নয়**

সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের জন্য বন্ডেড/বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স

[Customs Act, 1969 এর Section 13(1) মোতাবেক প্রদত্ত]

লাইসেন্স নং.............................. তারিখ ...................................

১. (ক) শিল্প প্রতিষ্ঠানের নাম :
(খ) টিআইএন :

২. (ক) অফিসের পূর্ণ ঠিকানা :
(খ) ফোন ও ফ্যাক্স নম্বর :
(গ) ই-মেইল :

৩. (ক) ফ্যাক্টরীর পূর্ণ ঠিকানা :
(খ) ফোন ও ফ্যাক্স নম্বর :
(গ) ই-মেইল :

৪. অফিস/ফ্যাক্টরী ভবনের মালিকানা : নিজস্ব/ভাড়া করা

৫. প্রতিষ্ঠানের মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের বর্ণনা:

| প্রতিষ্ঠানের মালিক/ ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালকের নাম, পিতা/স্বামীর নাম | পেশা ও জাতীয়তা | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |

৬. প্রতিষ্ঠানের অন্যান্য অংশীদার/পরিচালকমন্ডলীর বর্ণনা:

| প্রতিষ্ঠানের অন্যান্য অংশীদার/পরিচালকমন্ডলীর নাম, পিতা/স্বামীর নাম | পেশা ও জাতীয়তা | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |

৭. বিজিএমইএ/বিকেএমইএ/সরকার অনুমোদিত সংশ্লিষ্ট সমিতির সদস্যপদের তারিখ:
সদস্য পদ নম্বর:

৮. বিনিয়োগ বোর্ড নিবন্ধন নম্বর: তারিখ:

৯. ইআরসি নম্বর: তারিখ:

১০. আইআরসি নম্বর: তারিখ:

১১. মূসক রেজিস্ট্রেশন নম্বর: তারিখ:

১২. লিয়েন ব্যাংকের নাম, ঠিকানা ও ফোন নম্বর :

১৩. শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের বিবরণ (বিনিয়োগ বোর্ডের নিবন্ধন অনুযায়ী):

১৪. শিল্প প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পন্যের (পণ্য ভিত্তিক) বার্ষিক উৎপাদন ক্ষমতা (শুল্ক কর্তৃপক্ষের সরেজমিন তদন্ত প্রতিবেদন অনুযায়ী):

১৫. উক্ত পণ্য তৈরিতে ব্যবহার্য কাঁচামালের বিবরণ (এইচএস কোডসহ প্রয়োজনে লাইসেন্স প্রদানকারীর স্বাক্ষরসহ অতিরিক্ত পৃথক কাগজ ব্যবহার করা যাইবে সেই ক্ষেত্রে এই অনুচ্ছেদে অতিরিক্ত ব্যবহৃত মোট পাতার সংখ্যা উল্লেখ করিতে হইবে):

১৬. বন্ডেড ওয়্যারহাউস সংশ্লিষ্ট শুল্ক দলিলাদিতে স্বাক্ষর প্রদানকারীর বিবরণ:

| নাম | পদমর্যাদা | ফোন ও ফ্যাক্স | নমুনা স্বাক্ষর (ব্যাংক |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| | | নম্বর | একাউন্ট পরিচালনায় ব্যবহৃত স্বাক্ষর) |
| | | | |

১৭. বন্ডেড ওয়্যারহাউসের মোট আয়তন:

১৮. কাঁচামাল মজুদের পণ্যাগারের আয়তন:

১৯. তৈরি পণ্য মজুদের পণ্যাগারের আয়তন:

২০. প্রক্রিয়াকরণের জন্য বন্ডেড ওয়্যারহাউসে/পণ্যাগারে যে সব কাঁচামাল ইন্টু বন্ডে মজুদ করা যাইবে (প্রয়োজনে ১৫ অনুচ্ছেদের ন্যায় অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাইবে):

| বর্ণনা | এইচএস কোড | বার্ষিক আমদানি প্রাপ্যতা (পরিমাণ) |
|---|---|---|
| | | |

২১. বার্ষিক আমদানি প্রাপ্যতা, কাঁচামাল মজুদের পণ্যাগারের ধারণক্ষমতা, রপ্তানি পারফরমেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত নীতিমালা (যদি থাকে) ভিত্তিতে এককালীন সর্বোচ্চ আমদানি প্রাপ্যতা/বন্ডিং ক্যাপাসিটি (পরিমাণ):

২২. অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলি প্রতিপালন করিবেন এই শর্তে মেসার্স ....................... এর অনুকূলে এই লাইসেন্স মঞ্জুর করা হইল।

তারিখ: কমিশনার

**লাইসেন্সি কর্তৃক পালনীয় শর্তাবলি:**

১. এই লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়।

২. পণ্যাগারে রক্ষিত পণ্যের নিরাপদ সংরক্ষণের জন্য প্রযোজ্য সকল আইন মানিয়া চলিতে লাইসেন্সি তথা বন্ডার বাধ্য থাকিবেন।

৩. বন্ডকৃত প্রাঙ্গণে কাঁচামাল মজুদের পণ্যাগার, উৎপাদনের এলাকা, উৎপাদিত পণ্য মজুদের পণ্যাগার ও অফিসকক্ষ সুচিহ্নিত ও সুরক্ষিত হইতে হইবে। পণ্যাগারে রক্ষিত কাঁচামাল ও উৎপাদিত পণ্য এমনভাবে রক্ষিত হইবে যাহাতে কাঁচামাল ও উৎপাদিত পণ্য সহজে পরিদর্শন করা যায়। উৎপাদিত প্যাকেজ বা পণ্যের পরিমাণ পণ্যাগারের ধারণক্ষমতার অধিক হইবে না। লাইসেন্সিং কর্তৃপক্ষের নির্দেশানুযায়ী পণ্যাগারে মজুদের ব্যবস্থা করিতে হইবে।

৪. লাইসেন্সি তাঁদের পণ্যের মজুদ বই এমনভাবে সংরক্ষণ করিবেন যাহাতে মজুদ পণ্যের পরিমাণ সহজেই পরীক্ষা করা যায়। শুল্ক অফিসার যখনই মজুদ বই তলব করিবেন তখনই তাহা পেশ করিতে হইবে।

৫. জাতীয় রাজস্ব বোর্ড ও শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক বন্ডেড ওয়্যারহাউস পরিচালনা বিষয়ে জারিকৃত এসআরও/আদেশ/নির্দেশ মানিয়া চলিতে বন্ডার বাধ্য থাকিবেন।

৬. বন্ড লাইসেন্সের আওতায় পণ্য আমদানি ও রপ্তানির ক্ষেত্রে বিদ্যমান আমদানি নীতি ও রপ্তানি নীতির বিধি-বিধান মানিয়া চলিতে বন্ডার বাধ্য থাকিবেন।

৭. লাইসেন্সের দ্বিতীয় পাতায় বর্ণিত কাঁচামাল ভিন্ন কোনো প্রকার পণ্য, মেশিনারী বা যন্ত্রাংশ বন্ডিং সুবিধায় খালাস দেয়া হইবে না।

৮. [৮৫][(ক) বিশেষ বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের লাইসেন্সের মেয়াদ ১(এক) বছর সমাপ্ত হইবার পরবর্তী [৮৬][৩০(ত্রিশ)] দিনের মধ্যে সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক অডিটের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে এবং অডিটের লক্ষ্যে প্রস্তুত থাকিতে হইবে।

(খ) উপ-দফা (ক) এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত দলিলাদি প্রাপ্ত হইবার পর পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে বার্ষিক অডিট সম্পন্ন করিবে।

[৮৫] এসআরও নং-১৬২-আইন/২০১১/২৩৪৯/কাস্টমস, তারিখ: ৯/৬/২০১১

[৮৬] এসআরও নং-২৩২-আইন/২০১২/২৪১৩/কাস, তারিখ: ২৮/৬/২০১২

(গ) লাইসেন্সি নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিল না করিলে এবং অডিটের জন্য প্রস্তুত না থাকিলে কমিশনার (বন্ড) অথবা সংশ্লিষ্ট কমিশনার অবিলম্বে লাইসেন্স সাসপেন্ড করিবেন এবং আইনী কার্য দ্বারা সমাপনান্তে বার্ষিক অডিট সম্পন্ন হওয়া সাপেক্ষে স্থগিতাদেশ প্রত্যাহার করিবেন।

৯. অন্যান্য সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের ক্ষেত্রে লাইসেন্স প্রদানের ভিত্তিতে বার্ষিক অডিটের জন্য প্রয়োজনীয় দলিলাদি লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লাইসেন্সের মেয়াদ ১(এক) বছর সমাপ্ত হইবার পরবর্তী ১৫(পনের) দিনের মধ্যে জমা প্রদান করিতে হইবে।]

১০. লাইসেন্সধারী প্রতিষ্ঠানের গঠনতন্ত্র বা ব্যবস্থাপনা পরিষদে যে কোনো পরিবর্তন, বন্ডেড ওয়্যারহাউস স্থানান্তর বা সম্প্রসারণ বা কোনরূপ পরিবর্তন/পরিবর্ধনের ক্ষেত্রে লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে এবং এই মর্মে লাইসেন্স সংশোধিত না হওয়া পর্যন্ত যে কোনো পরিবর্তন অবৈধ ও শুল্ক আইনের ব্যত্যয় হিসাবে গণ্য করিয়া আইনানুগভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

১১. Customs Act, 1969 এর Warehousing (Chapter XI) এ বর্ণিত বিধান এই বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের জন্য প্রযোজ্য হইবে।

আমি এবং লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের সকলে উপরে বর্ণিত সকল শর্তাবলি সকল সময় যথাযথভাবে পালন করিব। অন্যথায় লাইসেন্সিং কর্তৃপক্ষ আইনতঃ যে কোনো ব্যবস্থা গ্রহণ করিলে আমরা তাহা মানিয়া নিতে বাধ্য থাকিব।

তারিখঃ

........................
(মালিক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা
পরিচালকের স্বাক্ষর)

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
স্বাক্ষরিত/-
[ড. মোঃ সহিদুল ইসলাম]
প্রথম সচিব (শুল্ক)

*উৎস: (ক) মূল প্রজ্ঞাপন: বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, তারিখ: ২৮.০৬.২০০৮; পৃ.৪২৯৫-৪৩১৩।*
*(খ) সংশোধনী প্রজ্ঞাপনসমূহ:*
*(অ) এসআরও ১৬২-আইন/২০১১/২৩৪৯/শুল্ক, তারিখ: ০৯.০৬.১১; বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা*
*(আ) এসআরও ২৩২-আইন/২০১২/২৪১৩/কাস, তারিখ: ২৮.০৬.১২; বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা*

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা

আদেশ নং-১৪/২০০৮ তারিখ ১৫.৩.১৪১৫ বাংলা/২৯.৬.২০০৮

**বিষয়: সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ আদেশ, ২০০৮।**

The Customs Act, 1969 (Act IV of 1969 এর Section 13 এর Sub Section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণের ক্ষেত্রে অনুসরণ করার জন্য নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:

০১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন :** ক) এই আদেশ সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প (পোশাক শিল্প ব্যতীত) প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ আদেশ, ২০০৮ নামে অভিহিত হইবে।

০২। **বার্ষিক উৎপাদন ক্ষমতা নিরূপণ:** মেশিনের ক্যাটালগে বর্ণিত উৎপাদন ক্ষমতা এবং সরেজমিন জরিপকৃত মেশিনের উৎপাদন ক্ষমতা বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতা নির্ণয় করিতে হইবে। সুপারিনটেনডেন্ট এর নিম্নে নহেন এরূপ একজন কর্মকর্তার তত্ত্বাবধানে মেশিনের উৎপাদন ক্ষমতা জরিপ করিতে হইবে এবং বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যবহৃত একই Make & Model এর মেশিনের উৎপাদন ক্ষমতার মধ্যে যাহাতে সামঞ্জস্য থাকে তাহা নিশ্চিত করিতে হইবে। শিল্প প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতা নির্ণয়কল্পে বছরে ৩০০ (তিন শত) কার্যদিবস এবং প্রতি কার্যদিবসে ২০(বিশ) কর্মঘণ্টা বিবেচ্য হইবে। তবে, কোন শিল্প প্রতিষ্ঠানে ৩ (তিন) শিফটে উৎপাদন কার্যক্রম পরিচালিত হয় এরূপ ঘোষণা প্রদান করা হইলে এবং উক্তরূপ ঘোষণার সমর্থনে

প্রামাণ্য দলিলাদি কমিশনার (বন্ড) বা যে কোন এখতিয়ার সম্পন্ন শুল্ক কমিশনার এর নিকট দাখিল করা হইলে তাহা যথাযথ প্রাপ্তিসাপেক্ষে উক্ত কমিশনার উক্ত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতি কার্যদিবসে ২৪ ঘণ্টা বিবেচনা করিতে পরিবেন। এইরূপ ক্ষেত্রে আকস্মিক পরিদর্শনে কোন শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন কার্যক্রম ২৪ ঘণ্টা পরিচালনার ঘোষণা যথাযথ নয় মর্মে প্রতিষ্ঠিত হইলে উক্ত প্রতিষ্ঠানের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। কোন প্রতিষ্ঠানের মোট বার্ষিক উৎপাদন ক্ষমতা নিম্নরূপে নিরূপিত হবে: বার্ষিক উৎপাদন ক্ষমতা ও বার্ষিক মোট কার্যদিবস (৩০০) × কার্যদিবস প্রতি ঘণ্টা (২০ অথবা ক্ষেত্রমত ২৪) × উৎপাদন ব্যবস্থা মেশিনের সংখ্যা × প্রতি ঘণ্টায় মেশিনের উৎপাদন ক্ষমতা।

০৩। **নতুন বন্ড লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ:** (ক) কোন প্রতিষ্ঠানের অনুকূলে নতুন বন্ড লাইসেন্স প্রদানের সময় অনুচ্ছেদ ০২ অনুযায়ী নিরূপিত বার্ষিক উৎপাদন ক্ষমতার ৩০ ভাগের সমপরিমাণ কাঁচামাল বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিতে হইবে।

(খ) উপ-অনুচ্ছেদ ০৩(ক) এ বর্ণিত পদ্ধতিতে আমদানি প্রাপ্যতা নির্ধারণ করার পর সংশ্লিষ্ট মেয়াদের কোন এক পর্যায়ে আমদানি প্রাপ্যতা বৃদ্ধি করার আবশ্যকতা দেখা দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক উক্ত সময় পর্যন্ত ব্যবহৃত কাঁচামালের আনুপাতিক হারে বন্ড লাইসেন্সের মেয়াদ পর্যন্ত সময়ের জন্য আমদানি প্রাপ্যতা প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতার অনধিক ৮০ ভাগ পর্যন্ত বৃদ্ধি করা যাইবে।

০৪। **বন্ড লাইসেন্সধারী প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ:** (ক) পুরাতন শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে মেশিনের উৎপাদন ক্ষমতার ভিত্তিতে মাসিক উৎপাদন ক্ষমতা পূর্বে নির্ধারিত না হইয়া থাকিলে বন্ড লাইসেন্স নবায়ন পর্যায়ে অনুচ্ছেদ ০২ অনুযায়ী প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতা নিরূপন করিতে হইবে।

(খ) এই আদেশ জারি হওয়ার পূর্বে যে সকল শিল্প প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স প্রদান করা হইয়াছে এবং মেশিনের উৎপাদন ক্ষমতা নির্ধাণ করা হইয়াছে সেই সকল শিল্প প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্স নবায়নের সময় বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিতে হইবে:

উক্ত প্রতিষ্ঠান কর্তৃক অব্যবহিত পূর্ববর্তী বছরের রপ্তানিতে যে পরিমাণ কাঁচামাল ব্যবহৃত হইয়াছে তাহার সাথে শতকরা ২০(বিশ) ভাগ পরিমাণ কাঁচামাল যোগ করিয়া মজুদসহ বার্ষিক উৎপাদন ক্ষমতার অনধিক ৮০(আশি) ভাগ আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা যাইবে। তবে শর্ত থাকে যে, বর্ণিত পদ্ধতিতে কোন শিল্প প্রতিষ্ঠানের নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতা স্থাপিত মেশিনের বার্ষিক উৎপাদন ক্ষমতার শতকরা ৬০(ষাট) ভাগের নিম্নে হইলে মজুদসহ বার্ষিক উৎপাদন ক্ষমতার ৬০(ষাট) ভাগ সমপরিমাণ কাঁচামাল বার্ষিক আমদানি যোগ্যতা হিসেবে নির্ধারণ করিতে হইবে। তবে এইরূপ হিসাবকৃত আমদানি প্রাপ্যতা কোন কাঁচামালের ক্ষেত্রে যদি এমন হয় যে তাহা এক কন্টেইনার এর কম কিংবা এমন পরিমাণ হয় যে তাহা আমদানি করিতে অসুবিধা হইবে, সেই ক্ষেত্রে এক কন্টেইনার এর সমপরিমাণ কিংবা এমন পরিমাণ আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিতে হইবে যাহা আমদানি করা যায়।

(গ) **উপ-অনুচ্ছেদ:** ৪(খ) এ বর্ণিত পদ্ধতিতে বার্ষিক আমদানি প্রাপ্রতা নির্ধারণ করার পর সংশ্লিষ্ট মেয়াদের কোন পর্যায়ে আমদানি প্রাপ্যতা বৃদ্ধি করার আবশ্যকতা দেখা দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক উক্ত সময় পর্যন্ত ব্যবহৃত কাঁচামালের আনুপাতিকহারে বন্ড লাইসেন্স নবায়নকৃত মেয়াদের অব্যবহিত পূর্বের মেয়াদের কাঁচামালের মজুদের জেরসহ প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতার অনধিক শতকরা ৮০(আশি) ভাগ পর্যন্ত বৃদ্ধি করা যাইবে।

০৫। **নতুন সংযোজিত বা অপসারিত মেশিনের ক্ষেত্রে আমদানি প্রাপ্যতা পনু:নির্ধারণ:** (ক) পুরাতন কোন শিল্প প্রতিষ্ঠানে নতুনভাবে অতিরিক্ত মেশিন সংযোজন করা হইলে অতিরিক্ত স্থাপিত মেশিনের বার্ষিক উৎপাদন ক্ষমতা অনুচ্ছেদ ০২ এ বর্ণিত পদ্ধতিতে নিরূপণ করিতে হইবে।

(খ) কোন শিল্প প্রতিষ্ঠানে স্থাপিত ও ব্যবহৃত মেশিনের সংখ্যা হ্রাস পাইলে ঐ মেশিনের নিরূপিত উৎপাদন ক্ষমতার ভিত্তিতে আনুপাতিক হারে আমদানি প্রাপ্যতা হ্রাস করিয়া তাহা পুন:নির্ধারন করিতে হইবে।

০৬। **সাধারণ শর্তাবলি :** (ক) অনুচ্ছেদ-০৩ অথবা অনুচ্ছেদ-০৪ অথবা অনুচ্ছেদ-০৫ অনুযায়ী কোন মেয়াদে নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতা ও পূর্ববর্তী মেয়াদের মজুদ কাঁচামালের সমাপনী জেরসহ একত্রে তাহা যেন কোন ক্ষেত্রেই প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতার শতকরা ৮০ ভাগের অতিরিক্ত না হয় তাহা নিশ্চিত করিতে হইবে।

(খ) কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে জালিয়াতি বা পণ্য অবৈধভাবে অপসারণের গুরুতর অভিযোগ প্রতিষ্ঠিত হইয়া থাকিলে অথবা কোন গুরুতর অনিয়ম মামলা থাকিলে উক্ত প্রতিষ্ঠানের আমদানি প্রাপ্যতা বৃদ্ধি করা যাইবে না। এছাড়া, কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবিনামা থাকিলে এবং উক্ত দাবিনামার অর্থ পরিশোধের জন্য কর্তৃপক্ষের আইনানুগ নির্দেশ পালনে ব্যর্থ হইলে সেই ক্ষেত্রে আমদানি প্রাপ্যতা বৃদ্ধি করা যাইবে না। কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে শুল্ক আইনের ২০২ ধারা কার্যকর থাকিলে সেই ক্ষেত্রে আমদানি প্রাপ্যতা অনুমোদন করা যাইবে না।

০৭। **নির্ধারিত বার্ষিক আমদানি প্রাপ্যতার অতিরিক্ত কাঁচামাল আমদানি:** অনুচ্ছেদ-০৩ অথবা অনুচ্ছেদ-০৪ অথবা অনুচ্ছেদ-০৫ এ উল্লিখিত পদ্ধতিতে কোন প্রতিষ্ঠানের বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারিত হওয়ার পর সংশ্লিষ্ট মেয়াদে উক্তরূপ

আমদানি প্রাপ্যতার অতিরিক্ত কাঁচামাল আমদানি করা হইলে তাহা প্রযোজ্য শুল্ক করাদির সমপরিমাণ অর্থের নিঃশর্ত ব্যাংক গ্যারান্টির বিপরীতে বন্ডের আওতায় খালাস দেওয়া যাইবে এই শর্তে যে, কোন ক্ষেত্রেই সংশ্লিষ্ট মেয়াদে মোট আমদানির পরিমাণ ও পূর্ববর্তী মেয়াদের মজুদ কাঁচামালের জেরসহ একত্রে তাহা প্রতিষ্ঠানের বার্ষিক উৎপাদন ক্ষমতার শতকরা ৮০ ভাগের অতিরিক্ত হইবে না। ব্যাংক গ্যারান্টির বিপরীতে খালাসকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত সমুদয় পণ্য রপ্তানি শেষে ব্যাংকের যথাযথ পিআরসি/প্রত্যয়নপত্র দাখিল করা হইলে উক্ত ব্যাংক গ্যারান্টি অবমুক্ত করিতে হইবে।

০৮। **পণ্য ভিত্তিক আমদানি-প্রাপ্যতা নির্ধারণ:** পণ্য উৎপাদনে যে সকল কাঁচামাল প্রয়োজন হয় উক্ত কাঁচামালসমূহের Consumption ratio এর ভিত্তিতে আইটেমসমূহের পৃথক পৃথক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিতে হইবে। অর্থাৎ প্রতিটি কাঁচামালের পৃথক পৃথক আমদানি প্রাপ্যতা, পণ্য উৎপাদনে ঐ সকল কাঁচামাল ব্যবহারের আনুপাতিক হার এর সঙ্গে সামঞ্জস্য রাখিয়া প্রাপ্যতা নির্ধারণ করিতে হইবে। এইরূপ ক্ষেত্রে শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর কর্তৃক কোন সহগ নির্ধারিত থাকিলে তাহা অনুসরণ করিতে হইবে। অন্যান্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের ঘোষণা গ্রহণ করিয়া উক্ত তথ্য অনুরূপ পণ্য উৎপাদনকারী এক বা একাধিক প্রতিষ্ঠান হইতে সংগৃহীত তথ্যের নিরীক্ষা যাচাই করিতে হইবে। এই সকল ক্ষেত্রে কোন বিশেষজ্ঞ মতামত সংগ্রহ করার সহজ সুযোগ থাকিলে সেইরূপ মতামত গ্রহণ করিয়া প্রাপ্যতা নির্ধারণ করা যাইবে। একই ধরনের পণ্য উৎপাদনকারী সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে যথাসম্ভব একই Consumption ratio অনুসরণ করিতে হইবে। পণ্য উৎপাদনে ব্যবহার্য একাধিক কাঁচামাল একটি অপরটির বিকল্প বা পরিপূরক হিসাবে ব্যবহার করার সম্ভাবনা থাকিলে সেই ক্ষেত্রে ঐ সকল বিকল্প/পরিপূরক কাঁচামালের আমদানি-প্রাপ্যতা একত্রে যোগ করিয়া মোট পরিমাণ হিসাবে আমদানি-প্রাপ্যতায় উল্লেখ করা যাইবে।

০৯। **আমদানি প্রাপ্যতা অনুমোদন:** অনুচ্ছেদ-০৪ ও ০৫ এ বর্ণিত আমদানি প্রাপ্যতা অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার পর্যায়ের কর্মকর্তা কর্তৃক নির্ধারণ ও অনুমোদন করিবেন। অন্যান্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের আমদানি প্রাপ্যতা কমিশনার পর্যায়ে অনুমোদন করিবেন।

**১০। বন্ডে এককালীন মজুদ:** কোন সময়েই বন্ডে এককালীন মজুদ কাঁচামালের পরিমাণ নির্ধারিত বার্ষিক আমদানি-প্রাপ্যতার এক তৃতীয়াংশ অথবা গুদামের অনুমোদিত ধারণ ক্ষমতা এই দুই এর মধ্যে যাহা কম তাহার বেশি হইবে না।

**১১। পণ্যের বর্ণনা ও এইচ.এস.কোড বন্ড লাইসেন্সে উল্লেখকরণ:** বন্ড লাইসেন্সের আওতায় যে সকল পণ্য খালাসযোগ্য হইবে সেইগুলির নাম এইচএস কোড, আমদানি প্রাপ্যতা, প্রযোজ্য ক্ষেত্রে বর্ণনা সুস্পষ্টভাবে লাইসেন্সে উল্লেখ করিতে হইবে। ইতোপূর্বে যে সকল বন্ড লাইসেন্স প্রদান করা হইয়াছে সেইখানে এই সকল তথ্য বিস্তারিতভাবে উল্লেখ না থাকিলে নবায়নের সময় উল্লেখ করিয়া দিতে হইবে।

**১২। রহিতকরণ ও সংশোধন:** জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-**১৪১**/২০০৩ তারিখ: ২১.০৭.২০০৩ এতদ্বারা বাতিল করা হইল।

**১৩**। এই আদেশ **১** জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ/**১৭** আষাঢ়, **১৪১৫** বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(ড. মো: সহিদুল ইসলাম)
প্রথম সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

প্রজ্ঞাপন আদেশ নং-**১৫**/২০০৮ তারিখ **২৩.১১**.২০০৮ অনুযায়ী সংশোধিত।
***উৎস:*** *অনির্ভরশীল সূত্র।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৯ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন-২১৩/২০০৮/শুল্ক।** Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 13, এর Sub-section (2), এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, Diplomatic Bonded Warehouse সমূহ কর্তৃক বন্ড সুবিধার আওতায় মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেট আমদানির ক্ষেত্রে অনুসরণীয় নিম্নরূপ শর্ত আরোপ করিল, যথা:

(ক) মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেটের Master Carton এর গায়ে দৃশ্যমানভাবে বড় অক্ষরে (Capital letter) “BANGLADESH DUTY NOT PAID” নামে মুদ্রিত স্টিকার আবশ্যিকভাবে লাগাইতে হইবে;

(খ) সকল প্রকার মদ, মদ জাতীয় পানীয় ও সিগারেট আমদানির পর তাহা Warehouse এ যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে। অত:পর এই সকল পণ্য ক্রেতার নিকট বিক্রয়কালে বিক্রিত প্রতি একক বা মিনি কার্টনের ওপর দৃশ্যমানভাবে বড় অক্ষরে (Capital letter) “BANGLADESH DUTY NOT PAID” মুদ্রিত অপসারণযোগ্য নয় এমন স্টিকার বন্ডার অত্যন্ত মজবুতভাবে সাঁটিয়া (affixed) দিবেন। স্টিকার মুদ্রণ ও তাহা সাঁটিয়া দেয়ার যাবতীয় ব্যয় বন্ডার নিজে বহন করিবেন; এবং

(গ) ইহার অন্যথা হইলে পণ্য চালান বন্ড সুবিধার আওতায় আমদানি ও বিক্রয়যোগ্য হবে না।

০২। রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এসআরও নং-১৮৫/২০০৭/শুল্ক, তারিখ ১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০০৭ খ্রিস্টাব্দ এবং প্রজ্ঞাপন এসআরও নং-১৯৩/২০০৭/শুল্ক, তারিখ ১৮ কার্তিক, ১৪১৪ বঙ্গাব্দ/১২ নভেম্বর, ২০০৭ খ্রিস্টাব্দ এতদ্বারা বাতিল করা হইল।

০৩। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
(ড. মো: সহিদুল ইসলাম)
প্রথম সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

***উৎস: মূল কপি।***

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ/২৯ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন-২১৪/২০০৮/শুল্ক।-** The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section-219-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নবর্ণিত আদেশ প্রণয়ন করল, যথা:

**আদেশ-১। সংক্ষিপ্ত শিরোনাম:** এই প্রজ্ঞাপন বন্ড সুবিধার অওতায় **অমসৃণ হীরা (Rough Diamond) আমদানি ও মসৃণ হীরা (Polished Diamond) রপ্তানি কার্যক্রম পরিচালনা পদ্ধতি আদেশ, ২০০৮** নামে অভিহিত হইবে।

**আদেশ-২। সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, আদেশ-

(ক) "অমসৃণ হীরা" অর্থ শুধুমাত্র চেরাই করা, কাটা, ফালি করা হইয়াছে এমন হীরা যাহা Bangladesh Customs Tariff –এর এইচ. এ. কোড ৭১০২.১০.২১ এবং ৭১০২.১০.৩১ এর আওতাভুক্ত;

(খ) "মসৃণ হীরা" অর্থ মেশিনের মাধ্যমে কাটিং প্রক্রিয়া অনুসরণপূর্বক ও মূল্য সংযোজনের মাধ্যমে ব্যবহার উপযোগী হীরা যাহা প্লাটিনাম, স্বর্ণ বা অন্যবিধ কোন ধাতব পদার্থ বা পাথর বা পাথর জাতীয় বস্তুতে স্থাপন করা হয় নাই;

(গ) "আইন" অর্থ (The Customs Act, 1969(Act IV of 1969) এবং Import and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950);

(ঘ) "উৎপাদক দেশ (Country of origin)" অর্থ আমদানিকৃত অমসৃণ হীরা যেই দেশের খনি হতে উৎপাদিত বা আহরিত হইয়াছে;

(ঙ) "রপ্তানিকারক দেশ" (Country of export) অর্থ আমদানিকৃত অমসৃণ হীরা সর্বশেষ যে দেশ হইতে রপ্তানি করা হইয়াছে মর্মে আমদানি সংক্রান্ত দলিলে বা কাগজপত্রে উল্লেখ আছে;

(চ) "কর্তৃপক্ষ" অর্থ জাতীয় রাজস্ব বোর্ড, বাণিজ্য মন্ত্রণালয় ও কিম্বারলি প্রসেস সার্টিফিকেট ইস্যুকারী কর্তৃপক্ষেকে বুঝাইবে;

(ছ) "কিম্বারলি প্রসেস সার্টিফিকেট" অর্থ জাল প্রতিরোধক এমন সুনির্দিষ্ট দলিল যাহা কিম্বারলি প্রসেস সার্টিফিকেশন স্কিম অনুযায়ী অমসৃণ হীরা আদান-প্রদান সুষ্ঠুভাবে সনাক্ত করে;

(জ) "চালান" অর্থ এক বা একাধিক পার্সেলে আমদানি বা রপ্তানি;

(ঝ) "পার্সেল" অর্থ একত্রে প্যাকেট মোড়ানো এক বা একাধিক হীরা;

(ঞ) "সার্টিফিকেট" অর্থ কিম্বারলি প্রসেস সার্টিফিকেট; এবং

(ট) "হীরা" অর্থ বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপন এসআরও নং-১৮-আইন/২০০ তরিখ ০৭.০২.২০০৬ অনুযায়ী সমমাপ পদ্ধতির বিশুদ্ধ ও স্বচ্ছ কার্বন সমৃদ্ধ প্রাকৃতিক খনিজ পদার্থ, মোহস (Mohs) স্কেল অনুযায়ী যার দৃঢ়তা ১০, সুনির্দিষ্ট অভিকর্ষ ৩.৫২ এবং প্রতিসরণ সূচি ২.৪২।

**আদেশ-৩। কিম্বারলি প্রসেস সার্টিফিকেটের আবশ্যকতা:** অমসৃণ হীরা আমদানির ক্ষেত্রে কিম্বারলি প্রসেস সার্টিফিকেট উপস্থাপন করিতে হইবে। উক্ত সার্টিফিকেটে H.S.Code, ক্যারেট, মূল্য, আমদানি ও রপ্তানিকারকের নাম এবং Country of Origin উল্লেখ থাকিতে হইবে।

**আদেশ-৪। অমসৃণ হীরা আমদানি পদ্ধতি:**

(ক) The Customs Act, 1969 এর Section 45 এর বিধান অনুযায়ী পণ্য পরিবহনকারী অথবা আমদানিকারক আমদানির স্বপক্ষে Import General Manifest (IGM) শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন।

(খ) The Customs Act, 1969 এর Section 79 এর Sub-section (2) মোতাবেক ফটোকপি এয়ারওয়ে বিল এর বিপরীতে চালান আমদানির পূর্বে বিল অব এন্ট্রি কমিশনারের পূর্বানুমতি সাপেক্ষে নোটিং করা যাইবে।

(গ) মসৃণ হীরা রপ্তানির বিষয়ে বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয় অথবা চীফ কন্ট্রোলার অব ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট (সিসিআইএন্ডই) এর অনাপত্তিপত্র দাখিল করিতে হইবে।

**আদেশ-৫। মসৃণ হীরা রপ্তানি পদ্ধতি:**

(ক) রপ্তানির উদ্দেশ্যে মসৃণ হীরা (Polished Diamond) বন্ডেড ওয়্যারহাউস হইতে খালাসের ন্যূনতম তিন কর্মদিবস পূর্বে বন্ড কমিশনারেটের নিকট অনুমতির জন্য আবেদন করিতে হইবে। কমিশনার (বন্ড) Depreciation,

process loss, value addition ইত্যাদি নির্ধারিত সীমার মধ্যে আছে কিনা তাহা নিশ্চিত করিবেন এবং কায়িক পরীক্ষান্তে সঠিক পাইলে রপ্তানির জন্য প্রস্তুত পণ্য কমিশনার (বন্ড) কর্তৃক নিযুক্ত কর্মকর্তা সিল করিয়া দিবেন। এছাড়া রপ্তানি তথ্যাদি একটি রেজিস্টারে সংরক্ষণ করিবেন।

(খ) রপ্তানির উদ্দেশ্যে মসৃণ হীরা (Polished Diamond) জাহাজীকরণের অন্তত: ২৪ (চব্বিশ) ঘণ্টা পূর্বে বিল অব এক্সপোর্ট প্রয়োজনীয় সকল দলিলাদিসহ কাস্টমস হাউস, ঢাকার রপ্তানি শাখায় দাখিল করতে হইবে।

(গ) রপ্তানি দলিলাদি কাস্টম হাউস, ঢাকার রপ্তানি শাখায় গ্রহণের ১২(বার) ঘন্টার মধ্যে রপ্তানি শাখার দায়িত্বপ্রাপ্ত সহকারী কমিশনারের তত্ত্বাবধানে উক্ত দলিলাদি পর্যালোচনা করিয়া রপ্তানিযোগ্য বলিয়া বিবেচিত হইলে শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করিয়া বিমানবন্দর কাস্টমস এর নিকট নথি প্রেরণ করিবেন। একইভাবে রপ্তানিতব্য মসৃণ হীরা সংশ্লিষ্ট বন্ড এরিয়া হইতে রপ্তানির ৮(আট) ঘণ্টা পূর্বে বিমানবন্দর কাস্টমস এর নিকট প্রেরণ/হস্তান্তর করিবেন।

(ঘ) হীরা বহনকারী যাত্রীর নাম, ঠিকানা, পাসপোর্ট নম্বর ও ফ্লাইট সিডিউল সম্পর্কিত তথ্যাদি রপ্তানির ৮(আট) ঘণ্টা পূর্বে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরে কর্মরত কাস্টমস এর সহকারী কমিশনার এর নিকট প্রেরণ করিতে হইবে।

(ঙ) জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে কর্তব্যরত সহকারী কমিশনার রপ্তানিতব্য পণ্য চালানটির সিলগালা সঠিক পাইলে রপ্তানির অনুমতি দিবেন। সিলগালার সঠিকতার বিষয়টি যাচাইকালে সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা উপস্থিত থাকিবেন। এছাড়া রপ্তানির যাবতীয় তথ্য যেমন: মূল্য, পরিমাণ, রপ্তানিকারকের নাম, আমদানি/রপ্তানিকারক দেশ ইত্যাদি যাবতীয় তথ্য যথাযথ রেজিস্টারে সংরক্ষণ করিবেন।

**আদেশ-৬।** জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরের শুল্ক কর্তৃপক্ষ বন্ড কমিশনার কর্তৃক রপ্তানির জন্য অনুমোদনপ্রাপ্ত মসৃণ হীরার (Polished Diamond) চালানের সিলগালা সঠিক না পাইলে কায়িক পরীক্ষার ব্যবস্থা নিতে পারিবেন এবং প্রযোজ্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন।

**আদেশ-৭।** বাণিজ্য মন্ত্রণালয় এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত রপ্তানি মূল্য প্রত্যাবাসন সম্পর্কিত বিধি-বিধান অনুসরণ করিতে হইবে।

**আদেশ-৮।** কিম্বারলি প্রসেস সার্টিফিকেটের আলোকে অমসৃণ হীরার মূল্যায়ন, শ্রেণীবিন্যাস ও মানের বিষয়ে জটিলতা না থাকায় অমসৃণ হীরার দ্রুত খালাসের সাথে The Customs Act, 1969 এর Section 80 এর Sub-Section (2) মোতাবেক Second appraisement পদ্ধতিতে শুল্কায়নসহ Section 81 এর Sub-Section (২থ মোতাবেক সাময়িক শুল্কায়ন (Provisional Assessment) করা যাইবে।

**আদেশ-৯।** আমদানিকৃত অমসৃণ হীরার পরিমাণ, ওজন নিরূপণ এবং গুণগতমান নির্ণয়ের প্রয়োজন হইলে The Customs Act, 1969 এর Section 200 মোতাবেক আন্তর্জাতিকভাবে স্বীকৃত হীরার পরিমাপক যন্ত্র বা মান নিরূপনি যন্ত্র আমাদনিকারক তাহার নিজস্ব খরচে শুল্ক কর্তৃপক্ষের নিকট সরবরাহ করিবে।

**আদেশ-১০।** কিম্বারলি প্রসেস সার্টিফিকেট অনুযায়ী আমদানিকৃত হীরার চালানের ক্ষেত্রে আমদানি মেনিফেস্ট এবং পণ্য চালান খালাসের সমর্থনে সকল দলিলাদি দাখিল/প্রাপ্তি সাপেক্ষে সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নয় এরূপ কর্মকর্তা দলিলাদি পর্যালোচনা করিয়া পণ্যের কায়িক পরীক্ষা সম্পন্ন করিয়া পণ্য চালানের Outpass প্রদান করিতে পরিবেন।

**আদেশ-১১।** অমসৃণ হীরা আমদানির লক্ষে আগমন স্থান (Point of entry) এবং চালান রপ্তানির উদ্দেশ্যে বহির্গমন (Point of exit) স্থান হইবে জিয়া আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

**আদেশ-১২।** অমসৃণ হীরা আমদানির পর বিমানবন্দর হইতে বন্ডেড ওয়্যারহাউসে এবং মসৃণ হীরা বন্ডেড ওয়্যারহাউস রপ্তানির উদ্দেশ্যে জিয়া আন্তর্জাতিক বিমান বন্দরে পৌঁছানোর অর্থাৎ বন্ডেড ওয়্যারহাউস ও বিমান বন্দরে আনা-নেওয়ার ক্ষেত্রে পণ্যের নিরাপত্তা এবং ব্যবস্থাপনা সম্পূর্ণ দায়-দায়িত্ব আমদানিকারক/রপ্তানিকারক বহন করিবেন।

**আদেশ-১৩।** পণ্যের কায়িক পরীক্ষা, গুণগতমান নির্ণয়, রাসায়নিক পরীক্ষা বা অন্য সকল আনুষ্ঠানিকতা পরিপালনের উদ্দেশ্যে চালান আমদানি অথবা রপ্তানির অন্যূন ২৪(চব্বিশ) ঘণ্টা পূর্বে আমদানিকারক/রপ্তানিকারক শুল্ক কর্তৃপক্ষকে অবহিত করিবেন।

**আদেশ-১৪।** আমদানি নীতি আদেশ, ২০০৬-২০০৯ এর অনুচ্ছেদ ২৪.৭.২০১৩ এর বিধান অনুযায়ী অমসৃণ হীরার আমদানি ও মসৃণ হীরার রপ্তানি কার্যক্রম পরিচালিত হইবে।

**আদেশ-১৫।** উপরিউক্ত যে কোন শর্ত আমদানিকারক/রপ্তানিকারক কর্তৃক পরিপালনে ব্যর্থ হলে বা এই প্রজ্ঞাপনের কোন বিধান লংঘন করা হলে বা বাণিজ্য মন্ত্রণালয়ের কোন বিধানসহ অন্য কোন আইনের বিধান লংঘন করা হলে আমদানিকৃত/রপ্তানিকৃত পণ্য বাজেয়াপ্তসহ The Customs Act, 1969 এর বিধান অনুযায়ী শুল্ক কর্তৃপক্ষ যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

**আদেশ-১৬।** বর্জ্য (Wastage) ব্যবস্থাপনা অমসৃণ হীরা হতে মসৃণ হীরা উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট বর্জ্য শুল্ক আইন, ১৯৬৯ এর ধারা ৯৫ এবং এ বিষয়ে প্রণীত বিধি বিধান অনুযায়ী ব্যবস্থিত হইবে।

**আদেশ-১৭।** এই আদেশ ১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ/১৭ আষাঢ় ১৪১৫ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে,
(ড. মো: সহিদুল ইসলাম)
প্রথম সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

***উৎস:*** *গেজেট কপি।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
(শুল্ক)
প্রজ্ঞাপন
তারিখঃ ১৮ চৈত্র ১৪১৫, বঙ্গাব্দ/১০ ফেব্রুয়ারী, ২০০৯ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন নং- ২৪৩/২০০৯/কাস; The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section- ১১-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বিসিক শিল্প নগরী, টঙ্গী, গাজীপুর এর অন্তর্গত দাগ নং-বিসিক কর্তৃক বরাদ্দ পত্র নং আই-২ টঙ্গী/পি/৩০৪/৭৮৫৯৯ (৩), তাং- ১৯/০৫/১৯৭৮ খ্রিঃ মোতাবেক প্লট নং বি ১৩,১৪ মৌজা পাগাড় এর আওতাভূক্ত মোট জমির পরিমাণ ৯২ শতাংশ (দুটি ফ্লোরে ৫১,৫০০ বর্গফুট) এলাকাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসেবে ঘোষণা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রম,
(জুয়েল আহমেদ)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখঃ ৬ ফাল্গুন ১৪১৫, বঙ্গাব্দ/১৮ ফেব্রুয়ারী, ২০০৯ খ্রিষ্টাব্দ।

প্রজ্ঞাপন নং- ২৪৫/২০০৯/কাস; The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section ১১-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, সিএস ৩৭ কাশড় সিডস্টোর, ভালুকা, ময়মনসিংহ জেলার অন্তর্গত দাগ নং বিআরএস ১৫৮৫, ১৫৮৬, ১৫৯০, ১৫৯১ আর এস ১৫৫৫, ১৫৫৭, ১৫৮১, ১৫৮২, ১৫৮৩, বিআরএস ১৫৭৪প, ১৫৯৩, আরএস ১৫৫৪, ১৫৬২, বিআর এস ১৫৮৪ , সিএসএ ১৩৬, বিআরএস ১৫৮৯, সিএস ৪০, এসএ ৪০, সিএ ৩৭, বিআর এস ১৫৮৪, বিআরএস ১৫৯৫, ১৫৯৬, ১৫৯৮, ১৫৯৩, ১৭২১, আর ও আর ১৪৬ সিএম ১৩৬, এসএ ১৩৬, আরওআর ২৮৮, খতিয়ান নং সিএস ০১, ৪০,৪২, ৪৬, এসএ ১৭৯, ১৪৬, ১২৪, ১১৯, ডিপি ২৬১, ৫৩, ৮৩১ মৌজা কাশড়গড় এর আওতাভূক্ত মোট জমির পরিমাণ ৭২৯ (সাতশত উনত্রিশ) শতাংশ এলাকাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসেবে ঘোষনা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রম,

(ম. সফিউজ্জামান)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানী ও বন্ড)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ চৈত্র ১৪১৫, বঙ্গাব্দ/০১ এপ্রিল, ২০০৯ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন-২৫৫/২০০৯/কাস।** The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section ১১-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, চট্টগ্রাম বিভাগে অবস্থিত নিম্নবর্ণিত এলাকাসমূহকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে ঘোষণা করিল।

| ক্র: নং | জেলার নাম | জেলার অধীনে যে এলাকা/উপজেলা/থানাকে ওয়্যারহাউজিং স্টেশন হিসাবে ঘোষণা করেছেন |
|---|---|---|
| ক | চট্টগ্রাম | (১) সীতাকুন্ডু (২) মীরশরাই (৩) হাটহাজারি (৪) আনোয়ারা (৫) পটিয়া (৬) চন্দনাইশ (৭) বোয়াখালী (৮) লোহাগড়া। |
| খ | কক্সবাজার | (১) কক্সবাজার সদর |
| গ | ফেনী | (১) ফেনী সদর (২) ছাগলনাইয়া (৩) সোনাগাজী (৪) দাগনভূইয়া |
| ঘ | নোয়াখালী | (১) নোয়াখালী সদর (২) বেগমগঞ্জ |
| ঙ | কুমিল্লা | (১) কুমিল্লা সদর (২) চৌদ্দগ্রাম (৩) লাকসাম (৪) দেবীদ্বার (৫) চান্দিনা (৬) দাউদকান্দি |
| চ | চাঁদপুর | (১) চাঁদপুর সদর |
| ছ | ব্রাহ্মণবাড়িয়া | (১) ব্রাহ্মণবাড়িয়া সদর (২) আশুগঞ্জ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(ড. মো: সহিদুল ইসলাম)
প্রথম সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

*উৎস: মূল কপি।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৮ চৈত্র, ১৪১৫, বঙ্গাব্দ/০১ এপ্রিল, ২০০৯ খ্রিস্টাব্দ।

**প্রজ্ঞাপন-২৫৬/২০০৯/কাস।-** The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section ১১-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা বিভাগে অবস্থিত নিম্নবর্ণিত এলাকাসমূহকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিলঃ

| ক্র/নং | জেলার নাম | জেলার অধীনে যে এলাকা/উপজেলা/থানাকে ওয়্যার হাউজিং স্টেশন হিসাবে ঘোষণা করিল |
|---|---|---|
| ক. | ঢাকা | (১) ঢাকা সিটি কর্পোরেশন অধিভুক্ত এলাকা (২) আশুলিয়া (৩) তুরাগ (৪) দক্ষিণখান (৫) উত্তরখান (৬) কামরাঙ্গীরচর (৭) ধামরাই |
| খ. | গাজীপুর | (১) টংগী (২) গাজীপুর সদর (৩) জয়দেবপুর (৩) কালিয়াকৈর (৪) শ্রীপুর (৫) কাপাসিয়া (৬) কালিগঞ্জ |
| গ. | মানিকগঞ্জ | (১)সাটুরিয়া (২) মানিকগঞ্জ (৩) শিবালয় (৪) সিঙ্গাইর |
| ঘ. | নারায়ণগঞ্জ | (১) নারায়ণগঞ্জ বন্দর (২) আড়াইহাজার |
| ঙ. | মুন্সীগঞ্জ | (১) মুন্সীগঞ্জ (২) গজারিয়া (৩) শ্রীনগর (৪) লৌহজং (৫) সিরাজদীখান |
| চ. | ময়মনসিংহ | (১) ভালুকা (২) ত্রিশাল (৩) নান্দাইল (৪) গফরগাঁও |
| ছ. | টাংগাইল | (১) টাঙ্গাইল সদর (২) কালিহাতি |
| জ. | নরসিংদী | (১) পলাশ (২) ঘোড়াশাল (৩) নরসিংদী সদর |
| ঝ. | কিশোরগঞ্জ | (১) কুলিয়ারচর (২) ভৈরব |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(ড. মোঃ সহিদুল ইসলাম)
প্রথম সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)

***উৎসঃ*** *মূল কপি।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ ঃ ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ১৪৯-আইন/২০০৯/২২৫২/কাস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 219(1) এ প্রদত্ত ক্ষমতাবলে, Section 217A এর সহিত পঠিতব্য, জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম।-** (১) এই বিধিমালা শুল্ক (পুরস্কার মঞ্জুরী) বিধিমালা, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালা-

(১) ''আইন'' অর্থ Customs Act, 1969 (Act IV of 1969)

(২) ''কমিটি'' অর্থ বিধি ৮ এর অধীন গঠিত কমিটি;

[৩৯][(৩) ''পুরস্কার'' অর্থ শুল্ক-কর ফাঁকি বা চোরাচালানের প্রচেষ্টা প্রতিরোধ অথবা শুল্ক-কর ফাঁকি বা চোরাচালান ঘটনা উদ্‌ঘাটনের বা বকেয়া রাজস্ব আদায়ের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশগ্রহণকারী ব্যক্তি অথবা উক্তরূপ কর্মকান্ডের তথ্য সরবরাহকারী ব্যক্তির কাজের স্বীকৃতিস্বরূপ প্রদত্ত অর্থ;]

(৪) ''পুরস্কার মঞ্জুরী কর্তৃপক্ষ'' অর্থ বিধি ৯ এ উল্লিখিত কর্তৃপক্ষ;

(৫) ''বোর্ড'' অর্থ আইনের section 2(e) তে সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(৬) ''মামলা'' অর্থ শুল্ক-কর ফাঁকি বা চোরাচালানের প্রচেষ্টা অথবা শুল্ক-কর ফাঁকি বা চোরাচালান ঘটনা উদ্‌ঘাটন পরবর্তী দায়ের করা মামলা।

[৪০][(৭)''শুল্ক-কর'' অর্থ আমদানি বা রপ্তানি সংশ্লিষ্ট সকল শুল্ক-করাদি।]

৩। **পুরষ্কার প্রাপ্তির যোগ্য ব্যক্তি।-** নিম্নবর্ণিত ব্যক্তি বা কর্মকর্তা বা কর্মচারীগণ পুরস্কার প্রাপ্তির যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথাঃ-

[৩৯]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত
[৪০]এস, আর, ও নং ৫৩-আইন/২০১০/২২৭৩/শুল্ক তারিখ ২৩ ফেব্রুয়ারী, ২০১০ দ্বারা সংযোজিত।

(ক) চোরাচালান প্রতিরোধ অথবা শুল্ক-কর ফাঁকি বা চোরাচালান ঘটনার উদ্‌ঘাটনের ক্ষেত্রে তথ্য সরবরাহকারী; এবং

(খ) আইনের section 3 এর অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা, section 6 এর অধীন চোরাচালান নিরোধকল্পে বোর্ড কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, section 7 এর বিধান অনুযায়ী শুল্ক কর্মকর্তার কাজে সহায়তাকারী কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কাজের সহিত সম্পৃক্ত কর্মচারী।

৪। **পুরস্কারযোগ্য মামলার ক্যাটাগরীঃ** পুরস্কারযোগ্য মামলার ক্যাটাগরী হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) ক্যাটাগরী-১ ঃ স্বর্ণ, রৌপ্য, স্বর্ণালংকার, রৌপ্যালংকার এবং দেশী ও বিদেশী মুদ্রা আটক সংক্রান্ত মামলা;

(খ) ক্যাটাগরী-২ ঃ কোন কর্মকর্তা কর্তৃক তার কর্মকালীন সময়ের পূর্ববর্তী সময়ে যে কোনভাবে সংঘটিত কোন শুল্ক-কর ফাঁকির ঘটনা উদ্‌ঘাটন সংক্রান্ত মামলা;

(গ) ক্যাটাগরী-৩ ঃ কোন কর্মকর্তা কর্তৃক তার কর্মকালীন সময়ে কোন পণ্য চালানে পণ্যের পরিমাণ, পণ্যের এইচ, এস, কোড এ মিথ্যা ঘোষণা বা অন্যবিধ উপায়ে সংঘটিত কোন শুল্ক-কর ফাঁকির ঘটনা উদ্‌ঘাটন সংক্রান্ত মামলা, [৪১][**]

(ঘ) ক্যাটাগরী-৪ ঃ আমদানি-রপ্তানি এবং স্থানীয়ভাবে বিক্রয় বা বিলি-বন্দেজ নিষিদ্ধ, এবং ক্ষেত্র বিশেষে ধ্বংসযোগ্য পণ্য (যেমন-মাদকদ্রব্য, মূল্যবান ধাতব পদার্থ) সংক্রান্ত মামলা [৪২][; এবং

(ঙ) ক্যাটাগরী-৫ ঃ কোন কর্মকর্তা কর্তৃক ন্যূনতম ৩ (তিন) বৎসরের পুরাতন বকেয়া রাজস্ব অনুসন্ধান, প্রচেষ্টা ও যোগাযোগের মাধ্যমে আদায় সংক্রান্ত মামলা] [৪৩][ঃ

তবে শর্ত থাকে যে, কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট হইতে বকেয়া রাজস্ব আদায় ব্যতীত কেবল অন্যান্য প্রতিষ্ঠানের নিকট হইতে বকেয়া আদায় করা হইলে তা পুরস্কারযোগ্য হইবে।]

৫। **পুরস্কারের জন্য আবেদন।-** বিধি ৪ এর অধীন পুরস্কারযোগ্য মামলার চূড়ান্ত নিষ্পত্তির পর [৪৪][শুল্ক বিভাগের কোন] কর্মকর্তা বা কর্মচারী পুরস্কার প্রাপ্তির যোগ্য হইলে উক্ত কর্মকর্তা ও কর্মচারীর স্থানীয়ভাবে নিয়ন্ত্রণকারী কার্যালয় বোর্ডের নিকট এবং অন্যান্য সংস্থার কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে উক্ত সংস্থার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ নিম্নবর্ণিত তথ্যসহকারে আবেদন দাখিল করিবেন, যথা ঃ-

[৪১]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা বিলুপ্ত

[৪২]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা সন্নিবেশিত

[৪৩]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা সন্নিবেশিত

[৪৪]এস, আর, ও নং ৫৩-আইন/২০১০/২২৭৩/শুল্ক তারিখ ২৩ ফেব্রুয়ারী, ২০১০ দ্বারা প্রতিস্থাপিত

(১) পুরস্কার প্রাপ্তির জন্য যোগ্য কর্মকর্তা ও কর্মচারীর নাম;
(২) অনিয়ম বা শুল্ক-কর ফাঁকি সংক্রান্ত মামলার বিবরণী (আটক প্রতিবেদন অথবা ক্ষেত্রমত অন্যবিধ দলিলাদি);
(৩) আদায়কৃত শুল্ক-কর কিংবা ক্ষেত্রমত, অতিরিক্ত শুল্ক-কর ও জরিমানা সরকারী কোষাগারে জমা হইবার প্রমাণপত্র;
(৪) শুল্ক-কর ফাঁকি সংশ্লিষ্ট মামলার ‘ন্যায় নির্ণয়ন আদেশ’ এর কপি এবং ক্ষেত্রমত, আপীল নিস্পত্তির প্রমাণপত্র;
(৫) পুরস্কার প্রাপ্তির আবেদনের বিষয়টি আদালতে বিচারাধীন নয় মর্মে সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্র;
(৬) পরিশিষ্ট-ক অনুযায়ী পুরস্কার মঞ্জুরীর জন্য তথ্য; এবং
(৭) পুরস্কার প্রাপ্তির আবেদনের বিষয়ে ইতঃপূর্বে পুরস্কার দাবী বা পুরস্কার গ্রহণ করা হয়নি মর্মে অফিস প্রধানের প্রত্যয়নপত্র।

৫। **পুরস্কারের ভিত্তি মূল্য।-** (১) পুরস্কারের ভিত্তিমূল্য হইবে নিম্নরূপ, যথা ঃ-

[৪৫][(ক) স্বর্ণ, রৌপ্য, স্বর্ণালংকার, রৌপ্যালংকারের উক্ত পণ্য যে মূল্যে বিক্রয় করা হয় তার সমপরিমাণ অর্থ;]
(খ) দেশী বা বৈদেশিক মুদ্রা আটকের ক্ষেত্রে আটককৃত সমুদয় অর্থ;
(গ) আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য চালানে পণ্যের পরিমাণ ও এইচ,এস কোড-এর ক্ষেত্রে ঘোষণার কারণে উক্ত চালানে ঘোষণা বহির্ভূত অতিরিক্ত আদায়কৃত শুল্ক-কর ও অর্থদণ্ডের সমষ্টি;
(ঘ) আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য চালান মিথ্যা ঘোষণার কারণে অথবা চোরাচালানের কারণে আটককৃত পণ্য নিলামে বিক্রয়লব্ধ অর্থ হইতে আইনের section 201(2)(c) অনুযায়ী প্রাপ্ত অর্থ এবং আদায়কৃত অর্থদণ্ডের সমষ্টি;
(ঙ) বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্যের অবৈধ অপসারণ বা স্থানীয় বাজারে বিক্রয়ের ঘটনায় আদায়কৃত সমুদয় শুল্ক-কর ও অর্থদণ্ডের সমষ্টি; [৪৬][**]
(চ) আমদানি এবং রপ্তানি নিষিদ্ধ পণ্য, যাহা শুল্ক-কর আদায় কিংবা বিক্রয়ের মাধ্যমে নিস্পত্তিযোগ্য নয়, যেমন-মাদকদ্রব্য, মূল্যবান ধাতব পদার্থ ইত্যাদি এইরূপ ক্ষেত্রে পুরস্কার মঞ্জুরী কমিটি কর্তৃক নিরুপিত মূল্য ৪৭[; এবং

[৪৫]এস, আর, ও নং ৫৩-আইন/২০১০/২২৭৩/শুল্ক তারিখ ২৩ ফেব্রুয়ারী, ২০১০ দ্বারা প্রতিস্থাপিত
[৪৬]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা বিলুপ্ত

(ছ) বকেয়া রাজস্ব আদায়ের ক্ষেত্রে, আদায়কৃত সমুদয় বকেয়া শুল্ক-কর ও অর্থদণ্ডের সমষ্টি।]
(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন পুরস্কারের ভিত্তিমূল্য [৪৮][দুই লক্ষ] টাকা বা তাহার কম হইলে পুরস্কারের আবেদন বিবেচনার যোগ্য হইবে না।

৭। **পুরস্কারযোগ্য অর্থের পরিমাণ।-** নিম্নের ছকের কলাম (২) এ উল্লিখিত পুরস্কারের ক্যাটাগরী এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত হারে নির্ধারিত হইবে, যথাঃ-

[ছক]

| ক্রমিক নং | ক্যাটাগরি | পুরস্কারযোগ্য অর্থের পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | ক্যাটাগরি-১ | পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০% |
| ২। | ক্যাটাগরি-২ | পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০% |
| ৩। | ক্যাটাগরি-৩ | পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০% |
| ৪। | ক্যাটাগরি-৪ | আটক পণ্য মূল্যের ৫%; তবে শর্ত থাকে যে, ক্যাটাগরি-৪ এ পুরস্কারের পরিমাণ ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক হইবে না। |
| ৫। | ক্যাটাগরি-৫ | পুরস্কারের ভিত্তি মূল্যের উপর ১০% |

]

৮। **পুরস্কার মঞ্জুরী কমিটি গঠন ও এর কার্যাবলী।-** (১) নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে পুরস্কার মঞ্জুরী কমিটি গঠিত হইবে, যথা ঃ-

[৫০][(ক) শুল্ক অনুবিভাগের ক্ষেত্রে-

| | |
|---|---|
| (১) সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন) | - সভাপতি |
| (২) সদস্য (শুল্ক নীতি) | - সদস্য |
| (৩) সদস্য (মূসক নীতি) | - সদস্য |
| (৪) প্রথম সচিব (শুল্ক নীতি) | - সদস্য |
| (৫) প্রথম সচিব (শুল্ক নিরীক্ষা ও পরিদর্শন) | - সদস্য |
| (৬) দ্বিতীয় সচিব (শুল্ক নিরীক্ষা ও পরিদর্শন) | - সদস্য-সচিব] |

(ছ) চোরাচালান নিরোধকল্পে আইনের section 6 এর অধীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে উক্ত কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কেন্দ্রীয়ভাবে অন্যুন ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি পুরস্কার মঞ্জুরী কমিটি গঠন করিবেন।

[৪৭]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত
[৪৬]এস, আর, ও নং ৫৩-আইন/২০১০/২২৭৩/শুল্ক তারিখ ২৩ ফেব্রুয়ারী, ২০১০ দ্বারা প্রতিস্থাপিত
[৪৭]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত
[৪৮]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত

(২) পুরস্কার মঞ্জুরী কমিটি এক পঞ্জিকা বছরে অন্যূন তিনটি সভার আয়োজন করিবে; এবং

(৩) পুরস্কার মঞ্জুরী কমিটি পুরস্কারের মামলা যাচাই বাছাইপূর্বক পুরস্কারের জন্য সুপারিশ করিবে।

৯। **পুরস্কার মঞ্জুরকারী কর্তৃপক্ষ।-** বিধি ৮(৩) এর অধীন পুরস্কার মঞ্জুরী কমিটির সুপারিশের ভিত্তিতে [৫১][শুল্ক বিভাগের ক্ষেত্রে] বোর্ডের চেয়ারম্যান এবং অন্যান্য সংস্থার ক্ষেত্রে উক্ত সংস্থার প্রধান পুরস্কার মঞ্জুর করিবেন।

[৫২][১০। পুরস্কারের অর্থ বিতরণ।- (১) যেই ক্ষেত্রে কোন তথ্য সরবরাহকারীর তথ্যের ভিত্তিতে চোরাচালান বা শুল্ক-কর ফাঁকি বা বকেয়ার ঘটনা উদঘাটিত হয়, সেই ক্ষেত্রে-

(ক) তথ্য সরবরাহকারী মঞ্জুরীকৃত অর্থের ২০% পাইবেন;

(খ) শুল্ক-কর ফাঁকি, বকেয়া ও চোরাচালানের ঘটনা উদ্‌ঘাটন সংক্রান্ত মামলার সহিত সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী মঞ্জুরীকৃত অর্থের ৬৫% পাইবেন;

(গ) সংশ্লিষ্ট দপ্তরের কল্যাণ তহবিলে ১২% জমা হইবে; এবং

(ঘ) বোর্ডের কল্যাণ তহবিলে ৩% জমা হইবে।

(২) তথ্য সরবরাহকারী না থাকিলে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ মঞ্জুরীকৃত অর্থের ৮৫% পাইবেন, সংশ্লিষ্ট দপ্তরের কল্যাণ তহবিলে ১২% এবং বোর্ডের কল্যাণ তহবিলে ৩% জমা করিতে হইবে।]

১১। **অগ্রিম পুরস্কার প্রদান।-** প্রশংসনীয় কাজের তাৎক্ষণিক স্বীকৃতি প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে এবং, নিম্নের ছকের কলাম (২) এ বর্ণিত কর্তৃপক্ষ, কলাম (৩) এ নির্ধারিত আর্থিক সীমার মধ্যে পুরস্কারের আবেদনকারীকে অগ্রিম পুরস্কার মঞ্জুরী প্রদান করিতে পারিবেন ঃ

**শর্তসমূহ ঃ**

(ক) [৫৩][ফাঁকিকৃত শুল্ক-কর আদায়ের অথবা আটককৃত পণ্যের] 'ন্যায় নির্ণয়ন আদেশ' জারীর অব্যবহিত পর গোপন সংবাদ দাতাকে তাহার অনুকূলে প্রাপ্য পুরস্কারের অর্থের অনধিক ২০% এবং পণ্য আটককারী কর্মকর্তা ও কর্মচারীদের তাহাদের অনুকূলে প্রাপ্য পুরস্কারের অর্থের অনধিক ৩০% অর্থ প্রদান করিতে পারিবেন এবং এইরূপ অগ্রিম মঞ্জুরীকৃত পুরস্কারের অর্থ চূড়ান্ত পুরস্কার মঞ্জুরী অর্থের সহিত সমন্বয় করিতে হইবে;

[৫১]এস, আর, ও নং ৫৩-আইন/২০১০/২২৭৩/শুল্ক তারিখ ২৩ ফেব্রুয়ারী, ২০১০ দ্বারা প্রতিস্থাপিত
[৫৩]এস, আর, ও নং ১৬৪-আইন/২০১১/২৩৫১/শুল্ক তারিখ ৯ জুন, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত

[৫৪]এস, আর, ও নং ৫৩-আইন/২০১০/২২৭৩/শুল্ক তারিখ ২৩ ফেব্রুয়ারী, ২০১০ দ্বারা প্রতিস্থাপিত

(ক) মামলার চূড়ান্ত সিদ্ধান্তের ভিত্তিতে শুল্ক-কর ও জরিমানা আদায় না হইলে অগ্রিম মঞ্জুরীর অর্থ ফেরতযোগ্য হইবে;

(গ) আইনের section 6 এর অধীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের ক্ষেত্রে তাহাদের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুকূলে প্রদত্ত ব্যয় বরাদ্দ হইতে পুরস্কার প্রদান করিতে হইবে;

ছক

| ক্রমিক নং | অগ্রিম পুরস্কার মঞ্জুরী প্রদানকারী কর্তৃপক্ষ | প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ অগ্রিম পুরস্কার মঞ্জুরীর পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | (ক) কমিশনার অব কাস্টমস (কাস্টম হাউস/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/কাস্টম বন্ড কমিশনারেট)<br>(খ) মহা-পরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর<br>(গ) ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ/ডিরেক্টর জেনারেল অব বাংলাদেশ রাইফেলস/ডিরেক্টর জেনারেল অব বাংলাদেশ কোস্ট গার্ড | ৫০,০০০/- টাকা |
| ২ | (ক) সদর দপ্তরের বাহিরে পদস্থ অতিরিক্ত কমিশনার (কাস্টম হাউস/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/কাস্টমস বন্ড কমিশনারেট)<br>(খ) সদর দপ্তরের বাহিরে পদস্থ অতিরিক্ত মহা-পরিচালক (শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর)<br>(গ) সদর দপ্তরের বাহিরে পদস্থ ডিআইজি অব পুলিশ/সেক্টর কমান্ডার, বাংলাদেশ রাইফেলস/ ইনচার্জ, বাংলাদেশ কোস্ট গার্ড | ৩০,০০০/- টাকা |
| ৩ | (ক) সদর দপ্তরের বাহিরে পদস্থ যুগ্ম কমিশনার (কাস্টম হাউস/শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট/কাস্টম বন্ড কমিশনারেট)<br>(খ) সদর দপ্তরের বাহিরে পদস্থ যুগ্ম মহাপরিচালক (শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর)<br>(গ) সদর দপ্তরের বাহিরে পদস্থ সুপারিনটেনডেন্ট অব পুলিশ/ ব্যাটালিয়ন কমান্ডার, বাংলাদেশ রাইফেলস | ১৫,০০০/- টাকা |

১১। রহিতকরণ।- এতদ্বারা The Customs (Grant of Rewards) Order, 1986 রহিত করা হইল।

পরিশিষ্ট-ক

"পুরস্কার মঞ্জুরীর জন্য তথ্য সম্বলিত ছক"

| আটক/অনিয়ম প্রতিবেদন নম্বর ও তারিখ (সত্যায়িত কপি ছকের সাথে সংযুক্ত করিতে হইবে) | আটকের কারণ/ অনিয়মের সংক্ষিপ্ত বিবরণ | ন্যায় নির্ণয়ন/আপীল রিভিশন আদেশ নং ও তারিখ (সত্যায়িত কপি ছকের সাথে সংযুক্ত করিতে হইবে) | আমদানিকারক রপ্তানিকারকের ঘোষণা মোতাবেক প্রদেয় শুল্ক-করের পরিমাণ | অনিয়ম/মিথ্যা ঘোষণা উদ্‌ঘাটিত হওয়ায় আদায়কৃত শুল্ক-কর ও জরিমানার পরিমাণ | বিধি ৬ মোতাবেক জরিমানাসহ আদায়কৃত অতিরিক্ত শুল্ককরাদি (কলাম ৫ ও ৪ এর পার্থক্য) (ট্রেজারী চালান/পে-অর্ডার এর ফটোকপি ছকের সাথে সংযুক্ত করিতে হইবে) | পুরস্কারের ক্যাটাগরী (বিধি ৪) | পুরস্কারযোগ্য অর্থের পরিমান (বিধি ৭) | বিভিন্ন খাতে বন্টনযোগ্য পুরস্কারের পরিমাণ (খাতওয়ারী অংশ প্রদর্শন) (বিধি ১০) | আটককারী কর্মকর্তা/কর্মচারী পণ্যের নাম ও পদবী | আটককারী কর্মকর্তা/কর্মচারী/সংবাদ দাতাকে অগ্রীম প্রদত্ত অর্থের পরিমাণ (বিধি ১২) | চূড়ান্তমঞ্জুরীর জন্য সুপারিশকৃত অর্থের পরিমাণ (কলাম ৮ ও ১১ এর পার্থক্য) | মন্তব্য (যদি থাকে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) | (০৭) | (০৮) | (০৯) | (১০) | (১১) | (১২) | (১৩) |
| | | | | | | | | | | | | |

অনিয়ম উদ্‌ঘাটনকারী
প্রধান কর্মকর্তা

সংশ্লিষ্ট দপ্তর প্রধানের
নামীয় সীল ও স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(হুসেইন আহমেদ)
সদস্য (শুল্ক

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
অর্থমন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক ও মূল্য সংযোজন কর)

**প্রজ্ঞাপন**

তারিখ ১৮ আষাঢ় ১৪১৯ বঙ্গাব্দ/২ জুলাই ২০০৯ খ্রিস্টাব্দ

**এসআরও-১৯০-আইন/২০০৯/২২৫৫/শুল্ক।-** The Customs Act, 1969 (IV of 1969) এর Section 19 এর সহিত পঠিতব্য, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উহার ১লা আষাঢ়, ১৪০২ বঙ্গাব্দ/১৫ই জুন, ১৯৯৫ইং তারিখে প্রজ্ঞাপন নং এসআরও ১০৮-আইন/৯৫/১৬১৪/শুল্ক বাতিলক্রমে প্রকৃত রপ্তানিকারক কর্তৃক আমদানিকৃত ট্যাগ, লেবেল, স্টিকার, প্রাইস টিকেট, বারকোড, রিবেট-মার্কার, প্যাটার্ন, এমব্রয়ডারি ডিস্ক, অর্ডার শীটের ওপর আরোপযোগ্য সমুদয় শুল্ক ও মূল্য সংযোজন কর এতদ্বারা মওকুফ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(ড. নাসির উদ্দীন আহমেদ)
ভারপ্রাপ্ত সচিব

***উৎস: মূল কপি।***

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
**(শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ মাঘ, ১৪১৬ বঙ্গাব্দ/০১ ফেব্রুয়ারি, ২০১০ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন-২৭৫/২০১০/কাস।-** The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section ১১-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, খুলনা সিটি কর্পোরেশন এলাকা, রূপসা উপজেলা, মংলা থানা এবং সাতক্ষীরা সদর উপজেলা ও বাগেরহাট সদর উপজেলাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে ঘোষণা করিল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(ম. সফিউজ্জামান)
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

***উৎস: মূল কপি।***

---

**বাংলাদেশ জাতীয় সংসদ**

ঢাকা, ১লা আগস্ট, ২০১০/১৭ইং শ্রাবণ, ১৪১৭

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১লা আগস্ট, ২০১০ (১৭ই শ্রাবণ, ১৪১৭) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছেঃ

২০১০ সনের ৪২নং আইন

দ্রুত অর্থনৈতিক উন্নয়ন তথা শিল্পায়ন, কর্মসংস্থান, উৎপাদন এবং রপ্তানী বৃদ্ধি ও বহুমুখীকরণে উৎসাহ প্রদানের জন্য পশ্চাৎপদ ও অনগ্রসর এলাকাসহ সম্ভাবনাময় সকল এলাকায় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা এবং উহার উন্নয়ন, পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণসহ আনুষঙ্গিক অন্যান্য বিষয়ে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন।

যেহেতু, দ্রুত অর্থনৈতিক উন্নয়ন তথা শিল্পায়ন, কর্মসংস্থান, উৎপাদন এবং রপ্তানী বৃদ্ধি ও বহুমুখীকরণে উৎসাহ প্রদানের জন্য পশ্চাৎপদ ও অনগ্রসর এলাকাসহ সম্ভাবনাময় সকল এলাকায় অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা এবং উহার উন্নয়ন, পরিচালনা, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণসহ আনুষঙ্গিক অন্যান্য বিষয়ে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ–

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।–(১) এই আইন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।–বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে–

(১) **''অর্থনৈতিক অঞ্চল''** অর্থ ধারা ৫ এর অধীন সরকার কর্তৃক ঘোষিত কোন অর্থনৈতিক অঞ্চল;
(২) **''অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার''** অর্থ ধারা ৮ এর অধীন নিযুক্ত অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার;
(৩) **''কর্তৃপক্ষ''** অর্থ ধারা ১৭ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ;
(৪) **''গভর্ণিং বোর্ড''** অর্থ কর্তৃপক্ষের গভর্ণিং বোর্ড;
(৫) **''চেয়ারম্যান''** অর্থ গভর্ণিং বোর্ডের চেয়ারম্যান;
(৬) **''নির্বাহী বোর্ড''** অর্থ কর্তৃপক্ষের নির্বাহী বোর্ড;
(৭) **''নির্বাহী চেয়ারম্যান''** অর্থ নির্বাহী বোর্ডের চেয়ারম্যান'
(৮) **''নির্ধারিত''** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত এবং অনুরূপ বিধি প্রণীত না হওয়া পর্যন্ত সরকার কর্তৃক, সরকারি গেজেটে আদেশ দ্বারা নির্ধারিত'
(৯) **''প্রবিধান''** অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
(১০) **''বিধি''** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি'
(১১) **''সচিব''** অর্থ কর্তৃপক্ষের সচিব।

৩। **আইনের প্রাধান্য**।–আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। **অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা**।–এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, দেশের পশ্চাৎপদ ও অনগ্রসর এলাকাসহ সম্ভাবনাময় সকল এলাকায় দ্রুত অর্থনৈতিক উন্নয়ন তথা শিল্পায়ন, কর্মসংস্থান, উৎপাদন এবং রপ্তানী বৃদ্ধি ও বহুমুখীকরণে উৎসাহ প্রদান এবং রাষ্ট্রের সামাজিক ও অর্থনৈতিক অঙ্গীকারসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সরকার নিম্নবর্ণিত যে কোন শ্রেণীর অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করিতে পারিবে, যথাঃ–

(ক) দেশী বা বিদেশী ব্যক্তি, গোষ্ঠি বা প্রতিষ্ঠান কর্তৃক সরকারি ও বেসরকারি অংশীদারিত্বে প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চল;
(খ) দেশী বা প্রবাসী বাংলাদেশী বা বিদেশী বিনিয়োগকারী, গোষ্ঠি, ব্যবসায়িক সংগঠন বা গ্রুপ কর্তৃক, একক বা যৌথভাবে, প্রতিষ্ঠিত বেসরকারি অর্থনৈতিক অঞ্চল;
(গ) সরকারি উদ্যোগ ও মালিকানায় প্রতিষ্ঠিত সরকারি অর্থনৈতিক অঞ্চল;

(ঘ) একই ধরনের বিশেষায়িত কোন শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য, বেসরকারি বা সরকারি ও বেসরকারি অংশীদারিত্বে বা সরকারি উদ্যোগে, প্রতিষ্ঠিত বিশেষ অর্থনৈতিক অঞ্চল।

৫। **অর্থনৈতিক অঞ্চলের জন্য ভূমি নির্বাচন এবং অর্থনৈতিক অঞ্চল ঘোষণা।**–(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোন নির্দিষ্ট ভূমি এলাকাকে অর্থনৈতিক অঞ্চল হিসাবে নির্বাচনক্রমে অর্থনৈতিক অঞ্চল ঘোষণা করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন জারীকৃত প্রজ্ঞাপনের তফসিলে অর্থনৈতিক অঞ্চল হিসাবে ঘোষিত ভূমির সুনির্দিষ্ট বিবরণ থাকিতে হইবে।

(৩) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাভূক্ত, কোন ভূমিতে এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে অর্থনৈতিক অঞ্চল হিসাবে ঘোষণা করা যাইবে না।

৬। অর্থনৈতিক অঞ্চলের জন্য ভূমি অধিগ্রহণ।–(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কোন অর্থনৈতিক অঞ্চলের জন্য অথবা উক্ত অঞ্চলে অবকাঠামো যেমন–সড়ক, ব্রীজ ইত্যাদি নির্মাণের জন্য কোন ভূমি প্রয়োজন হইলে, সরকার উক্ত ভূমি Acquisition and Requisition of Immovable Property Ordinance, 1982 (Ordinance No. II of 1982) এর অধীন অধিগ্রহণ করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন অধিগ্রহণকৃত ভূমির ক্ষতিপূরণসহ অন্য যে কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে উপ-ধারা (১) এ উল্লিখিত Ordinance এর বিধানাবলী প্রযোজ্য হইবে।

(৩) এই ধারার অধীন অধিগ্রহণকৃত ভূমি, জনস্বার্থে, প্রয়োজনীয় বলিয়া গণ্য হইবে।

৭। **অর্থনৈতিক অঞ্চলকে বিভিন্ন এলাকায় বিভাজন।**–(১) কর্তৃপক্ষ কোন অর্থনৈতিক অঞ্চল সংশ্লিষ্ট ভূমি এলাকাকে নিম্নবর্ণিত এলাকায় বিভাজন করিয়া মাস্টার প্ল্যান প্রণয়ন করিবার জন্য প্রয়োজনীয় আদেশ জারী করিতে পারিবে, যথা ঃ–

(ক) **রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা (Export Processing Area) ঃ** রপ্তানীমুখী শিল্পের জন্য নির্ধারিত;

(খ) **অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকা (Domestic Processing Area) ঃ** দেশীয় বাজার চাহিদা মেটানোর লক্ষ্যে প্রতিষ্ঠিত শিল্পের জন্য নির্ধারিত;

(গ) বাণিজ্যিক এলাকা (Commercial Area) ঃ ব্যবসা প্রতিষ্ঠান. ব্যাংক, ওয়্যারহাউজ, অফিস বা অন্য কোন প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত;

(ঘ) প্রক্রিয়াকরণমুক্ত এলাকা (Non Processing Area) ঃ আবাসন, স্বাস্থ্য, শিক্ষা, বিনোদন ইত্যাদির জন্য নির্ধারিত।

(২) উপ–ধারা (১) এর অধীন জারীকৃত আদেশের ভিত্তিতে কোন অর্থনৈতিক অঞ্চলের জন্য মাস্টার প্ল্যান প্রস্তুত করা হইলে উহা অনুমোদনের জন্য কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিতে হইবে এবং কর্তৃপক্ষ কর্তৃক উহা অনুমোদিত হইলে উক্ত প্ল্যান অনুযায়ী বিভাজিত এলাকা উক্ত অঞ্চলের নির্ধারিত অংশ হইবে।

৮। **অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার নিয়োগ।**–এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ, নির্ধারিত পদ্ধতিতে, অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার নিয়োগ করিতে পারিবে।

৯। **অর্থনৈতিক অঞ্চলে স্থাপিতব্য শিল্প ও বাণিজ্যিক প্রতিষ্ঠানের শ্রেণী, ইত্যাদি।**–অর্থনৈতিক অঞ্চলসমূহে সুবিধাদি প্রদানের লক্ষ্যে কর্তৃপক্ষ, সময় সময়, কোন অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত শিল্প এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানের শ্রেণী নির্ধারণ করিতে পারিবে।

১০। **অর্থনৈতিক অঞ্চলের জন্য বিশেষ শুল্ক সুবিধা।**–আপাততঃ বলবৎ অন্য আইনে যাহা কিছুই থাকুক না কেন, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্দিষ্ট মেয়াদের জন্য অর্থনৈতিক অঞ্চল বা উহার কোন এলাকাকে বিশেষ শুল্ক সুবিধা প্রদান করিতে পারিবে এবং Customs Act, 1969 (Act No. IV of 1969) এর বিধান অনুযায়ী অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত প্রতিষ্ঠানসমূহের আমদানী ও রপ্তানী কার্যক্রম পরিচালনার সুবিধার্থে বিশেষ ব্যবস্থা প্রবর্তন করিতে পারিবে।

১১। **আর্থিক সুবিধা, ইত্যাদি।**–(১) সরকার Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (Act No. XXXVI of 1980) এবং বাংলাদেশ বেসরকারি রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ২০নং আইন) তে প্রদত্ত একই ধরণের আর্থিক বিশেষ প্রণোদনা ও সুবিধাদি অর্থনৈতিক অঞ্চলের শিল্প ইউনিটসমূহের জন্য প্রদান করিবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অর্থনৈতিক অঞ্চলের বাহিরে রপ্তানীকারকদের জন্য বিশেষ প্রণোদনার ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

১২। **অন্যান্য সুবিধাদি।–কর্তৃ**পক্ষ–

(ক) অর্থনৈতিক অঞ্চল পরিচালনার জন্য অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার ও শিল্প ইউনিটসমূহের প্রয়োজনীয় সেবা যেমন–অর্থনৈতিক অঞ্চলের ভূমি নির্বাচনের অনুমতি, অর্থনৈতিক অঞ্চল ঘোষণা, ক্লিয়ারেন্সসমূহ, সার্টিফিকেটসমূহ, সার্টিফিকেট অব অরিজিন, পারমিট ফর রিপ্যাট্রিয়েশন অব ক্যাপিটাল এন্ড ডেভিডেন্স, রেসিডেন্ট ও নন রেসিডেন্ট ভিসা, ওয়ার্ক পারমিট, নির্মাণ পারমিটসহ যে কোন প্রকারের আইনগত দলিল, ইত্যাদি ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে প্রদানের ব্যবস্থা করিবে; এবং

(খ) শিল্প কারখানা স্থাপনের জন্য উপযুক্ত প্লটসমূহ, ধারা ১৬ এর বিধান সাপেক্ষে, সম্পূর্ণ বাণিজ্যিক ভিত্তিতে বরাদ্দ বা ইজারা প্রদানের ব্যবস্থা করিবে।

১৩। **কতিপয় আইনের প্রয়োগ হইতে অব্যাহতি প্রদানের ক্ষমতা।**–(১) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, কোন অঞ্চল বা অঞ্চলের কোন প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত সকল বা যে কোন আইনের সকল বা যে কোন বিধান হইতে অব্যাহতি দিতে পারিবে, অথবা এই মর্মে নির্দেশ দিতে পারিবে যে, উক্ত সকল বা যে কোন আইনের বিধানাবলী, উক্ত প্রজ্ঞাপনে বিধৃত পরিবর্তন বা সংশোধন সাপেক্ষে, কোন অঞ্চলের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথা ঃ–

(ক) Municipal Taxation Act, 1881 (Act No. XI of 1881);
(খ) Explosives Act, 1884 (Act No. IV of 1884);
(গ) Stamp Act, 1899 (Act No. II of 1809);
(ঘ) Electricity Act, 1910 (Act No. IX of 1910);
(ঙ) Boilers Act, 1923 (Act No. V of 1923);
(চ) Foreign Exchange Regulation Act, 1947 (Act No. VII of 1947);
(ছ) Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1953);
(জ) Building Construction Act, 1952 (E. B. Act No. II of 1953);
(ঝ) Land Development Tax Ordinance, 1976 (Ordinance No. XLII of 1976)
(ঞ) স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন);
(ট) অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ (২০০৩ সনের ৭ নং আইন);
(ঠ) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);
(ড) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ আইন);
(ঢ) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন);
(ণ) স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন);
(ত) সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত অন্য কোন আইন।

১৪। **অর্থনৈতিক অঞ্চলের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান** ।–বাংলাদেশ ব্যাংকের অনুমোদন সাপেক্ষে, কর্তৃপক্ষ, কোন অর্থনৈতিক অঞ্চলে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য কোন ব্যাংককে অনুমতি প্রদান করিতে পারিবে।

১৫। **অর্থনৈতিক অঞ্চলে শিল্প স্থাপন।**–এই আইনের অধীন প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে সরকারের বিদ্যমান শিল্পনীতিতে সংরক্ষিত শিল্প হিসাবে চিহ্নিত খাতসমূহ ব্যতীত ক্ষুদ্র ও কুটির শিল্পসহ অন্য যে কোন খাতের স্থাপনা যেমন কৃষি খামার, সেবাধর্মী প্রতিষ্ঠান ইত্যাদি স্থাপন করা যাইবে।

১৬। **ভূমি বরাদ্দ, ইত্যাদি।**–ধারা ১৫ এর অধীন কোন অর্থনৈতিক অঞ্চলে কোন ব্যক্তি শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠান স্থাপনের অনুমতিপ্রাপ্ত হইলে কর্তৃপক্ষ, তৎকর্তৃক নির্ধারিত শর্তে, উক্ত ব্যক্তিকে ভূমি, ভবন বা স্থান বরাদ্দ প্রদান করিবে অথবা ভাড়ার ভিত্তিতে বা অন্য কোনভাবে ইজারা প্রদান করিবে।

১৭। **কর্তৃপক্ষ প্রতিষ্ঠা**।–(১) এই আইন কার্যকর হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ নামে একটি কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করিবে।

(২) কর্তৃপক্ষ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীল মোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহার নামে মামলা দায়ের করা যাইবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

(৩) উপ-ধারা (১) এর অধীন কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত সরকার উহার নিয়ন্ত্রণাধীন কোন সংস্থাকে কর্তৃপক্ষ হিসাবে, সাময়িকভাবে, উহার কার্য-সম্পাদন করিবার দায়িত্ব অর্পণ করিতে পারিবে।

১৮। **কর্তৃপক্ষের প্রধান কার্যালয়, ইত্যাদি**।–কর্তৃপক্ষের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে এবং কর্তৃপক্ষ, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমতিক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে ইহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

১৯। কর্তৃপক্ষের দায়িত্ব ও কার্যাবলী।–কর্তৃপক্ষের সাধারণ দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ–

(১) অবকাঠামোসহ স্থানীয় সম্পদের প্রাপ্যতা, সড়ক ও যোগাযোগ সুবিধা, ভ্রমণ ও ব্যাংকিং সুবিধা এবং দক্ষ জনবলের প্রাপ্যতার ভিত্তিতে গুচ্ছনীতির আলোকে ভূমির অধিকতর দক্ষ ব্যবহার নিশ্চিত করার নিমিত্তে শিল্প এলাকার বা অন্য খাতের তদ্রুপ এলাকার জন্য ভূমি নির্বাচন ও চিহ্নিতকরণ;

(২) নিজস্ব উদ্যোগে বা সরকারি ও বেসরকারি অংশীদারিত্বমূলক উদ্যোগে চিহ্নিত, অর্থনৈতিক অঞ্চলের জন্য ভূমি অধিগ্রহণ করা ও সরকারের পক্ষ হইতে অধিগ্রহণকৃত ভূমির দখল গ্রহণ;

(৩) অধিগ্রহণকৃত ভূমি ও উহার বিভিন্ন প্রকার অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনার জন্য প্রতিযোগিতার ভিত্তিতে অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার নিয়োগ;

(৪) নিজস্ব উদ্যোগ বাস্তবায়ন ও ব্যবস্থাপনার জন্য অর্থনৈতিক অঞ্চলের অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও অনুমোদনের জন্য গভর্ণিং বোর্ড সমীপে উপস্থাপন;

(৫) নিজস্ব উদ্যোগ বাস্তবায়ন ও ব্যবস্থাপনার জন্য চিহ্নিত ও অর্থনৈতিক অঞ্চলে শিল্প ইউনিট, ব্যবসায়িক ও সেবামূলক প্রতিষ্ঠান স্থাপনের লক্ষ্যে, নির্ধারিত পদ্ধতিতে, আবেদনপ্রার্থী বিনিয়োগকারীগণের নিকট প্রতিযোগিতামূলক ব্যবসায়িক ভিত্তিতে ভূমি, ভবন বা স্থান বরাদ্দ, ইজারা বা ভাড়া প্রদান;

(৬) অর্থনৈতিক অঞ্চলের অবকাঠামো উন্নয়নে নিজস্ব ও অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারের কার্যক্রম পরিবীক্ষণের মাধ্যমে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উন্নয়ন নিশ্চিতকরণ;

(৭) দক্ষ শ্রমশক্তি তৈরীর মাধ্যমে শিল্প প্রতিষ্ঠানসমূহে কর্মসংস্থান সৃষ্টিসহ দেশী বা বিদেশী বিনিয়োগ উৎসাহিত করিবার মাধ্যমে অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে বা অর্থনৈতিক অঞ্চল বহির্ভূত স্থানে পশ্চাৎ সংযোগ শিল্প স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;

(৮) অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনার জন্য আকর্ষণীয় পরিবেশ ও সুযোগ-সুবিধা প্রদানের লক্ষ্যে গুচ্ছনীতির আলোকে এলাকা বিভাজনের মাধ্যমে অবকাঠামোসহ স্থানীয় সম্পদের প্রাপ্যতার ভিত্তিতে ভূমির অধিকতর দক্ষ ব্যবহার নিশ্চিতকরণ;

(৯) পরিবেশসহ অন্যান্য ক্ষেত্রের অঙ্গীকারসমূহ রক্ষায় অধিকতর দক্ষ ব্যবস্থাপনা ও পরিবীক্ষণ কার্যক্রমকে উৎসাহিতকরণ;

(১০) স্থানীয় অর্থনীতির চাহিদা মিটানোর জন্য অর্থনৈতিক অঞ্চলসমূহে পশ্চাৎ সংযোগ শিল্প স্থাপনের ব্যবস্থা গ্রহণ;

(১১) শ্রেণী ভিত্তিক শিল্পের জন্য পৃথক অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠা করিয়া মেট্রোপলিটন শহরে বা অন্যত্র স্থাপিত দূষণপ্রবণ শিল্পসহ অপরিকল্পিতভাবে স্থাপিত অন্যান্য শিল্প প্রতিষ্ঠানসমূহ অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তরের জন্য ব্যবসায়ী সংগঠনসমূহকে উৎসাহিতকরণ;

(১২) অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন ও পরিচালনায় সরকারি ও বেসরকারি যৌথ অংশীদারিত্বকে উৎসাহিতকরণ;

(১৩) সামাজিক ও অর্থনৈতিক অঙ্গিকারসমূহ বাস্তবায়নে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ;

(১৪) শ্রমিক-কর্মচারীদের ন্যায্য অধিকার প্রতিষ্ঠা করা, তাহাদের কল্যাণ নিশ্চিত করা; এবং মালিক ও শ্রমিক কর্মচারীদের মধ্যে সুষ্ঠু সম্পর্ক প্রতিষ্ঠা;

(১৫) দারিদ্র্যহ্রাসকরণে গৃহীত কর্মসূচী বাস্তবায়নে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ;

(১৬) অগ্রাধিকারপ্রাপ্ত উৎপাদন ও সেবা খাতের পরিকল্পিত শিল্পায়নের মাধ্যমে দেশের শিল্পনীতির বাস্তবায়ন ত্বরান্বিতকরণ; এবং

(১৭) অর্থনৈতিক অঞ্চল হিসাবে ঘোষিত এলাকাসমূহকে শিল্পনগরী, কৃষিভিত্তিক শিল্পাঞ্চল, বাণিজ্যিক এলাকা, পর্যটন এলাকা হিসাবে উন্নয়নক্রমে ব্যাংকিং খাতের বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক কেন্দ্রে রূপান্তর করিয়া প্রশিক্ষিত শ্রমিক ও দক্ষ সেবা প্রদান সহজলভ্যকরণ।

২০। **কর্তৃপক্ষের পরিচালনা, ইত্যাদি।** (১) কর্তৃপক্ষের পরিচালনা ও ইহার প্রশাসন একটি নির্বাহী বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, কর্তৃপক্ষ যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে নির্বাহী বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য-সম্পাদন করিতে পারিবে।

(২) দায়িত্ব পালন বা কার্য-সম্পাদনের ক্ষেত্রে, নির্বাহী বোর্ড গভর্ণিং বোর্ড কর্তৃক, সময় সময় প্রদত্ত আদেশ, নির্দেশ ও নীতিমালা অনুসরণ করিবে এবং নির্বাহী বোর্ড উহার ক্ষমতা প্রয়োগ ও কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে গভর্ণিং বোর্ডের নিকট দায়ী থাকিবে।

২১। **গভর্ণিং বোর্ড।**–(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, এবং উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত গভর্ণিং বোর্ড নামে একটি বোর্ড থাকিবে, যথাঃ–

(ক) প্রধানমন্ত্রী বা তৎকর্তৃক মনোনীত কোন সদস্য, যিনি একজন মন্ত্রী, যিনি গভর্ণিং বোর্ডের চেয়ারম্যানও হইবেন;

(খ) শিল্প, বাণিজ্য, অর্থ, পরিকল্পনা, বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ, যোগাযোগ, শ্রম ও কর্মসংস্থান, পরিবেশ ও বন মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রীগণ, পদাধিকারবলে;

(গ) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, পদাধিকারবলে;

(ঘ) বাংলাদেশ ব্যাংকের গভর্ণর, পদাধিকারবলে;

(ঙ) বিনিয়োগ বোর্ডের নির্বাহী চেয়ারম্যান, পদাধিকারবলে;

(চ) শিল্প, বাণিজ্য, অর্থ, পরিকল্পনা, কৃষি, শ্রম ও কর্মসংস্থান, ডাক ও টেলিযোগাযোগ বিজ্ঞান এবং তথ্য ও যোগযোগ প্রযুক্তি, পররাষ্ট্র, জ্বালানী ও খনিজ সম্পদ, বিদ্যুৎ, স্বরাষ্ট্র, নৌ-পরিবহন, পরিবেশ ও বন মন্ত্রণালয় বা বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব এবং চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, পদাধিকারবলে;

(ছ) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই), পদাধিকারবলে;

(জ) অর্থনৈতিক অঞ্চল সংশ্লিষ্ট জেলার চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর সরকার কর্তৃক মনোনীত প্রতিনিধি;

(ঝ) সরকার কর্তৃক মনোনীত ২(দুই) জন মহিলা উদ্যোক্তা;

(ঞ) বিশেষায়িত চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ-এর সভাপতি;

(ট) নির্বাহী চেয়ারম্যান, পদাধিকারবলে, যিনি উহার সচিবও হইবেন।

(২) উপধারা (১) এর দফা (ঞ) তে উল্লিখিত ব্যক্তিগণ নির্ধারিত পদ্ধতিতে পালাক্রমের (by-rotation) ভিত্তিতে গভর্ণিং বোর্ডের সদস্য হইবেন।

(৩) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে কোন ব্যক্তিকে, প্রজ্ঞাপনে উল্লিখিত উদ্দেশ্য ও মেয়াদের জন্য, গভর্ণিং বোর্ডের সদস্য হিসাবে যে কোন সময় কো-অপ্ট করিতে পারিবে।

২২। **গভর্ণিং বোর্ডের কার্যাবলী, নীতি বাস্তবায়ন, ইত্যাদি।**–(১) গভর্ণিং বোর্ড নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে–

(ক) অর্থনৈতিক অঞ্চলের উন্নয়ন, পরিচালন, ব্যবস্থাপনা এবং নিয়ন্ত্রণ বিষয়ক নীতি প্রণয়ন;

(খ) অর্থনৈতিক অঞ্চলের পরিচালনা, প্রশাসন, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ সম্পর্কিত উদ্যোক্তা কোম্পানীর কর্মকাণ্ড পর্যালোচনা;

(গ) অর্থনৈতিক অঞ্চলের প্রতিষ্ঠার প্রস্তাব অনুমোদন;

(ঘ) সময় সময় নির্বাহী বোর্ড এবং অর্থনৈতিক অঞ্চলের সামগ্রিক কর্মকাণ্ড পর্যালোচনা; এবং

(ঙ) কর্তৃপক্ষকে এবং অর্থনৈতিক অঞ্চল সম্পর্কিত বিষয়াদির দক্ষ ব্যবস্থাপনার উদ্দেশ্যে তৎবিবেচনায় কর্তৃপক্ষ প্রয়োজনীয় আদেশ বা নির্দেশ প্রদান।

(২) উপ-ধারা (১) এর অধীন গভর্ণিং বোর্ড কর্তৃক গৃহীত কোন সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে কোন মন্ত্রণালয় বা বিভাগের সম্পৃক্ততা থাকিলে উক্ত মন্ত্রণালয় বা বিভাগের অনুমোদন গ্রহণ সাপেক্ষে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ উহা বাস্তবায়ন করিবে।

(৩) কর্তৃপক্ষ উপ-ধারা (১) এর অধীন গভর্ণিং বোর্ড কর্তৃক প্রণীত নীতি, প্রদত্ত অনুমতিপত্র, মঞ্জুরীকৃত লাইসেন্স বা জারীকৃত আদেশ বা নির্দেশ সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা প্রকাশ করিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন কোন প্রজ্ঞাপন জারী করা হইলে, উহাতে উল্লিখিত নীতি, অনুমতিপত্র, লাইসেন্স এবং আদেশ বা নির্দেশ অগ্রাধিকার ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ বা কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করিতে হইবে।

২৩। **গভর্ণিং বোর্ডের সভা**।–(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, গভর্ণিং বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

(২) নির্বাহী চেয়ারম্যান, চেয়ারম্যানের সহিত পরামর্শক্রমে, গভর্ণিং বোর্ডের সভা আহ্বান করিবেন এবং এইরূপ সভা গভর্ণিং বোর্ডের চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) গভর্ণিং বোর্ডের সকল সভায় উহার চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে, তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন সদস্য, যিনি একজন মন্ত্রী, সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) গভর্ণিং বোর্ড উহার সভায় কোন আলোচ্য বিষয়ে বিশেষ অবদান রাখিতে সক্ষম এইরূপ যে কোন ব্যক্তিকে আমন্ত্রণ করিতে পারিবে এবং উক্তরূপে আমন্ত্রিত কোন ব্যক্তি সভায় আলোচনায় অংশগ্রহণ করিতে পারিবেন।

২৪। **নির্বাহী বোর্ড**।–(১) কর্তৃপক্ষের একটি নির্বাহী বোর্ড থাকিবে এবং উক্ত বোর্ড একজন চেয়ারম্যান ও তিন জন সদস্য সমন্বয়ে গঠিত হইবে।

(২) নির্বাহী বোর্ডের চেয়ারম্যান নির্বাহী চেয়ারম্যান নামে অভিহিত হইবেন এবং তিনি কর্তৃপক্ষের প্রধান নির্বাহী হইবেন।

(৩) নির্বাহী চেয়ারম্যান ও নির্বাহী বোর্ডের সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহারা সরকার কর্তৃক নির্ধারিত শর্তে দায়িত্বে নিয়োজিত থাকিবেন।

(৪) নির্বাহী চেয়ারম্যানের পদ শূন্য হইলে বা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে তিনি তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে, নির্বাহী চেয়ারম্যানের দায়িত্ব পালনের বিষয়ে সরকারের নিকট সমীচীন বলিয়া বিবেচিত যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(৫) নির্বাহী চেয়ারম্যান বা নির্বাহী বোর্ডের সদস্য পদে শূন্যতা বা নির্বাহী বোর্ড গঠনে ক্রটি থাকিবার কারণে উহার কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন বৈধতার প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

২৫। **নির্বাহী বোর্ডের সভা**।–(১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, নির্বাহী বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিবে।

(২) সচিব, নির্বাহী চেয়ারম্যানের পরামর্শক্রমে, নির্বাহী বোর্ডের সভা আহ্বান করিবেন।

(৩) নির্বাহী বোর্ডের সকল সভা কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হইবে।

(৪) নির্বাহী বোর্ডের সকল সভায় নির্বাহী চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে, সদস্যগণের মধ্যে যিনি জ্যেষ্ঠ তিনি সভাপতিত্ব করিবেন।

২৬। **সচিব, কর্মকর্তা, কর্মচারী নিয়োগ, ইত্যাদি**।–(১) কর্তৃপক্ষ ইহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে, সরকার কর্তৃক সাংগঠনিক কাঠামো অনুমোদন সাপেক্ষে, সচিবসহ কর্তৃপক্ষের প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী, পরামর্শক, বিশেষজ্ঞ ও নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষের সচিব, কর্মকর্তা ও কর্মচারী, পরামর্শক, বিশেষজ্ঞ ও নিরীক্ষকদের নিয়োগ ও চাকুরীর শর্তাবলী প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

(৩) এই আইন, ইহার অধীন প্রণীত বিধি ও প্রবিধানের বিধানাবলী সাপেক্ষে, কর্তৃপক্ষের সচিবসহ সকল কর্মকর্তা ও কর্মচারী নির্বাহী চেয়ারম্যানের সার্বিক নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে তাহাদের দায়িত্ব পালন করিবেন।

২৭। **কমিটিসমূহ।**–কর্তৃপক্ষ উহার কার্যাবলী সম্পাদনে সহায়তা করিবার জন্য নির্বাহী বোর্ডের চেয়ারম্যান বা সদস্য বা উহার কোন কর্মকর্তা বা অন্য কোন ব্যক্তি সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক কমিটি গঠন করিতে পারিবে এবং এইরূপ কমিটির দায়িত্ব ও কার্যাবলী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

২৮। **কতিপয় ক্ষেত্রে অনুমতিপত্র স্থগিত বা বাতিলকরণ।**–(১) কর্তৃপক্ষ যে কোন সময়, অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারকে প্রদত্ত অনুমতিপত্র স্থগিত বা বাতিল করিতে পারিবে, যদি অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার–

(ক) এই আইন বা বিধিতে বর্ণিতমতে তাহার উপর অর্পিত দায়িত্ব ও কার্যাবলী সম্পাদনে অসমর্থ হন; অথবা

(খ) এই আইনের অধীন গভর্ণিং বোর্ড কর্তৃক প্রদত্ত নির্দেশনা সঠিকভাবে প্রতিপালন করিতে ব্যর্থ হন; অথবা

(গ) অনুমতিপত্রের শর্তাবলী ভঙ্গ করেন; অথবা

(ঘ) অনুমতিপত্রে আরোপিত তাহার উপর অর্পিত দায়িত্ব ও বাধ্যবাধকতা আর্থিক কারণে দক্ষতার সাথে প্রতিপালন করিতে ব্যর্থ হন।

(২) উপ-ধারা (১) এর অধীন অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য অর্থনৈতিক অঞ্চল ডেভেলপারকে প্রদত্ত অনুমতিপত্র স্থগিত বা বাতিলকরণ পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

২৯। **ঋণ গ্রহণের ক্ষমতা।**–এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ, কোন ব্যাংক বা ঋণপ্রদানকারী সংস্থা বা অন্য কোন উৎস হইতে সরকারের অনুমোদন গ্রহণক্রমে ঋণ গ্রহণ করিতে পারিবে।

৩০। কর্তৃপক্ষের তহবিল।–(১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ তহবিল নামে কর্তৃপক্ষের একটি তহবিল থাকিবে, যাহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথাঃ–

(ক) সরকারের নিকট হইতে প্রাপ্ত অনুদান এবং ঋণ;

(খ) সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোন উৎস হইতে প্রাপ্ত ঋণ;

(গ) অর্থনৈতিক অঞ্চলসমূহে শিল্প এবং বাণিজ্যিক প্রতিষ্ঠান স্থাপনের জন্য বরাদ্দকৃত ভূমি হইতে প্রাপ্ত আয়;

(ঘ) অর্থনৈতিক অঞ্চলসমূহে স্থাপিত শিল্প এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানকে ইজারা প্রদত্ত ভবনসমূহের ভাড়া;

(ঙ) বিভিন্ন ফি এবং কোন সেবা প্রদান করা হইলে উহার সার্ভিস চার্জ;

(চ) সরকারি ও বেসরকারি অংশীদারিত্ব হইতে প্রাপ্ত মুনাফা;

(ছ) বেসরকারি প্রতিষ্ঠানসমূহ হইতে প্রাপ্ত ফি এবং সার্ভিস চার্জ; এবং

(জ) অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) কর্তৃপক্ষের তহবিল কোন তফসিলি ব্যাংকে জমা রাখা হইবে এবং প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উক্ত তহবিল পরিচালনা করা হইবে।

(৩) এই আইনের অধীন অর্থনৈতিক অঞ্চল সংক্রান্ত কর্তৃপক্ষের কার্যাবলী সম্পাদনের ব্যয় নির্বাহের জন্য কর্তৃপক্ষের তহবিল ব্যবহার করা হইবে।

(৪) সংশ্লিষ্ট অর্থ বৎসরে কর্তৃপক্ষের ব্যয় নির্বাহের পর উহার তহবিলে কোন অর্থ উদ্বৃত্ত থাকিলে, উক্ত অর্থ কর্তৃপক্ষের তহবিলে জমা প্রদান করিতে হইবে।

৩১। **বাজেট।**–কর্তৃপক্ষ প্রতি বৎসর, সরকার কর্তৃক নির্দেশিত সময়ে ও নিয়মে, পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট প্রস্তাব অনুমোদনের জন্য সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে কর্তৃপক্ষের সম্ভাব্য আয় ও ব্যয় প্রদর্শনপূর্বক উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কর্তৃপক্ষের কি পরিমাণ অর্থের প্রয়োজন হইতে পারে উহার উল্লেখ থাকিবে।

৩২। **হিসাব ও নিরীক্ষা।**–(১) কর্তৃপক্ষের হিসাব সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

(২) Comptroller and Auditor-General (Additional Functions) Act, 1974 (Act No. XXIV of 1974) এর কোন বিধানকে ক্ষুণ্ন না করিয়া, কর্তৃপক্ষের হিসাব এমন একজন নিরীক্ষক কর্তৃক নিরীক্ষিত হইবে, যিনি Bangladesh Chartered Accountants Order, 1973 (President's Order No. 2 of 1973) মোতাবেক একজন চাটার্ড

একাউন্ট্যান্ট এবং গভর্ণিং বোর্ডের পূর্বানুমোদন সাপেক্ষে, কর্তৃপক্ষ উক্ত নিরীক্ষককে নিয়োগ প্রদানসহ তাহাকে নির্ধারিত পারিশ্রমিক প্রদান করিবে।

(৩) উপ-ধারা (২) এর অধীন নিযুক্ত নিরীক্ষক, কর্তৃপক্ষের হিসাবসমূহ এবং তৎসংশ্লিষ্ট ভাউচারসহ বাৎসরিক ব্যালেন্স শীট পরীক্ষা করিবেন, কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত বিভিন্ন হিসাব বহির তালিকা পরীক্ষা করিবেন।

(৪) এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে নিরীক্ষক যুক্তিসঙ্গত সময়ে কর্তৃপক্ষের বিভিন্ন বহি, হিসাব ও অন্যান্য দলিলপত্র পরীক্ষার অবাধ সুযোগ পাইবেন এবং হিসাব সম্পর্কিত বিষয়ে গভর্ণিং বোর্ড বা নির্বাহী বোর্ডের যে কোন সদস্য বা সচিবসহ যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৫) নিরীক্ষক তৎকর্তৃক নিরীক্ষিত হিসাব সম্পর্কে সরকারের নিকট লিখিত প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদনে নিম্নবর্ণিত বিষয়াদির উল্লেখ থাকিবে−

(ক) নিরীক্ষকের বিবেচনায় বিভিন্ন হিসাব বহি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হইয়াছিল কি না;
(খ) উহাতে কর্তৃপক্ষের কার্যক্রমের যথার্থ প্রতিফলন ঘটিয়াছিল কি না;
(গ) যদি কোন ক্ষেত্রে নিরীক্ষক কর্তৃপক্ষের নিকট হইতে কোন তথ্য বা ব্যাখ্যা চাহিয়া থাকেন, তাহা হইলে উহা সরবরাহ করা হইয়াছিল কি না; এবং
(ঘ) উহা সন্তোষজনক ছিল কি না।

(৬) এই ধারার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, সরকার−

(ক) সরকার এবং গ্রাহকদের স্বার্থ সংরক্ষণে কর্তৃপক্ষ কি কার্যক্রম গ্রহণ করিয়াছিল তৎসম্পর্কে অথবা কর্তৃপক্ষের হিসাব নিরীক্ষা পদ্ধতির যথার্থতা সম্পর্কে প্রতিবেদন দেওয়ার জন্য নিরীক্ষকদেরকে নির্দেশনা প্রদান করিতে পারিবে;
(খ) যে কোন সময় নিরীক্ষার পরিধি বর্ধিত করিতে পারিবে;
(গ) নিরীক্ষার ভিন্ন ভিন্ন পদ্ধতি অনুসরণের জন্য অথবা নিরীক্ষকের বিবেচনায় জনস্বার্থে অন্য কোন বিষয় পরীক্ষা করা প্রয়োজন হইলে উক্তরূপ পরীক্ষা করিবার জন্য নির্দেশনা দিতে পারিবে।

৩৩। **পরিবেশ সংক্রান্ত আইন, ইত্যাদির প্রতিপালন।**−এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কর্তৃপক্ষ অর্থনৈতিক অঞ্চল ডেভেলপার, অর্থনৈতিক অঞ্চলে প্রতিষ্ঠিত শিল্প ইউনিটসমূহ, অন্যান্য আর্থিক ও ব্যবসায়িক প্রতিষ্ঠান বাংলাদেশে বিদ্যমান পরিবেশ ও পরিবেশ রক্ষা সংক্রান্ত সকল আইনের প্রতিপালনসহ বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃত আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ রক্ষা করিতে বাধ্য থাকিবে।

৩৪। **শ্রমিক কল্যাণ সমিতি ও শিল্প সম্পর্ক বিষয়ক আইনের প্রযোজ্যতা।**−ইপিজেড শ্রমিক কল্যাণ সমিতি ও শিল্প সম্পর্ক বিষয়ক প্রচলিত আইনের বিধানাবলী এই আইনের অধীন প্রতিষ্ঠিত বিশেষ অর্থনৈতিক অঞ্চলের শ্রমিকদের ক্ষেত্রে, প্রয়োজনীয় অভিযোজন সহকারে প্রযোজ্য হইবে।

৩৫। **বার্ষিক প্রতিবেদন, ইত্যাদি।**−(১) কর্তৃপক্ষ প্রতি অর্থ বৎসর সমাপ্ত হইবার পর, যথাসম্ভব শ্রীঘ্র, ইহার কার্যক্রম সম্পর্কে সরকারের নিকট প্রতিবেদন দাখিল করিবে।

(২) সরকার কর্তৃক নির্ধারিত সময়ে কর্তৃপক্ষ সরকারের নিকট, নিম্নবর্ণিত বিষয়াদি উপস্থাপন করিবে, যথাঃ−
(ক) সরকার কর্তৃক যাচিত রিটার্ণস, হিসাবসমূহ, বিবরণী, প্রাক্কলন এবং পরিসংখ্যান;
(খ) সরকার কর্তৃক কোন সুনির্দিষ্ট বিষয়ে যাচিত তথ্য এবং মন্তব্য;
(গ) পরীক্ষা বা অন্য কোন প্রয়োজনে সরকার কর্তৃক যাচিত বিভিন্ন কাগজ ও দলিলাদি।

৩৬। **দেওয়ানী মামলা বিচারের ক্ষেত্রে আদালত নির্দিষ্টকরণ, ইত্যাদি।**−(১) সরকার, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে এবং সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অর্থনৈতিক অঞ্চল হইতে উদ্ভূত দেওয়ানী মামলা বিচারের জন্য এক বা একাধিক আদালত নির্দিষ্ট করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন নির্দিষ্টকৃত আদালত ব্যতীত অন্য কোন আদালতে এই আইনের অধীন কোন মামলা বিচার্য হইবে না।

(৩) উপ-ধারা (১) এ নির্দিষ্টকৃত কোন আদালত কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তের বিরুদ্ধে কোন পক্ষ সংক্ষুব্ধ হইলে, তিনি রায় প্রদানের তারিখ হইতে ৬০ (ষাট) দিনের মধ্যে হাইকোর্ট বিভাগে আপিল করিতে পারিবেন।

৩৭। **কর্তৃপক্ষের বিশেষ অধিকার।**–কর্তৃপক্ষের নিম্নোক্ত বিশেষ অধিকারসমূহ থাকিবে, যথা ঃ–

(ক) অর্থনৈতিক অঞ্চলে কোন কোম্পানী, শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানের নিকট কর্তৃপক্ষের কোন পাওনা অপরিশোধিত থাকিলে, উক্ত কোম্পানি বা শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানের মালিক, পরিচালনা বা পরিচালক পর্ষদ চুক্তি অনুযায়ী তাহার বা তাহাদের ব্যক্তিগত সম্পদ হইতে উক্তরূপ দেনা পরিশোধের জন্য দায়ী হইবেন; এবং উক্তরূপ দেনা পরিশোধে ব্যর্থতার ক্ষেত্রে কর্তৃপক্ষ উহার পাওনা আদায়ের জন্য উক্ত কোম্পানী বা শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানের মালিক, পরিচালক বা পরিচালনা পর্ষদের বিরুদ্ধে কার্যধারা গ্রহণের অধিকার সংরক্ষণ করিবে;

(খ) কোন অঞ্চলে কোন কোম্পানী বা শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানের কোন শ্রমিক, কর্মচারী, নির্বাহী বা ব্যবস্থাপনা কর্মচারী যদি এমন কোন কার্যের সহিত জড়িত থাকে বা এমন কোন কার্যে প্ররোচনা প্রদান করে, যাহার ফলে কোন শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানে কোন শ্রমিক অসন্তোষ, ধর্মঘট বা লক-আউট এর উদ্ভব হয়, তাহা হইলে কর্তৃপক্ষ উক্তরূপ শিল্প প্রতিষ্ঠানকে উহার সংশ্লিষ্ট শ্রমিক, কর্মচারী, নির্বাহী বা ব্যবস্থাপনা কর্মচারীকে বরখাস্ত করাসহ নির্ধারিত সময়ের জন্য উক্ত শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ রাখিবার জন্য নির্দেশ দিতে পারিবে এবং তজ্জন্য কর্তৃপক্ষ কোন ক্ষতিপূরণ প্রদানের জন্য দায়ী হইবে না;

(গ) যদি অর্থনৈতিক অঞ্চলে অবস্থিত কোন শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠান কর্তৃপক্ষের বকেয়া পাওনা, অন্যান্য পাওনা এবং দায়-দেনা পরিশোধ করিতে ব্যর্থ হয়, তাহা হইলে কর্তৃপক্ষ এককভাবে উক্ত প্রতিষ্ঠানের মেশিনপত্র, যন্ত্রপাতি, কাঁচামাল অথবা অন্য কোন পণ্য অপসারণক্রমে উহা, গণপূর্ত অধিদপ্তরের নির্ধারিত হারে মূল্যায়নপূর্বক, অন্য কোন শিল্প বা বাণিজ্যিক প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করিতে পারিবে।

৩৮। **বিধি প্রণয়নের ক্ষমতা।**–এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৩৯। **প্রবিধান প্রণয়নের ক্ষমতা।**–এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন এবং তদধীন প্রণীত কোন বিধির সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

৪০। **অসুবিধা দূরীকরণ।**– এই আইনের বিধানাবলী কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে সরকার উক্তরূপ অসুবিধা দুরীকরণার্থ, সরকারি গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, প্রয়োজনীয় যে কোন ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৪১। **মূল পাঠ এবং ইংরেজী পাঠ।**–এই আইনের মূল পাঠ বাংলাতে হইবে এবং সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, ইংরেজীতে অনূদিত উহার একটি নির্ভরযোগ্য (Authentic English Text) পাঠ প্রকাশ করিবেঃ

তবে শর্ত থাকে যে, বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**আশফাক হামিদ**
সচিব।

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড,
সেগুনবাগিচা, ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

আদেশ নং-২৩/২০১১, তারিখ ১ কার্তিক, ১৪১৮ বঙ্গাব্দ, ১৬/১০/২০১১ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত আন্তর্জাতিক বিমান/সমুদ্র/স্থলবন্দরসমূহে বেসরকারি খাতে শুল্ক-মুক্ত বিপণি স্থাপনের লক্ষ্যে বন্ড লাইসেন্স ইস্যু সংক্রান্ত নীতিমালা।**

The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 13 (2) এবং 219(B) -এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, দেশের আন্তর্জার্তিক বিমান/সমুদ্র/স্থলবন্দরে বেসরকারি খাতে শুল্ক-মুক্ত বিপণি স্থাপনের লক্ষ্যে আবেদনকারী প্রতিষ্ঠানের বিপরীতে বন্ড লাইসেন্স ইস্যু করার ক্ষেত্রে নিম্নরূপ আদেশ জারি করিল:

(ক) শুল্ক-মুক্ত বিপণি স্থাপনের জন্য বন্ড লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ডে নির্দিষ্ট স্থানের নাম ও পণ্যের বিবরণী উল্লেখপূর্বক Letter of intent দাখিল করিতে হইবে। উক্ত Letter of intent প্রাথমিক বাছাইয়ের পর আগ্রহী প্রতিষ্ঠানকে ১(খ) অনুচ্ছেদে বর্ণিত ও বিধিবদ্ধ অপরাপর দলিলাদি সংযুক্তিপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডে অবেদন দাখিলের জন্য বোর্ড পত্র মারফত অবহিত করিবে। পৃথক পৃথক স্থানের (Location) জন্য পৃথক পৃথক আবেদন করিতে হইবে।

(খ) শুল্কমুক্ত বিপণির জন্য বন্ড লাইসেন্স ইস্যুর বিষয়ে আবেদনকারী প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে:

(i) বাংলাদেশ ব্যাংকের অনুমতিপত্র;

(ii) বাণিজ্য মন্ত্রণালয়ের অনাপত্তিপত্র;

(iii) আবেদনকারী প্রতিষ্ঠান যেসব পণ্যের জন্য বন্ড লাইসেন্সের আবেদন করবেন সেই সব পণ্যের ওপর ন্যূনতম ৫ (পাঁচ) বছর বিদেশে ক্রয় বিক্রয় করার ব্যবসায়িক অভিজ্ঞতা অথবা দেশে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকার প্রমাণপত্র;

(iv) প্রতিটি আবেদনের জন্য সর্বশেষ করনির্ধারণী বর্ষে আবেদনকারী/ প্রতিষ্ঠানের ন্যূনপক্ষে ২(দুই) কোটি টাকার টার্নওভার থাকার প্রমানপত্র অথবা বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে সম মূল্যমানের বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকের প্রমানপত্র।

০২। বন্ড লাইসেন্স ইস্যুর বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মতির ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এবং এই আদেশে উল্লিখিত বিধিবিধানের আলোকে লাইসেন্স ইস্যুর কার্যক্রম নিতে পরিবেন।

(ক) বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সিং বিধিমালায় বর্ণিত লাইসেন্সের জন্য আবশ্যকীয় দলিলাদিসহ নিম্নবর্ণিত দলিলাদি সংশ্লিষ্ট কমিশনারের নিকট দাখিল করিতে হইবে। যথা:

(i) লিকার, এলকোহলিক বেভারেজ, পারফিউমারী, সিগারেট ও তামাকজাত পণ্যের ক্ষেত্রে ২(দুই) কোটি টাকা এবং অন্যান্য পণ্যের ক্ষেত্রে ১ (এক) কোটি টাকার নি:শর্ত ব্যাংক/ইন্সুরেন্স গ্যারান্টি। উক্তরূপ গ্যারান্টি প্রতিষ্ঠানের সন্তোষজনক কার্যক্রমের ভিত্তিতে সংশ্লিষ্ট কমিশনার বন্ডের আওতায় আমদানিকৃত প্রথম চালানের বি/ই দাখিলের তারিখ থেকে ২(দুই) বছর পর অবমুক্ত করিতে পারিবেন;

(ii) যেই বন্দরে শুল্ক-মুক্ত বিপণি খোলা হইবে, সেইখানকার উপর্যুক্ত কর্তৃপক্ষের স্থান (Premise) বরাদ্দ পত্র; এবং

(iii) ১(খ) অনুচ্ছেদে বর্ণিত বিধিবদ্ধ দলিলাদি।

(খ) শুল্ক-মুক্ত বিপণির জন্য বন্ড লাইসেন্স দেশের আন্তর্জাতিক বিমান/সমুদ্র/ স্থলবন্দরসমূহ হইতে বিদেশগামী অথবা বিদেশ হইতে আগত যাত্রীদের নিকট বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয়তব্য পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। এ ধরনের বিক্রয় দি কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯ এর ধারা ১০৫ অনুযায়ী রপ্তানি হিসেবে গণ্য হইবে;

(গ) শুল্ক-মুক্ত বিপণির মালামাল সাপ্লাইয়ার্স ক্রেডিট এ আমদানি করিতে হইবে;

(ঘ) শুল্ক-মুক্ত বিপণির জন্য বন্ড লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইনের বিধি বিধান প্রতিপালন করিতে হইবে এবং সময়ে সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত গাইডলাইন অনুসরণ করিয়া কার্যক্রম পরিচালনা করিতে হইবে;

(ঙ) পণ্যসমূহের নাম স্পষ্টভাবে লাইসেন্সে উল্লেখ করিতে হইবে। অনুমোদিত পণ্য ব্যতীত অন্য কোন পণ্য উক্ত বন্ডে খালাসযোগ্য হইবে না;

(চ) উক্ত বন্ডেড ওয়্যারহাউস/বিপণি ব্যতীত অন্য কোনও স্থান হইতে বন্ডের পণ্য বিক্রয় করা যাইবে না;

(ছ) বন্ড লাইসেন্স ইস্যু হওয়ার পর প্রতিষ্ঠানের আবেদন ও কার্যক্রমের ওপর জাতীয় রাজস্ব বোর্ড বার্ষিক আমদানি-প্রাপ্যতা নির্ধারণের ব্যবস্থাগ্রহণ করিবে;

(জ) যেসব শুল্ক বন্দরে শুল্ক কর্তৃপক্ষের অথবা সংশ্লিষ্ট সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার উপযুক্ত অবকাঠামো নাই সেখানে সংশ্লিষ্ট সংস্থার অনুমোদনক্রমে প্রত্যাশী বন্ডারকে প্রয়োজনীয় অবকাঠামো তৈরি করিতে হইবে ও প্রযোজ্য ক্ষেত্রে বিধি মোতাবেক ভাড়া প্রদান করিতে হইবে; এবং

(ঝ) রাজস্ব সুরক্ষার লক্ষ্যে সংশ্লিষ্ট কমিশনার এতদবিষয়ে The Customs Act, 1969 বন্ডেড ওয়্যার হাউজিং লাইসেন্স বিধিমালা, ২০০৮ এবং এই আদেশে বর্ণিত বিধানাবলিসহ বাংলাদেশ পর্যটন কর্পোরেশন কর্তৃক পরিচালিত শুল্ক মুক্ত বিপণির জন্য প্রযোজ্য আদেশ নির্দেশ ও শর্তাবলির সাথে সামঞ্জস্য রেখে এ ক্ষেত্রে প্রয়োজনীয় স্থায়ী আদেশ জারি করিবেন।

০৩। নতুন প্রতিষ্ঠিতব্য ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসের ক্ষেত্রেও উপর্যুক্ত বিধানাবলি প্রযোজ্য হইবে।

০৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
(মো: শাহ্ আলম খান)
সদস্য (শুল্ক)

***উৎস:*** *মূল কপি।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখঃ ১১ ফাল্গুন, ১৪১৮ বঙ্গাব্দ /২৩ ফেব্রুয়ারি, ২০১২ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং-৫৪ আইন/২০১২/২৩৭৯-শুল্ক। Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, Section 192A হইতে Section 192J এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন-** (১) এই বিধিমালা শুল্ক (বিকল্প বিরোধ নিষ্পত্তি) বিধিমালা ২০১২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক Customs Act, 1969 (Act IV of 1969); এর section 192B অনুযায়ী কার্যকর করিবার জন্য সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা যে তারিখ ও যে শুল্ক ভবন অথবা শুল্ক স্টেশন অথবা কমিশনারেট নির্ধারণ করা হইবে সেই তারিখ সেই শুল্ক ভবন অথবা শুল্ক স্টেশন অথবা কমিশনারেটে উহা কার্যকার হইবে।

**২। সংজ্ঞা-বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালা-**

ক) 'আইন 'অর্থ Customs Act, 1969 (Act IV of 1969);

খ) 'আমদানীকারক বা রপ্তানীকারক' অর্থ যে কোন স্বাভাবিক অথবা কৃত্রিম ব্যক্তি সত্ত্বা (juristic Person) যাহার শুল্ক কর্তৃপক্ষ অথবা কমিশনার (আপীল) অথবা রিভিউ কমিটি অথবা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল অথবা সুপ্রীম কোর্টের নিকট Customs Act, 1969 এর section 192C তে বর্ণিত কোন বিরোধ (dispute) নিস্পন্নাধীন রহিয়াছে;

গ) 'শুল্ককর' অর্থ Customs Act, 1969 (Act IV of 1969); এ বর্ণিত আমদানী শুল্ক, সম্পূরক শুল্ক বা মূল্য সংযোজন কর:

ঘ) "বিভাগীয় প্রতিনিধি" অর্থ বিধি ১০ এর এর অধীন তালিকাভুক্ত কোন কর্মকর্তা;

ঙ) 'বিরোধীয় মূল্য বা বিষয়' অর্থ যে পরিমাণ শুল্ক মূল্য বিষয়ে আমদানীকারক বা রপ্তানীকারক ও সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষ মধ্যে বিরোধ সৃষ্টি হইয়াছে;

চ) 'বোর্ড' অর্থ জাতীয় রাজস্ব বোর্ড;

ছ) 'সার্ভিস চার্জ' অর্থ বিধি ১১ এর অধীন মূল্যমান অনুসারে নির্ধারিত সহায়তাকারীকে প্রদানের লক্ষ্যে সাভির্স চার্জ;

জ) ‘ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা’ অর্থ বিকল্প বিরোধ নিস্পপত্তির লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট কমিশনারেটের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা;

ঝ) ‘সংশ্লিষ্ট কর্তৃপক্ষ অর্থ কাস্টমস হাউজ বা শুল্ক কমিশনারেট।

**৩। বিকল্প বিরোধ নিস্পত্তির পদ্ধতি।** (১) কাস্টম হাউস বা শুল্ক কমিশনারেট, বা ক্ষেত্রমত, আলিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনালে নিস্পন্নাধীন Section 192C এর অধীন কোন বিরোধ নিস্পত্তি করিতে চাহিলে সংশ্লিষ্ট আমদানিকারক বা রপ্তানিকারককে বিধি ১১ এ উল্লিখিত মূল্যমান অনুসারে সার্ভিস চার্জ নির্ধারিত পে-অর্ডারের মাধ্যমে ফরম-১এ যথাক্রমে দুই সেট এবং তিন সেটে বোর্ড কর্তৃক নির্ধারিত কর্মকতা বা কর্তৃপক্ষ, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনালের মাধ্যমে সহায়তাকারীর নিকট আবেদন করিতে হইবে এবং প্রতিটি আবেদনপত্রের সাথে ৫০০ টাকা মূল্যমানের ষ্ট্যাম্প প্রদান করিতে হইবে।

(২) বিরোধীয় মূল্যমান ১,০০,০০০ (এক লক্ষ) টাকার কম হইলে এই বিধিমালার আওতায় বিকল্প বিরোধ নিস্পত্তির জন্য কোন আবেদন করা যাইবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর কাস্টমস হাউজ বা কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনাল ফরম-২ অনুযায়ী প্রস্তুতকৃত রেজিষ্টারে আবেদন পত্রে উল্লিখিত তথ্যাদির বিবরণসমূহ অন্তর্ভুক্ত করিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিধি ৫ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে ০১ (এক) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর পক্ষে একজন সহায়তাকারী এবং বিধি ১০ এর অধীন প্রস্তুতকৃত মনোনয়নের তালিকা হইতে শুল্ক বিভাগের একজন বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন প্রদান করিবেন এবং উক্ত মানোনয়নের বিষয়ে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে সহায়তাকারী, আবেদনকারী এবং বিভাগীয় প্রতিনিধিকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৫) আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইবুনাল উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন নিস্পত্তির জন্য বিধি ৫ এর অধীন প্রস্তুতকৃত তালিকা হইতে আবেদনকারীর পক্ষে একজন সহায়তাকারীকে মনোনয়ন প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা শুল্ক কমিশনারেটের মন্তব্য ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নথি এবং একজন বিভাগীয় প্রতিনিধি মনোনয়ন পূর্বক ০২ (দুই) কার্যদিবসের মধ্যে উক্ত আপিলাত ট্রাইব্যুনাল, বা ক্ষেত্রমত আপিলাত কমিশনারেটে প্রেরণের অনুরোধসহ আবেদনপত্রের এক সেট সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা শুল্ক কমিশনারেটে প্রেরণ করিবেন।

(৬) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা ০৪ (চার) কার্যদিবসের মধ্যে এবং আপিলাত কমিশনারেট, বা ক্ষেত্রমত, আপিলাত ট্রাইব্যুনাল সংশ্লিষ্ট কাস্টম হাউজ বা শুল্ক কমিশনারেটের নিকট হইতে মন্তব্যসহ নথি প্রাপ্তির ০৮ (আট) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট নথি, প্রয়োজনীয় কাগজপত্র এবং বিভাগীয় প্রতিনিধিসহ মনোনীত সহায়তাকারীর নিকট প্রেরণ করিবেন এবং তদমর্মে আবেদনকারী, সহায়তাকারী ও বিভাগীয় প্রতিনিধিকে লিখিতভাবে অবহিত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন আবেদনপত্রসহ সংশ্লিষ্ট নথি প্রাপ্তি এর মনোনীত সহায়তাকারী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনে উল্লিখিত বিরোধীয় বিয়টি section 192C এর অধীন নিস্পত্তিযোগ্য কিনা তাহা প্রাথমিকভাবে যাচাই-বাছাই করিবেন এবং উক্ত আবেদন section 192C এর অধীন নিস্পত্তিযোগ্য হইলে উক্ত আবেদন section 192A হইতে 192K এ বর্ণিত বিধান ও এই বিধিমালা অনুযায়ী আইনে নির্ধারিত অবশিষ্ট মেয়াদের মধ্যে নিস্পত্তি করিবেন।

(৮) উপ-বিধি (৭) এ অধীন আবেদনপত্র যাচাই বাছাইক্রমে যদি এই মর্মে প্রতীয়মান হয় যে, আবেদনে উল্লিখিত বিরোধীয় বিষয় section 192C এর অধীন নিস্পন্নযোগ্য নহে তাহা হইলে মনোনীত সহায়তাকারী আবেদনপত্রটি সার্ভিস চার্জের পে অর্ডারসহ পরবর্তী ০২ (দুই) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে ফেরত প্রদান করিবেন।

(৯) section 192C এর আওতাধীন কোন বিরোধ রীট পিটিশন বা আপীল হিসাবে সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ বা আপীল বিভাগে বিচারাধীন থাকিলে section 192E এর অনুযায়ী ও এই বিধিমালার প্রযোজ্য বিধান অনুযায়ী নিস্পত্তি করিতে হইবে।

**৪। সহায়তাকারীর বিরুদ্ধে আপত্তি।** (১) বিকল্প বিরোধ নিস্পত্তির লক্ষ্যে বিধি ৩ এর উপ-বিধি (৪) ও (৫) এর অধীন মনোনীত কোন সহায়তাকারীর বিরুদ্ধে আবেদনকারী অথবা সংশ্লিষ্ট শুল্ক বিভাগের বিভাগীয় প্রতিনিধির যুক্তিসঙ্গত অভিযোগ বা আপত্তি থাকিলে তদমর্মে জাতীয় রাজস্ব বোর্ড বরাবর লিখিতভাবে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত অভিযোগ বা আপত্তি জাতীয় রাজস্ব বোর্ড ১০ (দশ) কার্যদিবসের মধ্যে তদন্তপূর্বক প্রয়োজনবোধে, উক্ত সহায়তাকারীকে পরিবর্তন করতে অথবা তালিকা হইতে বাদ দিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন সহায়তাকারী পরিবর্তন করা হইলে সহায়তাকারীর তালিকা হইতে অন্য একজনকে সহায়তাকারী হিসাবে মনোনয়ন প্রদান করিতে হইবে।

(৪) সহায়তাকারী পরিবর্তন অথবা পুনঃ মনোনয়নের কারণে ব্যয়িত সময় বিরোধ নিস্পত্তি জন্য আইনে নির্ধারিত সময়সীমা হতে বাদ যাইবে না।

৫। সহায়তাকারীর (Facilitator) যোগ্যতা, নিয়োগ এবং তালিকা। (১) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে বোর্ড, ফেডারেশন চেম্বারের, সাথে আলোচনাক্রমে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিগণের সমন্বয়ে সহায়তাকারী একটি তালিকা প্রস্তুত করিবে, যথাঃ-

(ক) শুল্ক বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ যুগ্ম কমিশনারের নিম্নে নহেন এইরূপ অবসর প্রাপ্ত কোন শুল্ক কর্তকর্তা;

(খ) অতিরিক্ত জেলা জজ এর নিম্নে নহেন এইরূপ বাংলাদেশ জুড়িসিয়াল সার্ভিসের অবসর প্রাপ্ত কোন কর্মকর্তা?

(গ) শুল্ক বিষয়ে অন্যুন সাত (৭) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবী বা চার্টার্ড একাউন্টেন্ট;

(ঘ) উপ-সচিবের নিম্নে নহে এইরূপ আইন ও লেজিসলেটিভ বিষয়ে দক্ষও অভিজ্ঞ অবসর প্রাপ্ত কোন কর্মকর্তা;

(ঙ) শুল্ক বিষয়ে দক্ষ ও অভিজ্ঞ কোন ব্যবসায়ী।

(২) বোর্ড ফেডারেশন চেম্বারের সাথে আলোচনাক্রমে, প্রতি ছয় মাস পর পর সহায়তাকারীগণের প্রত্যেকের কর্মতৎপরতা পর্যালোচনাপূর্বক উপ-বিধি (১) এর অধীন প্রস্তুতকৃত তালিকা সংশোধন করিতে পারিবে।

**(৬) সহায়তাকারীর দায়িত্ব ও কর্তব্য।-** (১) সহায়তাকারী, আবেদনকারী ও বিভাগীয় প্রতিনিধির সাথে আলোচনাক্রমে বিবেচ্য বিরোধের-

(ক) নিস্পত্তির বা সিদ্ধান্তের বিষয়বস্তু (Issues for Resolution) নির্ধারণ করিবেন।

(খ) বিকল্প বিরোধ নিস্পত্তির প্রক্রিয়ায় অনুসৃতব্য পদ্ধতি, কৌশল বা কাঠামো নির্ধারণ করিবেন;

(গ) বিকল্প বিরোধ নিস্পত্তির লক্ষ্যে অনুষ্ঠিতব্য আলোচনা সভার স্থান, তারিখ ও সময় নির্ধারণ করিবেন; এবং

(ঘ) উভয় পক্ষকে সময় উল্লেখসহ প্রয়োজনীয় দলিলাদি দাখিল করিবার জন্য লিখিতভাবে অবহিত করিবেন।

(২) সহায়তাকারী প্রয়োজনবোধে আবেদনকারী এবং বিভাগীয় প্রতিনিধিকে বিরোধীয় বিষয়ে আইনানুগ নিস্পত্তির লক্ষ্যে পৌঁছাইতে উভয় পক্ষের মধ্যে মধ্যস্থতা করিতে পারিবেন।

(৩) বিকল্প বিরোধ নিস্পত্তি চলমান থাকা অবস্থায় আবেদনকারী প্রত্যক্ষ বা পরোক্ষভাবে, আইনসংগত বা যুক্তিসংগত কারণ ব্যতীত বিকল্প বিরোধ নিস্পত্তিতে অসহযোগিতা (cognizable non-cooperation) করিলে বা নির্ধারিত তারিখ হাজির হইতে ব্যর্থ হইলে কিংবা আইনসংগত নিদের্শ পালনে ব্যর্থ হইলে, সহায়তাকারী কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে চলমান বিরোধ নিস্পত্তি প্রক্রিয়া বাতিল করিতে পারিবেন।

(৪) বিকল্প বিরোধ নিস্পত্তি প্রক্রিয়ায় বিরোধীয় বিষয়ে উভয় পক্ষের মধ্যে মতৈক্যের ভিত্তিতে (by agreement) সিদ্ধান্ত হইলে, সহায়তাকারী ফরম-৩ এ মতৈক্যের শর্তসমূহ (Terms of Ageement) লিপিবদ্ধ করিবেন এবং সহায়তাকারীসহ উভয়পক্ষ উক্তরূপ লিপিবদ্ধকৃত সিদ্ধান্তে স্বাক্ষর করিবেন।

(৫) বিরোধীয় বিষয় সম্পর্কে উভয়পক্ষের মধ্যে মতৈক্য না হইলে সহায়তাকারী উহার কারণসমূহ ফরম -৩ এ লিপিবদ্ধ করিবেন এবং উভয় পক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক উক্ত- ফরম ৩ সহ বিরোধীয় বিষয়টি সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক কমিশনারেট, বা আপিলাত কমিশনারেট বা আপিলাত ট্রাইব্যুনালে নিস্পন্নের তারিখ হইতে ০২ (দুই) কার্যদিবসের মধ্যে ফেরত পদান করিবেন।

(৬) উভয়পক্ষের মধ্যে মতৈক্যের ভিত্তিতে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সহায়তাকারী বিরোধ নিস্পত্তির ভিত্তিতে পাওনা অর্থ আদায়, পরিশোধ এবং ফেরত প্রদানের সময় ও পদ্ধতি নির্ধারণ করিবেন।

৭। **সহায়তাকারীর আচরণ বিধি-** সহায়তাকারীর আচরণ বিধি হইবে নিম্নেরূপ, যথা-

(ক) সহায়তাকারী সততা ও বিশ্বস্ততার সহিত দায়িত্ব পালন করিবেন;
(খ) বিকল্প বিরোধ নিস্পত্তি কালে সহায়তাকারী স্বাধীন ও নিরপেক্ষভাবে কার্য সম্পাদন করিবেন;
(গ) সহায়তাকারী আবেদন বর্হিভুত কোন বিষয়ে কোন কার্যক্রম গ্রহণ করিতে পারিবেন না;
(ঘ) সহায়তাকারী বিকল্প বিরোধ নিস্পত্তি প্রক্রিয়ায় মতৈক্য প্রতিষ্ঠার লক্ষ্যে আবেদনকারী বিভাগীয় প্রতিনিধিকে সহায়তা করিবেন;
(ঙ) সহায়তাকারী উভয় পক্ষের সম্মতিতে বিরোধীয় বিষয়ে কারিগরী বা পেশাগত জ্ঞান রহিয়াছে এইরূপ কোন ব্যক্তির সহায়তা বা পরামর্শ গ্রহণ করিতে পারিবেন;
(চ) সহায়তাকারী অবশ্যই নির্ধারিত সময়ের মধ্যে বিরোধসমূহ নিস্পত্তি করিবেন;
(ছ) গোপনীয়তা (Confidentiality)

(১) বিরোধ নিস্পত্তি প্রক্রিয়ায় সহায়তাকারী নিকট কোন পক্ষ কর্তৃক প্রকাশিত তথ্য সহায়তাকারী গোপন রাখিবেন এবং সংশ্লিষ্ট পক্ষসমূহের অনুমতি ব্যতীত উক্তরূপ সরবরাকৃত তথ্য প্রকাশ করিতে পারিবেন না;

(২) বিরোধ নিস্পত্তি প্রক্রিয়ার আওতার সকল কার্যক্রম, দলিলাদি ও ফলাফল গোপন রাখিতে হইবে, তবে কেবলমাত্র অন্য কোন আইনের অধীনে অথবা উভয় পক্ষের সম্মতিতে এতদসংক্রান্ত তথ্যাদি প্রকাশ করা যাইবে।

**৮। স্বার্থের দ্বন্দ্ব (Conflict of Interest)।-** (১) সহায়তাকারী তাহার নিকট কোন বিকল্প বিরোধ প্রক্রিয়া নিস্পন্নাধীন থাকা অবস্থায় ন্যায় বিচার প্রভাবিত হইতে পারে বলিয়া মনে করিলে অথবা তিনি কোন বিরোধ নিস্পত্তি উচ্ছুক না হইলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিরোধীয় বিষয়টি ফেরত প্রদান করিবেন এবং তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট পক্ষকেও লিখিতভাবে অবহিত করিবেন।

(২) বিরোধীয় বিষয়ে মনেনীত সহয়তাকারীর নিকট যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট বিরোধীয় বিষয়ে তাহার স্বার্থ জড়িত রহিয়াছে অথবা বিরোধ নিস্পত্তিতে নিরপেক্ষতা ক্ষুণ্ন ইহতে পারে, সেক্ষেত্রে সহায়তাকারী তাহার মনোনয়নে অস্বীকৃতি জ্ঞাপন করিবেন এবং লিখিতভাবে জাতীয় রাজস্ব বোর্ড ও আবেদনকারীকে অবহিত করিবেন।

(৩) কোন বিরোধের ক্ষেত্রে বিকল্প বিরোধ নিস্পত্তি প্রক্রিয়া শুরু হইবার পর সহায়তাকারী অনুরোধের প্রেক্ষিতে অথবা উভয় পক্ষের সম্মতিতে জাতীয় রাজস্ব বোর্ড সহায়তাকারী প্রত্যাহার এবং নূতন সহায়তকারী নিয়োগের ব্যবস্থা করিবেন।

৯। বিকল্প বিরোধ নিস্পত্তির ক্ষেত্রে আবেদনকারীর অধিকার ও দায়িত্ব। (১) আবেদনকারী বিকল্প বিরোধ নিস্পত্তির ক্ষেত্রে মনোনীত বিভাগীয় প্রতিনিধির সহিত এতদুদ্দেশ্যে নিয়োগপ্রাপ্ত সহায়তাকারীর (Facilitator) তত্ত্বাবধানে, বিরোধীয় বিষয় স্বাধীনভাবে সমঝোতা আলোচনা করিতে পারিবেন।

(২) বিরোধ নিস্পত্তির উদ্দেশ্যে বিরোধ নিস্পত্তির প্রক্রিয়ায় আবেদনকারী স্বয়ং অথবা তদ্‌কর্তৃক

মনোনীত কোন পেশাদার উপদেষ্টা অংশ গ্রহণ করিতে পারিবেন।

(৩)আবেদনকারী যদি মিথ্যা ঘোষনা, মিথ্যা তথ্য বা মিথ্যা দলিলাদি উপস্থাপনের মাধ্যমে বিকল্প
বিরোধ নিস্পত্তির প্রক্রিয়ায় মতৈক্যের ভিত্তিতে (by agreement) তাহার স্বপক্ষে কোন আদেশ বা সিদ্ধান্ত প্রাপ্ত হইয়াছেন মর্মে পরবর্তীতে উদঘাটিত হইলে, উক্ত আদেশ বা সিদ্ধান্ত বাতিল বলিয়া গণ্য হইবে এবং তাদের বিরুদ্ধে কর্তৃপক্ষ কর্তৃক আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

১০। **শুল্ক বিভাগের বিভাগীয় প্রতিনিধিত্বকারী কর্মকর্তা** -(১) বিকল্প বিরোধ নিস্পত্তি প্রক্রিয়ায় শুল্ক বিভাগে প্রতিনিধিত্ব করিবার জন্য সংশ্লিষ্ট কমিশনারগণের সাথে পরামর্শক্রমে বোর্ড বিভাগীয় প্রতিনিধির একটি তালিকা প্রণয়ন করিবে এবং প্রতি ৬ (ছয়) মাস পর উক্ত তালিকাভুক্ত কর্মতর্াগণের কর্মতৎপরতা পর্যালোচনা পূর্বক উক্ত তালিকা সংশোধন কারিতে পারিবে।

(২) বিরোধ নিস্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রতিনিধি, সহায়তাকারীর তত্ত্বাবধানে, আবেদনকারীর সাথে সমঝোতা আলোচনা করার ক্ষেত্রে সম্পূর্ণ স্বাধীন ও নিরপেক্ষ থাকিবেন এবং বিরোধীয় বিষয়ের উপর প্রয়োজনীর প্রস্তুতি গ্রহণপূর্বক পেশাদরী ও সমঝোতার মনোভাব নিয়া দায়িত্বশীলতার সাথে বিকল্প বিরোধ নিস্পত্তির প্রক্রিয়ার সমঝোতা আলোচনা অংশগ্রহণ করিবেন।

**১১। সহায়তাকারীর সার্ভিস চার্জ।-** (১) আইন ও এই বিধিমালার আওতাধীন কোন বিরোধ নিস্পত্তির লক্ষ্যে মনোনীত সহায়তাকারীকে নিম্নবর্ণিত টেবিল উল্লিখিত হারে বিরোধীয় মূল্য বা বিষয়ের উপর সার্ভিস চার্জ প্রদান করিতে হইবে, যথাঃ-

টেবিল

| ক্র/নং | বিরোধীয় মূল্য /বিষয় | ফি এর ভিত্তি/হার /পরিমাণ |
|---|---|---|
| ১ | বিরোধী মূল্য/ বিষয়- টাকা ১,০০,০০০/- (এক লক্ষ) হইতে দুই (২) লক্ষ টাকা পর্যন্ত | বিরোধীয় মূল্যের ৫% |
| ২ | বিরোধীয় মূল্য/ বিষয় টাকা ২,০০,০০০/- (দুই লক্ষ) এর অতিরিক্ত হইতে পাঁচ (৫) লক্ষ টাকা পর্যন্ত | বিরোধীয় মূল্যের ৪% |
| ৩ | বিরোধীয় মূল্য/ বিষয় টাকা ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) এর অতিরিক্ত হইতে দশ (১০) লক্ষ টাকা পর্যন্ত | বিরোধীয় মূল্যের ৩% |
| ৪ | বিরোধীয় মূল্য/ বিষয় টাকা ১০,০০,০০০/- (দশ লক্ষ) এর অতিরিক্ত হইতে পঁচিশ (২৫) লক্ষ টাকা পর্যন্ত | বিরোধীয় মূল্যের ২.৫০% |
| ৫ | বিরোধীয় মূল্য/ বিষয় টাকা ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) এর উর্ধ্বে হইলে | বিরোধীয় মূল্যের ২% |

(২) উপ-বিধি (১) এ বণিত সাভির্স চার্জের ৫০% সরকার বা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান বা সংস্থা এবং ৫০% আবেদনকারী প্রদান করিবেন।

(৩) বিকল্প বিরোধ নিস্পত্তি প্রক্রিয়া ও এতদসংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন হইবার পর ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সহায়তাকারীকে এই বিধি অনুযায়ী সার্ভিস চার্জ প্রদান করা হইবে।

**১২। বিকল্প বিরোধ নিস্পত্তির পদ্ধতির বিষয়ে প্রশিক্ষণ।-** বোর্ড বিকল্প বিরোধ নিস্পত্তির পদ্ধতি কার্যকর করিবার লক্ষ্যে বিধি ৫ এর অধীন তালিকাভুক্ত মনোনীত সহয়তাকারী শুল্ক কর্মকর্তা, সংশ্লিষ্ট আমদানিকারক বা রপ্তানিকারকসহ সংশ্লিষ্ট সকলকে এই বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিবে।

জাতীয় রাজস্ব বোর্ড ফরম -১

[বিধি ৩ (১) দ্রষ্টব্য]

The Customs Act, 1969 এর Section 192তে বর্ণিত বিরোধ উক্ত Act এর Section 192A হইতে Section 192J এবং এই বিধিমালার আওতায় নিস্পত্তিকল্পে সহায়তাকারীর নিকট আবেদন করার ফরম

১। (ক) আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ
(খ) আবেদনকারী TIN, BIN, IRC, ফোন নম্বরঃ

২। (ক) আবেদন বর্ণিত বিরোধের প্রকৃতি ও বর্তমান অবস্থাঃ শুল্ক মূল্য সংক্রান্ত/মূসক মূল্য সংক্রান্ত/ন্যায় নির্ণয়াধীন/আপীলাধীন/ রীট মামলাধীন

(খ) বিরোধীয় (Disputed) বিষয় সংশ্লিষ্ট শুল্ক ষ্টেশন/দপ্তরের নাম ঠিকানাঃ

৩। বিরোধীয় (Disputed) পণ্যের নাম, বিবরণ, পরিমাণঃ
৪। বিরোধীয় সংক্রান্ত বিল অব এন্ট্রি/নথি/ আদেশ নম্বর ও তারিখঃ
৫। বিরোধীয় (Disputed) মূল্য বা জরিমানার বা রিফান্ডের পমিাণঃ
৬। বিরোধীয় (Disputed) বিষয়ের সংক্ষিপ্ত বিবরণঃ
৭। বিরোধের সমর্থনে প্রাসঙ্গিক দলিলাদির নাম ও বিবরণ এবং সংযুক্তঃ

আবেদনকারীর
স্বাক্ষর ঃ
নাম ঃ
পদবী ঃ
তারিখ ঃ

ফরম-২

[বিধি ৩ (৩) দ্রষ্টব্য]

বিকল্প বিরোধ নিস্পত্তি সংক্রান্ত এই বিধিমালার আওতায় প্রাপ্ত আবেদন পত্র গ্রহণ/প্রাপ্তি ও নিস্পত্তি তথ্য সংরক্ষণ সংক্রান্ত রেজিষ্টার

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | আবেদকারীর নাম, ঠিকানা, টিন নম্বর, আইআরসি নম্বর, ফোন নম্বর ও এতদসংক্রান্ত নথি নম্বর | আবেদন পত্র প্রাপ্তর তারিখ | আবেদনে বর্ণিত বিরোধীয় বিষয় | বিরোধীয় বিষয়টি অন্য দপ্তর সংশ্লিষ্ট হইলে আবেদন পত্রের উপর মতামত, নথিও বিভাগীয় প্রতিনিধি প্রেরণের লক্ষ্যে আবেদন পত্র সংশ্লিষ্ট দপ্তরে ও প্রেরণ তারিখ ও পদ্ধতি | কলাম-৫এ বণির্ত দপ্তর হইতে প্রাপ্ত মতামত নথি, প্রতিনিধি প্রাপ্তর তারিখ | পক্ষসমূহের মধ্যে আলোচনা অনুষ্ঠানের তারিখ/ তারিখ সমূহ | চুড়ান্ত নিস্পত্তির তারিখ | নিস্পত্তির ফলাফলঃ ইতিবাচক/ নেতিবাচক | মন্তব্য |

[বিধি ৬ এর উপবিধি (৪) ও (৫) দ্রষ্টব্য]

বিকল্প বিরোধ নিস্পত্তি সংক্রান্ত শুল্ক (Customs Act, 1969 এর section 192A to 192) এই বিধিমালার অধীন দাখিলকৃত আবেদন পত্রের নিস্পত্তি সংক্রান্ত প্রসিডিংসঃ

১। আবেদনকারীর নাম, ঠিকানা ঃ
২। আবেন পত্র প্রাপ্তির তারিখ ঃ
৩। আবেদন বর্ণিত বিরোধের প্রকৃতি ও বর্তমান অবস্থা ঃ

৪। বিরোধী পণ্য/সেবার নাম, বিবরণ, পরিমাণ ঃ

৫। বিরোধী মূল্য/ জরিমানা/রিফান্ড/শুল্ক কর পরিমান ঃ

৬। বিরোধী বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ ঃ

৭। বিরোধী বিষয় সংক্ষিপ্ত বিবরণ আদেশ নম্বর ও তারিখ ঃ

৮। সহায়তাকারীর নাম, পদবী, ঠিকানা ঃ

৯। বিরোধীয় পক্ষগণের সাথে আলোচনা করে ঃ
সহায়তাকারী কর্তৃক বিরোধীয় বিষয়ে
নিবন্ধিত বিবেচ্য বিষয় সমূহ ঃ

১০। বিরোধীয় পক্ষগণের মধ্যে অনুষ্ঠিত আলোচনার স্থান ও তারিখ ঃ

১১। অনুষ্ঠিত আলোচনায় কৃত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত ঃ

১২। সিদ্ধান্ত গ্রহণের তারিখ, সময়, স্থান ঃ

১৩। সিদ্ধান্তের প্রকৃতি ঃ নিস্পত্তি অথবা অনিস্পন্ন ঃ

১৪। সহায়তাকারীসহ পক্ষগণের স্বাক্ষর, নাম, পদবী, তারিখ ঃ

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
ড.নাসিরউদ্দিন আহমেদ
চেয়ারম্যান

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

**তারিখঃ ০৪ বৈশাখ, ১৪১৯ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০১২ খ্রিস্টাব্দ।**

**প্রজ্ঞাপন-৩১৪/২০১২/শুল্ক।-** The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 11 -এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে নিম্নবর্ণিত এলাকাকে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসেবে ঘোষণা করিল, যথাঃ

**তফসিল**

| **মৌজার নাম** | **খতিয়ান নং** | **দাগ নং** | **জমির পরিমাণ** |
|---|---|---|---|
| শিকর, কাহালু, বগুড়া | ২৩১ | ১৯০২/২৯২৮ | ০.২২ |
| | | ১৮৯৮/২৯১২ | ০.১৯ ১/২ |
| | ৮৬ | ১৯০২/২৯২৭ | ০.২৫ |
| | | ১৯০২/২৯২৫ | ০.১০ |
| | ২৩২ | ১৯০২/২৯২৩ | ০.২১ |
| | ২২৯ | ১৯০২/২৯৩০ | ০.১৭ |
| | | ১৯০২/২৯৩১ | ০.১৪ |
| | | ১৮৯৯/২৯১৪ | ০.০৮ |
| | | ১৮৯৯/২৯১৩ | ০.০৯ |
| | | ১৯০২/২৯২৪ | ০.১০ |
| | | ১৯০২/২৯২৮ | ০.২০ |
| | | মোট জমির পরিমাণ | ১.৭৫ ১/২ একর |

(মিয়া মোঃ আবু ওবায়দা)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)

***উৎসঃ** মূল কপি।*

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ আশ্বিন, ১৪১৯ বঙ্গাব্দ/০৪ অক্টোবর, ২০১২ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন-৩১৮/২০১২/শুল্ক।**- The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 11–এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, এতদ্বারা, জনস্বার্থে ঢাকা জেলার, তেজগাঁও থানার ঢাকা মহানগরস্থ কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, প্লট নং ৪৯, স্থিত জনতা টাওয়ারকে The Customs Act, 1969 (Act IV of 1969) এর Section 11 মোতাবেক ওয়্যারহাউজিং স্টেশন হিসেবে ঘোষণা করিল।

(মিয়া মো: আবু ওবায়দা)
দ্বিতীয় সচিব (শুল্ক: রপ্তানি ও বন্ড)

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(শুল্ক)
প্রজ্ঞাপন

তারিখ ২৩ জৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টব্দ।

**এসআর নং -১৪৬-আইন/ ২০১৩/২৪৩৩/কাস্টমস্।** Customs Act, 1969 (Act IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এসআরও নং ১৫৯-আইন/২০১২/২৩৮৭/কাস্টমস্ রহিত করিয়া, কাস্টমস্ ডিউটি আরোপের উদ্দেশ্যে নিম্ন বর্ণিত-

TABLE-১ এর কলাম (২) এ উল্লিখিত HS Code এর বিপরীতে কলাম (৩) এর মূল্য ভিত্তিক কাস্টমস্ ডিউটি আরোপযোগ্য পণ্যের আমদানির ক্ষেত্রে, কলাম (৫) এ উল্লিখিত ট্যারিফ ভ্যালু, এবং
(খ) TABLE-২ এর কলাম (২) এ উল্লিখিত HS Code এর বিপরীতে কলাম (৩) এ মূল্য ভিত্তিক কাস্টমস্ ডিউটি আরোপযোগ্য পণ্যের আমদানির ক্ষেত্রে, কলাম (৫) এ উল্লিখিত ন্যূনতম মূল্য, নির্ধারণ করিল, যথাঃ

(1) TABLE-1

| Hading | HS Code | Description of goods | Unit | Tariff Value (US$/Unit) |
|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) |
| 27.09 | 2709.00.00 | Petroleum oils and oils obtained from bituminous minerals crude | Barrel | 40.00 |
| 27.10 | 2710.12.11 | Motor spirit of | Litre | 0.40 |

| | | | | |
|---|---|---|---|---|
| | | H.B.O.C Type | | |
| | 2710.12.19 | Other motor spirits, including aviation spirits | litre | 0.40 |
| | 2710.12.20 | spirit type jet fuel | litre | 0.40 |
| | 2710.12.31 | White spirit | litre | 0.40 |
| | 2710.12.32 | Naphtha | litre | 0.40 |
| | 2710.12.41 | J.P.1 kerosene type jet fuels | litre | 0.40 |
| | 2710.12.42 | J.P.4 kerosene type jet fuels | litre | 0.40 |
| | 2710.12.43 | Other Kerosene type jet fuels | litre | 0.40 |
| | 2710.12.49 | Other kerosene | litre | 0.40 |
| | 2710.12.61 | Light diesel oils | litre | 0.40 |
| | 2710.12.62 | High speed diesel oils | litre | 0.40 |
| | 2710.19.11 | Furnace oil | litre | 0.40 |
| | 2710.19.21 | Lubrication oil, that is oil such as is not ordinarily used for any other purpose than lubrication, excluding any Mineral oil Which has its flashing point below 220 F by Abel's close test | Matric ton | 1100.00 |
| | 2710.19.22 | Lube base oil imported in bulk by VAT registered blenders | Matric ton | 800.00 |
| | 2710.19.31 | Mineral oil which has its | litre | 0.40 |
| | | | | |

| Heading | HS code | Description of goods | Unit | Tariff Value (US$ Unit) |
|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) |
| | Flashing point at or above 200 $^{0}$F and is ordinarily sed for the batching at jute or other fibre | | | |
| | 2710.19.36 | Liquid Paraffin | Litre | 0.40 |

TABLE-2

| Heading | HS code | Description of goods | Unit | Minium Tariff Value (Us$ Unit) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| [২] 17.01 | *** | *** | *** | *** |
| 17.04 | 1704.10.00<br>1704.90.00 | Sugar confectionery (including white chocolate) not containing Cocoa | | |
| | | | | |
| | | Asia origin | Kg | 1.50 |
| | | Other origin | kg | 2.50 |
| 18.06 | 1806.31.00<br>1806.32.00<br>1806.90.00 | Chocolate | | |
| | | Asia origin | kg | 1.50 |
| | | Other origin | kg | 2.50 |
| 19.05 | 1905.31.00 | Sweet biscuits | | |
| | | Asia origin | kg | 3.00 |
| | | Other origin | kg | 4.00 |
| | 1905.32.00 | Waffles and wafers | | |
| | | Asia origin | kg | 3.50 |
| | | Other origin | kg | 4.50 |
| | 1905.90.00 | Cracker Biscuits | | |
| | | Asia origin | kg | 3.00 |
| | | Other origin | kg | 4.00 |
| 40.11 | 4011.10.00 (motor car/suv/micr obus/pickup) | Of a kind used on motor cars (includig station wagons and racing cars)<br>For: Indonesia, China, Vietnam | U | Unit এর ওজন (Kg) ×4.00 |
| | | Of a kind on motor cars (includig station wagons and racing cars)<br>For: India Thailand, Pakistan, Nepal, Srilanka, Malaysia | U | Unit এর ওজন (Kg) ×4.25 |
| | | Of a kind used on motor cars | U | |

| (1) | (2) | (3) | (4) | (5) |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| | | (including station wagons and racing cars)<br>For: korea, Japan, Taiwan, and others | | (5) |
| | 4011.40.00 (motorcycle) | Of a kind used on motorcycles<br>For: Indonesia, China Vietnam | U | Unit এর ওজন (Kg) ×3.50 |
| | | Of a kind used on motorcycles<br>For: India Thailamd, Pakistan, Nepal, Srilanka, Malaysia | U | Unit এর ওজন (Kg) ×3.75 |
| | | Of a kind used on motorcycles<br>For: Korea, Japan, Taiwan and others | U | Unit এর ওজন (Kg) ×4.50 |
| | 4011.99.00 (auto - rickhaw), three wheeler) (size-4-8, 4.50-10 4.50-12) | Other<br>For: Indonesia, China Vietnam | | Unit এর ওজন (Kg) ×3.75 |
| | | Other<br>For: India Thailand, Pakistan,<br>Nepal, Srilanka, Malaysia | U | Unit এর ওজন (Kg) ×4.00 |
| | | Other<br>For:  Korea, japan, Taiwan and others | U | Unit এর ওজন (Kg) ×4.50 |
| 49.11 | 4911.99.10 | Scratch Card | | |
| | | Single PIN card | U/PIN | 0.075 |
| | | Multple PIN card | U/PIN | 0.020 |
| | | Multple PIN card | U/P/N | 0.020 |
| 85.06 | 8506.10.00 | Dry cell Battey: | | |
| | | D size (non alkaline) | U | 0.25 |

| | | | | |
|---|---|---|---|---|
| | | C size (non alkaline) | U | 0.15 |
| | | AA Size (non alkaline) | U | 0.07 |
| | | AA Size (non alkaline) | U | 0.05 |
| | | AAA Size (alkaline) | U | 0.20 |
| | | AAA Size (alkaline) | U | 0.18 |
| | | other Size (alkaline) | | 0.50 |
| 85.42 | 8542.39.10 | SIM Card | | |
| | | 32K storage capacity | U | ০.55 |
| | | 64k storage capacity (java) | U | 0.75 |
| 90.03 | | Frames and mountings for spectacles, goggles or the like; | | |
| | 9003.11.00 | Of plastics | U | 0.50 |
| | 9003.19.00 | Of other materials | U | 0.70 |
| (3) 90.40 | - | - | - | - |

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোঃ ফরিদ উদ্দিন)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা
(শুল্ক)
প্রজ্ঞাপন
তারিখ: ২৪ বৈশাখ, ১৪২১ বঙ্গাব্দ/ ০৭ মে, ২০১৪ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং- ৩২৭/২০১৪/শল্ক। The Customs Act, 1969 (Act-IV of of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, হবিগঞ্জ জেলার শায়েস্তাগঞ্জ উপজেলাকে এতদ্বারা ওয়্যারহাইজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

(মোঃ জিয়াউল রহমান খান)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

সেগুন বাগিচা, ঢাকা।
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ ঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ/০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং- ১৩৮-আইন/২০১৪/২৫০২/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 13 এর উদ্দেশ্য পূরণকল্পে এবং section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার বিধি ৬ এর উপ-বিধি (২) এ উল্লিখিত ''১০,০০০/- (দশ হাজার)'' সংখ্যা, কমা, চিহ্ন, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে ''৫০ (পঞ্চাশ) হাজার'' সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
স্বাক্ষরিত/-
(মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী)
প্রথম সচিব (শুল্ক)।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ: ২৩ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ০৭ জুলাই, ২০১৪খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং- ৩৩১/২০১৪/শুল্ক। The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যশোর জেলার চৌগাছা উপজেলাকে এতদ্বারা ওয়্যারহাইজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

(মোঃ জিয়াউল রহমান খান)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ অগ্রহায়ণ, ১৪২১ বঙ্গাব্দ/ ০৯ ডিসেম্বর, ২০১৪ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং- ৩৩৩/২০১৪/শুল্ক। The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-11এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার শাহবাজপুর ইউনিয়নের হরিরামপুর মৌজা এবং শিবগঞ্জ পৌর এলাকাকে এতদ্বারা ওয়্যারহাইজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

(মুহাম্মদ ইমতিয়াজ হাসান)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখঃ ১১ ফাল্গুন, ১৪২১ বঙ্গাব্দ/ ২৩ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন নং- ৩৩৪/২০১৫/শুল্ক। The Customs Act, 1969 (Act-IV of of 1969) এর Section-11এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাকে এতদ্বারা ওয়্যারহাইজিং স্টেশন (Warehousing station) হিসেবে ঘোষণা করিল।

স্বাক্ষরিত/-
২৩.০২.১৫
(মুহাম্মদ ইমতিয়াজ হাসান)
দ্বিতীয় সচিব (শুল্কঃ রপ্তানি ও বন্ড)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ /১ জুলাই, ২০১৫, খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৮-আইন-২০১৫/৪৫/কাস্টমস্। Customs Act, 1969 (Act No IV of 1969) এর section 19 এর sub-section (1) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৪ এর বিধান অনুযায়ী অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত আইনের ধারা ৮ অনুসারে নিয়োগপ্রাপ্ত ডেভেলপারকে অথনৈতিক অঞ্চল উন্নয়ন কাজে ব্যবহার্য পণ্য আমদানিতে উহার উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথাঃ

**শর্তসমূহ**

(১)। অথনৈতিক অঞ্চল ডেভেলপারকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে,

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত তথ্য অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক অনুমোদিত ও প্রত্যায়িত হইতে হইবে;

তবে শর্ত থাকে যে, বাংলাদেশে সহজলভ্য এমন নিমার্ণ সামগ্রী যথা, এমএস রড/বার, সিমেন্ট, প্রি ফেব্রিকেটেড বিল্ডিং, আয়রন/স্টীল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

(৩) অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন এবং নির্মানের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কোন পণ্য যথাঃ- অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, যাত্রীবাহী যানবাহন, গৃহস্থালী ব্যবহার্য দ্রবাদি এবং অনুরূপ অন্যান্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/
(মোঃ নজিবুর রহমান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৯-আইন/২০১৫/৪৬/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৪ এর বিধান অনুযায়ী অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার লক্ষ্যে, উক্ত আইনের ধারা ১১ তে উল্লিখিত অর্থনৈতিক অঞ্চলের শিল্প ইউনিট কর্তৃক মূলধনী যন্ত্রপাতি এবং নির্মান উপকরণ আমদানিতে উহার উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

**শর্তসমূহ**

(১) অর্থনৈতিক অঞ্চলের শিল্প ইউনিটকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে।

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত বিবরণী অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও প্রত্যয়িত হইতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, বাংলাদেশে সহজলভ্য এমন নির্মাণ সামগ্রী যথা : এমএস রড/বার, সিমেন্ট, প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং, আয়রন/স্টীল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

(৩) অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন এবং নির্মানের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কোন পণ্য যথাঃ- অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, গ্রহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি, খাদ্যদ্রব্য ও পানীয় এবং অনুরূপ অন্যান্য ভোগ্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোঃ নজিবুর রহমান)
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২১০-আইন/২০১৫/৪৭/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত ও ধারা ৫ এর অধীন ঘোষিত অর্থনৈতিক অঞ্চলে, ধারা ১১ এ উল্লিখিত শিল্প ইউনিট কর্তৃক আমদানিকৃত যানবাহনের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তসমূহ**

(১) শিল্প ইউনিটকে কমপক্ষে ১০ মিলিয়ন ইউএস ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করিতে হইবে অথবা সংশ্লিষ্ট শিল্প ইউনিটে অন্যূন ৫০০ জনবল কর্মরত থাকিতে হইবে।

(২) আমদানিকৃত যানবাহনের শুল্ক নিরূপন ও খালাসের সময় অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ২০০০ সিসি ইঞ্জিন ক্ষমতার একটি সেডান কার এবং একটি মাইক্রোবাস/পিকআপ ভ্যান/ডাবল কেবিন পিকআপ আমদানি করা যাইবে।

(৪) আমদানিকৃত যানবাহন ৫ (পাঁচ) বৎসরের মধ্যে হস্তান্তর বা বিক্রয় করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, ৫ (পাঁচ) বৎসরের মধ্যে বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের ২৫ জুলাই, ২০০০ তারিখের স্থায়ী আদেশ (শুল্ক) No. 100/2000/shulka এর বিধান প্রযোজ্য হইবে।

(৫) অর্থনৈতিক অঞ্চলের কোন শিল্প ইউনিট এই প্রজ্ঞাপনের আওতায় কেবলমাত্র একবার যানবাহন আমদানি করিতে পারিবে।

(৬) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহনের নম্বর প্লেটের ক্রমিক নম্বরের পূর্বে '' বেজা'' শব্দটি লিখিতে হইবে।

(৭) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহন আমদানিকারক শিল্প ইউনিটের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোঃ নজিবুর রহমান)
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/ ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২১১ আইন/২০১৫/৪৮/কাস্টমস।** Customs Act, 1969 (Act No. IV of 1969) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 219 এর sub section (1), section 13 এবং Chapter XI এর সাথে পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ আইন ২০১০ (২০১০ সনের ৪২ নম্বর আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৪ এর অধীন বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত শিল্প ইউনিটের আমদানি ও রপ্তানির কাস্টমস বিষয়ক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ণ করিল, যথাঃ

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ। (১) এই বিধিমালা **বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) বিধিমালা, ২০১৫** নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ এর ধারা ৪ এর অধীন প্রতিষ্ঠিত অর্থনৈতিক অঞ্চলে প্রয়োগ করা হইবে।

২। উক্ত আইনের বিধান অনুসারে প্রতিষ্ঠিত প্রতিটি অর্থনৈতিক অঞ্চল একটি ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে বিবেচিত হইবে।

৩। অর্থনৈতিক অঞ্চলে স্থাপিত শিল্প ইউনিট উহার পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ আমদানির সময় প্রযোজ্য আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করিয়া বন্ড ব্যবস্থায় আমদানি করিতে পারিবে।

৪। কোন শিল্প ইউনিট কর্তৃক উৎপাদিত পণ্য অর্থনৈতিক অঞ্চল এর বাহিরে দেশের অভ্যন্তরে ভোগের (Home Consumption) জন্য বিক্রয় বা হস্তান্তর করিলে উহা আমদানি হিসাবে বিবেচিত হইবে এবং উক্ত পণ্যের উপর প্রযোজ্য যাবতীয় শুল্ক-কর আরোপিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, শতভাগ রপ্তানিমুখী শিল্প ইউনিট জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণের অতিরিক্ত উৎপাদিত পণ্য দেশে অভ্যন্তরে ভোগের জন্য বিক্রয় করিতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোঃ নজিবুর রহমান)
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর ও নং ২১২-আইন/২০১৫/৪৯/কাস্টমস**। Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর Sub section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ১৭ এর বিধান অনুযায়ী হাই টেক পার্ক প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত আইনের ধারা ১৫ অনুসারে হাই-টেক পার্কে শিল্প প্রতিষ্ঠান কর্তৃক মূলধনী যন্ত্রপাতি এবং নির্মান উপকরণ আমদানিতে উহার উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল:

<u>শর্তসমূহ</u>

(১) হাই-টেক পার্ক শিল্প প্রতিষ্ঠানকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইবে;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত বিরবণী হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও প্রত্যায়িত হইতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, বাংলাদেশে সহজলভ্য এমন নিমার্ণ সামগ্রী যথা: এমএস রড/বার, সিমেন্ট, প্রি -ফেব্রিকেটেড বিল্ডিং আয়রন/স্টীল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

(৩) হাই- টেক পার্ক উন্নয়ন এবং নির্মানের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কোন পণ্য যথাঃ অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর গৃহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি, খাদ্যদ্রব্য ও পানীয় এবং অনুরূপ অন্যান্য ভোগ্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/
(মোঃ নজিবুর রহমান)
সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

<u>প্রজ্ঞাপন</u>

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর নং ২১৩-আইন/২০১৫/৫০/কাস্টমস**।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর section (1) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন)এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে, ধারা ১৫ এ উল্লিখিত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত যানবাহনের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক প্রদান হইতে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা ঃ-

**<u>শর্তসমূহ</u>**

(১) শিল্প প্রতিষ্ঠানকে কমপক্ষে ১০ মিলিয়ন ইউএস ডলার বা সমপরিমাণ অর্থ বিনিয়োগ করিতে হইবে অথবা সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে কমপক্ষে ৫০০ জনবল কর্মরত থাকিতে হইবে।

(২) আমদানিকৃত যানবাহনের শুল্ক নিরূপন ও খালাসের সময় হাই টেক পার্ক কর্তৃপক্ষের অনুমোদন ও তৎসংক্রান্ত প্রত্যয়নপত্র শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ্ব ২০০০ সিসি ইঞ্জিন ক্ষমতার একটি সেডান কার এবং একটি মাইক্রোবাস/ পিকআপ ভ্যান/ডাবল কেবিন পিকআপ আমদানি করা যাইবে

(৪) আমদানিকৃত যানবাহন ৫ (পাঁচ) বছরের মধ্যে হস্তান্তর বা বিক্রয় করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, ৫ (পাচঁ) বছরের মধ্যে বিক্রয় বা হস্তান্তরের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডের ২৫ জুলাই, ২০০০ তারিখের স্থায়ী আদেশ (শুল্ক) No.100/2000/shulka এর বিধান প্রযোজ্য হইবে।

(৫) হাই-টেক পার্কে অবস্থিত কোন শিল্প প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনের আওতায় কেবলমাত্র একবার যানবাহন আমদানি করিতে পারিবে।

(৬) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহনের নম্বর প্লেটের ক্রমিক নম্বরের পূর্বে "হাই টেক পার্ক" শব্দটি লিখিতে হইবে।

(৭) এই প্রজ্ঞাপনের আওতাধীন আমদানিকৃত যানবাহন আমদানিকারক শিল্প প্রতিষ্ঠানের উৎপাদন ও সংশ্লিষ্ট কাজ ব্যতিরেকে অন্য কোন কাজে বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/
(মোঃ নজিবুর রহমান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর নং ২১৪-আইন/২০১৫/৫১/কাস্টমস । Customs Act, 1969 (Act No. IV of 1969) অত:পর উক্ত Act বলিয়া উল্লিখিত এর section 219 এর sub-section (1), section 13 এবং Chapter XI এর সাথে পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নম্বর আইন), অত:পর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১৭ এর অধীন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হাই-টেক পার্কে স্থাপিত শিল্প কারখানার আমদানি ও রপ্তানির কাস্টমস বিষয়ক কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে নিম্নরূপ বিধি প্রণয়ন করিল, যথা:-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ। (১) এই বিধিমালা **বাংলাদেশ হাই-টেক পার্ক ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) বিধিমালা, ২০১৫** নামে অভিহিত হইবে।

(২) ইহা বাংলাদেশ হাই-টেক পার্ক আইন, ২০১০ এর ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত হাই- টেক পার্কে প্রয়োগ করা হইবে।

২। উক্ত আইনের বিধান অনুসারে হাই-টেক পার্কে প্রতিষ্ঠিত প্রতিটি হাই-টেক পার্ক একটি ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে বিবেচিত হইবে।

৩। হাই-টেক পার্কে স্থাপিত শিল্প কারখানা উহার পণ্য উৎপাদনে ব্যবহার্য কাঁচামাল বা উপকরণ আমদানির সয়ম প্রযোজ্য আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করিয়া বন্ড ব্যবস্থায় আমদানি করিতে পারিবে।

৪। কোন শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত পণ্য হাই-টেক পার্ক এর বাহিরে দেশের অভ্যন্তরে ভোগের (Home Consumption) জন্য বিক্রয় বা হস্তান্তর করিলে উহা আমদানি হিসেবে বিবেচিত হইবে এবং উক্ত পণ্যের উপর প্রযোজ্য যাবতীয় শুল্ক কর আরোপিত হইবেঃ

তবে শর্ত থাকে যে, শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত পরিমাণের অতিরিক্ত উৎপাদিত পণ্য অভ্যন্তরে ভোগের জন্য বিক্রয় করিতে পারিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/
(মোঃ নজিবুর রহমান)
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীন সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২২৮-আইন/আয়কর/২০১৫**।–Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুযায়ী ঘোষিত পার্কে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2 এর sub-section (20) অনুসারে সংজ্ঞায়িত কোম্পানীকে উক্ত পার্কে পরিচালিত ব্যবসায়িক কার্যক্রম হইতে উদ্ভূত সকল আয়ের উপর প্রদেয় আয়কর হইতে ১ম, ২য় ও ৩য় বৎসরের জন্য ১০০%, ৪র্থ বৎসরের জন্য ৮০%, ৫ম বৎসরের জন্য ৭০%, ৬ষ্ঠ বৎসরের জন্য ৬০%, ৭ম বৎসরের জন্য ৫০%, ৮ম বৎসরের জন্য ৪০%, ৯ম বৎসরের জন্য ৩০%, ১০ম বৎসরের জন্য ২০% হারে অব্যাহতি প্রদান করিল :

তবে শর্ত থাকে যে, উক্ত পার্কে স্থাপিত কোম্পানীকে–

(ক) Tax-payers Indentification Number (TIN) গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance অনুযায়ী Section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং Section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**(মোঃ নজিবুর রহমান)**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীন সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২২৯-আইন/আয়কর/২০১৫।**–Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর section 44 এর sub-section (4) এর Clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ২০ অনুসারে নিয়োগকৃত ডেভেলপারকে পার্কে পরিচালিত উহার ব্যবসায়িক কার্যক্রম হইতে উদ্ভুত সকল প্রকার আয়ের উপর প্রদেয় আয়কর হইতে ব্যবসায়িক কার্যক্রম শুরুর তারিখ হইতে প্রথম ১০ বৎসর ১০০%, ১১তম বৎসর ৭০%, ১২তম বৎসর ৩০% হারে নিম্নরূপ শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :–

**শর্তসমূহ**

(১) ডেভেলপারকে উক্ত Ordinance এর section (2) এর sub-section (20) অনুসারে কোম্পানী হইতে হইবে;

(২) ডেভেলপারকে tax-payers Identification Number (TIN) গ্রহণ করিতে হইবে; এবং

(৩) উক্ত Ordinance এর section (35) অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

**ব্যাখা :** এই প্রজ্ঞাপনে “ব্যবসায়িক কার্যক্রম শুরু” বলিতে পার্কে ডেভেলপার কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**(মোঃ নজিবুর রহমান)**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[শুল্ক]

প্রজ্ঞাপন

ঢাকা ২৪ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ/০৯ ভাদ্র ১৪২২ বঙ্গাব্দ

**এস.আর.ও নং ২৬৩- আইন/২০১৫/৫৩/শুল্ক**/- Customs Act, 1969 (Act, No, IV of 1969) এর Section ১১ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক ৩ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৭ মে, ২০১৫ খ্রিস্টাব্দে জারিকৃত প্রজ্ঞাপন এস.এর. ও ৯৮- আইন/২০১৫ দ্বারা ঘোষিত "মোংলা অর্থনৈতিক অঞ্চল"-কে এতদ্বারা ওয়্যারহাউজিং স্টেশন" (Warehousing Station) হিসেবে ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**(মোঃ নজিবুর রহমান)**
সচিব।

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ ভাদ্র, ১৪২২ বঙ্গাব্দ/৩ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

**এস,আর, ও নং- ২৮৪- আইন/২০১৫/৫৬ শুল্ক**/-Customs Act, 1969 (Act, No, IV of 1969) এর Section 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২২ নভেম্বর, ২০১১ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং ৫৬.০০.০০০০.০১৮.৩২.০০৪.২০১১-৫১৮(১) দ্বারা গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলাধীন ভূসম্পত্তিকে (২৩১, ৬৮ একর জমি) নিয়া ঘোষিত হাই- টেক পার্ক এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing Station) হিসেবে ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
(মোঃ নজিবুর রহমান)
সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীন সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ২৩ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩০০-আইন/আয়কর/২০১৫**।–Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordiance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4)- এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন)এর ধারা ২২ এর বিধান অনুসারে ঘোষিত পার্কে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2 এর clause (20) অনুসারে সংজ্ঞায়িত কোন কোম্পানীকে নিয়োগকৃত বিদেশী প্রকর্মীকে উক্ত কোম্পানীতে তাহার নিয়োগের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের জন্য ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) হারে কর অব্যাহতি সুবিধা প্রদান করিল ঃ

তবে শর্ত থাকে যে, উক্ত কোম্পানীর বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ হইবার ৫(পাঁচ) বৎসর অতিক্রান্ত হইলে, উক্ত বিদেশী প্রকর্মী উক্তরূপ সুবিধা প্রাপ্য হইবেন না

আরো শর্ত থাকে যে, উক্তরূপ অব্যাহত প্রদানের পূর্বে উক্ত বিদেশী প্রকর্মীকে–

(ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance-এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কতৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

**ব্যাখা ঃ–** এই প্রজ্ঞাপনে "বাণিজ্যিক কার্যক্রম আরম্ভ" বলিতে পার্কে পরিচালিত কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

রাষ্ট্রপতি আদেশক্রমে
**(মোঃ নজিবুর রহমান)**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীন সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখঃ ২৩ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩০১-আইন/আয়কর/২০১৫।**−Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordiance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ২২ এর বিধান অনুযায়ী ঘোষিত পার্কে পণ্য উৎপাদন বা সেবা প্রদানের লক্ষ্যে পরিচালিত এবং উক্ত Ordinance এর section 2 এর clause (20) অনুসারে সংজ্ঞায়িত কোন−

(ক) কোম্পানী কর্তৃক ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ করিবার তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত উহার ঘোষিত লভ্যাংশের উপর,

(খ) কোম্পানী ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ করিবার পর হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত উক্ত কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভুত মূলধনী মুনাফার উপর, এবং

(গ) কোম্পানীর ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ করিবার পর হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত প্রদেয় Royalties, Technical Know-how and Technical assistance fees এর উপর−

প্রদেয় আয়কর হইতে ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল ঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ অব্যাহতি প্রদানের ক্ষেত্রে উক্ত কোম্পানীকে-

(ক) টি আই এন গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর Section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রির্টান সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

**ব্যাখ্যাঃ-**এই প্রজ্ঞাপনে ‘‘ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ’’ বলিতে পার্কে কোম্পানী যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**(মোঃ নজিবুর রহমান)**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রনালয়
অভ্যন্তরীন সম্পদ বিভাগ
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখঃ ২৩ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ/০৮ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩০২-আইন/আয়কর/২০১৫।**–Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordiance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন) এর ধারা ২২অনুসারে ঘোষিত পার্কে উক্ত আইনের ধারা ২০ অনুসারে নিয়োগকৃত ডেভেলপার কর্তৃক ঘোষিত লভ্যাংশের উপর তাহার ব্যবসায়িক কার্যক্রম শুরুর তারিখ হইতে ১০ (দশ) বৎসর পর্যন্ত নিম্নরূপ শর্ত সাপেক্ষে কর অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

শর্তসমূহ

(১) ডেভেলপারকে উক্ত Ordiance এর section 2 এর clause (20) অনুসারে কোম্পানী হইতে হইবে;

(২) ডেভেলপারকে Tax-payers Identification Number (TIN) গ্রহণ করিতে হইবে এবং

(৩) উক্ত Ordinance এর Section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রির্টান সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

ব্যাখ্যাঃ–এই প্রজ্ঞাপনে ''ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ'' বলিতে পার্কে ডেভেলপার যে তারিখে ব্যবসা হইতে আয় প্রাপ্ত হইবে বা অর্জন শুরু করিবে সেই তারিখকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**(মোঃ নজিবুর রহমান)**
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(শুল্ক)
**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ/১২ এপ্রিল, ২০১৬ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ৯৩-আইন/২০১৬/০৫/শুল্ক।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 9 এর Clause (b) section 2 এর clause (m) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মুন্সিগঞ্জ জেলার মুন্সিগঞ্জ সদর উপজেলাধীন পশ্চিম মুক্তারপুর মৌজার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে মালামাল আমদানি-রপ্তানির উদ্দেশ্যে land Customs-station হিসাবে এতদ্বারা ঘোষণা করিল, যথাঃ-

**তফসিল**

| | | | |
|---|---|---|---|
| (ক) | স্থানের নাম | ঃ | মুক্তারপুর স্থল শুল্ক স্টেশন (Land Customs-station) |
| (খ) | জেলা | ঃ | মুন্সিগঞ্জ। |
| (গ) | উপজেলা/থানা | ঃ | মুন্সিগঞ্জ সদর। |
| (ঘ) | মৌজা | ঃ | পশ্চিম মুক্তারপুর। |
| (ঙ) | জে এল নং (আর এস) | ঃ | ৩৭ |
| (চ) | দাগ নং (আর এস) | ঃ | ১০৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ৩৭১, ৩৭২, ৩৭৩, ৩৭৪, ৩৭৫, ৩৭৬, ৩৭৭ |
| (ছ) | খতিয়ান নং (আর এস) | ঃ | ৪৬, ৮২, ৯২, ১০৬, ১১৬, ১১৭, ২১, ৩০, ৬৩, ৬৬, ৬৭, ১১৩, ১২৪, ১৩০ |
| (জ) | মোট জমির পরিমাণ | ঃ | ১৫.১৯ (পনের দশমিক এক নয়) একর। |
| (ঝ) | চৌহদ্দি | ঃ | বাইন্ডারী (এস.এ ম্যাপ অনুসারে)। |
| | উত্তরে | ঃ | রাস্তা; |
| | দক্ষিণে | ঃ | ধলেশ্বরী নদী; |
| | পূর্বে | ঃ | আরএস দাগ নং ৩৭৮, ৩৭৯, ৩৮০ (আইডিয়েল টেক্সটাইল); এবং |
| | পশ্চিমে | ঃ | আর এস দাগ নং ১৩৭, ১৩৮, ১৩৯ (নূর মোহাম্মদ গং)। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
**মোহাম্মদ শহীদুল ইসলাম**
দ্বিতীয় সচিব (শুল্কঃ আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
**(শুল্ক)**
**প্রজ্ঞাপন**

তারিখ, ২৯ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ/১২ এপ্রিল, ২০১৬ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ৯৪-আইন/২০১৬/০৬/শুল্ক।− Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 10 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে মুক্তারপুর স্থল শুল্ক স্টেশন এর সীমানা (Limit) নির্ধারণ করিল এবং মালামাল বোঝাইকরণ ও খালাসের জন্য যথাযথ স্থান (Proper Place) হিসাবে অনুমোদন করিল, যথা :−

**তফসিল**

| | | | |
|---|---|---|---|
| (ক) | স্থানের নাম | ঃ | মুক্তারপুর স্থল শুল্ক স্টেশন (Land Customs-station) |
| (খ) | জেলা | ঃ | মুন্সিগঞ্জ। |
| (গ) | উপজেলা/থানা | ঃ | মুন্সিগঞ্জ সদর। |
| (ঘ) | মৌজা | ঃ | পশ্চিম মুক্তারপুর। |
| (ঙ) | জে এল নং (আর এস) | ঃ | ৩৭ |
| (চ) | দাগ নং (আর এস) | ঃ | ১০৯, ১৪০, ১৪১, ১৪২, ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ৩৭১, ৩৭২, ৩৭৩, ৩৭৪, ৩৭৫, ৩৭৬ ও ৩৭৭ |
| (ছ) | খতিয়ান নং (আর এস) | ঃ | ৪৬, ৮২, ৯২, ১০৬, ১১৬, ১১৭, ২১, ৩০, ৬৩, ৬৬, ৬৭, ১১৩, ১২৪ ও ১৩০ |
| (জ) | মোট জমির পরিমাণ | ঃ | ১৫.১৯ (পনের দশমিক এক নয়) একর। |
| (ঝ) | চৌহদ্দি | ঃ | বাইন্ডারী (এস.এ ম্যাপ অনুসারে)। |
| | উত্তরে | ঃ | রাস্তা; |
| | দক্ষিণে | ঃ | ধলেশ্বরী নদী; |
| | পূর্বে | ঃ | আরএস দাগ নং ৩৭৮, ৩৭৯, ৩৮০ (আইডিয়েল টেক্সটাইল); এবং |
| | পশ্চিমে | ঃ | আর এস দাগ নং ১৩৭, ১৩৮, ১৩৯ (নূর মোহাম্মদ গং)। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোহাম্মদ শহীদুল ইসলাম**

দ্বিতীয় সচিব (শুল্কঃ আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং-১৭৪-আইন/২০১৬/৩৬/কাস্টমস।-** Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219(1), THIRD SCHEDULE এর item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম।- এই বিধিমালা **কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬** নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) **''আইন'' অর্থ, Customs Act, 1969 (Act No. IV of 1969);**

(খ) **''কাস্টমস এজেন্ট''** অর্থ আইনের section 207 এর উদ্দেশ্য পূরণকল্পে কাস্টমস স্টেশনে নিজস্ব পণ্য পরিবহনের জন্য হউক বা না হউক, কোন যানবাহনের প্রবেশ বা প্রস্থান অথবা কোন পণ্য বা ব্যাগেজের আমদানি বা রপ্তানি সংশ্লিষ্ট কাজ সম্পাদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(গ) **''কাস্টমস সরকার''** অর্থ বিধি ১৭ এর অধীন নিযুক্ত কাস্টমস সরকার;

(ঘ) **''কাস্টমস ষ্টেশন''** অর্থ আইনের section 2(k) তে সংজ্ঞায়িত কাস্টমস স্টেশন;

(ঙ) **''কাস্টম হাউস''** অর্থ আইনের section 9(e) অনুসারে ঘোষিত কাস্টম হাউস;

(চ) **''কোম্পানি''** অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২(ঘ) তে সংজ্ঞায়িত কোম্পানি;

(ছ) **''গ্রাহক''** অর্থ এমন ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি বিদেশ হইতে কোন পণ্য আমদানি বা বিদেশে কোন পণ্য রপ্তানি করেন;

(জ) **''ফরম''** অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(ঝ) **''ফার্ম''** অর্থ Partnership Act, 1932 (Act No. IX of 1932) এর section 4 এ সংজ্ঞায়িত ফার্ম;

(ঞ) **''বোর্ড''** অর্থ আইনের Section 2 (e) এ সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(ট) **''রেফারেন্স লাইসেন্স''** অর্থ বিধি ১১ এর অধীন প্রদত্ত রেফারেন্স লাইসেন্স;

(ঠ) **''লাইসেন্স''** অর্থ কাস্টমস এজেন্ট হিসাবে কার্য সম্পাদনের জন্য বিধি ৫ এর অধীন প্রদত্ত লাইসেন্স; এবং

(ড) **''লাইসেন্সিং কর্তৃপক্ষ''** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ।

৩। লাইসেন্সিং কর্তৃপক্ষ।- (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্যপূরণকল্পে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে, যথাঃ-

(ক) কাস্টম হাউসে কর্মরত একজন অতিরিক্ত কমিশনার এবং একজন ডেপুটি কমিশনার; অথবা

(খ) কাস্টম হাউসে অতিরিক্ত কমিশনার না থাকিলে একজন যুগ্ম কমিশনার এবং একজন সহকারী কমিশনার।

(৩) উপ-বিধি (২) এর দফা (ক) এর ক্ষেত্রে অতিরিক্ত কমিশনার সভাপতি ও ডেপুটি কমিশনার সদস্য-সচিব হইবেন এবং দফা (খ) এর ক্ষেত্রে যুগ্ম-কমিশনার সভাপতি এবং সহকারী কমিশনার সদস্য-সচিব হইবেন।

**৪। লাইসেন্স প্রদানে বোর্ডের পূর্বানুমতি।-** (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্স প্রদান করিবার পূর্বে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের বিদ্যমান লাইসেন্স সংখ্যা, বিগত ৫ (পাঁচ) বৎসরের আমদানি-রপ্তানির পরিসংখ্যান এবং নূতন লাইসেন্স প্রদানের যৌক্তিকতা উল্লেখপূর্বক অনুমতি গ্রহণের জন্য বোর্ডে লিখিতভাবে আবেদন করিবে।

(২) বোর্ড উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাইপূর্বক লাইসেন্স প্রদানের যৌক্তিকতা বিবেচনা করিয়া সংশ্লিষ্ট কাস্টম হাউসকে লাইসেন্স প্রদানের অনুমতি প্রদান করিবে।

**৫। লাইসেন্স প্রদান।-** (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ বিধি ৪ এর উপ-বিধি (২) অনুসারে বোর্ড হইতে অনুমতি প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে লাইসেন্স প্রার্থীগণের নিকট হইতে ফরম-'ক' মোতাবেক আবেদন চাহিয়া ১০ (দশ) কার্য দিবস সময় প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাস্টম হাউসের নোটিশ বোর্ডে এবং একটি বাংলা ও একটি ইংরেজী জাতীয় দৈনিক ও একটি স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

(২) আবেদনকারীকে লাইসেন্সের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদনপত্র দাখিল করিতে হইবে, যথাঃ

(১) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(২) আর্থিক স্বচ্ছতার স্বপক্ষে ব্যাংকের সনদপত্র;

(৩) ই-টিআইএন সনদপত্র [E-Taxpayer Identification Number (e- TIN)];

(৪) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ নিরূপিত আয়ের সার্টিফিকেট বা আয়কর নির্ধারণী আদেশের (আই,টি-৮৮) কপি;

(৫) ট্রেড লাইসেন্সের হালনাগাদ সত্যায়িত কপি;

(৬) Customs Act, 1969, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১, আমদানি ও রপ্তানি নীতি এবং কাস্টমস প্রক্রিয়া সম্পর্কে বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যয়ন পত্র (যদি থাকে);

(৭) অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রীর সনদপত্রের সত্যায়িত কপি;

(৮) আবেদনকারী নিজস্ব প্রতিষ্ঠানের জন্য আবেদনের ক্ষেত্রে, তাহার এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার অথবা জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অধীন নবম বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত চারিত্রিক সনদপত্র;

(৯) আবেদনকারী কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী কোম্পানি হইলে কোম্পানির মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশনের কপি এবং Partnership Act, 1932 অনুযায়ী যৌথ মালিকানাধীন ফার্ম হইলে যৌথ কারবারের চুক্তিপত্রের সত্যায়িত কপি;

(১০) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুকূলে আবেদন ফি হিসাবে ৫ (পাঁচ) হাজার টাকার অফেরতযোগ্য ট্রেজারী চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(১১) আবেদনকারীকে আবেদনপত্রের সহিত নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে যে, আবেদনকারীর অনুকূলে ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারী (Partnership) বা যৌথ মালিকানাধীন বা কোম্পানির নামে ইতোপূর্বে এই বিধিমালার অধীন কোন লাইসেন্স প্রদান করা হয় নাই।

(৩) কোম্পানি বা ফার্মের ক্ষেত্রে উপ-বিধি (২) এর দফা (১), (৭) এবং (৮) এর বিধান প্রযোজ্য হইবে না।

(৪) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এ উল্লিখিত নির্ধারিত সময় অতিক্রান্ত হইবার পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক আবেদনপত্রটি প্রাথমিকভাবে গ্রহণ করিবে অথবা কোন তথ্যের প্রয়োজন হইলে উহা সরবরাহ করিবার জন্য আবেদনকারীকে নির্দেশ দিতে পারিবে অথবা যুক্তিসঙ্গত কারণ উল্লেখপূর্বক আবেদনপত্রটি বাতিল করিবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৪) এর অধীন আবেদনপত্র বাতিল করিলে অনুরূপ সিদ্ধান্ত গ্রহণের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে আবেদনকারীকে অবহিত করিতে হইবে।

(৬) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৪) এর অধীন আবেদনপত্র প্রাথমিকভাবে গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লিখিত পরীক্ষা গ্রহণপূর্বক কৃতকার্য আবেদনকারীকে নিম্নবর্ণিত ফিসহ দলিলাদি দাখিল করিবার নির্দেশ প্রদান করিবে, যথাঃ

(ক) কাস্টম হাউসের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা এবং স্থল কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ৫ (পাঁচ) হাজার টাকার ট্রেজারী চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(খ) কাস্টম হাউসে কাস্টমস এজেন্ট হিসাবে কাজ করিবার ক্ষেত্রে ৩ (তিন) লক্ষ টাকা এবং স্থল কাস্টমস স্টেশনে কাজ করিবার ক্ষেত্রে ১.৫০ (এক দশমিক পাঁচ শূন্য) লক্ষ টাকা মূল্যমানের সঞ্চয়পত্র ফরম 'ঘ' পূরণপূর্বক দাখিল করিতে হইবে;

(গ) কাস্টম হাউসে কাস্টমস এজেন্ট হিসাবে কাজ করিবার ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা এবং স্থল কাস্টমস স্টেশনে কাজ করিবার ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) হাজার টাকার বন্ড ফরম 'ঙ' অনুসারে দাখিল করিতে হইবে;

(ঘ) লাইসেন্সের অধীন কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগের অঙ্গীকারনামা;

(ঙ) প্রয়োজনীয় তথ্য-প্রযুক্তির সক্ষমতার বিবরণী;

(চ) লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সহিত দায়িত্ব পালনের অঙ্গীকারনামা;

(ছ) বিধি ৮ এর অধীন প্রতিষ্ঠিত বিদেশী মালিকানাধীন কোম্পানি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে, কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধনের সনদপত্র।

(৭) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৬) এ উল্লিখিত দলিলাদি যাচাই-বাছাইপূর্বক দলিলাদি প্রাপ্তির তারিখ হইতে ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে ফরম-চ তে আবেদনকারীকে কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রদান করিবে।

(৮) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৭) এর উল্লিখিত সময়ের মধ্যে লাইসেন্স প্রদানে ব্যর্থ হইলে উহার যথাযথ কারণ উল্লেখপূর্বক বোর্ডের নিকট সময় বৃদ্ধির আবেদন করিতে পারিবে এবং বোর্ড লাইসেন্স প্রদানের জন্য সর্বোচ্চ ১৫ (পনের) কার্য দিবস সময় বৃদ্ধি করিতে পারিবে।

**৬। নিজস্ব পণ্য খালাসের (Self Clearance) জন্য লাইসেন্স প্রদান।-** কোন ব্যক্তি তদ্‌কর্তৃক আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্য নিজস্ব প্রতিষ্ঠানের মাধ্যমে খালাস করিবার জন্য এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির সকল শর্ত পূরণপূর্বক আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ যাচাই-বাছাইপূর্বক বিধি ৫ অনুসারে শুধুমাত্র নিজস্ব প্রতিষ্ঠানের পণ্য খালাসের জন্য ফরম 'খ' অনুযায়ী আবেদনকারীকে লাইসেন্স প্রদান করিবে।

**৭। লাইসেন্সের মেয়াদ।-** এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর।

**৮। লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিধি-নিষেধ।-** এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সম্পূর্ণ বিদেশী মালিকানাধীন কোন প্রতিষ্ঠানকে এই বিধিমালার আওতায় লাইসেন্স প্রদান করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, দেশী ও বিদেশী যৌথ মালিকানায় প্রতিষ্ঠিত কোম্পানি লাইসেন্স পাইবার যোগ্য হইবে, যদি বিদেশী মালিক বা মালিকদের শেয়ার ধারণের পরিমাণ উক্ত কোম্পানির মোট শেয়ারের শতকরা ৪০ (চল্লিশ) এর অধিক না হয়।

**৯। লাইসেন্স নবায়ন।-** (১) লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) কার্যদিবস পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কাস্টম হাউসের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা এবং স্থল কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ৫ (পাঁচ) হাজার টাকা নবায়ন ফি পরিশোধপূর্বক কাস্টমস এজেন্টকে লাইসেন্স নবায়নের জন্য নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন করিতে হইবে, যথা ঃ-

(ক) মূল লাইসেন্সের কপি;
(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;
(গ) হালনাগাদ আয়কর সনদের কপি;
(ঘ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসক চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) ;
(ঙ) নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য মূসক পরিশোধের চালানের কপি; এবং
(চ) স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট ক্লিয়ারিং এন্ড ফরোয়াডিং (সিএন্ডএফ) এসোসিয়েশন এর সদস্যভুক্তির সনদপত্র।

(২) কাস্টমস এজেন্ট উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করিতে ব্যর্থ হইলে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সময়বৃদ্ধির আবেদন করিতে পারিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত কারণ যাচাই-বাছাইপূর্বক সন্তুষ্ট হইয়া দুই দফায় প্রতিবার ১৫ (পনের) দিন করিয়া সর্বমোট ৩০ (ত্রিশ) দিন সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত দলিলাদি এবং সংশ্লিষ্ট কাস্টমস এজেন্ট এর বিগত মেয়াদের কার্যক্রম যাচাই-বাছাইপূর্বক আবেদন প্রাপ্তির তারিখ হইতে ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর মেয়াদে লাইসেন্সটি নবায়ন করিবে।

(৪) লাইসেন্স নবায়নের ক্ষেত্রে রেফারেন্স লাইসেন্স হিসাবে অন্য কাস্টম হাউসের কার্যক্রম বিবেচনা করা যাইবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কারণে লাইসেন্স নবায়ন করিবে না, যথা :-
(ক) কাস্টমস এজেন্ট এর কার্যক্রম সন্তোষজনক না হইলে;
(খ) লাইসেন্সি Customs Act, 1969 এর আওতায় মিথ্যা ঘোষণাসহ আইন বহির্ভূত চালান খালাসের সহিত সংশ্লিষ্ট হইয়া উচ্চ ঝুঁকির কাস্টমস এজেন্ট হিসাবে পরিগণিত হইলে;
(গ) Customs Act, 1969, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১, আমদানি ও রপ্তানি নীতি এবং শুল্কায়ন প্রক্রিয়া সম্পর্কে কাস্টমস এজেন্ট এর বাস্তব অভিজ্ঞতা সন্তোষজনক না হইলে; বা
(ঘ) কাস্টমস এজেন্ট এর বিরুদ্ধে শুল্কায়ন সংক্রান্ত কোন মামলা অথবা সরকারী পাওনা বকেয়া থাকিলে।

(৬) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৫) এ উল্লিখিত কোন একটি কারণে লাইসেন্স নবায়ন না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে কাস্টমস এজেন্টকে আবেদন প্রাপ্তির ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।

**১০। লাইসেন্সের অধিক্ষেত্র।-** এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের অধিক্ষেত্র হইবে লাইসেন্সে উল্লিখিত সংশ্লিষ্ট কাস্টমস বন্দর, কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন।

**১১। রেফারেন্স লাইসেন্স।-** কোন কাস্টমস এজেন্ট মূল লাইসেন্সে উল্লিখিত কাস্টমস স্টেশন ব্যতীত অন্য কোন কাস্টমস স্টেশনের রেফারেন্স লাইসেন্স প্রাপ্তির জন্য মূল লাইসেন্সের কপি এবং বিধি ৫ এ বর্ণিত দলিলাদিসহ ফরম-গ অনুযায়ী আবেদন করিতে পারিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত দলিলাদি যাচাই-বাছাইপূর্বক আবেদনকারীর মৌখিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে রেফারেন্স লাইসেন্স প্রদান করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, কাস্টমস এজেন্ট এর ন্যূনতম ১০ (দশ) বৎসরের সন্তোষজনক কার্যক্রম পরিচালনা করিবার অভিজ্ঞতা থাকিলে বিধি ৫ এর দফা (২) এর উপ-দফা (৭) প্রযোজ্য হইবে না।

**১২। লাইসেন্সের অনুলিপি প্রদান।-** (১) লাইসেন্স হারাইয়া গেলে বা যে কোন প্রকারে নষ্ট হইয়া গেলে সংশ্লিষ্ট কাস্টমস এজেন্ট ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা ফি পরিশোধপূর্বক লিখিত আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সের একটি অবিকল নকল প্রদান করিবে।

(২) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স হারাইয়া গেলে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরী করিতে হইবে এবং উহার একটি অনুলিপি আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

**১৩। লাইসেন্সের গঠনগত পরিবর্তন বা হস্তান্তরের ক্ষেত্রে বিধি-নিষেধ।-** এই বিধিমালার অধীন প্রদত্ত কোন লাইসেন্স নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত, গঠনগত পরিবর্তন সাধন বা হস্তান্তরযোগ্য হইবে না, যথাঃ-

(ক) লাইসেন্সিং কর্তৃপক্ষর অনুমোদনক্রমে বিদ্যমান লাইসেন্স Partnership Act, 1932 এবং কোম্পানি আইন, ১৯৯৪ এর আওতায় যথাক্রমে অংশীদারী প্রতিষ্ঠান বা কোম্পানিতে রূপান্তরের মাধ্যমে লাইসেন্সের গঠনগত পরিবর্তন সাধন করা যাইবে। তবে অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদার এবং কোম্পানির ক্ষেত্রে পরিচালকগণকে বিধি ৫ অনুসারে যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হইতে হইবে;

(খ) কোন কাস্টমস এজেন্ট এর মৃত্যুজনিত কারণে তাহার কোন বৈধ উত্তরাধিকারী তাহার মৃত্যুর ৯০ (নব্বই) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষকে লিখিতভাবে বিষয়টি অবহিত করিবে এবং একাধিক বৈধ উত্তরাধিকারী থাকিবার ক্ষেত্রে অন্যান্য বৈধ উত্তরাধিকারীদের অনাপত্তিপত্র গ্রহণপূর্বক কাস্টমস এজেন্ট এর মৃত্যুর ৯০ (নব্বই) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ বরারব লিখিতভাবে আবেদন করিতে হইবে;

(গ) লাইসেন্সিং কর্তৃপক্ষ বৈধ উত্তরাধিকারীর আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে বিধি ৫ অনুসারে যোগ্যতা যাচাইয়ের লিখিত পরীক্ষা গ্রহণপূর্বক উপযুক্ত মনে করিলে কাস্টমস এজেন্ট এর বৈধ উত্তরাধিকারীর অনুকূলে লাইসেন্স হস্তান্তর করিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, কাস্টমস এজেন্ট এর মৃত্যুর ৯০ (নব্বই) দিনের মধ্যে তাহার বৈধ উত্তরারিধাকারী হইতে উপরোক্ত মর্মে কোন তথ্য ও আবেদন পাওয়া না গেলে লাইসেন্সটি বাতিল বলিয়া গণ্য হইবে।

১৪। কাস্টমস এজেন্ট এর দায়িত্ব ও কর্তব্য।- এই বিধিমালার অধীন কাস্টমস এজেন্ট এর দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা ঃ-

(ক) ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধি হিসাবে কাস্টমস এজেন্টকে প্রদত্ত ক্ষমতা অর্পণের পত্র (authorization letter) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(খ) গ্রাহক হইতে প্রাপ্ত আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি যথাযথভাবে যাচাইপূর্বক ইলেকট্রনিক বা ম্যানুয়াল পদ্ধতিতে (প্রযোজ্য ক্ষেত্রে) বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট (যেক্ষেত্রে যা প্রযোজ্য) দাখিল করিয়া যথাযথ ডকুমেন্টসসহ [শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধান অনুযায়ী মূল্য ঘোষণা ফরমসহ] কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(গ) গ্রাহক আইন অনুযায়ী কার্য সম্পাদন করেন নাই বা কোন দলিলে কোন মিথ্যা তথ্য উপস্থাপন করিয়াছেন, তদসম্পর্কে অবগত হইবার সঙ্গে সঙ্গে উহা লিখিতভাবে কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত করা;

(ঘ) কাস্টমস সংশ্লিষ্ট কার্য সম্পাদনে গ্রাহককে সঠিক তথ্য প্রদান করা;

(ঙ) কাস্টমস সংশ্লিষ্ট গ্রাহককে অবহিত করা;

(চ) গ্রাহকের নিকট হইতে সরকারের কোন পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে সরকারী কোষাগারে জমা প্রদান করা এবং সরকারের নিকট হইতে গ্রাহকের পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে গ্রাহককে প্রদান করা;

(ছ) কাস্টমস কর্তৃপক্ষের কোন কাজে অযাচিত প্রভাব বিস্তার না করা;

(জ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কাস্টমস স্টেশনের রেকর্ড বা কাস্টমস কর্তৃপক্ষের অধিকারে থাকা কোন তথ্য সংগ্রহ না করা;

(ঝ) লাইসেন্স সংশ্লিষ্ট কাজে এমন কোন ব্যক্তিকে নিয়োগ না করা, যাহার লাইসেন্সের আবেদন বা কাস্টমস সরকার পারমিট ইস্যুর আবেদন প্রত্যাখাত হইয়াছে বা বাতিল করা হইয়াছে;

(ঞ) কাস্টমস স্টেশনের কোন কর্মকর্তা বা কর্মচারীকে কোন অর্থ ধার বা কর্জ হিসাবে প্রদান না করা এবং এইরূপ কোন কর্মকর্তা বা কর্মচারী কর্তৃক গৃহীত ধার বা কর্জ পরিশোধের জন্য জিম্মাদার না হওয়া;

(ট) কাস্টমস এজেন্ট এর ব্যবসায়িক অফিসের ঠিকানা পরিবর্তন হইলে, উক্ত পরিবর্তন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে লাইসেন্সিং কর্তৃপক্ষকে উহা লিখিতভাবে অবগত করা;

(ঠ) লাইসেন্স সংশ্লিষ্ট আর্থিক লেনদেনের পূর্ণাঙ্গ দলিল এবং উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস দলিল, চিঠি, বিল ও হিসাব কমপক্ষে ৩ (তিন) বৎসর সময়ের জন্য নিজস্ব দপ্তরে সংরক্ষণ ও মজুদ রাখা;

(ড) কাস্টমস প্রক্রিয়া অসম্পন্ন থাকাবস্থায় কোন বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট নিজের দখলে না রাখা;

(ঢ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোনো কাস্টমস কর্মকর্তা দফা (ঠ) এ বর্ণিত কোন দলিল তলব করিলে উহা উপস্থাপন করা এবং উহার কোন অংশ গোপন, অপসারণ বা ধ্বংস না করা; এবং

(ণ) কাস্টমস সংক্রান্ত দায়িত্ব পালনে যথাযথ জ্ঞান, দক্ষতা, নিষ্ঠা প্রদর্শনের মাধ্যমে কাস্টমস কর্তৃপক্ষকে সর্বোচ্চ সহযোগিতা করা।

**১৫। স্বাক্ষর প্রদানের ক্ষমতা।-** লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কাস্টমস এজেন্ট তাহার পক্ষে কাস্টমস সংক্রান্ত দলিলপত্রে স্বাক্ষর করিবার জন্য এক বা একাধিক ব্যক্তিকে ফরম-ছ এ নমুনা অনুযায়ী দলিল স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

**১৬। কাস্টমস সরকার নিয়োগ ও যোগ্যতা।-** (১) কাস্টমস এজেন্ট এর পক্ষে শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করিবার লক্ষ্যে কাস্টমস এজেন্ট একজন কাস্টমস সরকার নিয়োগ করিতে পারিবে।

(২) কাস্টমস এজেন্ট কাস্টমস সরকার নিয়োগের উদ্দেশ্যে, কাস্টমস সরকার পারমিট ইস্যুর জন্য সংশ্লিষ্ট প্রার্থীর নিম্নবর্ণিত কাগজাদিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে, যথাঃ-

(ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(খ) অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের সনদপত্রের সত্যায়িত কপি;

(গ) নিজ এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার অথবা জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর অধীন নবম বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত চারিত্রিক সনদপত্র;

(ঘ) Customs Act, 1969 মূল্য সংযোজন কর আইন, ১৯৯১, আমদানি ও রপ্তানি নীতি এবং শুল্কায়ন প্রক্রিয়া সম্পর্কে কাস্টমস এজেন্ট এর বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যয়নপত্র (যদি থাকে)।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইন ও তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি সম্পর্কে পারমিট প্রার্থীর জ্ঞান ও গ্রাহককে যথাযথ সেবা প্রদানের যোগ্যতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট প্রার্থীর লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে কাস্টমস সরকার পারমিট ইস্যু করিবে।

(৪) কাস্টমস এজেন্ট উপ-ধারা (৩) অনুসারে প্রাপ্ত কাস্টমস সরকার পারমিটের ভিত্তিতে কাস্টমস সরকার নিয়োগ করিবে।

(৫) কাস্টমস সরকার পারমিটের মেয়াদ হইবে লাইসেন্স প্রদান বা নবায়নের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

**১৭। কাস্টমস সরকার পারমিট নবায়ন ও বাতিল।-** (১) বিধি ২১ এ বর্ণিত যে সকল কারণে লাইসেন্স বাতিল হইবে সেই একই কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ কাস্টমস সরকার পারমিট বাতিল করিতে পারিবেন।

(২) মূল বা রেফারেন্স লাইসেন্স বাতিল বা স্থগিত হইলে সংশ্লিষ্ট কাস্টমস সরকার পারমিট বাতিল বা স্থগিত মর্মে গণ্য হইবে।

(৩) মূল বা রেফারেন্স লাইসেন্স নবায়ন সাপেক্ষে লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট কাস্টমস সরকার পারমিট নবায়ন করা যাইবে।

**১৮। কাস্টমস সরকারের দায়িত্ব ও কর্তব্য।-** কাস্টমস সরকারের দায়িত্ব ও কর্তৃব্য হইবে নিম্নরূপ, যথাঃ-

(ক) কাস্টমস সংক্রান্ত দায়িত্ব পালনে যথাযথ জ্ঞান, দক্ষতা, নিষ্ঠার প্রদর্শন এবং উক্ত দায়িত্ব পালনে কাস্টমস কর্তৃপক্ষকে সর্বোচ্চ সহযোগিতা করা;

(খ) কাস্টমস সরকার নিজ কাস্টমস এজেন্টস এর পণ্য চালান ব্যতীত অন্য কোন পণ্য চালানের শুল্কায়ন বা খালাস এর সাথে যুক্ত হইতে পারিবেন না এবং একজন পারমিটধারী কাস্টমস সরকার একইসাথে শুধুমাত্র একটি লাইসেন্স এর অধীনে দায়িত্ব পালন করিবেন।

**১৯। কমিশন ফি নির্ধারণ।-** বোর্ড, কাস্টমস এজেন্ট কর্তৃক প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্য কমিশনের ফি এর সর্বোচ্চ সীমা নির্ধারণ করিতে পারিবে।

**২০। লাইসেন্স সাময়িক স্থগিতকরণ।-** লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোন কাস্টমস এজেন্ট এর অনুকূলে প্রদত্ত লাইসেন্স অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে বিধি ২১ এর অধীন লাইসেন্স বাতিল করিবার পূর্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত রাখিতে পারিবে।

**২১। লাইসেন্স বাতিল এবং অর্থদন্ড আরোপ।-** (১) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত যে কোন কারণে কাস্টমস এজেন্টকে ১৫(পনের) দিনের মধ্যে কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিয়া তাহার লাইসেন্স বাতিলসহ উপ-বিধি (২) এর অধীন ক্ষেত্রমত অর্থদন্ড আরোপ করিতে পারিবে, যথাঃ-

(১) এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সে উল্লিখিত কোন শর্ত ভঙ্গ করা হইলে;

(২) কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রিতা বা অদক্ষতা প্রদর্শন করা হইলে;

(৩) কাস্টমস কর্মকর্তাগণের সহিত অসৌজন্যমূলক আচরণ করা হইলে;

(৪) নিজ গ্রাহকের আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের চালান সম্পর্কে কোন মিথ্যা ঘোষণা উদ্‌ঘাটনের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষকে যথাযথ সহযোগিতা প্রদানে ব্যর্থ হইলে;

(৫) কাস্টমস কর্মকর্তা কর্তৃক চাহিত তাহার আর্থিক লেনদেনের পূর্ণাঙ্গ দলিল, উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস দলিল এবং কাস্টমস সংশ্লিষ্ট ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট সকল চিঠি, বিল, হিসাব গোপন, অপসারণ বা ধ্বংস করিলে অথবা কাস্টমস কর্মকর্তাকে উক্ত রেকর্ডসমূহ দেখাইতে অস্বীকৃতি জানাইলে;

(৬) ভয়-ভীতি, মিথ্যা অভিযোগ, বলপ্রয়োগ বা কোন অন্যায় সুযোগ-সুবিধা প্রদানের মাধ্যমে কাস্টমস কর্মকর্তা বা কর্মচারীকে প্রভাবিত করিলে;

(৭) গ্রাহক কর্তৃক কোন মিথ্যা তথ্যের মাধ্যমে শুল্ক-কর ফাঁকির ঘটনা সম্পর্কে অবগত হইবার পর কাস্টমস কর্মকর্তার নিকট উক্ত তথ্য না জানাইলে;

(৮) নিজ গ্রাহক কর্তৃক শুল্ক-কর ফাঁকির ঘটনায় সহযোগিতা করিলে;

(৯) প্রযোজ্য কোন শুল্ক-কর ফাঁকি বা প্রচলিত আইনের অধীনে আরোপিত শর্ত বা নিষেধাজ্ঞা এড়াইয়া যাইবার উদ্দেশ্যে কোন জাল দলিল প্রস্তুত করিয়া কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিলে;

(১০) প্রযোজ্য কোন শুল্ক-কর পরিহার করিলে;

(১১) যথাসময়ে লাইসেন্স নবায়নের উদ্যোগ গ্রহণ ও নবায়ন না করিলে;

(১২) মূল লাইসেন্সির মৃত্যুর ৯০ (নব্বই) দিনের মধ্যে উক্ত মৃত্যু সংবাদ লাইসেন্সিং কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত না করিলে বা বৈধ উত্তরাধিকারী উক্ত সময়ের মধ্যে লাইসেন্সটি তাঁহার অনুকূলে হস্তান্তরের বিষয়ে আবেদন না করিলে;

(১৩) গ্রাহকের নিকট হইতে বিধি বহির্ভূত অর্থ আদায় বা তাহাকে অন্য কোনরূপে হয়রানি করিলে;

(১৪) কাস্টমস প্রক্রিয়া অসম্পন্ন থাকাবস্থায় কোন বিল অব এন্ট্রি বা বিল অব এক্সপোর্ট কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অন্যূন ২ (দুই) বার লিখিতভাবে দাখিলের তাগিদ প্রদানের পরও উহা দাখিল না করিলে; এবং

(১৫) এই বিধিমালার অধীন অর্পিত কোন দায়িত্ব পালন না করিলে।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিলসহ লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কাস্টমস এজেন্টকে, ক্ষেত্রমত, নিম্নরূপ অর্থদন্ড আরোপ করিতে পারিবে, যথাঃ

(ক) কাস্টমস এজেন্ট এর কর্মকান্ড শুল্ক-কর ফাঁকির সহিত সংশ্লিষ্ট না হইলে অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা হইতে অনূর্ধ্ব ২ (দুই) লক্ষ টাকা;

(খ) কাস্টমস এজেন্ট কর্তৃক শুল্ককর ফাঁকির প্রচেষ্টা করা হইলে এবং উক্ত কর ফাঁকি সংঘটিত না হওয়া সত্ত্বেও উক্ত ফাঁকি সংঘটিত হইলে যে পরিমাণ রাজস্ব ক্ষতি সাধিত হইত উহার অনধিক ২৫ (পঁচিশ) শতাংশ অথবা ১ (এক) লক্ষ টাকার মধ্যে যাহা অধিক হয়; অথবা

(গ) কাস্টমস এজেন্ট এর কর্মকান্ডের ফলে যে পরিমাণ শুল্ক-কর ফাঁকি হইয়াছে উহার অনধিক দ্বিগুন পরিমাণ অর্থ কিংবা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা বা উহাদের মধ্যে যাহা অধিক হয়।

(৩) উপ-বিধি (১) এবং (২) এ যাহা কিছুই থাকুক না কেন, বিধি ৯ এর উপ-বিধি (৫) এর আওতায় গৃহীত কার্যক্রমের ক্ষেত্রে কাস্টমস এজেন্ট এর বিরুদ্ধে কোন মামলা বা দাবীনামা চলমান থাকিলে উহা নিস্পত্তি বা চূড়ান্ত না হওয়া পর্যন্ত লাইসেন্স বাতিল বা অর্থদন্ডের বিষয়ে কোন সিদ্ধান্ত গ্রহন করা যাইবে না।

**২২। আপীল।-** বিধি ২১ এর অধীন লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ ব্যক্তি বা কাস্টমস এজেন্ট এখতিয়ার সম্পন্ন কমিশনার অব কাস্টমস (আপীল) এর নিকট সিদ্ধান্ত প্রদানের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আপীল দায়ের করিতে পারিবেন এবং এই বিষয়ে উক্ত কমিশনার অব কাস্টমস (আপীল) এর সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

**২৩। রহিতকরণ ও হেফাজতকরণ।-** (১) কাস্টমস এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯, অতঃপর রহিত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।

(৩) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও রহিত বিধিমালার অধীন কৃত বা চলমান কোন কার্যক্রম বা গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালা কার্যকর হইবার তারিখে এই বিধিমালার অধীন কৃত বা চলমান রহিয়াছে বলিয়া গণ্য হইবে।

**'ফরম-ক"**
**কাস্টমস এজেন্ট লাইসেন্স প্রাপ্তির**
**(বিধি ৫ দ্রষ্টব্য)**

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

কোর্ট ফি স্ট্যাম্প

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ

মহোদয়,

আমি/আমরা --------------------------------------------------------- কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর আওতায় কাস্টমস এজেন্টস হিসাবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা ঃ-
১। আবেদনকারীর পূর্ণ নাম ঃ
২। জাতীয়তা ঃ
৩। প্রতিষ্ঠানের নাম ঃ
৪। প্রতিষ্ঠানের ঠিকানা ঃ
৫। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানী ইত্যাদি) ঃ
৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ঃ
৭। লাইসেন্সি কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ঃ
৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ
৯। ট্যাক্স আইডেন্টিফিকেশন ও ভ্যাট নিবন্ধন নম্বর ঃ

১০। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা ঃ
১১। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা ঃ
১২। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে ঃ

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স পাইলে আমি/আমরা এই বিধিমালার বিধিনাবলীসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলী মানিয়া চলিব।

আপনার বিশ্বস্ত,

তারিখঃ

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সীল)

সংযুক্তি ঃ (বিধি ৫ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা দিতে হইবে)
নোট ঃ আবেদনপত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**''ফরম-খ''**

**নিজস্ব পণ্য খালাসের (Self Clearance) জন্য লাইসেন্স প্রাপ্তির আবেদন**
**(বিধি ৬ দ্রষ্টব্য)**

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

কোর্ট ফি স্ট্যাম্প

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ
------------------

মহোদয়,

আমি/আমরা ---------------------------------------------- কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর আওতায় কাস্টমস এজেন্টস হিসাবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।
বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথাঃ
১। কোম্পানির/প্রতিষ্ঠানের নাম ঃ
২। কোম্পানির/প্রতিষ্ঠানের ঠিকানা ঃ
৩। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানি ইত্যাদি) ঃ
৪। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ঃ
৫। কোম্পানির নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি ঃ
৬। কাস্টমস এজেন্টস কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নামঃ
৭। ই-টিআইএন নম্বর ঃ
৮। মূল্য সংযোজন কর নিবন্ধনপত্রের সত্যায়িত কপি ঃ
৯। ভ্যাট নিবন্ধন নম্বর ঃ

১০। ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি ঃ
১১। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা ঃ
১২। কোম্পানির/প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকাঃ
১৩। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স পাইলে আমি/আমরা এই বিধিমালার বিধিনাবলীসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলী মানিয়া চলিব।

আপনার বিশ্বস্ত

তারিখঃ

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সীল)

সংযুক্তি ঃ (বিধি ৫ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা দিতে হইবে)
নোট ঃ আবেদনপত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**''ফরম-গ''**
**রেফারেন্স লাইসেন্স প্রাপ্তির আ**
**(বিধি ১১ দ্রষ্টব্য)**

| |
|---|
| পাসপোর্ট<br>সাইজের ছবি<br>৩ (তিন) কপি |

কোর্ট ফি স্ট্যাম্প

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ
-----------------
-----------------

মহোদয়,

আমি/আমরা ------------------------------------------------ কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর আওতায় কাস্টমস এজেন্টস হিসেবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা ঃ-

১। আবেদনকারীর পূর্ণ নাম ঃ
২। জাতীয়তা ঃ
৩। প্রতিষ্ঠানের নাম ঃ
৪। প্রতিষ্ঠানের ঠিকানা ঃ
৫। ব্যবসার ধরন (ব্যক্তি মালিকানাধীন, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানী ইত্যাদি) ঃ
৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ঃ
৭। লাইসেন্সি কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ঃ
৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা ঃ
৯। ট্যাক্স আইডেন্টিফিকেশন ও ভ্যাট নিবন্ধন নম্বর ঃ
১০। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা ঃ
১১। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা ঃ
১২। ফরম 'চ' তে প্রদত্ত লাইসেন্সের সত্যায়িত অনুলিপি ঃ
১৩। রেফারেন্স লাইসেন্স প্রাপ্তির আবেদন ইতিপূর্বে প্রত্যাখান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে ঃ
আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স পাইলে আমি/আমরা এই বিধিমালার বিধিনাবলীসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলী মানিয়া চলিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ ঃ

(আবেদনকারীর স্বাক্ষর ও দাপ্তরিক সীল)

সংযুক্তি ঃ (বিধি ৫ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা দিতে হইবে)
নোট ঃ আবেদনপত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**''ফরম-ঘ''**
**নিরাপত্তা জামানত**
**[বিধি ৫(৬)(খ) দ্রষ্টব্য]**

২০-- সনের---------------------------- নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করানো যাইতেছে যে, আমরা এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট ............................................................................... ..................টাকার দায়ে আমরা দৃঢ় ভাবে আবদ্ধ যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে আজ দুই হাজার ------ সনের ----------- মাসের ---------- তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু কথিত ---------------------------------------- Customs Act 1969, (Act No. IV of 1969) এর ধারা ২০৭ এর আওতায় কাস্টমস এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং কথিত ------------------------------------------------------------------- ধারা ২১৯, উক্ত আইনের তৃতীয় তফশীলের ২১ নং দফার সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হইতে সম্মত হইলাম, এবং

যেহেতু কথিত------------------------------------- বাংলাদেশে সরকারের সহিত আমার, আমার করণীক এবং কর্মচারীর কাস্টম হাউস প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সাথে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরিল্লিখিত বন্ডের শর্ত এই যে যদি কথিত---------------------------- এবং তাহার করণিক এবং কর্মচারী এই লাইসেন্স ধারনকালে নিজেরা উপরে বর্ণিত আচরণ কাস্টম হাউসের প্রবিধান মোতাবেক বিশ্বস্ততার সহিত সম্পাদন এবং কাস্টমস এজেন্ট হিসাবে তাহার কর্মকান্ড এবং যদি কথিত------------------------- এবং তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা কথিত ---------------- বা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরিল্লিখিত বন্ড অকার্যকর হইবে। অন্যথায় এটি সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে এবং ইহার ভিত্তিতে এই মর্মে সম্মত হইয়া ঘোষণা করা হইতেছে যে, বাংলাদেশ সরকারের উপরিবর্ণিত কথিত------------ টাকা যাহা তাহার করণিক বা কর্মচারী বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য সরকার প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশে সরকারের অনুকূলে পরিশোধের জন্য ব্যবহৃত করা যাইবে এবং এই মর্মে সম্মত হইয়াছি যে কথিত ---------------- টাকা বাংলাদেশ সরকারের অনুকূলে ৬ (ছয়) মাস পর্যন্ত রক্ষিত থাকিবে যাহাতে কথিত------------------- কাস্টমস এজেন্ট লাইসেন্স বাতিল হওয়ার পর তাহার দ্বারা সংগঠিত কিন্তু উদ্‌ঘাটিত হয়নি এমন বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য অর্থ সরকার কর্তৃক আদায়ের জন্য এই বন্ড উল্লিখিত ৬ (ছয়) মাস সময়ের জন্য কার্যকর থাকিবে। (ইহা আরও সম্মত হইয়াছি যে বাংলাদেশ সরকারের উপরে উল্লিখিত--------- টাকা কথিত----------------- কর্তৃক তাহার আমদানিকারকের পক্ষে কৃত কোন কার্যক্রমের ফলে কম পরিশোধিত শুল্ক বা অন্য কোন চার্জ সম্পূর্ণ বা আংশিক পরিশোধের জন্য এই বন্ড কার্যকর হইতে পারে যদিও Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 32 অনুযায়ী দাবীনামা ইতোমধ্যে জারীকৃত হইয়াছে)।

উপস্থিত সাক্ষীগনের উপস্থিতিতে উপরিল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত
২০-- সনের ---------- তারিখ

১।-------------------------
২। ------------------------
লাইসেন্সিং কর্তৃপক্ষ

কাস্টমস প্রজ্ঞাপন

**‘‘ফরম-ঙ’’**
**বন্ড সম্পাদন**
**[বিধি ৫(৬)(গ) দ্রষ্টব্য]**

২০-- সনের---------------------------- নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করানো যাইতেছে যে, আমরা ------------------- (ক)-------------------------- (খ) এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট ---------------- টাকার দায়ে আমরা দৃঢ়ভাবে আবদ্ধ যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে আজ দুই হাজার ------------- সনের ------------- মাসের------------ তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু কথিত----------------------------- (ক) ------------------------ Customs Act 1969, (Act No. IV of 1969) এর ধারা ২০৭ এর আওতায় কাস্টমস এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছেন এবং কথিত----------------------- (খ) ---------------- ধারা ২১৯, উক্ত আইনের তৃতীয় তফশীলের ২১ নং দফার সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হতে সম্মত হইলাম এবং যেহেতু কথিত -------------------------- বাংলাদেশ সরকারের সহিত আমার, আমার করণিক এবং কর্মচারীর কাস্টম হাউস প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সাথে বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরে লিখিত বন্ড এর শর্ত হইতেছে এই যে কথিত-------------------------------- (ক) -------------------------- উভয়ই এই প্রাধিকার ধারনকালে কাস্টম হাউসের প্রবিধান অনুযায়ী বিশ্বস্ততার ও দুর্নীতিবিহীনভাবে সর্বদা কার্য সম্পাদন করিব এবং কাস্টমস এজেন্ট হিসাবে তাহার কার্যক্রম এবং (খ) ----------------- তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা কথিত---------------------------- (ক)-------------------- এর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরিল্লিখিত বন্ড অকার্যকর হইবে, অন্যথায় এটি সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে।

উপস্থিত সাক্ষীগণের উপস্থিতিতে উপরিল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সীলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত
২০-- সনের---------------- তারিখ

১। ---------------------
২। ---------------------
লাইসেন্সিং কর্তৃপক্ষ

**‘‘ফরম-চ’’**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সর**
**....................... কাস্টম হাউস/**

পাসপোর্ট
সাইজের ছবি
৩ (তিন) কপি

**কাস্টমস এজেন্ট লাইসে**
**[(বিধি ৫ (৭) দ্রষ্টব্য)]**

Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 207 এর আওতায় -------------------- কাস্টম হাউস/কাস্টমস স্টেশনে ক্লিয়ারিং ফরোয়ার্ডিং ও শিপিং এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য কাস্টমস এজেন্টস লাইসেন্সিং বিধিমালা, ২০১৬ এর বিধি ৫(৭) মোতাবেক এই লাইসেন্স প্রদান করা হইল।

| | |
|---|---|
| লাইসেন্স নম্বর | ঃ |
| ব্যক্তি/ প্রতিষ্ঠানের নাম | ঃ |
| ঠিকানা | ঃ |
| টেলিফোন/ ফ্যাক্স/ ই- মেইল | ঃ |

এই লাইসেন্সটি হস্তান্তরযোগ্য নয় এবং বিধিমালায় বর্ণিত কোন কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়ন করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য বহাল থাকিবে।

২। এই লাইসেন্স.............................. কাস্টম হাউস/ কাস্টমস স্টেশনের জন্য প্রযোজ্য হইবে।

তারিখ ঃ (লাইসেন্সিং কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল)
পূর্ণ ঠিকানা ঃ

লাইসেন্স নবায়ন-
............................... হইতে .......................................পর্যন্ত

কর্তৃপক্ষের স্বাক্ষর

**''ফরম-ছ''**
**কাস্টমস দলিলপত্র, ইত্যাদিতে স্বাক্ষর প্রদানের ক্ষমতাপত্র**
**[বিধি ১৫ দ্রষ্টব্য]**

প্রেরক.
জনাব/মেসার্স-----------------------------------------------------------------------------------------------------------
----------------------------------

প্রাপক,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ,
------------------
----------------- ।

মহোদয়,

আমি/আমরা ------------------------, ঠিকানা ------------------------------ যথাবিহিত সম্মানপূর্বক জানাচ্ছি যে, আমরা নিম্নবর্ণিত সহকারী, ক্লার্ক বা ----------------------------- কাস্টমস এজেন্ট এর প্রতিনিধিকে কাস্টম হাউস/ল্যান্ড কাস্টমস স্টেশন সংশ্লিষ্ট ব্যবসায় যথা ঃ (১) কাস্টমস দলিল যেমন বিল অব এন্ট্রি, বিল অব এক্সপোর্ট, ইত্যাদি (২) মেনিফেস্ট, ফেরৎ আদেশ বা ড্র-ব্যাকের বিলে স্বাক্ষর প্রদান (৩) অর্থ গ্রহণ বা প্রাপ্তি অনুমোদন, প্রভৃতি পরিচালনার জন্য স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিলাম।

সংরক্ষণের জন্য এ ধরনের ক্ষমতাপ্রাপ্ত সকলের চারটি নমুনা স্বাক্ষর এই সাথে সংযুক্ত করা হইল।

আমি/ আমরা এই মর্মে স্বীকৃতি প্রদান করিতেছি যে, উপরে বর্ণিত বিষয় সংশ্লিষ্ট কার্য সম্পাদনের ক্ষেত্রে এই স্বাক্ষরগুলি এই প্রতিষ্ঠানের এবং উপরে বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট কার্য সম্পাদনে কোন দায় দায়িত্বের উদ্ভব হইলে
তাহা আমরা এমন ভাবে গ্রহণ করিব যেন এই স্বাক্ষরগুলি আমি/আমাদের ফার্ম কর্তৃক সম্পাদিত।

আপনার বিশ্বস্ত

১। জনাব-------------------------------------- স্বাক্ষর-------------------------------
২। জনাব---------------------------------------- স্বাক্ষর------------------------------
(২.০০ টাকা মূল্যমানের কোর্ট ফি স্টাম্প সংযুক্ত)
৩। জনাব----------------------------------------- স্বাক্ষর----------------------------
৪। জনাব------------------------------------------ স্বাক্ষর --------------------------

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(শুল্ক)

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৮ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/০২ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ২৫৫-আইন/২০১৬/৬১/শুল্ক।– Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোড উহার ১৭ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩১ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ৩৮৭-আইন/২০১৫/৬৫/শুল্ক রহিতক্রমে নিম্ন তফসিল বর্ণিত এলাকাসমূহকে পায়রা শুল্ক বন্দর এর ওয়্যারহাউজিং স্টেশন হিসাবে এতদ্বারা ঘোষণা করিল, যথাঃ–

**তফসিল**

(ক) স্থানের নাম ঃ শুল্ক বন্দর, পায়রা।
(খ) জেলা ঃ পটুয়াখালী।
(গ) উপজেলা/থানা ঃ কলাপাড়া।
(ঘ) মৌজা ঃ ইটবাড়িয়া।
(ঙ) জে এল নং ঃ ০৮।
(চ) সিট নং ঃ ০২।
(ছ) খতিয়ান নং (এস এ) ঃ ১৮২, ১৮১, ০১, ১৮২, ২৪২, ১২২, ১২৫, ৩৪, ১৪৫, ২৫৯, ২৫৮, ২৪২, ১৩৫, ১৩৬, ২৫৬, ২৫৬, ২৪৩, ২৪৩, ২৩০, ২৩০, ০১, ০১, ২৩১, ২৩১, ২৩১, ২৩১, ০১, ২৫১, ০১, ০১।
(জ) দাগ নং (এস এ) ঃ ৩২২, ৩২৩, ৩২৭, ৩১৯, ৩২৮, ৩২৯, ৩৩০, ৩৪৬, ৩৪৭, ৩৪৮, ৩৪৯, ৩৫০, ৩৫৩, ৬৬২, ৬৬৩, ৬৬৪, ৬৬৫, ৬৬৬, ৬৬৭, ৬৬৮, ৬৬৯, ৬৭০, ৬৭১, ৬৭২, ৬৭৩, ৬৮৯, ৬৯০, ৬৯১, ৬৯২।
(ঝ) মোট জমির পরিমাণ ঃ ১৬.০০ (ষোল) একর।
(ঞ) চৌহদ্দি ঃ বাইন্ডারী (এস.এ ম্যাপ অনুসারে)।
(অ) উত্তরে ঃ ৩১৯ (আংশিক), ২২(আংশিক), ৩২৩ (আংশিক), ৩২৭ (আংশিক), ৬৩ (আংশিক), ৬৬২ (আংশিক) ও ৬৮৯ (আংশিক)।
(আ) দক্ষিণে ঃ ৩৫৩ (আংশিক), ৩৫০ (আংশিক), ৩৪৯ (আংশিক), ৩৪৮ (আংশিক), ৭২ (আংশিক) ও ৬৭৩ (আংশিক)।
(ই) পশ্চিমে ঃ বেড়ী বাঁধ-৩৫৩ (আংশিক), ৩৪৬ (আংশিক), ৩৩০ (আংশিক) ও ৩১৯ (আংশিক) এবং
(ঈ) ঃ টিয়াখালী নদী।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
**মোহাম্মদ শহীদুল ইসলাম**
দ্বিতীয় সচিব (শুল্কঃ আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস]

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/১৩ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৩৭-আইন/২০১৬/৬৮/কাস্টমস। The Customs Act, 1969 (Act, No, IV of 1969) এর Section 11 ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, মাগুরা জেলার শ্রীপুর উপজেলার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (Warehousing station) হিসাবে এতদ্বারা ঘোষণা করিল, যথা:-

**"তফসিল**

| | | |
|---|---|---|
| (ক) জেলা | : | মাগুরা |
| (খ) উপজেলা/থানা | : | শ্রীপুর |
| (গ) ইউনিয়ন | : | ৭নং সব্দালপুর |
| (ঘ) মৌজা | : | আমতৈল |
| (ঙ) গ্রাম/স্থানের নাম | : | আমতৈল |
| (চ) জে এল নং | : | ৬৭ |
| ছ) দাগ নং | | |
| (অ) পূর্ণ দাগ নং | : | ১-৩৯১, ৩৯৩-৮৯৩ |
| (আ) আংশিক দাগ নং | : | ৮২২/৮৮৭,৩১২/৮৮৮, ৩১৫/৮৮৯, ৩১৫/ ৮৯০,৩১৫/৮৯১,৩৮৮/৮৯২ এবং ৯/৮৯৩ |
| (জ) মোট জমির পরিমান | : | ২২৫.৪৭ একর |
| (ঝ) চৌহদ্দি | : | |
| (অ) পূর্বে | : | ৬৮ নং তারাউজিয়াল মৌজা |
| (আ) পশ্চিমে | : | ৬৫ নং কাজলী মৌজা |
| (ই) উত্তরে | : | ৬৯ নং নওহাটা মৌজা এবং |
| (ঈ) দক্ষিণে | : | ৪৪নং কল্যাণপুর মৌজা"। |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
[কাস্টমস]

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ/০৫ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ২৭-আইন/২০১৭/০৪/কাস্টমস।− Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 11 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড জামালপুর জেলার বকশীগঞ্জ উপজেলার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে ওয়্যারহাউজিং স্টেশন (warehousing station) হিসাবে এতদ্বারা ঘোষণা করিল, যথাঃ−

‘‘তফসিল

(ক) জেলা : জামালপুর
(খ) উপজেলা/থানা : বকশীগঞ্জ
(গ) মোট জমির পরিমাণ : ৫১, ৯৭২. ৫৪৩ একর
(ঘ) ইউনিয়ন, মৌজার নাম, জেএল নম্বর এবং দাগ নম্বর :

| ক্রমিক নং | ইউনিয়ন | মৌজা | জে. এল নম্বর | দাগ নম্বর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (০১) | বট্রাজোড় | পলাশতলা | ১১ | ১-৫০০০ |
| | | বট্রাজোড় | ১২ | ১-৮৩৫৭ |
| | | গোয়ালগাঁও | ১৪ | ১-৭৬২৭ |
| (০২) | বকশীগঞ্জ | সূর্যানগর | ১৩ | ১-২৮০০ |
| | | মালিরচর | ১৫ | ১-৯৯৮৫ |
| | | ঝালরচর | ১৬ | ১-৪৩৩ |
| | | রাজেন্দ্রপুর | ২০ | ১-৮২৬৭ |
| | | চরকাউরিয়া | ২১ | ১-৫৯২২ |
| (০৩) | বগারচর | রামরামপুর | ১ | ১-১০৩২৩ |
| | | বগারচর | ২ | ১-৩৫০৪ |
| | | আলীরপাড়া | ৩ | ১-২৭০০ |
| | | ঘাশিরপাড়া | ৪ | ১-৩৮০০ |
| | | উঠানোপাড়া | ৫ | ১-৭৩৩ |
| (৪) | ধানুয়া | ধানুয়া কামালপুর | ৭ | ১-৩১৬০ |
| | | গেদরা | ৬ | ১-২৪৪১ |
| | | যদুরচর | ৮ | ১-২৮১৯ |
| | | লাউচাপড়া | ৯ | ১-২৭৩৪ |
| | | ডুমুরতলা | ১০ | ১-১৫৬৪ |
| (০৫) | মেরুরচর | দূর্গাপুর | ১৮ | ১-৯৩০০ |
| | | রবিয়ারচর | ১৯ | ১-১৮৭০৬ |
| (০৬) | নিলক্ষিয়া | জানকিপুর | ২২ | ১-৫৩৮০ |
| | | বিনোদেরচর | ২৩ | ১-৮০০ |
| | | নিলক্ষিয়া | ২৪ | ১-৪৩১০ |
| | | কুশলনগর | ২৫ | ১-১২৮৭ |
| (০৭) | সাধুরপাড়া | সাধুরপাড়া | ১৭ | ১-২২৮০০ |

(ঙ) চৌহদ্দি
(অ) পূর্বে : শ্রীবর্দি উপজেলা
(আ) পশ্চিমে : দেওয়ানগঞ্জ উপজেলা
(ই) উত্তরে : ভারত
(ঈ) দক্ষিণে : ইসলামপুর উপজেলা’’।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ নজিবুর রহমান**

চেয়ারম্যান।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
[কাস্টমস]
**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ/১৪ মার্চ, ২০১৭ খ্রিস্টাব্দ।

এস.আর.ও নং ৫৬-আইন/২০১৭/কাস্টমস।– Customs Act, 1969 (Act No. IV of 1969) অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে,–

(ক) Bangladesh Export Processing Zones Authority Act, 1980 (Act No. XXXVI of 1980) এর section 10 এর অধীন ঘোষিত Export Processing Zone (EPZ), এবং
(খ) বাংলাদেশ বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ২০ নং আইন) এর ধারা ১১ এর অধীন ঘোষিত বেসরকারি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল,

এ স্থাপিত শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উক্ত Act এর FIRST SCHEDULE ভূক্ত Heading নিম্নবর্ণিত TABLE এর কলাম (১) এ উল্লিখিত Heading এবং কলাম (২) এ উল্লিখিত H.S. Code এর অধীন আমদানিকৃত যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়ের উপর আমদানিকালে আরোপনীয় সকল আমদানি শুল্ক, রেগুলেটরি শুল্ক, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও মূল্য সংযোজন কর, নিম্নবর্ণিত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথাঃ–

<u>শর্ত</u>

(১) একই H.S. Code এর আওতাভূক্ত মুলধনী যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়, এক বা একাধিক ঋণপত্রের অধীন একাধিক চালানে আমদানির ক্ষেত্রে, প্রথম পণ্যচালান আমদানির বিল অব এন্ট্রি দাখিলের তারিখ হইতে ১ (এক) বৎসরের মধ্যে সকল যন্ত্রপাতি বা যন্ত্রাংশ বা উভয়ের আমদানি সম্পন্ন করিতে হইবে :

তবে শর্ত থাকে যে, উন্নত প্রযুক্তির বৃহদায়তন শিল্পের যন্ত্রপাতি বা যন্ত্রাংশ উক্ত ১ (এক) বৎসর সময়ের মধ্যে আমদানি করিতে না পারিলে আমদানিকারক কর্তৃক আবেদনের পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, প্রয়োজনে অনধিক ৩ (তিন) বৎসর পর্যন্ত সময় বৃদ্ধি করিতে পারিবে;

